# মুহূর্ত্তবল্লভঃ

পণ্ডিত---
রাধাবল্লভ পাঠক স্মৃতি-ব্যাকরণ-জ্যোতিস্তীর্থ বিরচিতঃ।

মূল্যম্ ৪॥৹ সার্দ্ধ রৌপ্যমুদ্রা চতুষ্টয়ম্

MIC LIBRARY
Acc. No. 38551
Class No. 133.5 PAT
Date 9.8.60
St. Card ✓
Class. ✓
Cat. ✓
Bk Card ✓
Checked ✓

# মুহূর্ত্তবল্লভঃ

কলিকাতা রাজকীয় (গভর্ণমেণ্ট) সংস্কৃত পাঠশালা জ্যোতিষাদি
শাস্ত্রাধ্যাপক, হোরাবল্লভ-করণবল্লভ-জাতকবল্লভাদি গ্রন্থবিরচক,
কোষ্ঠীপ্রদীপ-উডুদায় প্রদীপ-জৈমিনীয় সূত্র লীলাবতী
বীজ-গণিত সিদ্ধান্তশিরোমণি শাকদ্বীপি ব্রাহ্মণবিবরণ
গ্রহযামলাদি গ্রন্থ টীকানুবাদক।

পণ্ডিত
শ্রীরাধাবল্লভ পাঠক স্মৃত-ব্যাকরণ-জ্যোতিস্তীর্থেন
প্রণীতঃ

২৮।১ কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা
সংস্কৃত বুক ডিপো নামক পুস্তকালয়াৎ
প্রকাশিতঃ

৬৪ নং কালীনাথ মুন্সীলেন পোঃ বরাহনগর (২৪ পরগণা)
গ্রন্থকার ভবনে প্রসিদ্ধ প্রসিদ্ধ সংস্কৃত পুস্তকালয়ে চ
প্রাপ্তব্যঃ

মূল্যম্ ৪॥০ সার্দ্ধ রৌপ্যমুদ্রা চতুষ্টয়ম্।

১৮৬৯ শকাব্দঃ

প্রিণ্টার—শ্রীকালীশঙ্কর বাক্‌চি, এম-এস্-সি, ইণ্ডিয়া ডাইরেক্টরী প্রেস, পি-এম্ বাক্‌চি এণ্ড কোং লিঃ,
৩৮।এ মস্‌জিদবাড়ী ষ্ট্রীট, কলিকাতা।

# গ্রন্থকারস্য বংশপরিচয়ঃ

গ্রহযজ্ঞ বিধানার্থং শশাঙ্কস্য হি ভূপতেঃ। (১)
সরযূতীরতো বিপ্রা আনীতা গৌড়মণ্ডলম্ ॥
বেদবেদাঙ্গকুশলৈ র্জ্যোতিঃশাস্ত্রপরায়ণৈঃ।
তৈঃ সম্পাদিত যজ্ঞেন রোগমুক্তাচ্চ ভূপতেঃ ॥
বহুভূমীঃ সমাসাদ্য নৃপপ্রার্থনয়া ততঃ।
সদারা নিবসন্তি স্ম গৌড় দেশে দ্বিজোত্তমাঃ ॥

১। কথিত আছে ভারতের অন্য প্রদেশের ন্যায় বঙ্গদেশেও চান্দ্রমাসে মাস গণনা হইত। শশাঙ্ককর্তৃক আনীত এই ব্রাহ্মণগণের অনুরোধে রাজা গৌড়দেশে সৌরমাসে মাসগণনা প্রবর্ত্তন করেন। ইহাই বর্ত্তমান বাংলা সন নামে খ্যাত।

বহুল কীর্ত্তিযুতে চ তদন্বয়ে
হৃদয় রাম (২) ইতি প্রথিতো দ্বিজঃ।

২। পাবনা মণ্ডলান্তর্গত শীতলাই রাজসদনাদনতিদূরে খন্দপ্ বাড়িয়া নামক গ্রামেঽস্য বসতি রাসীৎ।

সমজনীশ-পদে রতমানসো-
নয়যুতোঽমলকশ্যপবংশজঃ ॥
স হরিচরণপদ্ম ধ্যাননিষ্ঠো বরিষ্ঠো-
হরিচরণ ইতি জ্ঞস্তস্য পুত্রঃ সুকর্মা।
সদমল-পিতৃতুল্য-জ্ঞান-বিজ্ঞান-মান্যো-
বিবিধ-গণিত-শাস্ত্রাম্নায়তন্ত্রেষু নিষ্ণঃ ॥
তস্যাত্মজঃ সর্বজনাভিরামো-
নাম্না সভারাম (৩) ইতি প্রসিদ্ধঃ।

৩। শৈশবে পিতৃ-বিয়োগানন্তরং পাবনা মণ্ডলান্তর্গত "বড়ল" নামক নদী তীরস্থ ড্যামরা নামক গ্রামে মাতুলালয়েঽয়ং প্রতিপালিতস্তত্রৈব লব্ধবিদ্যো বৈষ্ণবশাস্ত্রে নিতরাং নিষ্ণাতঃ টাঙ্গাইলান্তর্গত অলোয়াধিপতিতো ব্রহ্মত্রভূমিং প্রাপ্য যমুনা নদীতীরস্থ খোলাবাড়ী নামক গ্রাম মধ্যু বাসঃ।

শ্রুতি স্মৃতি-জ্ঞান বিচার দক্ষো-
ভূপাল মান্যো বিদুষাং বরেণ্যঃ ॥
ততো জগন্নাথ নিবিষ্ট চিত্তো·
নাম্না জগন্নাথ (৪) ইহ প্রসিদ্ধঃ।

৪। অপুত্রকোঽয়ং বহু তীর্থ ভ্রমণানন্তরং জগন্নাথ ক্ষেত্রতো লক্ষ্মী জনার্দন নামক শালগ্রামশিলা, মদনমোহন, রুক্মিণী, মদনগোপাল ইতি বিগ্রহ চতুষ্টয়ং আনীতবান্। ততঃ ক্রমশস্তস্য চত্বারঃ পুত্রা জজ্ঞিরে। তেষাং বিস্তৃত বংশধরগণৈঃ কাল বিভাগ ক্রমেণ তে বিগ্রহা পূজ্যন্তে।

অনেক তীর্থাম্বু পবিত্র কায়ো-
বেদাদি শাস্ত্রে নিপুণোঽতি মান্যঃ ॥
জয়নাথ (৫) সুতো জজ্ঞে মুক্তাগাছাধিপৈশ্চ যঃ।
সভায়াং জ্যোতিষশ্রেষ্ঠ পদং প্রাপ্য সুমানিতঃ ॥

৫। জয়নাথোঽয়ং জগন্নাথস্য দ্বিতীয়ঃ পুত্রঃ।

তস্মাৎ কৃপানাথ (৬) ইতী কৃপালুঃ
সদা সদাচার রতো যতাত্মা।
পরোপকার ব্রত নিষ্ঠচিত্তো-
হরৌ সদা লগ্নমতি র্বরেণ্যঃ ॥

৬। টাঙ্গাইলান্তর্গত বড়বেলতা গ্রামস্থো বর্ত্তমান আলয়োঽনেনৈব নির্ম্মাপিতঃ।

বঙ্গে রাজন্য-মান্য ক্ষিতিসুর নিচয়াধিষ্ঠিতো গ্রামমুখ্যো
বড়্‌বেল্‌তাখ্যো য আস্তে মনুজ পরিচিতো বিস্তৃতষ্টাঙ্গলান্তঃ।
তত্র র্জ্যোতির্বিদগ্র্যঃ সতত হরিকথাসক্ত চিত্তঃ কৃপাবান্
শাস্ত্রজ্ঞো ধীর চেতা বিদিত ইত কৃপানাথ শর্ম্মেত্যু বাস ॥
তৎপুত্রো হ্যেককন্যস্তনয় বিরহিতঃ পাঠকঃ সূর্য্যাবিপ্রঃ
কল্‌কত্তা রাজ বিদ্যালয়নিগমমুখ-জ্যোতিষাধ্যাপকশ্চ।
শ্রীরাধাবল্লভাখ্যঃ সুবিদিত সরযূতীরতো বঙ্গবাসি-
ষ্যাদেবানাং কুলোত্থো ব্যরচয়দমলং বল্লভান্তং মুহূর্ত্তম্ ॥

# ভূমিকা

অমাবস্যায়াং পিতৃভ্যো দদ্যাৎ, একাদশ্যাং উপবসেৎ, অষ্টম্যাং মাংসং নাশ্নীয়াৎ ইত্যাদি বিধিবাক্যে কোন্ তিথি বা নক্ষত্রে কোন্ কার্য্য কর্ত্তব্য, কোন্ কার্য্য অকর্ত্তব্য ইহাই উপদিষ্ট হইয়াছে। অমাবস্যাদিকাল জ্যোতিষ-শাস্ত্রদ্বারা অবগত হওয়া যায় এজন্য জ্যোতিষশাস্ত্র বেদের অঙ্গ।

তিনখানা বেদাঙ্গজ্যোতিষ পাওয়া যায়। এক খানা ঋগ্‌বেদীয়, মহর্ষি লগধ ইহার উপদেষ্টা বা প্রণেতা। এক খানা যজুর্বেদীয়, শেষ নাগ ইহার প্রণেতা। এই দুই খানা বেদাঙ্গ জ্যোতিষে তিথি, নক্ষত্র, মাস, রাশি, পর্বকাল, উত্তরায়ণ, দক্ষিণায়ণ প্রভৃতি যজ্ঞ বিহিতকাল, দিনমান, রাত্রিমাণের গণনা, জলঘটিকা দ্বারা সময় নিরূপণ বিহিত আছে। অথর্ববেদীয় বেদাঙ্গজ্যোতিষ তিথি, নক্ষত্র, বার দ্বারা মুহূর্ত্ত জানিবার গ্রন্থ। ব্রহ্মা কশ্যপকে ইহার উপদেশ দিয়াছেন।

কালক্রমে বৈদিকযজ্ঞাদির কতক লোপ, কতক পরিবর্ত্তন, বহুবিধ নূতন ব্রতোপবাস পূজাদির প্রবর্ত্তন হইয়াছে। অনেক মতভেদও দেখাদিয়াছে।

ভাস্করাচার্য্য বলিয়াছেন "আগমঃ প্রমাণম্। স চাগমো মহতা কালেন লেখকাধ্যাপকাধ্যেতৃ দোষৈ র্বহুধা জাতস্তদা ক তমস্য প্রামাণ্যম্।"

শাস্ত্র প্রমাণ, কিন্তু একই শাস্ত্র পুস্তকের লেখক, অধ্যাপক ও অধ্যয়নকারীর দোষে বহুবিধ দেখা যায়, ইহাদের কোন খানার প্রামাণ্য হইবে। ঋষিদিগের মধ্যেও মতভেদ আছে। "নাসৌ মুনির্যস্য মতং ন ভিন্নম্" এরূপ অবস্থায় "বিরুদ্ধধর্ম-সমবায়ে ভূয়সাং স্যাৎ সধর্মকত্বম্" বহু মুনির মতে যাহা বিহিত বা বহু পুস্তকের যে পাঠ, যাহাতে পূর্বাপরসঙ্গতি আছে, তাহাই গ্রাহ্য হয়। কোন স্থলে বিভিন্ন মুনির মত বিভিন্ন বেদি বিষয়ে, কোথাও বা দেশের অল্পত্ব, বহুত্ব ভেদে প্রতিপ্রসবরূপ মীমাংসিত হয়। যেমন চিত্রা শ্রবণা ধনিষ্ঠাশ্বিনী নক্ষত্রে বিবাহ নিষিদ্ধ হইলেও পারস্করোক্ত জন্য যজুর্বেদি বিষয়ে সিদ্ধান্তিত হইয়াছে। "জাতং দিনং দূষয়তে বশিষ্ঠশ্চাষ্টৌ চ গর্গো যবনো দশাহম্" ইত্যাদি জন্ম মাসের প্রতি প্রসবরূপে সমর্থাসমর্থ পক্ষে বিহিত হইয়াছে।

বঙ্গের বাহিরে যাত্রা বিবাহাদির সময় নির্ণয় জন্য দীপিকা, মুহূর্ত্তচিন্তামণি,

# ভূমিকা

রাজমার্ত্তণ্ডাদি বহুবিধগ্রন্থ প্রণীত হইয়াছে। বঙ্গদেশে অধিকাংশ স্থানে স্মার্ত্ত রঘুনন্দন ভট্টাচার্য্য সংকলিত জ্যোতিস্তত্ত্বের মতে যাত্রা বিবাহাদির মুহূর্ত্ত নিরূপিত হয়।

স্মার্ত্ত ভট্টাচার্য মহাশয়ের সময়ে মুদ্রাযন্ত্রের প্রচলন না থাকায় তিনি বহু গ্রন্থ দেখিবার সুযোগ পান নাই। কোন গ্রন্থের মূল মাত্র পাইয়াছেন, টীকা পান নাই এ জন্য কোন কোন স্থলে রঘুনন্দনের কল্পিতব্যাখ্যা টীকাকারগণের ব্যাখ্যার বিরোধী হইয়াছে।

মূলাজোড় সংস্কৃত কলেজের স্মৃতিশাস্ত্রের অধ্যাপক শ্রীযুক্ত শশিভূষণ স্মৃতিতীর্থ মহাশয় জ্যোতিষতত্ত্বের টীকায় স্মার্ত্তভট্টাচার্য্য মহাশয়ের এইরূপ বহু ভ্রান্তির উল্লেখ করিয়াছেন এখনও তাঁহার দৃষ্টিপথের বাহিরে বহু ভ্রম রহিয়াছে।

সূর্য্যগ্রহণ চন্দ্রগ্রহণাদির স্পর্শ মোক্ষকাল শুধু চোখেও দেখা যায় কিন্তু তিথির মান পাঁচ দণ্ড কি সাত দণ্ড তাহা শুধু চোখে দেখা যায় না এজন্য শাস্ত্রকারগণ বলিয়াছেন "যে গ্রন্থানুসারে গণনায় গ্রহণাদি প্রত্যক্ষ দৃষ্ট হয়, সেই গ্রন্থানুসারেই তিথ্যাদি গণনা করিবে।

যস্মিন্ পক্ষে যত্র কালে যেন দৃগ্‌গণিতৈক্যকম্।

দৃশ্যতে তেন পক্ষেণ কুর্য্যাৎ তিথ্যাদি নির্ণয়ম্॥ বশিষ্ঠ

সকল সিদ্ধান্তকারগণই দৃষ্টির সহিত গণনার ঐক্য বিধায়ক গ্রন্থ প্রণয়নে প্রতিজ্ঞাবদ্ধ হইয়াছেন।

সূর্য্যসিদ্ধান্তে উক্ত আছে—

তত্তদ্‌গতিবশান্নিত্যং যথা দৃক্‌তুল্যতাং গ্রহাঃ।
প্রয়ান্তি তৎ প্রবক্ষ্যামি স্ফুটীকরণ মাদরাৎ॥
সংসাধ্য স্পষ্টতরং বীজং নলিকাদি যন্ত্রেভ্যঃ।
তৎসংস্কৃতগ্রহেভ্যঃ কর্ত্তব্যৌ নির্ণয়াদেশৌ॥

১৫১৩ শকাব্দে রাঘবাচার্য্য যে বীজ সংস্কার করিয়াছিলেন, বর্ত্তমান সময়ে সে বীজসংস্কারে গ্রহ দৃগ্‌গণিতৈক্য হইতেছেনা এজন্য গুপ্তপ্রেস, পি এম বাক্‌চী প্রভৃতি পঞ্জিকার তিথ্যাদি ধর্মকার্য্যে ও জাতক গণনায় অনুপযুক্ত হইয়াছে। আমি দৃষ্টির সহিত গণনার একতা সম্পাদক গ্রহস্ফুট ও তিথ্যাদি গণনার উপযোগী

# ভূমিকা

প্রণয়ন করিয়াছি। যাত্রা বিবাহাদির বিশুদ্ধ সময় নিরূপণ জন্ম মুহূর্ত্ত বল্লভ নামক এই গ্রন্থও প্রণীত হইতেছে। যথাসময়ে ধর্মকার্য অনুষ্ঠিত না হইলে তাহা নিষ্ফল হয়।

অকালে চেৎ কৃতং কর্ম কালে তস্য পুনঃ ক্রিয়া।
কালাতীতন্তু যৎ কুর্যাদকৃতং তদ্ বিনির্দিশেৎ॥

যথাসময়ে ধর্মক্রিয়া নির্বাহ হইলে রোগ, শোক, বিধর্মীর উপদ্রবাদি দূরীভূত হইয়া সুখ সমৃদ্ধি বৃদ্ধি পাইবে

ক্রমশঃ বিশুদ্ধ পঞ্জিকার প্রতি লোকের আগ্রহ বৃদ্ধি পাইতেছে। আমার প্রণীত করণ বল্লভের মত বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকায় পরিগৃহীত হইয়াছে। ক্রমশঃ অন্য পঞ্জিকায় এই মত গৃহীত হইয়া সকল পঞ্জিকা বিশুদ্ধ হইলে এবং ঋষিদিগের মত, মুহূর্ত্তচিন্তামণি, শুদ্ধিদীপিকা প্রভৃতি প্রামাণ্য গ্রন্থের সহিত সামঞ্জস্য রক্ষাকারী এই মুহূর্ত্তবল্লভের মত সমাদৃত হইলে শ্রম সার্থক মনে করিব।

এই গ্রন্থ প্রণয়নে সংস্কৃত কলেজিয়েট স্কুলের অন্যতম সংস্কৃতাধ্যাপক শ্রীযুক্ত নৃত্যগোপাল পঞ্চতীর্থ, শ্রীযুক্ত হরিপদ কাব্য স্মৃতি মীমাংসাতীর্থ, সংস্কৃত কলেজের স্মৃতির অধ্যাপক শ্রীযুক্ত হরেন্দ্রচন্দ্র স্মৃতিতীর্থ, বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকার গণনা পরিশোধক শ্রীযুক্ত দিগিন্দ্রনাথ কাব্য-ব্যাকরণ-জ্যোতিস্তীর্থ, পি, এম, বাকৃচী পঞ্জিকার ব্যবস্থাপক শ্রীযুক্ত রামদেব স্মৃতিতীর্থ মহোদয়গণের সাহায্য পাইয়াছি এজন্য তাঁহাদিগের নিকট আমি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

পণ্ডিত মহোদয়গণের নিকট সানুনয় প্রার্থনা যে আমার বুদ্ধিভ্রমে বা মুদ্রণভ্রমে ইহাতে যে সকল অশুদ্ধি ঘটিয়াছে তাহা সংশোধন করিয়া লইবেন এবং আমাকে জানাইলে বিশেষ অনুগৃহীত হইব ও দ্বিতীয় সংস্করণে শুদ্ধ করিয়া লইব।

৬৪নং কালীনাথ মুন্সী লেন
বরাহনগর ( ২৪ পরগণা )
১৮৬৯ অগ্রহায়ণ

নিবেদক—
শ্রীরাধাবল্লভ দেবশর্মা

## —ছন্দোনাম—

**অষ্টাক্ষর**

| সংক্ষিপ্ত নাম | পূর্ণনাম |
|---|---|
| অ,ষ্টু | অনুষ্টুপ |
| মা, ব | মানবক ক্রীড |
| বি, মা | বিদ্যুন্মালা |
| প্র, ণি | প্রমাণিকা |
| মা, ক্রী | মানবক ক্রীড |

**একাদশাক্ষর**

| | |
|---|---|
| ই, ব | ইন্দ্র বজ্রা |
| উ, ব | উপেন্দ্র বজ্রা |
| উ, জা | উপজাতি |
| শা, নী | শালিনী |
| র, তা | রথোদ্ধতা |
| স্বাগ | স্বাগতা |

**দ্বাদশাক্ষর**

| | |
|---|---|
| ই, বং | ইন্দ্রবংশা |
| তো, ক | তোটক |
| দ্রু, বি | দ্রুত বিলম্বিত |

**চতুর্দশাক্ষর**

| | |
|---|---|
| ব, তি | বসন্ত তিলক |

**সপ্তদশাক্ষর**

| | |
|---|---|
| শি,ণী | শিখরিণী |
| ম, ক্রা | মন্দাক্রান্তা |

**পঞ্চদশাক্ষর**

| | |
|---|---|
| মা নী | মালিনী |

**ঊনবিংশাক্ষর**

| | |
|---|---|
| শা. বি | শার্দূলবিক্রীড়িত |

**একবিংশাক্ষর**

| | |
|---|---|
| স্র, ধ | স্রগ্ধরা |

# সূচীপত্রম্


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| সংজ্ঞাধ্যায়ঃ | ১ |
| মঙ্গলাচরণম্ | ১ |
| বেদাঙ্গ নিরূপণম্ | ১ |
| জ্যোতির্বিৎ পূজ্যতা কথনম্ | ২ |
| রাশি নামানি | ৩ |
| নক্ষত্রতো রাশি নির্ণয়ঃ | ৪ |
| তিথিকরণ যোগ কথনম্ | ৬ |
| বিষ্টিভদ্রা কথনম্ | ৭ |
| তিথ্যধিপতয়ঃ | ৮ |
| যোগনামানি | ৮ |

| বিষয় | পৃষ্ঠা |
| --- | --- |
| উগ্রাদিগণাঃ | ৯ |
| পুং নক্ষত্রাণি | ১০ |
| অন্ধকাদি নক্ষত্রাণি | ১১ |
| বৃহদাদি নক্ষত্রাণি | ১১ |
| দিনরাত্র্যো মুহূর্ত্ত নক্ষত্রাণি | ১২ |
| নক্ষত্রতো গণকথনম্ | ১৩ |
| নক্ষত্রাণাং সংখ্যাকৃতি কথনম্ | ১৩ |
| ষন্নাড়ী নক্ষত্রাণি | ১৫ |
| নবতারাঃ | ১৫ |
| রাশি স্বরূপাণি | ১৫ |
| রাশীনাং ক্রূরাদিসংজ্ঞাঃ | ১৬ |
| রাশীনাং ক্ষত্রিয়াদি বর্ণাঃ | ১৭ |
| দ্বিপদাদয়ো রাশয়ঃ | ১৭ |
| রাশীনাং দিগধিপতিত্বম্ | ১৮ |
| রাশিভিরঙ্গ বিভাগঃ | ১৮ |
| শুভাশুভগ্রহাঃ | ১৯ |
| আত্মাদি কারকত্বম্ | ১৯ |
| জাত্যধিপতিত্ব বেদাধিপত্য কথনম্ | ১৯ |
| গ্রহাণাং তির্যঙ্‌মুখাদি সংজ্ঞাঃ | ২০ |
| গ্রহাণাং বর্ণাঃ | ২০ |
| গ্রহাণাং পুংস্ত্বাদিকথনম্ | ২১ |
| রাশিপতিত্বম্ | ২২ |
| উচ্চনীচরাশয়ঃ | ২২ |
| মূলত্রিকোণ রাশয়ঃ | ২৩ |
| রাহুঃ কেত্বোরুচ্চাদিকম্ | ২৪ |
| স্বাভাবিক মিত্রাদিকম্ | ২৪ |
| তাৎকালিক মিত্রাদিকম্ | ২৫ |
| গ্রহাণাং দৃষ্টয়ঃ | ২৫ |
| মন্বাদি তিথয়ঃ | ২৬ |
| যুগাদ্য তিথয়ঃ | ২৬ |
| স্থূললগ্ন সাধনম্ | ২৭ |
| বিভিন্ন দেশীয় লগ্নমানানি | ২৮ |
| হোরা লগ্ন সাধনম্ | ২৯ |
| দ্বাদশ ভাব নামানি | ২৯ |
| ভাবে চিন্তনীয়ানি | ২৯ |
| শুভাশুভ ভাব ফলানি | ৩০ |
| কেন্দ্রাদি সংজ্ঞাঃ | ৩০ |
| হোরা দ্রেক্কাণাদি সাধনম্ | ৩১ |
| **শুভাশুভাধ্যায়ঃ** | ৩২ |
| শুভাশুভবার ফলানি | ৩২ |
| বিহিত বারাপ্রাপ্তৌ ব্যবস্থা | ৩৩ |
| বার প্রবৃত্তিকাল জ্ঞানম্ | ৩৩ |
| মধ্যরেখাস্থানম্ | ৩৩ |
| দেশান্তর কালজ্ঞানম্ | ৩৪ |
| কাল হোরাপতি সাধনম্ | ৩৪ |
| কালবেলা-বারবেলা কথনম্ | ৩৪ |
| কালরাত্রি কথনম্ | ৩৫ |
| কুলিকবেলা কুলিকরাত্রিশ্চ | ৩৫ |
| ত্র্যহস্পৃশাদিকম্ | ৩৫ |
| ত্র্যহস্পৃশদোষ পরিহারঃ | ৩৬ |
| বিষ্টি প্রতিপ্রসবঃ | ৩৬ |
| যোগেষু বর্জ্যাতা | ৩৭ |
| ক্রান্তি সাম্যদোষঃ | ৩৭ |
| তিথিষ্বভক্ষ্য দ্রব্যাণি | ৩৭ |
| পক্ষরন্ধ্র তিথয়ঃ | ৩৮ |
| সংবর্ত্তযোগঃ | ৩৮ |

| বিষয় | পৃষ্ঠা | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| ক্রকচযোগঃ | ৩৮ | হোমে দক্ষিণা | ৫৬ |
| শূন্য তিথয়ঃ | ৩৯ | দ্রব্যাভাবে মূল্যানি | ৫৬ |
| শূন্য নক্ষত্রাণি | ৩৯ | গ্রহাণাং দানীয় দ্রব্যাণি | ৫৬ |
| শূন্য রাশয়ঃ | ৪০ | সঞ্চারাধ্যায়ঃ | ৫৯ |
| দগ্ধলগ্নানি | ৪০ | বিষুবাদি সংক্রান্তয়ঃ | ৫৯ |
| অতিনিন্দ্য যোগঃ | ৪০ | সংক্রান্তীনাং ঘোরাদিসংজ্ঞাঃ | ৫৯ |
| শূন্যতিথ্যাদি পরিহারঃ | ৪১ | দিবাসংক্রমণে পুণ্যকালাঃ | ৬০ |
| গ্রহণে নিষিদ্ধ দিনানি | ৪১ | পুণ্যতরকালঃ | ৬০ |
| বর্ষাদি সন্ধি বর্জ্যতা | ৪১ | পুণ্যতমকালঃ | ৬১ |
| তিথিগণ্ড বর্জ্যতা | ৪১ | রাত্রৌ পুণ্যকালঃ | ৬১ |
| লগ্নগণ্ড বর্জ্যতা | ৪২ | মধ্যরাত্র সংক্রমণে পুণ্যকালঃ | ৬২ |
| গোলিকাষ্টক বর্জনম্ | ৪২ | অয়নসংক্রমণে বিশেষঃ | ৬২ |
| তারাণাং শুভাশুভত্বম্ | ৪২ | দিনদ্বয়ে পুণ্যকালে ব্যবস্থা | ৬২ |
| দুষ্টতারাদৌ প্রতিকারঃ | ৪৩ | গ্রহাণাং সংক্রমণে পুণ্যকালঃ | ৬৩ |
| গ্রহশুদ্ধিঃ | ৪৩ | চলসংক্রান্তে মুখ্যতা | ৬৩ |
| ঘাতচন্দ্রঃ | ৪৪ | চলসংক্রমণ নিরূপণম্ | ৬৩ |
| গ্রহাণাং গোচরে শুভস্থানানি | ৪৫ | অয়নাংশ সাধনম্ | ৬৪ |
| দক্ষিণবেধে গ্রহশুদ্ধিঃ | ৪৬ | সংক্রান্তৌ কৃত্যাকৃত্য কথনম্ | ৬৪ |
| বামবেধে গ্রহশুদ্ধিঃ | ৪৭ | সংক্রান্ত্যাং বিরুদ্ধেঽর্কে শান্তিঃ | ৬৫ |
| গ্রহাণাং রাশিস্থিতিকালঃ | ৪৯ | জগল্লগ্নতঃ ফলানি | ৬৫ |
| অষ্টবর্গাধ্যায়ঃ | ৫০ | বিষুবাদি সংক্রান্তি ফলানি | ৬৬ |
| গ্রহাণাং ধার্যমূল্যাণি | ৫৩ | বক্রাতিচার ফলে মতান্তরম্ | ৬৯ |
| গ্রহরত্নাণি | ৫৪ | সঞ্চার বিরুদ্ধে পরিহারঃ | ৭০ |
| গ্রহ ধাতবঃ | ৫৪ | উদয়াস্ত জ্ঞানার্থং কালাংশাঃ | ৭০ |
| সর্বৌষধি কথনম্ | ৫৫ | ক্ষয়াধিমাসৌ | ৭০ |
| স্নানৌষধি কথনম্ | ৫৫ | অকাল নিষিদ্ধকর্মাণি | ৭১ |
| গ্রহপূজায়াং বলিদ্রব্যাণি | ৫৫ | বৃদ্ধত্বাদি সংজ্ঞাঃ | ৭২ |
| হোম সমিধঃ | ৫৫ | উদয়াস্তয়োর্দিগ্ নির্ণয়ঃ | ৭২ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| লুপ্তসংবৎসরে বিশেষঃ | ৭৪ |
| গ্রহণে বর্জ্যতা কথনম্ | ৭৪ |
| উৎপাত সমাহারে বর্জ্যতা | ৭৫ |
| ধূমকেতূল্কা পরিচয়ঃ | ৭৫ |
| অকাল বর্ষণে বর্জ্যতা | ৭৬ |
| মেঘাদি কথনম্ | ৭৬ |
| বৃষ্টিজ্ঞানম্ | ৭৭ |
| বৃষ্টিজ্ঞানার্থং ত্রিনাড়ীচক্রম্ | ৮১ |
| সপ্তনাড়ী চক্রম্ | ৮২ |
| সপ্তনাড়ী ফলানি | ৮৩ |
| রাজাঙ্কানয়নম্ | ৮৬ |
| নবর্ত্তু সমাগম লক্ষণম্ | ৮৭ |
| **গ্রহণাধ্যায়ঃ** | ৮৮ |
| গ্রহণ দর্শনে দোষঃ | ৮৮ |
| গ্রহণে দোষ শান্তিঃ | ৮৯ |
| **যাত্রাধ্যায়ঃ** | ৯০ |
| সিদ্ধিযোগঃ পাপশ্চ | ৯০ |
| দগ্ধাদি তিথয়ঃ | ৯১ |
| মাসদগ্ধাশ্চন্দ্রদগ্ধাশ্চ | ৯১ |
| মহাদগ্ধাঃ | ৯২ |
| মৃত্যুযোগঃ | ৯২ |
| বারশূলাঃ | ৯২ |
| নক্ষত্রশূলাঃ | ৯৩ |
| সার্ব্বদ্বারিক নক্ষত্রাণি | ৯৩ |
| পারিঘদণ্ড কথনম্ | ৯৪ |
| বিদিগ্ গমন নক্ষত্রাণি | ৯৪ |
| বারশূল প্রতিকারঃ | ৯৪ |
| নক্ষত্রাদিদোষ প্রতিকারঃ | ৯৫ |
| যাত্রায়াং শুভাশুভ নক্ষত্রাণি | ৯৬ |
| দোষাপবাদকাদিত্যযোগঃ | ৯৬ |
| নক্ষত্রামৃত যোগঃ | ৯৭ |
| ত্র্যামৃতযোগঃ | ৯৭ |
| বিষযোগঃ | ৯৮ |
| পাপযোগঃ | ৯৮ |
| আনন্দাদি যোগাঃ | ৯৯ |
| দুষ্টযোগানাং পরিহারঃ | ১০২ |
| যাত্রায়াং বিহিত মাসাঃ | ১০৩ |
| যোগিনী বর্জ্যতা | ১০৩ |
| যাত্রিক লগ্নানি | ১০৩ |
| নৌকা যাত্রা | ১০৪ |
| বিজয়াদশমী যাত্রা | ১০৪ |
| ঊষাদি যাত্রা | ১০৪ |
| চিত্তশুদ্ধেঃ প্রশংসা | ১০৫ |
| দুর্ণিমিত্তজনিত যাত্রানিষেধঃ | ১০৫ |
| গমন বিলম্বে বিধিঃ | ১০৫ |
| যাত্রায়াং প্রস্থান পরিমাণম্ | ১০৬ |
| যাত্রাদিবসে বর্জ্যানি | ১০৬ |
| গমনে শুভ শকুনানি | ১০৭ |
| অশুভ শকুনানি | ১০৭ |
| অশুভ শকুন পরিহারঃ | ১০৮ |
| ক্ষুতাদি ফলানি | ১০৮ |
| বল্লীপতন ফলম্ | ১০৯ |
| **রাজযাত্রা** | ১০৯ |
| পথি রাহু চক্রম্ | ১০৯ |
| কুলাকুলাদি নক্ষত্রাণি | ১১০ |
| রাহু ভ্রমণম্ | ১১১ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| জীবমৃত পক্ষ নক্ষত্রাণি | ১১২ |
| সম্মুখাদিস্থ শুক্রস্য বর্জ্জ্যতা | ১১২ |
| অকালবৃষ্টৌ রাজযাত্রা নিষেধঃ | ১১৩ |
| রাজ্ঞো যাত্রা দিবসীয় বিধিঃ | ১১৩ |
| রাজ্ঞো গমনকালীন বিধিঃ | ১১৪ |
| নির্গমস্থানানি প্রস্থান বিলম্বে বিধিঃ | ১১৪ |
| শীঘ্র গন্তব্যে বিধিঃ | ১১৪ |
| যোগযাত্রা লগ্নানি | ১১৬ |
| শত্রূন্ বিজিত্য গৃহপ্রবেশ মুহূর্ত্তঃ | ১১৯ |
| ত্রিনবত্ব দোষঃ | ১২০ |
| **সংস্কারাধ্যায়ঃ** | ১২০ |
| পত্নী শুভাশুভ বিচারঃ | ১২০ |
| সামুদ্রিক চিহ্নাদি বিচারঃ | ১২০ |
| শুভানি স্ত্রী চিহ্নানি | ১২০ |
| অশুভানি স্ত্রীলক্ষণানি | ১২২ |
| তিলকাদি চিহ্ন ফলানি | ১২৪ |
| অবিবাহ্য কন্যা লক্ষণানি | ১২৫ |
| বিবাহ্য কন্যা লক্ষণানি | ১২৬ |
| বর পরীক্ষা | ১২৬ |
| বর্জ্জনীয় বরঃ | ১২৬ |
| রোমাবর্ত্ত ফলানি | ১২৭ |
| স্বরাদি শুভাশুভ ফলানি | ১২৭ |
| কররেখা ফলানি | ১৩৫ |
| সন্তান সংখ্যা | ১৩৬ |
| করতলে গ্রহ ক্ষেত্রাণি | ১৩৭ |
| ক্ষেত্রগত বজ্র চিহ্ন ফলানি | ১৩৭ |
| মুখ লক্ষণম্ | ১৩৯ |
| ললাট লক্ষণম্ | ১৪১ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| শুভানি লক্ষণানি | ১৪৩ |
| নারী সংখ্যা | ১৪৪ |
| সহোদর সংখ্যা | ১৪৪ |
| বৈধব্য চিহ্নম্ | ১৪৪ |
| অষ্টধা মেলক কথনম্ | ১৪৪ |
| বর্ণমেলনং | ১৪৫ |
| বশ্যতা | ১৪৫ |
| তারাকূট কথনম্ | ১৪৫ |
| যোনিকূটম্ | ১৪৫ |
| মৈত্রী কূটম্ | ১৪৬ |
| গণমেলনম্ | ১৪৬ |
| রাশিকূটম্ | ১৪৭ |
| ষড়ষ্টকাদি দোষ শান্তিঃ | ১৪৯ |
| নাড়ীকূটম্ | ১৪৯ |
| বরকন্যয়োরাশীর্বাদ মুহূর্ত্তঃ | ১৫০ |
| বিবাহ বারাঃ | ১৫০ |
| বিবাহ তিথ্যাদিকম্ | ১৫১ |
| বিবাহ মাসাঃ | ১৫২ |
| আত্মভবয়োর্বিবাহে নিষেধঃ | ১৫২ |
| ষন্মাস মধ্যে বিবাহদ্বয় নিষেধঃ | ১৫৩ |
| অয়ন পক্ষয়োঃ শুদ্ধিঃ | ১৫৩ |
| গ্রহশুদ্ধিঃ | ১৫৩ |
| যুতযামিত্র দোষ কথনম্ | ১৫৩ |
| দশযোগভঙ্গঃ | ১৫৪ |
| সপ্তশলাকা দোষঃ | ১৫৪ |
| পঞ্চশলাকা দোষঃ | ১৫৫ |
| অষ্টমলগ্নাদি দোষঃ | ১৫৬ |
| সুতহিবুক যোগঃ | ১৫৭ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| গোধূলি লগ্নম্ | ১৫৮ |
| বধূ প্রবেশ মুহূর্ত্তঃ | ১৫৯ |
| দ্বিরাগমনম্ | ১৫৯ |
| সম্মুখাদি শুক্র দোষঃ | ১৫৯ |
| মাসিক রজঃ কারণম্ | ১৬০ |
| প্রথমর্ত্তৌ শুভাশুভ জ্ঞানম্ | ১৬০ |
| নিন্দ রজঃপ্রবৃত্তিকালঃ | ১৬৩ |
| রজো নিবৃত্তে স্নান বিধিঃ | ১৬৩ |
| মাসাদি দোষে দানম্ | ১৬৩ |
| তিথ্যাদিদোষে হোমাদি | ১৬৩ |
| গর্ভাধান মুহূর্ত্তঃ | ১৬৪ |
| গর্ভধারণ যোগঃ | ১৬৪ |
| ষোড়ষবর্ষে গর্ভদোষ শান্তিঃ | ১৬৫ |
| পুংসবন মুহূর্ত্ত | ১৬৬ |
| পঞ্চামৃত মুহূর্ত্তঃ | ১৬৬ |
| সীমন্তোন্নয়ন মুহূর্ত্তঃ | ১৬৬ |
| নিষেকান্মাসাধিপাঃ | ১৬৭ |
| প্রসব মাস জ্ঞানম্ | ১৬৭ |
| পুংস্ত্রীজন্ম জ্ঞানম্ | ১৬৮ |
| গণ্ডরিষ্ট কথনম্ | ১৬৯ |
| দন্তজননজ রিষ্টম্ | ১৭২ |
| জাতকর্ম নামকরণ মুহূর্ত্তঃ | ১৭০ |
| ব্যবহার্য্য নামানি | ১৭৩ |
| শতপদ চক্রম্ | ১৭৪ |
| নিষ্ক্রমণম্ | ১৭৭ |
| খট্টারোহণম্ | ১৭৭ |
| অন্নপ্রাশনম্ | ১৭৮ |
| অন্নপ্রাশনে জীবিকা পরীক্ষা | ১৭৮ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| কর্ণবেধঃ | ১৭৯ |
| চূড়াকরণম্ | ১৭৯ |
| সামান্য ক্ষৌরে নিষেধঃ | ১৮০ |
| নিমিত্ত ক্ষৌরে বিশেষঃ | ১৮০ |
| তীর্থমুণ্ডনে বিশেষঃ | ১৮১ |
| বিদ্যারম্ভঃ | ১৮১ |
| উপনয়নে মুখ্যাদি কালাঃ | ১৮১ |
| উপনয়ন মুহূর্ত্তঃ | ১৮২ |
| ব্রতবন্ধে জন্মমাসাদেঃ শুভত্বম্ | ১৮৩ |
| বিরুদ্ধে গুরৌ বিশেষঃ | ১৮৩ |
| ব্রতবন্ধে বর্জ্যতা কথনম্ | ১৮৩ |
| গলগ্রহ তিথয়ঃ | ১৮৩ |
| অনধ্যায় তিথয়ঃ | ১৮৪ |
| গোদান-সমাবর্ত্তন মুহূর্ত্তঃ | ১৮৫ |
| দ্বিতীয় বর্ষে সমাবর্ত্তনাদি নিষেধঃ | ১৮৫ |
| অগ্ন্যাধানম্ | ১৮৫ |
| ছুরিকা বন্ধনম্ | ১৮৬ |
| রাজ্যাভিষেকঃ | ১৮৬ |
| সিংহাসন চক্রম্ | ১৮৬ |
| **বাস্তু বিচারাধ্যায়ঃ** | ১৮৮ |
| গ্রাম শুভাশুভ কথনম্ | ১৮৮ |
| গ্রামাদি নক্ষত্রতো রাশি নির্ণয়ঃ | ১৮৮ |
| ভূমের্বিপ্রাদিসংজ্ঞাঃ | ১৮৮ |
| গজপৃষ্ঠাদি ভূময়ঃ | ১৯০ |
| প্লবত্ব শুভাশুভ কথনম্ | ১৯০ |
| বাস্তু বহির্দেশস্থ বৃক্ষ ফলানি | ১৯১ |
| বাস্তুনি শুভা বৃক্ষাঃ | ১৯১ |
| বাস্তুনশুভা বৃক্ষাঃ | ১৯১ |

| বিষয় | পৃষ্ঠা | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| গৃহকার্য্যে বর্জ্যনীয় বৃক্ষাঃ | ১৯২ | যাম্যায়নে বিশেষঃ | ২০৪ |
| বাস্তু শুভাশুভ কথনম্ | ১৯২ | জলাশয়ারম্ভঃ | ২০৪ |
| বাস্তুনি প্রেতাদি ভাগাঃ | ১৯২ | বিষ্ণু-বৃক্ষ-শিব প্রতিষ্ঠা | ২০৪ |
| আয় ব্যয় স্থিতি নক্ষত্রাণি | ১৯৩ | বৃক্ষ-লতা রোপণম্ | ২০৫ |
| গৃহস্য শুভাশুভত্বম্ | ১৯৪ | শান্তিক-পৌষ্টিক মুহূর্ত্তঃ | ২০৫ |
| ধ্বজাদি কথনম্ | ১৯৪ | বহ্নিস্থিতি কথনম্ | ২০৬ |
| গৃহদ্বার কথনম্ | ১৯৪ | শিবস্থিতিঃ | ২০৬ |
| নাগশয়নম্ | ১৯৫ | দীক্ষা | ২০৬ |
| গৃহারম্ভে বিধানম্ | ১৯৫ | দীক্ষায়াং শুভকালাঃ | ২০৭ |
| গৃহারম্ভে মাসাঃ | ১৯৬ | দেবপর্বাণি | ২০৭ |
| উপগৃহাণি | ১৯৬ | বেতালসিদ্ধিঃ | ২০৮ |
| গৃহারম্ভ মুহূর্ত্তঃ | ১৯৭ | শিল্প-চিত্র-শিক্ষা | ২০৮ |
| বৃষচক্রম্ | ১৯৭ | নৃত্য-গীত-বাদ্যশিক্ষা | ২০৮ |
| খননারম্ভ দিক্ কথনম্ | ১৯৮ | পরীক্ষা | ২০৮ |
| শিলাস্তম্ভ রোপণ দিক্ কথনম্ | ১৯৮ | বৈধব্য শান্তিঃ | ২০৯ |
| গৃহস্য শুভাশুভ যোগাঃ | ১৯৯ | হলপ্রবাহঃ | ২০৯ |
| গৃহপ্রবেশ মুহূর্ত্তঃ | ২০০ | হলচক্রম্ | ২০৯ |
| কুম্ভচক্রম্ | ২০০ | বীজোপ্তি চক্রম্ | ২০৯ |
| জীর্ণগৃহাদৌ বিশেষঃ | ২০১ | বীজবপন ধান্যরোপণে | ২১০ |
| বাস্তুপূজা | ২০১ | ধান্যচ্ছেদনম্ | ২১০ |
| গৃহপ্রবেশ বিধিঃ | ২০১ | ধান্যমর্দন বর্দ্ধনে | ২১০ |
| গোশালা শুভাশুভত্বম্ | ২০২ | ধান্যস্থাপনম্ | ২১০ |
| সুতিকাগার নির্মাণ প্রবেশ মুহূর্ত্তঃ | ২০২ | ঋণদান গ্রহণে | ২১০ |
| **বিবিধকৃত্যাধ্যায়ঃ** | ২০২ | নৌকা নির্মাণম্ | ২১১ |
| ইষ্টপূর্ত্ত কর্মাণি | ২০২ | নৌকাচালন-নৌকা যাত্রে | ২১১ |
| প্রতিমোপকরণ ফলানি | ২০৩ | রাজ দর্শনম্ | ২১১ |
| প্রতিমা শুভাশুভত্বম্ | ২০৩ | প্রভুসেবা | ২১১ |
| দেবতাঘটন প্রতিষ্ঠা কথনম্ | ২০৩ | | |

| বিষয় | পৃষ্ঠা | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| অস্ত্রধারণম্ | ২১২ | সর্প দংশনে মৃত্যুঃ | ২১৯ |
| খড়্গাদি নির্মাণম্ | ২১২ | সর্পভীতি পরিহারঃ | ২১৯ |
| অলঙ্কার নির্মাণম্ | ২১২ | ত্রিপুষ্কর যোগঃ | ২১৯ |
| শঙ্খমুক্তাদি ধারণম্ | ২১৩ | ত্রিপুষ্কর শান্তিঃ | ২১৯ |
| মুদ্রানির্মাণ-মন্থারম্ভ- | | প্রেতদাহ নিষিদ্ধ দিনানি | ২২০ |
| শয্যা সম্ভোগাঃ | ২১৩ | পর্ণনর দাহঃ | ২২০ |
| নববস্ত্র পরিধানম্ | ২১৩ | জন্মতিথি ব্যবস্থা | ২২১ |
| নবান্ন শ্রাদ্ধম | ২১৪ | লক্ষ্মীপূজনম্ | ২২১ |
| সন্ধিস্থাপনম্ | ২১৪ | অদ্ভুতাধ্যায়ঃ | ২২১ |
| করগ্রহারম্ভঃ | ২১৪ | অদ্ভুত কথনম্ | ২২১ |
| ক্রয় বিক্রয় বিপণি মুহূর্ত্তঃ | ২১৫ | ত্রিবিধোৎপাতাঃ | ২২২ |
| গোক্রয়-বিক্রয়-রক্ষণ যাত্রাঃ | ২১৫ | বাতাদিমণ্ডলাণি | ২২২ |
| বাহন ক্রয়-বিক্রয়-যানারোহণানি | ২১৫ | উৎপাত শান্তি বিধানম্ | ২২৩ |
| অশ্বচক্রম্ | ২১৬ | কালভেদেঽদ্ভুত দর্শনম্ | ২২৩ |
| দত্তকপুত্র গ্রহণম্ | ২১৬ | ইন্দ্রধনুর্দর্শনম্ | ২২৩ |
| স্বুবর্ণ রৌপ্যপাত্রে ভোজনম্ | ২১৬ | গ্রহগতাদ্ভুত-কথনম্ | ২২৪ |
| বস্ত্রক্ষালনম্ | ২১৭ | নক্ষত্রেষু গ্রহস্থিতি ফলানি | ২২৪ |
| সীবন কবচারম্ভঃ | ২১৭ | শস্যহানি-নৃপক্ষয় যোগাঃ | ২২৪ |
| ঔষধ করণ সেবনে | ২১৭ | গোলাদিযোগাঃ | ২২৪ |
| রেচন-বমন-শস্ত্রোপচারাঃ | ২১৭ | বক্রাতিচারভব শুভাশুভত্বম্ | ২২৮ |
| আরোগ্য স্নানম্ | ২১৮ | সংক্রমণে বৃষ্টি-সূচিত শুভাশুভত্বম্ | ২২৯ |
| জ্বরোৎপত্তৌ নিবৃত্তি দিনানি | ২১৮ | ভূমিকম্পযোগঃ | ২২৯ |
| রোগিণো মৃত্যু কথনম্ | ২১৮ | বক্রগাদি গ্রহযোগ ফলম্ | ২২৯ |
| রোগশান্তিঃ | ২১৯ | উপসংহারঃ | ২৩১ |
| | | জন্মকাল গ্রন্থ সমাপ্তি কাল কথনম্ | ২৩২ |

ওঁ নমঃ সূর্য্যায় পরব্রহ্মণে

# মুহূর্ত্তবল্লভঃ

## সংজ্ঞাধ্যায়ঃ

### মঙ্গলাচরণম্

যোঽনন্তেষু জগৎস্বনন্ত-ভতনু র্নান্তান্ গ্রহোপগ্রহান্
কৃষ্ট্যাবর্ত্তয়তি স্বকং স পরিতো দীপ্ত্যা স্বয়া দীপয়ন্।
নত্বাদিত্যমমুং ক্রিয়াসু সময়ান্ জ্ঞাতুং দ্বিজঃ শ্রীযুত-
শ্চক্রে নাম মুহূর্ত্তবল্লভমিমং রাধোত্তরো বল্লভঃ ॥ শা, বি

যে অনন্ত সৌরজগতে অনন্ত তারকারূপ ধারণ করতঃ অনন্তগ্রহ ও উপগ্রহকে নিজ নিজ দীপ্তিতে উদ্ভাষিত করিয়া আকর্ষণ দ্বারা নিজ নিজ মণ্ডলের চতুর্দিকে ভ্রমণ করাইতেছে, এই আদিত্যনারায়ণকে প্রণাম করিয়া শ্রীরাধাবল্লভ শর্ম্মা শাস্ত্র বিহিত ক্রিয়াকলাপের সময় জানিবার জন্য মুহূর্ত্ত বল্লভ নামক এই গ্রন্থ প্রণয়ন করিতেছে।

### বেদাঙ্গ নিরূপণম্

বেদস্য বক্ত্রং কিল শব্দশাস্ত্রং
চক্ষুর্দ্বয়ং জ্যোতিষশাস্ত্র মুক্তম্।
শ্রোত্রে নিরুক্তং চরণৌ হি বৃত্তং
নাসে চ শিক্ষাস্য করৌ চ কল্পঃ। ই, ব

ব্যাকরণ, কাব্যাদিশব্দশাস্ত্র বেদের মুখ, জ্যোতিষ শাস্ত্র চক্ষুদ্বয়, নিরুক্ত কর্ণদ্বয়, ছন্দ পাদদ্বয়, শিক্ষা নাসিকাদ্বয়, কল্প হস্তদ্বয় নামে অভিহিত।

## জ্যোতিষ শাস্ত্র পাঠ ফল—নক্ষত্র সূচি নিন্দাকথনম

বেদাঙ্গত্বাৎ পাঠ্যমেতদ্ দ্বিজানাং
জ্যোতির্বেত্তা ব্রহ্মলোকং তু গচ্ছেৎ।
দৈবজ্ঞ শ্চেজ্ জ্যোতিষজ্ঞানশূন্যো-
নিন্দ্যঃ সর্বৈর্ঋক্ষসূচী তদা সঃ। শা, নী

জ্যোতিষ শাস্ত্র বেদাঙ্গ জন্য দ্বিজগণেরই পাঠ্য, শূদ্রের পাঠ্য নহে। জ্যোতির্বেত্তা ব্রহ্মলোকে গমন করেন। জ্যোতিষশাস্ত্র সম্যকরূপে না জানিয়া যে দৈবজ্ঞের কার্য্য করিয়া থাকে সে নক্ষত্র সূচী নামে নিন্দিত হয়।

## জ্যোতির্বিৎ পূজ্যতা কথনম্

ত্রিস্কন্ধজ্ঞো গ্রন্থত শ্চার্থতোঽপি
শ্রাদ্ধে কৃত্যে চাগ্রভুক্ পাবনঃ সঃ।
সিদ্ধান্তজ্ঞো সংহিতাবিচ্চ হোরা-
ভিজ্ঞো দ্রষ্টুঃ পাপনাশী চ পূজ্যঃ॥ শা, নী

অর্থ বোধের সহিত সিদ্ধান্ত, সংহিতা ও হোরা এই ত্রিস্কন্ধ জ্যোতিষ শাস্ত্রাভিজ্ঞ ব্রাহ্মণ শ্রাদ্ধে অগ্রভুক্ ও পংক্তিপাবন। সিদ্ধান্ত, সংহিতা ও হোর ইহাদের এক স্কন্ধে অভিজ্ঞ ও দ্রষ্টার পূজনীয় এবং পাপনাশক।

## রাশিচক্র ভাগাদি কথনম্

বৃত্তং সূর্য্যগতানুরূপক মিদং যদ্ রাশিচক্রং স্মৃতম্
তারা-রাশি-নভঃ সদাং চ গণিতেনাত্র স্থিতি র্গণ্যতে।
শূন্যাঙ্গাগ্নিলবা অথাত্র গদিতাঃ স্যুরাশয়ো দ্বাদশ
যোগা ভানি চ সপ্তবিংশতিগণৈঃ সত্র্যংশবিশ্বাংশশঃ॥ শা, বি

সূর্য্যের ভ্রমণ বৃত্ত ক্রান্তিবৃত্ত নামে সিদ্ধান্তশাস্ত্রে খ্যাত। ক্রান্তিবৃত্তের অনুরূপবৃত্ত রাশিচক্র নামে কথিত। এই রাশিচক্রে নক্ষত্র, রাশি ও গ্রহগণের স্থিতি স্থান গণিত হয়। ইহাতে ৩৬০ অংশ। প্রতি ৩০ অংশে এক রাশি হিসাবে ১২ রাশি, প্রতি ১৩ অংশ ২০ কলা হিসাবে ২৭ যোগ ও ২৭ নক্ষত্র গণিত হয়।

## রাশি নামানি

মেষো বৃষোঽথো মিথুনং কুলীরঃ
সিংহঃ কুমারী তুল-বৃশ্চিকৌ চ।
চাপো মৃগাস্যোঽপ্যথ কুম্ভমীনৌ
স্যুরাশয়ো দ্বাদশ রাশিচক্রে ॥ ই, ব।

রাশি চক্রে মেষ, বৃষ, মিথুন, কর্কট, সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক, ধনু, মকর, কুম্ভ, মীন এই দ্বাদশটি রাশি।

## রাশি পর্য্যায়াঃ

ক্ষেত্রর্ক্ষ গেহাভিধ-শব্দসংঘাঃ
সর্বত্র রাশিং কিল বোধয়ন্তি।
মেষাদিনামান্যভিধানতো বা
লোকপ্রসিদ্ধানি পৃথঙ্ ন চাত্র ॥ ই,ব।

ক্ষেত্র বাচক, নক্ষত্রবাচক ও গৃহবাচক শব্দসমূহ দ্বারা সর্বত্র রাশির বোধ হয়। মেষ, বৃষাদির পৃথক্ নাম অভিধান বা লোক প্রসিদ্ধি হইতে অবগত হওয়া যায় এজন্য এই গ্রন্থে পৃথক্ উল্লিখিত হইল না।

## নক্ষত্র নামানি

অশ্বিনী ভরণী চাথ কৃত্তিকা রোহিণী ততঃ।
মৃগশিরা স্তথা চার্দ্রা ততঃ প্রোক্তঃ পুনর্বসুঃ ॥
পুষ্যোঽশ্লেষা মঘা পূর্বফল্গুন্যুত্তরফল্গুনী।
হস্তশ্চিত্রা ততঃ স্বাতী বিশাখা চানুরাধিকা ॥
জ্যেষ্ঠাথ মূলকং পূর্বোত্তরাষাঢ়ে ততঃ পরং।
শ্রবণা চ ধনিষ্ঠাথ ততঃ শতভিষা স্মৃতা ॥
পূর্বোত্তর-ভাদ্রপদে রেবতী কথিতা বুধৈঃ।
এতেষাং নবভিঃ পাদৈরাশয়ো দ্বাদশ ক্রমাৎ ॥ অনু।

অশ্বিনী, ভরণী, কৃত্তিকা, রোহিণী, মৃগশিরা, আর্দ্রা, পুনর্বসু, পুষ্যা, অশ্লেষা, মঘা, পূর্বফল্গুনী, উত্তরফল্গুনী, হস্তা, চিত্রা, স্বাতী, বিশাখা, অনুরাধা, জ্যেষ্ঠা, মূলা. পূর্বাষাঢ়া, উত্তরাষাঢ়া, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, পূর্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ,

রেবতী। এই ২৭টি নক্ষত্র। প্রতি নক্ষত্রে চারি চরণ। ইহাদের নয় চরণে বা সপাদ নক্ষত্রদ্বয়ে এক একটি রাশি হয়।

## নক্ষত্রতো রাশি নির্ণয়ঃ।

অশ্বিনী ভরণী কৃত্তিকাদ্যপাদশ্চ মেষকঃ।
তচ্ছেষং রোহিণী চাথ মৃগশিরোঽর্দ্ধকং বৃষঃ॥
দ্বন্দ্বং তচ্ছেষ মার্দ্রা চ ত্রিপাদং চ পুনর্বসোঃ।
শেষং পুনর্বসোঃ পাদঃ পুষ্যোঽশ্লেষা চ কর্কটঃ॥
সিংহো মঘা পূর্বফল্গুন্যুত্তরাদিমপাদকঃ।
তচ্ছেষত্রিপদী হস্তা চিত্রার্দ্ধঞ্চাপি কন্যকা॥
চিত্রার্দ্ধং তৌলিনি স্বাতী বিশাখায়াঃ পদত্রয়ম্।
তচ্ছেষাঙ্ঘ্রি রনুরাধা জ্যেষ্ঠা বৃশ্চিকসংজ্ঞকঃ॥
ধনুর্মূলং তথা পূর্বাষাঢ়োত্তরাদ্যপাদকঃ।
তচ্ছেষঃ শ্রবণা চার্দ্ধং ধনিষ্ঠায়া মৃগাননঃ॥
ধনিষ্ঠার্দ্ধং শতভিষক্ পূর্বভাদ্রাঙ্ঘ্রিকত্রয়ম্।
কুম্ভঃ শেষ শ্চোত্তরা চ রেবতী মীনসংজ্ঞকঃ॥ অনু।

মেষ রাশি—অশ্বিনী, ভরণী, কৃত্তিকার প্রথম পাদ।
বৃষ—কৃত্তিকার শেষ ৩ পাদ, রোহিণী, মৃগশিরার প্রথমার্দ্ধ।
মিথুন—মৃগশিরার শেষার্দ্ধ, আর্দ্রা, পুনর্বসুর ৩ পাদ।
কর্কট—পুনর্বসুর শেষ ১ পাদ, পুষ্যা, অশ্লেষা।
সিংহ—মঘা, পূর্বফল্গুনী, উত্তরফল্গুনীর প্রথম পাদ।
কন্যা—উত্তরফল্গুনীর শেষ ৩ পাদ, হস্তা, চিত্রার্দ্ধ।
তুলা—চিত্রার শেষার্দ্ধ, স্বাতী, বিশাখার ৩ পাদ।
বৃশ্চিক—বিশাখার শেষ ১ পাদ, অনুরাধা, জ্যেষ্ঠা।
ধনু—মূলা, পূর্বাষাঢ়া, উত্তরাষাঢ়ার প্রথম পাদ।
মকর—উত্তরাষাঢ়ার শেষ ৩ পাদ, শ্রবণা, ধনিষ্ঠার্দ্ধ।
কুম্ভ—ধনিষ্ঠাশেষার্দ্ধ, শতভিষা, পূর্বভাদ্রপদ ৩ পাদ।
মীন—পূর্বভাদ্রপদ শেষ পাদ, উত্তরভাদ্রপদ, রেবতী।

## স্ফুট গ্রহ হইতে নক্ষত্র নির্ণয় সারণী

| সংখ্যা | নাম | রাশি | অংশ | কলা | সংখ্যা | নাম | রাশি | অংশ | কলা | সংখ্যা | নাম | রাশি | অংশ | কলা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | অশ্বিনী | | ১৩ | ২০ | ১০ | মঘা | ৪ | ১৩ | ২০ | ১৯ | মূলা | ৮ | ১৩ | ২০ |
| ২ | ভরণী | | ২৬ | ৪০ | ১১ | পূর্বফল্গুনী | ৪ | ২৬ | ৪০ | ২০ | পূর্বাষাঢ়া | ৮ | ২৬ | ৪০ |
| ৩ | কৃত্তিকা | ১ | ১০ | | ১২ | উত্তরফল্গুনী | ৫ | ১০ | | ২১ | উত্তরাষাঢ়া | ৯ | ১০ | |
| ৪ | রোহিণী | ১ | ২৩ | ২০ | ১৩ | হস্তা | ৫ | ২৩ | ২০ | ২২ | শ্রবণা | ৯ | ২৩ | ২০ |
| ৫ | মৃগশিরা | ২ | ৬ | ৪০ | ১৪ | চিত্রা | ৬ | ৬ | ৪০ | ২৩ | ধনিষ্ঠা | ১০ | ৬ | ৪০ |
| ৬ | আর্দ্রা | ২ | ২০ | | ১৫ | স্বাতী | ৬ | ২০ | | ২৪ | শতভিষা | ১০ | ২০ | |
| ৭ | পুনর্বসু | ৩ | ৩ | ২০ | ১৬ | বিশাখা | ৭ | ৩ | ২০ | ২৫ | পূর্বভাদ্রপদ | ১১ | ৩ | ২০ |
| ৮ | পুষ্যা | ৩ | ১৬ | ৪০ | ১৭ | অনুরাধা | ৭ | ১৬ | ৪০ | ২৬ | উত্তরভাদ্রপদ | ১১ | ১৬ | ৪০ |
| ৯ | অশ্লেষা | ৪ | ০ | ০ | ১৮ | জ্যেষ্ঠা | ৮ | ০ | ০ | ২৭ | রেবতী | ১২ | ০ | ০ |

## তিথিকরণ যোগ কথনম্

হিমাংশু-সূর্য্যান্তরতোঽর্ক ভাগৈ-
স্তিথিঃ প্রদিষ্টা করণং তদর্দ্ধম্।
সত্র্যংশবিশ্বাংশত ইন্দুভান্বো-
র্যোগান্নিরুক্তো গণকৈশ্চ যোগঃ॥ উ'জা।

স্ফুট চন্দ্র ও স্ফুটসূর্যের বিয়োগ ফলের প্রতি ১২ অংশে প্রতিপদ, দ্বিতীয়া প্রভৃতি এক একটি তিথি হয়। তিথির অর্দ্ধ করণ। এজন্য প্রতি তিথিতে ২টি করণ হয়। স্ফুট চন্দ্র ও স্ফুট সূর্য্যের যোগফলের প্রতি ১৩ অংশ ২০ কলায় অর্থাৎ প্রতি ৮০০ কলায় এক একটি যোগ হয়।

## তিথীনাং সংজ্ঞাঃ

নন্দাথ ভদ্রা চ জয়াপি রিক্তা
পূর্ণা তিথীনাং ক্রমশশ্চ সংজ্ঞাঃ।
নামানুসারেণ ফলপ্রদাস্তা-
রিক্তাসু সর্বং শুভকর্ম্ম বর্জ্যম্॥ ই, ব।

উভয় পক্ষের প্রতিপদ, ষষ্ঠী, একাদশী নন্দা নামে; দ্বিতীয়া, সপ্তমী, দ্বাদশী ভদ্রা; তৃতীয়া, অষ্টমী, ত্রয়োদশী জয়া নামে; চতুর্থী, নবমী, চতুর্দশী রিক্তা নামে; পঞ্চমী, দশমী, পূর্ণিমা ও অমাবস্যা পূর্ণা নামে অভিহিত। ইহারা নাম সদৃশ শুভফল প্রদান করিয়া থাকে। রিক্তা তিথি সকল শুভ কার্য্যেই বর্জনীয়।

## চর করণানি

আদ্যো ববস্তদনু বালব-কৌলবৌ চ
তস্মাত্তু তৈতিল-গরৌ স বণিক্ চ বিষ্টিঃ।
এতানি সপ্ত করণানি চরাভিধানি
হ্যাবর্ত্তনাৎ কিল সিত-প্রতিপৎপরার্দ্ধাৎ॥ ব, তি।

বব, বালব, কৌলব, তৈতিল, গর, বণিক্, বিষ্টি এই ৭টি করণ শুক্লপ্রতিপদের শেষার্দ্ধ হইতে পুনঃ পুনঃ আবর্ত্তিত হয় এজন্য ইহারা চরকরণ নামে অভিহিত।

## স্থির করণানি

কৃষ্ণে মনোঃ পরদলাৎ শকুনি শ্চতুষ্পাদ্
দর্শাদ্যভাগ ইতি তৎ পরতোহি নাগঃ।
কিংস্তুঘ্ন এষ চ সিতপ্রতিপদ্ দলার্দ্ধে
চাদ্যে স্থিরাণি করণানি বদন্তি বিজ্ঞাঃ॥ ব, তি।

কৃষ্ণপক্ষে চতুর্দশীর শেষার্দ্ধে শকুনি, অমাবস্যার প্রথমার্দ্ধে চতুষ্পাদ্, শেষার্দ্ধে নাগ, শুক্ল প্রতিপদের প্রথমার্দ্ধে কিংস্তুঘ্ন। এই চারিটি নির্দিষ্ট করণ আবর্ত্তিত না হওয়ায় স্থির করণ নামে খ্যাত।

## বিষ্টিভদ্রা কথনম্

কৃষ্ণে তৃতীয়া দশমী পরার্দ্ধৌ
ভাগৌ তথাদ্যৌ মুনি-শক্র-তিথ্যোঃ।
শুক্লে তু তাভ্যঃ পরবর্ত্তিনীনাং
বিষ্টিঃ প্রদিষ্টা পরপূর্বভাগৌ॥ ই, ব

কৃষ্ণ পক্ষে তৃতীয়া ও দশমীর শেষার্দ্ধ, সপ্তমী ও চতুর্দ্দশীর পূর্বার্দ্ধ, শুক্লপক্ষে চতুর্থী ও একাদশীর শেষার্দ্ধ, অষ্টমী ও পূর্ণিমার পূর্বার্দ্ধ বিষ্টিভদ্রা।

## বিষ্টিভদ্রায়াঃ করণত্বম্

সংগ্রামে দিতিজৈর্জ্জিতান্ সুরগণানুদ্ধর্ত্তু মীশাঙ্গতো-
বিষ্টিঃ সপ্তভুজা ধরানিপতিতা লাঙ্গুলিনী চ ত্রিপাৎ।
উগ্রা সিংহগলা চ গর্দভমুখী ক্ষামোদরী প্রেতগা
দেবৈঃ সা নিহিতা চরাখ্যকরণেষ্বন্তে ভ্রমার্থং মুদা॥ শা, বি।

দৈত্যগণ কর্তৃক পরাজিত দেবগণের উদ্ধারের জন্য শিবের অঙ্গ হইতে বিষ্টি-ভদ্রা ভূতলে পতিত হয়। বিষ্টিভদ্রা সপ্তভুজা, লাঙ্গুলবিশিষ্টা, ত্রিপাদযুক্তা, উগ্রস্বভাবা, সিংহগ্রীবা, গর্দভমুখী, কৃশোদরী, শবারূঢ়া। দেবগণ আবর্ত্তন করিবার জন্য ইহাকে চরকরণের অন্তে সপ্তম চরকরণরূপে প্রতিষ্ঠিত করিয়াছেন।

## তিথ্যধিপতয়ঃ

অগ্নিশ্চাথ পিতামহ স্তথ ভবেদ্ গৌরী গণেশোঽপ্যহিঃ
স্কন্দো বাসরনায়কোঽপি চ শিবো দুর্গা কৃতান্ত স্ততঃ।
বিশ্বে বিষ্ণু রতঃপরং মনসিজস্তস্মাদ্ধরঃ শীতগুঃ
পক্ষত্যাদ্যধিপাস্তথা চ পিতরো দর্শাধিপাঃ কীর্ত্তিতাঃ॥ শা, বি

অগ্নি, পিতামহ, গৌরী, গণেশ, সর্প, স্কন্দ, সূর্য্য, শিব, দুর্গা, যম, বিশ্বদেব, বিষ্ণু, কাম, হর, চন্দ্র, ইহারা উভয় পক্ষে প্রতিপদাদি ১৫ তিথির অধিপতি। কিন্তু পূর্ণিমার অধিপতি চন্দ্র, অমাবস্যার অধিপতি পিতৃগণ।

## যোগনামানি

বিষ্কুম্ভঃ প্রীতিরায়ুষ্মান্ সৌভাগ্যঃ শোভনাহ্বয়ঃ
অতিগণ্ডঃ সুকর্ম্মাখ্যো ধৃতিঃ শূলোঽথ গণ্ডকঃ॥
বৃদ্ধি র্ধ্রুবোঽথ ব্যাঘাতো হর্ষণো বজ্রসংজ্ঞকঃ
অসৃক্‌সংজ্ঞো ব্যতীপাতো বরীয়ান্ পরিঘঃ শিবঃ॥
সিদ্ধঃ সাধ্যঃ শুভঃ শুক্রো ব্রহ্মেন্দ্রো বৈধৃতিঃ স্মৃতাঃ।
সপ্তবিংশতিযোগাস্তে স্বনামফলদা মতাঃ॥

বিষ্কুম্ভ, ( মতান্তরে বিষ্কম্ভ ) প্রীতি, আয়ুষ্মান্ , সৌভাগ্য, শোভন, অতিগণ্ড, সুকর্ম্মা, ধৃতি, শূল, গণ্ড, বৃদ্ধি, ধ্রুব, ব্যাঘাত, হর্ষণ, বজ্র, অসৃক্, ব্যতীপাত, বরীয়ান্, পরিঘ, শিব, সিদ্ধ, সাধ্য, শুভ, শুক্র, ব্রহ্মা, ইন্দ্র, বৈধৃতি, এই ২৭ যোগ। ইহারা নিজ নিজ নামানুসারে শুভাশুভ ফল দান করে।

## বার কথনম্

রবিঃ শশাঙ্কঃ ক্ষিতিজো বুধস্তথা
বৃহস্পতি দৈ'ত্যগুরুঃ শনৈশ্চরঃ।
দ্যুচারিণাং নামভি রেব সপ্ত চ
বারা মুনীন্দ্রৈঃ পরিকীর্ত্তিতাঃ পুরা॥ উ,জা

রবি, সোম, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি এই ৭ গ্রহের নামে ৭ বার কথিত হয়।

## নক্ষত্র পতয়ঃ

অশ্বা যমোঽগ্নি র্ব্রহ্মেন্দুঃ শূলভৃচ্চাদিতি র্গুরুঃ।
উরগঃ পিতরো যোনিরর্যমা দিবসাধিপঃ॥
ত্বষ্টা বায়ুশ্চ শক্রাগ্নী মিত্রো বজ্রধর স্তথা।
নিঋ্ঋতিঃ সলিলং বিশ্বে বিরিঞ্চি র্হরিরেব চ॥
বসুঃ সলিলনাথোঽজপাদোঽহির্ব্রধ্নকঃ পুনঃ।
পূষা চেতীশ্বরা ভানামুদিতাঃ ক্রমতো বুধৈঃ॥

অশ্বিনী নক্ষত্রের অধিপতি অশ্বী, ভরণীর যম, কৃত্তিকার অগ্নি, রোহিণীর ব্রহ্মা, মৃগশিরার চন্দ্র, আর্দ্রার শিব, পুনর্বসুর অদিতি, পুষ্যার বৃহস্পতি, অশ্লেষার সর্প, মঘার পিতৃগণ, পূর্বফল্গুনীর যোনি, উত্তরফল্গুনীর অর্যমা, হস্তার দিবাকর, চিত্রার বিশ্বকর্মা, স্বাতীর বায়ু, বিশাখার শক্রাগ্নি, অনুরাধার মিত্র, জ্যেষ্ঠার ইন্দ্র, মূলার নিঋ্ঋতি, পূর্বাষাঢ়ার জল, উত্তরাষাঢ়ার বিশ্বদেবগণ, অভিজিতের বিরিঞ্চি, শ্রবণার হরি, ধনিষ্ঠার বসু, শতভিষার বরুণ, পূর্বভাদ্রপদের অজপাদ, উত্তরভাদ্রপদের অহিব্রধ্ন, রেবতীর পূষা।

## উগ্রাদিগণাঃ

উগ্রোগণঃ পূর্বমঘা কৃতান্তা-ব্রহ্মোত্তরং ভত্রিতয়ং ধ্রুবশ্চ।
বিষ্ণুত্রয়ং স্বাত্যদিতিশ্চরোঽথ ক্ষিপ্রোঽশ্বি হস্তৌ সুরপূজিতশ্চ॥ ই, ব
মিত্রান্ত্যভ-ত্বষ্টৃ-মৃগা মৃদুঃ স্যাৎ তীক্ষ্ণোঽহি শক্রন্দ্বয় মার্দ্রভং চ।
মিশ্রো বিশাখা জ্বলনোঽপ্যথৈতে গণাঃ স্বকৃত্যে শুভদাঃ সদৈব॥ উ, জা।

পূর্বফল্গুনী, পূর্বাষাঢ়া, পূর্বভাদ্রপদ, মঘা, ভরণী ইহারা উগ্রগণ; উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী ধ্রুবগণ; শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা স্বাতী, পুনর্বসু চরগণ; অশ্বিনী, হস্তা, পুষ্যা লঘুগণ, অনুরাধা, রেবতী, চিত্রা, মৃগশিরা মৃদুগণ; অশ্লেষা, জ্যেষ্ঠা, মূলা, আর্দ্রা তীক্ষ্ণগণ; বিশাখা, কৃত্তিকা মিশ্রগণ নামে অভিহিত। গণসমূহ নিজ নিজ নাম বিহিত কার্য্যে শুভ কর। যথা উগ্র কার্য্যে উগ্রগণ, ধ্রুবকার্য্যে ধ্রুবগণ ইত্যাদি।

## অধোমুখ নক্ষত্রাণি

যমাহি শক্রাগ্নি মঘাগ্নি পূর্ব-ত্রয়ং চ মূলং নব শর্মদানি।
উক্তানি চাধোমুখসংজ্ঞকানি বিত্তার্ঘ কূপাদিখনিক্রিয়াসু ॥ উ, জা

ভরণী, অশ্লেষা, মঘা, কৃত্তিকা, পূর্বফল্গুনী, পূর্বাষাঢ়া, পূর্বভাদ্রপদ, মূলা এই নয়টি নক্ষত্র অধোমুখ নামে খ্যাত। ইহারা বিত্তারম্ভ, অর্ঘদান, কূপাদি খনন কার্য্যে শুভ।

## ঊর্ধ্বমুখ-পার্শ্বমুখ নক্ষত্রাণি।

ব্রহ্মার্দ্রোত্তর-পাশি-বিষ্ণু-বসবঃ পুষ্যো নবৈতানি চ
হ্যূর্ধ্বাস্যানি শুভানি রাজকৃতি-পুর্নির্মাণকে চিত্রকে।
চিত্রেন্দ্রাদিতি মিত্র পৌষ্ণপবনা হস্তোঽশ্বিনী চন্দ্রমাঃ
পার্শ্বাস্যানি হি যন্ত্র যানকরণে বীজপ্রবাপে তথা ॥ শা, বি

রোহিণী, আর্দ্রা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, শতভিষা, শ্রবণা, ধনিষ্ঠা, পুষ্যা এই নয়টি ঊর্ধ্বমুখ নামে অভিহিত। ইহারা অভিষেকাদি রাজ কার্য্যে, অট্টালিকাদি রাজপুর নির্ম্মাণ, ও চিত্র কার্য্যে শুভ।

চিত্রা, জ্যেষ্ঠা, পুনর্বসু, অনুরাধা, রেবতী, স্বাতী, হস্তা, অশ্বিনী, মৃগশিরা, এই নয় নক্ষত্র পার্শ্বমুখ নামে পরিচিত। ইহারা যন্ত্রনির্ম্মাণ, যানারোহণ, বীজ-বপনাদি কার্য্যে শুভ।

## পুং নক্ষত্রাণি

হস্তঃ পুনর্বসু মৃগৌ হরি মূল পুষ্যাঃ
পুংনামকো গণ ইতি প্রজগু মুনীন্দ্রাঃ।
আধান-পুংসবনকাদিকৃতৌ স্ত্রিয়াঃ স্যাৎ
সৌখ্যপ্রদো হি নচ গর্ভকৃতৌ তু মূলম্ ॥ ব, তি।

হস্তা, পুনর্বসু, মৃগশিরা, শ্রবণা, মূলা, পুষ্যা এই ছয়টি পুং নক্ষত্র নামে খ্যাত। র্ভাধান, পুংসবনাদি স্ত্রীজনের সংস্কারকার্য্যে ইহারা শুভপ্রদ। কিন্তু মূলা ক্ষত্র গর্ভাধানে শুভ নহে।

## অন্ধকাদি নক্ষত্রাণি তৎ ফলানি চ

অন্ধাক্ষ-মন্দাক্ষক-মধ্যলোচন-
সুলোচনানি ক্রমতো বিধাতৃভাৎ।
ক্রমাদ্গতাপ্তির্ঝটিতি প্রযত্নতো-
দূরে হ্যলাভশ্রুতিরশ্রুতি স্তথা॥ উ, জা।

রোহিণী হইতে গণনায় ক্রমশঃ অন্ধাক্ষ, মন্দাক্ষ, মধ্যলোচন, সুলোচন নামে অভিজিৎ সহ ২৮ নক্ষত্র বিভক্ত। অন্ধক নক্ষত্রে চৌরদ্বারা দ্রব্য নষ্ট হইলে শীঘ্র লাভ, মন্দাক্ষে যত্নদ্বারা লাভ, মধ্যলোচনে দূরে দ্রব্যের সংবাদ পাইবে কিন্তু দ্রব্য প্রাপ্তি হইবে না, সুলোচন নক্ষত্রে নষ্ট দ্রব্যের সন্ধানও পাওয়া যাইবেনা।

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| অন্ধক | ৪ | ৮ | ১২ | ১৬ | ২০ | ২৩ | ২৭ | শীঘ্র দ্রব্য লাভ |
| মন্দাক্ষ | ৫ | ৯ | ১৩ | ১৭ | ২১ | ২৪ | ১ | যত্ন দ্বারা দ্রব্য লাভ |
| মধ্যলোচন | ৬ | ১০ | ১৪ | ১৮ | ০ | ২৫ | ২ | নষ্ট দ্রব্যের দূরে সন্ধান কিন্তু অপ্রাপ্তি |
| সুলোচন | ৭ | ১১ | ১৫ | ১৯ | ২২ | ২৬ | ৩ | সন্ধানও পাওয়া যাইবেনা। |

## বৃহদাদি নক্ষত্রাণি তৎ ফলানি চ

শক্রাগ্নিধ্রুবভাদিতৌ বৃহতি ভে বাণাঙ্কয়ঃ স্যুঃ ক্ষণা-
বাণেলাশ্চ জঘন্যভেঽহি শমনার্দ্রাবাত পাশীন্দ্রকে।
শেষাণ্যেব সমানি খাগ্নিসমিতাশ্চন্দ্রোদয়েঽর্ক ক্রমে
ধান্যার্ঘঃ সমভে সমো বৃহতি ভেঽল্পো ভে জঘন্যেঽধিকঃ॥ শা, বি

বিশাখা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, পুনর্বসু, রোহিণী এই ছয় নক্ষত্র (সূক্ষ্মনক্ষত্রানয়নে অধ্যর্দ্ধভোগ) ৪৫ মুহূর্ত্ত ভোগ, ইহারা বৃহন্নক্ষত্র নামে, অশ্লেষা, ভরণী, আর্দ্রা, স্বাতী, শতভিষা, জ্যেষ্ঠা এই ছয় নক্ষত্র (অর্দ্ধভোগ)

১৫ মুহূর্ত্তভোগ, ইহারা জঘন্যভ নামে, শেষ ১৫ নক্ষত্র ( চন্দ্রের মধ্যগতি ৭৯০ কলাতুল্যসমভোগ ) ৩০ মুহূর্ত্তভোগ, ইহারা সমভ নামে খ্যাত। সমভে ধান্য-মূল্য যথাস্থিত, বৃহদ্‌ভে অল্প, জঘন্যভে ধান্যমূল্য বৃদ্ধিপ্রাপ্ত হয়। শুক্ল দ্বিতীয়ায় চন্দ্রোদয় সময়ে ও সূর্য্য সংক্রমণ কালে ইহাদ্বারা ধান্য মূল্য জ্ঞান হয়।

## বৃহদাদিনক্ষত্রানয়নম্

পীযূষরশ্মেঃ স্ফুটলিপ্তিকায়া-
স্ত্র্যংশোন-ভাপ্তা হি মুহূর্ত্তকাঃ স্যুঃ।
দাস্রাদিভোগানপহায় তেভ্য-
শ্চন্দ্রোদয়েঽর্কক্রমণে চ ভং স্যাৎ ।। ই, ব

সূর্য্য সংক্রমণে বা শুক্ল দ্বিতীয়ায় প্রথম চন্দ্রোদয়কালে স্ফুট চন্দ্রের রাশ্যংশকলা-দিকে কলা করিয়া ২৬ কলা ৪০ বিকলা (২৬⅔ কলা) দ্বারা ভাগ করিলে অতীত মুহূর্ত্ত জানা যায়। ইহা হইতে অসমান অশ্বিন্যাদি মুহূর্ত্তের পরিমাণ ক্রমশঃ বিয়োগ করিয়া সূর্য্য সংক্রমণ বা বিধূদয় কালের নক্ষত্র জানিবে।

## দিনরাত্র্যোঃ পঞ্চদশশোমুহূর্ত্ত নক্ষত্রাণি।

আর্দ্রাশ্লেষানুরাধা পিতৃ বসুজল বিশ্বাভিজিৎ পদ্মজাতা-
দেবেশোঽথো বিশাখাস্রপজলপতয়শ্চার্য্যমা যোনিরহ্নি।
রুদ্রোঽহ্যৌ চাজপাদাদদিতিগুরুহরীনক্ষ´ চিত্রানিলাঃ স্যু-
রাত্রৌ তিথ্যংশনাথা ভবিহিত মখিলং তন্মুহূর্ত্তেষু শস্তম্ ।। স্র, ধ

দিনমানের বা রাত্রিমানের ১৫ ভাগের প্রতি ভাগ মুহূর্ত্ত নামে অভিহিত। আর্দ্রা, অশ্লেষা, অনুরাধা, মঘা, ধনিষ্ঠা, পূর্বাষাঢ়া, উত্তরাষাঢ়া, অভিজিৎ, রোহিণী, জ্যেষ্ঠা, বিশাখা, মূলা, শতভিষা, উত্তরফল্গুনী পূর্বফল্গুনী এই পঞ্চদশ নক্ষত্র দিবসে যথাক্রমে পঞ্চদশ মুহূর্ত্তের অধিপতি।

আর্দ্রা, পূর্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ, রেবতী, অশ্বিনী, ভরণী, কৃত্তিকা, রোহিণী, মৃগশিরা, পুনর্বসু, পুষ্যা, শ্রবণা, হস্তা, চিত্রা, স্বাতী, এই পঞ্চদশ নক্ষত্র রাত্রিতে যথাক্রমে পঞ্চদশ মুহূর্ত্তের অধিপতি। কার্য্যে বিহিত নক্ষত্রের অভাবে তৎ তৎ কার্য্য বিহিত নক্ষত্রের মুহূর্ত্তে তৎ তৎ কার্য্য প্রশস্ত।

## নক্ষত্রতোগণ কথনম্

দস্রেৌ হস্তহরীন্দুমিত্রপবনাঃ পূষাদিতীজ্যাঃ সুরা-
ভাদ্রাষাঢ়কফল্গুনীদ্বয়যমা ব্রহ্মা শিবো মানুষাঃ।
রক্ষাংস্যগ্নিমঘাস্রপাদ্বিপ-বসুদ্বীশেন্দ্র-চিত্রোরগাঃ
স্বর্ক্ষেভ্যঃ প্রকৃতিং ব্রজন্তি মনুজাঃ স্বাং স্বাং সুরাদ্যৈর্গণৈঃ ॥ শা, বি

অশ্বিনী, হস্তা, শ্রবণা, মৃগশিরা, অনুরাধা, স্বাতী, রেবতী, পুনর্বসু, পুষ্যা, এই নয়টি নক্ষত্রে জন্মিলে দেবগণ; পূর্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ, পূর্বাষাঢ়া, উত্তরাষাঢ়া, পূর্বফল্গুনী, উত্তরফল্গুনী, ভরণী, রোহিণী, আর্দ্রা, এই নয়টিতে নরগণ; কৃত্তিকা, মঘা, মূলা, শতভিষা, ধনিষ্ঠা, বিশাখা, জ্যেষ্ঠা, চিত্রা, অশ্লেষা এই নয় নক্ষত্রে রাক্ষসগণ।

নক্ষত্রানুসারে দেবাদি যে গণে জন্ম হয় মনুষ্যেরা সেইরূপ নিজ নিজ স্বভাব প্রাপ্ত হয়।

## নক্ষত্রাণাং সংখ্যাকৃতি কথনম্

দৃশ্যোঽশ্বী ত্রিকতারকো হয়মুখস্ত্র্যক্ষ স্ত্রিকোণো যমঃ
ষট্তারো জ্বলনোঽগ্নিবৎ শকটবৎ পঞ্চর্ক্ষকো রোহিণী।
সোমো ভত্রিক ওতুপাদসদৃশো দীপ্তো হরশ্চৈকভঃ
পঞ্চর্ক্ষং ধনুরাকৃতি ত্বদিতিভং শুভ্রো গুরু স্ত্বেকভঃ ॥
নাগো বাণভকঃ শ্বপুচ্ছ ইষুভং পৈত্রং যথালাঙ্গলং
দ্ব্যক্ষো মঞ্চসমো ভগো দ্বিভযুতঃ শয্যেব দৃশ্যোঽর্যমা।
হস্তঃ পঞ্চভকোঽথ হস্তসদৃশ স্ত্বষ্ট্যেকমুক্তোজ্জ্বলো-
বাতঃ কুঙ্কুমবর্ণ এক ইষুভো দ্বীশো যথা তোরণম্ ॥
সপ্তর্ক্ষং হ্যনুরাধভং ভুজগবচ্চৈন্দ্রং ত্রিভং কোলদ-
ন্মূলং শঙ্খতনু গ্রহর্ক্ষমথ বার্ভং সূর্পবদ্ বেদভম্।
বৈশ্বর্ক্ষং ভচতুষ্টয়ং পুনরসৌ সূর্পাকৃতি প্রেক্ষ্যতে
বিষ্ণু র্বাণ ইব ত্রিতার ইষুভোঽর্থো বৈ মৃদঙ্গোপমঃ ॥
পাশী মণ্ডলতারকাশতযুতোঽজাঙ্ঘি র্দ্বিভো মঞ্চবদ্
দৃশ্যং তূত্তরভাদ্রভং দ্বিভমথো শীর্ষদ্বয়ং বৈ যথা।
পূষাথো ঝষসন্নিভোঽল্পরুচিকো দ্বাত্রিংশদৃক্ষৈর্যুত-
ঔজ্জ্বল্যোঽধিকতাল্পকত্ব মিহ বৈ কেষাং চিদেষাং সদা ॥ শা, বি

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | অশ্বিনী | ৩ | অশ্বমুখ | ৮ | পুষ্যা | ১ | শুভ্র | ১৫ | স্বাতী | ১ | কুঙ্কুমবর্ণ | ২২ | শ্রবণা | ৩ | বাণ |
| ২ | ভরণী | ৩ | ত্রিকোণ | ৯ | অশ্লেষা | ৫ | কুকুরপুচ্ছ | ১৬ | বিশাখা | ৫ | তোরণ | ২৩ | ধনিষ্ঠা | ৫ | মৃদঙ্গ |
| ৩ | কৃত্তিকা | ৬ | অগ্নিশিখা | ১০ | মঘা | ৫ | লাঙ্গল | ১৭ | অনুরাধা | ৭ | সর্প | ২৪ | শতভিষা | ১০০ | গোলাকার |
| ৪ | রোহিণী | ৫ | শকট | ১১ | পূর্বফল্গুনী | ২ | মঞ্চ | ১৮ | জ্যেষ্ঠা | ৩ | শূকরদন্ত | ২৫ | পূর্বভাদ্রপদ | ২ | মঞ্চ |
| ৫ | মৃগশিরা | ৩ | বিড়ালপাদ | ১২ | উত্তরফল্গুনী | ২ | শয্যা | ১৯ | মূলা | ৯ | শঙ্খ | ২৬ | উত্তরভাদ্রপদ | ২ | দ্বিমস্তক |
| ৬ | আর্দ্রা | ১ | উজ্জ্বল | ১৩ | হস্তা | ৫ | হস্ত | ২০ | পূর্বাষাঢ়া | ৪ | সূর্প | ২৭ | রেবতী | ৩২ | মৎস্য |
| ৭ | পুনর্বসু | ৫ | ধনুবৎ | ১৪ | চিত্রা | ১ | মুক্তারত্নায় | ২১ | উত্তরাষাঢ়া | ৪ | সূর্প | | | | |

## ষন্নাড়ীনক্ষত্রাণি

জন্মর্ক্ষমাদ্যা কিল জন্মনাড়ী কর্মাখ্যনাড়ী দশমং ততশ্চ।
সাংঘাতিকী ষোড়শভং তৃতীয়া চাষ্টাদশর্ক্ষং সমুদায়সংজ্ঞা। ই, ব
ত্রয়োদশাত্রৈব বিনাশসংজ্ঞা স্যাৎ পঞ্চবিংশং কিল মানসাখ্যা।
নাড্যাখ্যকে ভে খলখেট যুক্তে স্বাস্থ্যার্থ মিত্রাস্পদ নাশমাহুঃ ॥ উ,জা

জন্ম নক্ষত্রের নাম জন্মনাড়ী, জন্মনক্ষত্র হইতে দশম নক্ষত্র কর্মনাড়ী, ষোড়শ নক্ষত্র সাংঘাতিকী নাড়ী, অষ্টাদশ নক্ষত্র সমুদায় নাড়ী, ত্রয়োবিংশ নক্ষত্র বিনাশনাড়ী, পঞ্চবিংশ নক্ষত্র মানসনাড়ী নামে অভিহিত। ইহাদের কোনও নাড়ীনক্ষত্রে পাপগ্রহের অবস্থানে স্বাস্থ্য, অর্থ, বন্ধু ও পদ গৌরবের নাশ হয়।

## নবতারাঃ

জন্ম সম্পদ্ বিপৎ ক্ষেমঃ প্রত্যরিঃ সাধকো বধঃ।
মিত্রং তথাতিমিত্রং চ ত্রিরাবৃত্ত্যা নব স্মৃতাঃ ॥

২৭ নক্ষত্র তিনবার আবৃত্তি ক্রমে জন্ম, সম্পৎ, বিপৎ, ক্ষেম, প্রত্যরি, সাধক, বধ, মিত্র, অতিমিত্র তারা নামে খ্যাত।

## রাশি স্বরূপাণি

মেষো বৃষো নৃমিথুনং সগদং সবীণং
কর্কি হরিস্তরিগতানলশস্যযুক্ স্ত্রী।
তৌলী চ বৃশ্চিকতনু র্হয়জঙ্ঘচাপী
চৈনাননো ঘটধরো বিপরীতমৎস্যৌ ॥ ব, তি

মেষের আকৃতি মেষের ন্যায়, বৃষের বৃষের ন্যায়, মিথুনে গদাধারী একটি পুরুষ ও বীণাপাণি একটি স্ত্রী, কর্কটের কাঁকড়ার ন্যায়, সিংহের সিংহের ন্যায়, কন্যায় নৌকারূঢ়া একটি নারীর একহস্তে অগ্নি, অপরহস্তে শস্য, তুলায় তুলাধারী পুরুষ, বৃশ্চিকের আকৃতি বৃশ্চিকের ন্যায়, ধনুর প্রথমার্দ্ধ ধনুর্ধারী পুরুষ, শেষার্দ্ধ ঘোটকেরন্যায় চতুশ্চরণবিশিষ্ট, মকরের পূর্বার্ধ মৃগমুখের ন্যায়, শেষার্দ্ধ মকরের ন্যায়, কুম্ভে ঘটধারী পুরুষ, মীনে পরস্পর বিপরীতদিকে মুখ পুচ্ছ বিশিষ্ট দুইটি মৎস্য।

## মেষাদীনাং বিশেষ সংজ্ঞাঃ

ক্রিয় স্তাবুরির্জিতুমঃ কুলীর লেয়ৌ পাথোনো জূকঃ।
কৌর্প তৌক্ষিকাকোকেরাশ্চ হৃদ্‌রোগোঽন্ত্যভং মেষাদৌ ॥ আর্যা

অভিধানাদিতে প্রাপ্ত পর্য্যায় শব্দ ব্যতীত মেষ রাশির বিশেষসংজ্ঞা ক্রিয়, বৃষের তাবুরি, মিথুনের জিতুম, কর্কটের কুলীর, সিংহের লেয়, কন্যার পাথোন, তুলার জূক, বৃশ্চিকের কৌর্প, ধনুর তৌক্ষিক, মকরের আকোকের, কুম্ভের হৃদ্‌রোগ, মীনের বিশেষ নামান্তর অন্ত্যভ।

## রাশীনাং ক্রূরাদি সংজ্ঞাঃ

ক্রূরোঽথ সৌম্যঃ পুরুষোঽঙ্গনাহ্বয়াপ্যোজোঽথ যুগ্মং বিষমঃ সমঃ পুনঃ।
চরঃ স্থিরো দ্ব্যাত্মক এব পুণ্যকঃ স পুষ্করাধান ইতি ক্রমাৎ স্মৃতাঃ ॥ উ, জা

মেষাদি দ্বাদশরাশি আবৃত্তিক্রমে ক্রূর ও সৌম্য, পুরুষ ও অঙ্গনা; ওজ ও যুগ্ম; বিষম ও সমনামে এবং চর, স্থির ও দ্ব্যাত্মক নামে, পুণ্য, পুষ্কর ও আধান নামে ক্রমশঃ অভিহিত হয়। মেষরাশি ক্রূর, পুরুষ, ওজ, বিষম, চর, পুণ্য নামে বৃষরাশি সৌম্য, স্ত্রী, যুগ্ম, সম, স্থির, পুষ্কর নামে অভিহিত। এইরূপে দ্বাদশ রাশির আবৃত্তি ক্রমে সংজ্ঞা জানিবে।

## রাশীনাং গ্রাম্যাদি সংজ্ঞাঃ।

চাপালিকন্যাতুলযুগ্মকুম্ভা গ্রাম্যাঃ সদা মেষবৃষৌ তু রাত্রৌ।
বন্যৌ মৃগাদ্যার্ধমৃগাধিনাথৌ শশ্বদ্ দিবা মেষ বৃষৌ তথোক্তৌ ॥ ই,ব

ধনু, বৃশ্চিক, কন্যা, তুলা, মিথুন, কুম্ভ ইহারা সর্বদা গ্রাম্যরাশি, মেষ ও বৃষ রাত্রিতে গ্রাম্যরাশি। মকরের প্রথমার্ধ ও সিংহ সর্বদা বন্যরাশি, দিবসে মেষ ও বৃষ বন্য রাশি।

## রাশীনাং বর্ণভেদাঃ

রক্তঃ সিতো হরিতপাটল-পাণ্ডুচিত্রাঃ কৃষ্ণঃ সুবর্ণনিভ-পিঙ্গল-কর্বুরাশ্চ।
বভ্রুঃ সিতেতর ইতি ক্রিয়তো হি বর্ণাঃ সাম্বৎসরৈর্নিগদিতা হৃতবস্তুবোধে॥
ব, তি।

মেষ রক্তবর্ণ, বৃষ শুক্ল, মিথুন হরিত, কর্কট শ্বেতরক্ত, সিংহ শুক্ল, কন্যা

চিত্রিত, তুলা কৃষ্ণ, বৃশ্চিক স্বর্ণবর্ণ, ধনু অগ্নিবর্ণ, মকর শুক্লকপিলমিশ্র, কুম্ভ কপিল, মীন কৃষ্ণবর্ণ। অপহৃত বস্তু জ্ঞানের জন্য কথিত হয়।

## পৃষ্ঠোদয়াদি সংজ্ঞাঃ

বৃষাশ্বজজ্ঘাবিকুলীর নক্রাঃ পৃষ্ঠোদয়া রাত্রিবলাঃ সযুগ্মাঃ।
শীর্ষোদয়া ঘস্রবলাশ্চ শেষা উভোদয়ো নিত্যবলী চ মীনঃ॥ উ, জা

বৃষ, ধনু, মেষ, কর্কট, মকর পৃষ্ঠোদয় রাশি। পৃষ্ঠোদয়রাশি ও মিথুন রাত্রিতে বলবান্। পৃষ্ঠোদয়ের অবশিষ্টরাশি শীর্ষোদয় এবং রাত্রিবলীর অবশিষ্ট রাশি দিনবলী কিন্তু মীনরাশি দিন রাত্রি সর্বদা বলবান্ ও পৃষ্ঠোদয়, শীর্ষোদয় উভয় নামে অভিহিত।

## রাশীনাং ক্ষত্রিয়াদি বর্ণাঃ

ক্ষত্রোঽথ বৈশ্যোঽবরজো মহাসুরঃ ক্রমাদবেদ্বাদশ রাশয়ঃ স্মৃতাঃ।
যা শ্রেষ্ঠবর্ণা বনিতা কদাচন বিবাহনীয়া নচ মঙ্গলেচ্ছুনা॥ উ'জা।

মেষাদি দ্বাদশ রাশি যথাক্রমে ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র, বিপ্রবর্ণ নামে আখ্যাত। বর্ণশ্রেষ্ঠা কন্যাকে বিবাহ করা উচিত নহে।

## স্বরোদয়োক্ত রাশি বর্ণাঃ।

কর্কালিমীনাঃ কথিতাশ্চ বিপ্রাঃ ক্ষত্রাস্তথা তৌলিধনুর্মৃগেন্দ্রাঃ।
যুগ্মাবিকুম্ভা গদিতা হি বৈশ্যাঃ শূদ্রাঃ স্মৃতা গোমকরাঙ্গনাশ্চ॥ ই'ব

স্বরোদয় মতে কর্কট, বৃশ্চিক, মীন বিপ্রবর্ণ; তুলা, ধনু, সিংহ, ক্ষত্রিয়; মিথুন, মেষ, কুম্ভ বৈশ্য; বৃষ, মকর, কন্যা শূদ্রবর্ণ নামে পরিচিত।

## দ্বিপদাদয়ো রাশয়ঃ।

চাপস্য পূর্বং তুলকুম্ভকন্যাস্তথা নৃযুগ্মং দ্বিপদাঃ প্রদিষ্টাঃ।
মৃগাদিমার্ধং ধনুরন্তিমার্ধং বৃষাজসিংহাশ্চ চতুষ্পদাখ্যাঃ॥
নক্রান্তিমার্ধং ঝষকর্কটৌ চ ফলাগমজ্ঞৈর্জলজা নিরুক্তাঃ।
সরীসৃপো বৃশ্চিকরাশিরুক্তো বশ্যত্বমেভিঃ পরিচিন্তনীয়ম্॥ উ, জা

ধনুর পূর্বার্ধ, তুলা; কুম্ভ, কন্যা, মিথুন দ্বিপদ রাশি; মকরের প্রথমার্ধ, ধনুর

বৃশ্চিক সরীসৃপরাশি। দ্বিপদাদিসংজ্ঞাদ্বারা বরকন্যার বশ্যতার বিচার করিবে।

## রাশীনাং দিগধিপতিত্বম্

প্রাগ্ দক্ষিণপ্রত্যগুদীচ্যনাথা আবৃত্তিতস্ত্রিঃ ক্রমশঃ ক্রিয়াদ্যাঃ।
নষ্টাদিবস্তু-প্রসবালয়াদি-শীর্ষপ্রবিজ্ঞানমিতো বিচার্য্যম্॥ ই'ব

মেষাদি দ্বাদশরাশি যথাক্রমে পূর্ব, দক্ষিণ, পশ্চিম, উত্তর দিকের অধিপতি। অপহৃত বস্তুর দিগ্‌জ্ঞান, প্রসবগৃহের কোনদিকে প্রসব, কোন দিকে মস্তক পড়িবে ইত্যাদি এই সকল রাশিস্থ লগ্নদ্বারা অবগত হওয়া যায়।

## রাশিভিঃ কালপুরুষস্যাঙ্গ বিভাগঃ।

অঙ্গানি কালস্য শিরো মুখং ভুজৌ হৃৎক্রোড়কশ্রোণি চ বস্তিগুহ্যকম্।
ঊরুদ্বয়ং জানুযুগং ততোঽস্য বৈ জঙ্ঘাদ্বয়ং পাদযুগং ক্রিয়াদয়ঃ॥ ই'বং

মেষাদি দ্বাদশ রাশি যথাক্রমে কাল পুরুষের শীর্ষ, মুখ, বাহুদ্বয়, হৃদয়, উদর, কটি, বস্তি, গুহ্য, ঊরুদ্বয়, জানুদ্বয়, জঙ্ঘাদ্বয়, পাদদ্বয় নামে অভিহিত। লগ্ন হইতে এইরূপে দ্বাদশভাব জাতকের দ্বাদশাঙ্গ।

## গ্রহাঃ

সূর্য্যো হিমাংশু র্ধরণীসুতশ্চ বুধঃ সুরেজ্যো ভৃগুজোঽথ মন্দঃ।
রাহুশ্চ কেতুর্নব খেটসংজ্ঞা ইন্দ্রঃ প্রচেতা অপি নব্যসিদ্ধৌ॥ উ'জা

সূর্য্য, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু, কেতু এই নয়টি নবগ্রহ নামে প্রসিদ্ধ। অধুনা ইন্দ্র ( হর্শেল ) বরুণ ( নেপ্‌চুন ) এই দুইটিও গ্রহ নামে পরিচিত হইয়াছে।

## গ্রহাণাং বিশেষ সংজ্ঞাঃ।

হেলিঃ সূর্যাঃ শীতরশ্মিঃ শশাঙ্ক আরো বক্রঃ ক্রূরদৃক্ ভূমিপুত্রঃ।
হেম্না বিজ্ঞো বোধনশ্চন্দ্রসূনুরাচার্য্যো বাগীশ ইজ্যো গুরুশ্চ॥
শ্বেতঃ কাব্যশ্চোশনা চাস্ফুজিচ্চ কালঃ পঙ্গুশ্চার্কিমন্দৌ শনিশ্চ।
রাহুর্ধ্বান্তং সৈংহিকেয়স্তমোঽগুঃ কেতুৎপাতৌ সধ্বজো বা শিখী চ॥ শা'

হেলি ও সূর্য্য বোধক শব্দে সূর্য্যকে বুঝায়। শীতরশ্মি, শশাঙ্ক প্রভৃতি ন্দ্র বোধক শব্দে চন্দ্রকে; আর, বক্র, ক্রূরদৃক্, ভূমিপুত্রাদি শব্দে মঙ্গলকে; ম্যা, বিদ্, জ্ঞ, বোধন, চন্দ্রপুত্র প্রভৃতি শব্দে বুধকে; আচার্য্য, বাগীশ, ইজ্য, রু প্রভৃতি শব্দে বৃহস্পতিকে; শ্বেত, কাব্য, উশনা, আস্ফুজিৎ, প্রভৃতি শব্দে ক্রকে; কাল, পঙ্গু, আর্কি, মন্দ, শনি প্রভৃতি শব্দে শনিকে; রাহু, ধ্বান্ত, সংহিকেয়, তমঃ, অগু প্রভৃতি শব্দে রাহুকে; কেতু, উৎপাত, ধ্বজ, শিখী ভৃতি শব্দে কেতুকে বুঝায়।

## শুভাশুভ গ্রহাঃ।

ঘর্দ্ধোনচন্দ্রাগু-শিখীন-ভৌম-সূর্য্যাত্মজাঃ পাপখগা নিরুক্তাঃ।
াপেন যুক্তো বিধুজোঽপি পাপঃ শেষাঃশুভা ব্যোমচরাঃ প্রদিষ্টাঃ॥ ই'ব

কৃষ্ণাষ্টমীর শেষার্দ্ধ হইতে শুক্লাষ্টমীর প্রথমার্দ্ধ পর্য্যন্ত অর্দ্ধোনচন্দ্র। ার্দ্ধোনচন্দ্র, রাহু, কেতু, সূর্য্য, মঙ্গল, শনি ইহারা পাপগ্রহ। পাপযুক্ত বুধ ও াপগ্রহ। অবশিষ্ট গ্রহগণ শুভগ্রহ নামে অভিহিত।

## আত্মাদি কারকত্বম্

আত্মা তিগ্মকরো মনো হিমকরঃ শৌর্য্যে দৃঢ়ত্বে কুজো-
বুদ্ধৌ বাচি বুধো বিবেকসুখয়োর্জ্ঞানে তথেজ্যঃ পতিঃ।
উৎসাহে মদনে সিতো রবিসুতো দুঃখে চলত্বে ভয়ে
চৈষামেব বলাবলৈঃ খলু নৃণামাত্মাদিবীর্য্যাদিকম্॥ শা'বি

সূর্য্য আত্মার অধিপতি; চন্দ্র মনের; মঙ্গল শৌর্য্য ও দৃঢ়তার; বুধ বুদ্ধি ও াক্যের; বৃহস্পতি বিবেক, সুখ ও জ্ঞানের; শুক্র উৎসাহ ও কামের; শনি ঃখ, চঞ্চলতা ও ভয়ের অধিপতি। গ্রহের বলাবল দ্বারা আত্মাদির বলাবল ানিবে।

## জাত্যধিপত্ব-বেদাধিপত্বয়োঃ কথনম্

বিপ্রাণামধিপৌ সুরাসুরগুরূ ভাস্বৎকুজৌ ক্ষত্রিয়ে
বৈশ্যানাং হিমগুস্তথা চরণজে সৌম্যোঽন্ত্যজে মন্দগঃ।
জীবঃ স্যাদৃচি ভার্গবো যজুষি চাধীশঃ কুজঃ সামনি
সৌম্যোঽথর্ববণি নায়কো নিগদিতো মৌহূর্ত্তিকৈঃ প্রাক্তনৈঃ॥ শা, বি

বৃহস্পতি ও শুক্র ব্রাহ্মণ জাতির, রবি ও মঙ্গল ক্ষত্রিয়ের, চন্দ্র বৈশ্যের, বুধ শূদ্রের, শনি অন্ত্যজ জাতির অধিপতি।

বৃহস্পতি ঋগ্‌বেদের, শুক্র যজুর্বেদের, মঙ্গল সাম বেদের, বুধ অথর্ব বেদের অধিপতি।

## তির্যঙ্‌মুখাদি সংজ্ঞাঃ

তির্য্যগ্‌ দৃষ্টী জ্ঞশুক্রৌ রবি-ধরণীসুতৌ চোধ্বর্দৃষ্টী সমান-
দৃষ্টী চৈতৌ সুরেজ্যামৃতময়কিরণৌ নীচদৃক্‌ চাগুরার্কিঃ।
বৃদ্ধাঃ সূর্য্যেজ্যমন্দা বিধুজ ইতি শিশু ভূমিজাতো যুবাখ্যঃ
প্রৌঢ়ৌ জ্ঞেয়ৌ দিতীজ্যঃ কুমুদপতিরপি জ্যোতিষজ্ঞৈর্মুনীন্দ্রৈঃ ॥ স্র'ধ

বুধ ও শুক্র বক্রদৃষ্টি, রবি ও মঙ্গল উধ্বর্দৃষ্টি, বৃহস্পতি ও চন্দ্র সমদৃষ্টি, শনি ও রাহু অধোদৃষ্টি নামে কথিত।

সূর্য্য, বৃহস্পতি ও শনি বৃদ্ধ; বুধ বালক; মঙ্গল যুবা; চন্দ্র ও শুক্র প্রৌঢ় গ্রহ নামে অভিহিত।

## গ্রহাণাং বর্ণাঃ

রক্তশ্যামো দিনেশোঽমৃতময়কিরণো গৌরদেহোঽথ ভৌমো-
নাত্যুচ্চো রক্তগৌরঃ শশধরতনয়ো দৃশ্যতে শ্যামগাত্রঃ।
দেবাচার্য্যোঽপি গৌরো দনুজকুলগুরুঃ শ্যামবর্ণাঙ্গকান্তিঃ
কৃষ্ণাঙ্গো মন্দগামী দিতিসুতশিখিনৌ বর্ণিতৌ কৃষ্ণবর্ণৌ ॥ স্র'ধ

সূর্য্য রক্ত শ্যামবর্ণ, চন্দ্র গৌর, মঙ্গল নাত্যুচ্চ ও রক্ত গৌর, বুধ শ্যাম, বৃহস্পতি গৌর, শুক্র শ্যাম, শনি, রাহু ও কেতু কৃষ্ণবর্ণ।

## গ্রাম্য বন্যাদি সংজ্ঞাঃ

গ্রাম্যৌ স্মৃতৌ বোধনদেবপূজ্যা বম্ভশ্চরৌ শীতগুভার্গবৌ চ।
বন্যাস্তথা সূর্য্যকুজাগু মন্দোৎপাতা নিরুক্তা মুনিভিঃ ফলজ্ঞৈঃ ॥ ই'ব

বুধ ও বৃহস্পতি গ্রামচর, চন্দ্র ও শুক্র জলচর, সূর্য্য, মঙ্গল; রাহু, শনি ও কেতু বনচর নামে অভিহিত।

## গ্রহাণাং দ্বিপদাদি সংজ্ঞাঃ।

সুরাসুরেজ্যৌ দ্বিপদৌ প্রদিষ্টৌ চতুষ্পদৌ ভূমিজভাস্করৌ চ।
সরীসৃপৌ শীতগু-সৈং হিকেয়ৌ তথা শনিজ্ঞৌ বিহগৌ নিরুক্তৌ ॥ উ'ব

বৃহস্পতি ও শুক্র দ্বিপদ, রবি ও মঙ্গল চতুষ্পদ, চন্দ্র ও রাহু সরীসৃপ, শনি ও বুধ পক্ষিজাতির অধিপতি।

## ধাতু-গুণাধিপত্বয়োঃ কথনম্

পিত্তে কুজার্কৌচ কফে কবীন্দূ সাম্যে জ্ঞজীবৌ পবনেহগুমন্দৌ।
সূর্যেন্দুজীবা জ্ঞসিতৌ কুজার্কী জ্ঞেয়াঃ ক্রমাৎ সত্ত্ব-রজস্তমাংসি ॥ ই'ব

রবি ও মঙ্গল পিত্তের, শুক্র ও চন্দ্র শ্লেষ্মার, বুধ ও বৃহস্পতি ধাতুত্রয়ের সাম্যাবস্থার, রাহু ও শনি বায়ুর অধিপতি।

সূর্য্য, চন্দ্র, বৃহস্পতি সত্ত্বগুণের, বুধ ও শুক্র রজোগুণের, মঙ্গল ও শনি তমোগুণের অধিপতি।

## পুংস্ত্র্যাদিক-তত্ত্বয়ো রধিপতিত্বম্

সূর্য্যারজীবাঃ পুরুষা ভৃগূডুপৌ নার্য্যৌ শনিজ্ঞৌ চ নপুংসকাধিপৌ।
তেজোঽবনিব্যোমজলানিলেশ্বরা ভৌমাদয়ঃ পঞ্চ খগাঃ ক্রমাৎ স্মৃতাঃ ॥ ই'বং

রবি, মঙ্গল, বৃহস্পতি পুরুষ জাতির, শুক্র, চন্দ্র স্ত্রীজাতির, শনি, বুধ নপুংসক জাতির অধিপতি।

মঙ্গল তেজের, বুধ ভূমির, বৃহস্পতি আকাশের, শুক্র জলের, শনি বায়ু তত্ত্বের অধিপতি।

## রসাধিপত্বম্

কটুর্লবণতিক্তৌ চ মিশ্র মধ্বম্লকা রসাঃ।
কষায়োঽপি মুখেঽর্কাদ্যে জাতকস্য প্রিয়োভবেৎ ॥

রবি কটু রসের, চন্দ্র লবণের, মঙ্গল তিক্তের, বুধ মিশ্ররসের, বৃহস্পতি মধুর, শুক্র অম্লের, শনি কষায় রসের অধীশ্বর।

লগ্ন হইতে দ্বিতীয় স্থান মুখ। মুখে অবস্থিত গ্রহের নির্দিষ্ট রসে জাতকের

প্রীতি জন্মে। অধিক গ্রহ থাকিলে বলিষ্ঠ গ্রহের, গ্রহ না থাকিলে অধিপতির বা মুখে পূর্ণ দর্শীগ্রহের রসে প্রীতি জন্মে।

### নৃপত্বাদিকং ক্ষেত্রাণি চ

অর্কেন্দূ নৃপতী বুধো নৃপসুতঃ শুক্রো হ্যমাত্যঃ স্মৃতো-
ভৌমঃ সৈনিকনায়কঃ সুরগুরু রাজ্ঞঃ পুরোধা বরঃ।
মন্দঃ প্রেষ্যতমো রবেশ্চ হিমগোরেকৈকগেহং ভবে-
দন্যেষাং ক্রমতো গৃহদ্বয় মিদং চোর্দ্ধোর্দ্ধগং পার্শ্বয়োঃ॥ শা, বি

রবি ও চন্দ্র রাজা (প্রশ্নোপনিষদে রবি রাজা চন্দ্র রাণী) বুধ রাজপুত্র, শুক্র মন্ত্রী, মঙ্গল সেনাপতি, বৃহস্পতি পুরোহিত, শনি ভৃত্যরূপে বর্ণিত।

রবি ও চন্দ্রের এক একটি ক্ষেত্র। ক্রমশঃ উর্দ্ধোর্দ্ধভাবে অবস্থিত বুধাদির উভয় পার্শ্বে দুইটি করিয়া রাশি তাহাদের ক্ষেত্র। রাজা রবির গৃহ সিংহ, তাহার পার্শ্বে রাণী বা রাজা চন্দ্রের গৃহ কর্কট। রবি ও চন্দ্রের উভয় পার্শে মিথুন ও কন্যা রাজপুত্র বুধের ক্ষেত্র। বুধের উর্দ্ধে উভয়পার্শ্বে বৃষ ও তুল মন্ত্রী শুক্রের ক্ষেত্র। শুক্রের উর্দ্ধে পার্শ্বদ্বয়ে মেষ ও বৃশ্চিক সেনাপতি মঙ্গলের গৃহ। তদূর্দ্ধে পার্শ্বদ্বয়ে মীন, ধনু পুরোহিত বৃহস্পতির গৃহ। বৃহস্পতি উর্দ্ধে উভয় পার্শ্বে মকর ও কুম্ভ রাজভৃত্য শনির ক্ষেত্র নামে বর্ণিত।

### রাশিপতিক্রম

ভৌমঃ কবিজ্ঞৌ হিমগুর্দিনেশো বুধো ভৃগুর্ভূমিসুতঃ সুরেজ্যঃ।
শনৈশ্চরো মন্দগতিস্তথেজ্যো মেষাদিকানামধিপাঃ ক্রমাৎ স্যুঃ॥ উ,ং

মেষের অধিপতি মঙ্গল, বৃষের শুক্র, মিথুনের বুধ, কর্কটের চন্দ্র, সিংহের রবি কন্যার বুধ, তুলার শুক্র, বৃশ্চিকের মঙ্গল, ধনুর বৃহস্পতি, মকরের শনি, কুম্ভে শনি, মীনের অধিপতি বৃহস্পতি।

### গ্রহাণামুচ্চ নীচ রাশয়ঃ।

মেষো বৃষো মৃগমুখো যুবতী কুলীরো-
মীনস্তুলাধর ইনাৎ ক্রমতো হি তুঙ্গাঃ।
উচ্চাৎ তু সপ্তমগৃহং গদিতোঽপি নীচো-
নীচে খগো নশুভদঃ শুভদো নিজোচ্চে॥ ব, তি

সূর্য্যের মেষ, চন্দ্রের বৃষ, মঙ্গলের মকর, বুধের কন্যা, বৃহস্পতির কর্কট, শুক্রের মীন, শনির তুলা উচ্চ রাশি। ইহাদের সপ্তমে রবির তুলা, চন্দ্রের বৃশ্চিক, মঙ্গলের কর্কট, বুধের মীন, বৃহস্পতির মকর, শুক্রের কন্যা, শনির মেষ নীচ রাশি। নীচস্থ গ্রহ অশুভদায়ক ; উচ্চস্থ গ্রহ শুভকর।

## গ্রহাণাং সূচ্চ-সুনীচাংশাঃ

সূচ্চং রবে র্মেষ গৃহে দশাংশে বৃষে তথা শীতরুচে স্তৃতীয়ে।
ভৌমস্য নক্রে বসুলোচনাংশে তিথ্যংশকে জ্ঞস্য কুমারিকায়াম্॥
সূচ্চং গুরোঃ কর্কট পঞ্চমাংশে ভাংশে তথা দৈত্যগুরো র্ঝষে স্যাৎ।
শনেস্তুলাবিংশতিমে সুনীচং তৎসপ্তমক্ষেত্রলবেষু তেষু॥ উ, জা

মেষের দশমাংশে রবির, বৃষের তৃতীয়াংশে চন্দ্রের, মকরে ২৮ অংশে মঙ্গলের, কন্যায় ১৫ অংশে বুধের, কর্কটের ৫ অংশে বৃহস্পতির, মীনে ২৭ অংশে শুক্রের, তুলায় ২০ অংশে শনির সূচ্চস্থান। উচ্চরাশির সপ্তমে নীচরাশি। নীচরাশির এই সকল অংশ যথাক্রমে সূর্য্যাদির সুনীচাংশ।

## মূলত্রিকোণ রাশয়ঃ।

পঞ্চাননোঽথ বৃষভোঽজকুমারিকে চ
চাপস্তুলা ঘট ইতি ক্রমশোঽপি সূর্য্যাৎ।
মূলত্রিকোণ উদিতো মুনিভিঃ ফলজ্ঞৈ-
র্মূলত্রিকোণগখগঃ শুভদো নিরুক্তঃ॥ ব, তি

সূর্য্যের সিংহ, চন্দ্রের বৃষ, মঙ্গলের মেষ, বুধের কন্যা, বৃহস্পতির ধনু, শুক্রের তুলা, শনির কুম্ভরাশি মূলত্রিকোণ। মূলত্রিকোণস্থ গ্রহ শুভদায়ক।

## মূলত্রিকোণাংশাঃ

সিংহে-ঽর্কস্য নখাস্তথা হিমরুচেঃ সূচ্চাদ্ বৃষে ভাংশকা-
ভূসূনো রবিমাস্ত্বজে যুবতিভে সূচ্চাদ্ বিদো দিগ্‌লবাঃ।
চাপেঽংশাঃ ককুভো গুরোরুশনস স্তিথ্যংশকাস্তৌলিনি
মন্দস্যাপি ঘটে নখাঃ প্রথমতো মূলত্রিকোণাংশকাঃ॥ শা, বি

সিংহের প্রথম ২০ অংশ রবির মূলত্রিকোণ, শেষ ১০ অংশ রবির ক্ষেত্র। বৃষের প্রথম ৩ অংশ চন্দ্রের সূচ্চ শেষ ২৭ অংশ মূলত্রিকোণ। মেষে প্রথম

১২ অংশ মঙ্গলের মূলত্রিকোণ, শেষ ১৮ অংশ মঙ্গলের ক্ষেত্র। কন্যার প্রথম ১৫ অংশ বুধের স্বচ্চ, তৎপরে ১০ অংশ মূলত্রিকোণ শেষ, ৫ অংশ বুধের ক্ষেত্র। ধনুর প্রথম ১০ অংশ বৃহস্পতির মূলত্রিকোণ, শেষ ২০ অংশ বৃহস্পতির ক্ষেত্র। তুলার প্রথম ১৫ অংশ শুক্রের মূলত্রিকোণ শেষ ১৫ অংশ শুক্রের ক্ষেত্র। কুম্ভের প্রথম ২০ অংশ শনির মূলত্রিকোণ, শেষ ১০ অংশ শনির ক্ষেত্র

## রাহোরুচ্চাদি কথনম্।

সূচ্চং নৃযুগ্মে তমস পরস্তাদ্ বিংশাংশকাস্তস্য গৃহং কুমারী।
কুম্ভস্ত্রিকোণঃ সুহৃদৌ সিতার্কী সূর্য্যেন্দুভৌমা রিপবো ভবন্তি॥ ই, ব

রাহুর মিথুন উচ্চরাশি। বক্রগতি জন্য মিথুনের শেষ ২০ অংশ স্বচ্চ। কন্যা গৃহ, কুম্ভ মূলত্রিকোণ, শুক্র ও শনি মিত্র; সূর্য্য, চন্দ্র ও মঙ্গল রাহুর শত্রু।

## কেতোরুচ্চাদিকম্

স্যাৎ কার্ম্মুকে কেতুখগস্য শেষাঃ ষড় সূচ্চসংজ্ঞা মৃগরাট্ ত্রিকোণম্।
মিত্রাণি সূর্য্যেন্দুকুজা রিপূচ মন্দঃ সিতো দ্বৌ ভবনং চ মানঃ॥ ইব

কেতুর ধনু উচ্চরাশি। বক্র গতি জন্য ধনুর শেষ ৬ অংশ স্বচ্চ। সিংহ মূলত্রিকোণ, রবি, চন্দ্র ও মঙ্গল মিত্র, শনি ও শুক্র শত্রু, মীন কেতুর গৃহ।

## স্বাভাবিক মিত্রাণি।

মিত্রাণ্যর্কস্য চন্দ্রক্ষিতিসুতগুরবঃ শীতলাংশো রিনজ্ঞৌ
ভৌমস্যাস্যেন্দুজীবা হিমকরতনয়স্যার্ক শুক্রৌ হি মিত্রে।
জীবস্যেন্দ্বর্কভৌমা দিতিতনয় গুরোর্ম্মন্দচন্দ্রাত্মজৌ তু
মন্দস্যাপ্তৌ সিতজ্ঞৌ গ্রহসখিনিচয়ো বর্ণ্যতেঽয়ং প্রকৃত্যা॥ স্র, ধ

রবির স্বাভাবিক মিত্র চন্দ্র, মঙ্গল ও বৃহস্পতি; চন্দ্রের সূর্য্য ও বুধ; মঙ্গলের রবি, চন্দ্র ও বৃহস্পতি; বুধের রবি ও শুক্র; বৃহস্পতির রবি, চন্দ্র ও মঙ্গল; শুক্রের বুধ ও শনি; শনির স্বাভাবিক মিত্র বুধ ও শুক্র।

## স্বাভাবিক শত্রবঃ।

সূর্যস্য শত্রূ সিতসূর্যজৌ বিধোর্ন কোঽপি ভৌমস্য বুধো বিদো বিধুঃ।
গুরোর্জ্ঞশুক্রৌ চ কবে রিনোড়ুপৌ শনের্দ্বিষোঽর্কেন্দু ধরাসুতাস্তথা॥ উজ

সূর্য্যের স্বাভাবিক শত্রু শুক্র ও শনি; চন্দ্রের কেহ শত্রু নাই; মঙ্গলের বুধ

বুধের চন্দ্র ; বৃহস্পতির বুধ ও শুক্র ; শুক্রের রবি ও চন্দ্র ; শনির স্বাভাবিক শত্রু রবি, চন্দ্র ও মঙ্গল।

## স্বাভাবিক সমাঃ

রবেবুর্ধঃশুক্রশনীজ্যভূসুতা বিধোর্দিতীজ্যার্কসুতৌ তথাসৃজঃ।
জীবার্কিভৌমাস্তু বিদো গুরোঃ শনিঃ ভৃগোঃ কুজেজ্যৌ চ শনেঃ
সমোগুরুঃ॥ উ, জা

রবির সম বুধ ; চন্দ্রের শুক্র শনি, বৃহস্পতি ও মঙ্গল ; মঙ্গলের শুক্র ও শনি ; বুধের বৃহস্পতি, শনি ও মঙ্গল ; বৃহস্পতির শনি ; শুক্রের মঙ্গল ও বৃহস্পতি ; শনির স্বাভাবিক সম বৃহস্পতি।

## তাৎকালিক মিত্রাদিকম্।

ভ্রাত্রায়মিত্রাস্পদবিত্ত রিপ্ ফগা স্তৎকালমিত্রাণ্যপরেস্তু শত্রবঃ।
মৈত্রীদ্বয়াৎ স্যাদধিমিত্রসংজ্ঞক শৈচকেন মধ্যোঽধিরিপূ রিপুদ্বয়াৎ॥ ইবং
সমো রিপুত্বে রিপুরেব কালজে তৎকালমৈত্রে গদিতং হি মিত্রকম্।
তথাধিমিত্রাপ্ত সমারয়োঽধিকশত্রুর্নিরুক্তাঃ ফলশাস্ত্রকোবিদৈঃ॥ উজা

যে গ্রহের মিত্রাদি জানিতে হইবে সেই অভীষ্ট গ্রহ হইতে তৃতীয়, একাদশ, চতুর্থ, দশম, দ্বিতীয়, দ্বাদশস্থ গ্রহ সেই অভীষ্ট গ্রহের তাৎকালিক মিত্র। অন্য-স্থানস্থিত গ্রহ তাৎকালিক শত্রু। স্বাভাবিক মিত্র তাৎকালিক মিত্র হইলে মৈত্রী-দ্বয় হেতু সেই গ্রহ অভীষ্টগ্রহের অধিমিত্র। স্বাভাবিকশত্রু তাৎকালিক শত্রু হইলে দুই প্রকারে শত্রুজন্য অধিশত্রু। এক প্রকারে শত্রু অন্য প্রকারে মিত্র হইলে সেই গ্রহ মধ্য বা সম। স্বাভাবিক সম তাৎকালিক শত্রু হইলে শত্রু, তাৎ-কালিক মিত্র হইলে মিত্র হয়। এইরূপে গ্রহগণের তাৎকালিক অধিমিত্র, মিত্র, সম, শত্রু, অধিশত্রু জানিবে।

## গ্রহাণাং দৃষ্টয়ঃ।

দৃষ্টি স্তৃতীয়ে দশমে চ পাদো দ্বিপাদদৃষ্টি র্নবপঞ্চমে তু।
পাদত্রয়ং স্যাচ্চতুরস্রগেহে পূর্ণা চ দৃষ্টির্মদনে গ্রহাণাম্॥ উ, জা

তৃতীয় ও দশমে গ্রহগণের পাদ অর্থাৎ ১৫ কলা দৃষ্টি, নবমে ও পঞ্চমে অর্দ্ধ ৩০ কলা, চতুর্থ ও অষ্টমে ত্রিপাদ ৪৫ কলা, সপ্তমে সকল গ্রহেরই পূর্ণ অর্থাৎ ৬০ কলা দৃষ্টি।

### ভৌমাদীনাং দৃষ্টৌ বিশেষঃ।

শনেস্তৃতীয়ে দশমে চ পূর্ণা তথাষ্টমে বন্ধুগৃহে কুজস্য।
ইজ্যস্য পুত্রে নবমে চ পূর্ণা সর্বগ্রহণামপি সপ্তমর্ক্ষে॥ উ, জা

তৃতীয় ও দশমে শনির, চতুর্থ ও অষ্টমে মঙ্গলের, পঞ্চমে ও নবমে বৃহস্পতির পূর্ণ দৃষ্টি। সপ্তমে সকল গ্রহেরই পূর্ণ দৃষ্টি।

### রাহো দৃষ্টিঃ।

সুতাস্তধর্মব্যয় ভেষু পূর্ণা ত্রিপাদদৃষ্টি র্দশমে দ্বিতীয়ে।
তৃতীয় তুর্যাষ্টমষষ্ঠগেহেঽর্দ্ধং স্থিতৌ চায়গৃহে ন রাহোঃ॥ উ, জা

পঞ্চম, সপ্তম, নবম, দ্বাদশ স্থানে রাহুর পূর্ণ ৬০ কলা দৃষ্টি, দশমে, দ্বিতীয়ে ত্রিপাদ, তৃতীয়, চতুর্থ, অষ্টম ও ষষ্ঠে অর্দ্ধ ৩০ কলা দৃষ্টি। স্থিতিভবনে ও একাদশে রাহুর দৃষ্টি নাই।

### মন্বাদি তিথয়ঃ।

চান্দ্রে চৈত্রেঽথ ভাদ্রে ত্রিক ইতি দশমী মাসি চাষাঢ়কেঽথো
শুক্লে চৈষে নবোর্জে হরিতিথি রপি চৈকাদশী পৌষমাসে।
জ্যৈষ্ঠাষাঢ়ে তপস্যোর্জমধুগততিথিঃ পূর্ণিমা সপ্ত মাঘে
দর্শো জন্মাষ্টমী বৈ নভসি তিথিচয়াশ্চাপি মন্বাদিকাঃ স্যুঃ॥ স্র, ধ

মুখ্যচান্দ্রমাস গণনায় শুক্ল পক্ষে চৈত্রে তৃতীয়া, ভাদ্রে তৃতীয়া, আষাঢ়ে দশমী, আশ্বিনে নবমী, কার্ত্তিকে দ্বাদশী, পৌষে একাদশী, মাঘে সপ্তমী, জ্যৈষ্ঠ, আষাঢ়, ফাল্গুন, কার্ত্তিক, চৈত্রমাসে পূর্ণিমা কৃষ্ণপক্ষে শ্রাবণে জন্মাষ্টমী ও তৎপরবর্ত্তী অমাবস্যা এই চতুর্দশ তিথি চতুর্দশ মন্বন্তরের আদিতিথি জন্য মন্বাদ্যতিথি নামে অভিহিত।

### যুগাদ্যতিথয়ঃ।

প্রবৃত্তং নবমে তিথৌ কৃত যুগং চান্দ্রে সিতে কার্ত্তিকে
বৈশাখেঽক্ষয়সংজ্ঞকত্রিকতিথৌ ত্রেতা প্রবৃত্তা সিতে।
মুখ্যে দর্শতিথৌ প্রবৃত্ত মুদিতং মাঘে যুগং দ্বাপরম্
ভাদ্রে মাসি তথা ত্রয়োদশতিথৌ কৃষ্ণে প্রবৃত্তঃ কলিঃ॥ শা, বি

মুখ্যচান্দ্র মাস গণনায় কার্ত্তিক শুক্লনবমীতে সত্য যুগ, বৈশাখে শুক্লে অক্ষয় তৃতীয়াতে ত্রেতা, মাঘে অমাবস্যায় দ্বাপর, ভাদ্রে কৃষ্ণত্রয়োদশীতে কলিযুগ আরম্ভ হইয়াছে। ইহারা যুগাদ্য তিথি নামে খ্যাত।

## অথ ভাবাধ্যায়ঃ

### সূর্য্যোদয়াস্তে লগ্নভুক্তি সাধনম্

মাসভোদয়মিতিং দিনমিত্যা সংবিভজ্য লভতাং দিনভুক্তিম্।
বীতমাসদিবসৈ র্বিহতাপ্তা লগ্নভুক্তিরুদয়েঽস্তগৃহেঽস্তে॥ স্বাগতা

যে রাশিতে রবি অবস্থিত সেই রাশির স্বদেশীয় উদয় লগ্নমানকে মাসপরিমাণ দিনদণ্ডাদিদ্বারা ভাগকরিলে একদিনের লগ্নভুক্তি জানাযায়। তাহাকে পূর্ব-সংক্রান্তি কাল হইতে মাসের গতদিনদণ্ডাদি দ্বারা গুণ করিলে অভীষ্ট দিনে উদয় কালে লগ্নভুক্তি জানা যাইবে। যে রাশিতে রবি অবস্থিত তাহার সপ্তম রাশি সূর্য্যাস্ত কালে লগ্ন হয়। অস্তরাশির লগ্নমান হইতে এইরূপে অস্তকালে লগ্নভুক্তি জানা যাইবে।

### স্থূললগ্ন সাধনম্

ভুক্তাবশেষে রজনৌ দিবা বা যুক্ত্বা ক্রমাদেষ্যবিলগ্নমানম্।
নির্ণেয় মিষ্টে সময়ে বিলগ্নং স্থূলং তু সূক্ষ্মং স্ফুটলগ্নমেব॥ ই, ব

দিনে উদয় রাশির, রাত্রিতে অস্ত রাশির লগ্নমানহইতে লগ্নভুক্তি বিয়োগ করিলে লগ্নভোগ্য জানা যাইবে। ইহাতে ক্রমশঃ পর পর বর্ত্তী এষ্যলগ্ন মান যোগ করিয়া দিবসে উদয়ের পরবর্ত্তী অভীষ্ট কালে, রাত্রিতে অস্তের পরবর্ত্তী অভীষ্ট কালে লগ্ন সাধন করিবে। এই নিয়মে লগ্নসাধন কিঞ্চিৎ স্থূল হইয়া থাকে, সূক্ষ্মলগ্ন জানিতে হইলে লগ্ন স্ফুট সাধন আবশ্যক। মৎপ্রণীত হোরাবল্লভ, করণবল্লভ ও জাতকবল্লভে সূক্ষ্মলগ্নস্ফুটাদি সাধনের নিয়ম ও বিভিন্ন দেশের লগ্নসারণী সন্নিবেশিত হইয়াছে।

বর্ত্তমান সময়ে প্রায় সর্বত্র ঘড়ী দেখিয়া সময় নির্ণয় করা হয়। ঘড়ীতে মধ্যমমানে সময় নির্দিষ্ট থাকে। এজন্য গণিতাগত নাক্ষত্র কালের লগ্নমানকে মধ্যমসাবনমানে পরিণত করিয়া বিভিন্ন দেশের লগ্ন মান দণ্ডপলাদি লিখিত হইতেছে।

| লগ্ন | কলিকাতা | কটক | কাশী | ঢাকা | পাবনা | শ্রীহট্ট | দিব্রুগড় | দ্বারবঙ্গ | দিল্লী |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| মেষ | ৪।১০ | ৪।১৪ | ৪।৪ | ৪।৮ | ৪।৭ | ৪।৫ | ৪।০ | ৪।২ | ৩।৫৭ |
| বৃষ | ৪।৫৪ | ৪।৫৬ | ৪।৫১ | ৪।৫৩ | ৪।৫২ | ৪।৫১ | ৪।৪৮ | ৪।৫০ | ৪।৪৭ |
| মিথুন | ৫।৩২ | ৫।৩১ | ৫।৩৪ | ৫।৩৩ | ৫।৩৩ | ৫।৩৩ | ৫।৩৫ | ৫।৩৪ | ৫।৩৫ |
| কর্কট | ৫।৪০ | ৫।৩৬ | ৫।৪৫ | ৫।৪১ | ৫।৪২ | ৫।৪৪ | ৫।৪৯ | ৫।৪৬ | ৫।৫১ |
| সিংহ | ৫।২৯ | ৫।২৪ | ৫।৩৫ | ৫।৩১ | ৫।৩২ | ৫।৩৫ | ৫।৪১ | ৫।৩৭ | ৫।৪৪ |
| কন্যা | ৫।২৫ | ৫।২০ | ৫।৩২ | ৫।২৭ | ৫।২৯ | ৫।৩১ | ৫।১৯ | ৫।৩৪ | ৫।৪১ |
| তুলা | ৫।৩৫ | ৫।৩১ | ৫।৪১ | ৫।৩৭ | ৫।৩৮ | ৫।৪০ | ৫।৪৫ | ৫।৪৩ | ৫।৪৮ |
| বৃশ্চিক | ৫।৪০ | ৫।৩৭ | ৫।৪৩ | ৫।৪১ | ৫।৪১ | ৫।৪২ | ৫।৪৬ | ৫।৪৪ | ৫।৪৭ |
| ধনু | ৫।১৫ | ৫।১৬ | ৫।১৪ | ৫।১৫ | ৫।১৪ | ৫।১৪ | ৫।১৩ | ৫।১৩ | ৫।১২ |
| মকর | ৪।২৯ | ৪।৩৩ | ৪।২৪ | ৪।২৭ | ৪।২৭ | ৪।২৫ | ৪।২০ | ৪।২২ | ৪।১৮ |
| কুম্ভ | ৩।৫৪ | ৩।৫৯ | ৩।৪৮ | ৩।৫২ | ৩।৫১ | ৩।৪৮ | ৩।৪২ | ৩।৪৬ | ৩।৪০ |
| মীন | ৩।৪৭ | ৩।৫২ | ৩।৪১ | ৩।৪৫ | ৩।৪৪ | ৩।৪১ | ৩।৩৪ | ৩।৩৮ | ৩।৩২ |

## জন্মরাশিতোলগ্ননির্ণয়ঃ

রাশীশ্বরো যত্র হিমদ্যুতির্বা তয়ো স্ত্রিকোণেঽপ্যথবা দ্যুনে চ।
দ্যুনাৎ ত্রিকোণেঽপ্যথবাপি লগ্নং প্রায়ো ভবেদাহুরিদং মুনীন্দ্রাঃ॥ উজা

রাশিপতি বা চন্দ্র যে রাশিতে অবস্থিত সেই রাশিতে, তাহাদের সপ্তমে, পঞ্চমে, নবমে অথবা সপ্তমের পঞ্চমে বা নবমে প্রায়ই লগ্ন হইয়া থাকে।

মৎপ্রণীত জাতকবল্লভে প্রাণপদলগ্ন ও গুলিকলগ্নদ্বারাও . লগ্নসাধনের উপায় সন্নিবিষ্ট হইয়াছে।

## প্রসঙ্গাদ্ হোরালগ্ন সাধনম্।

সূর্য্যোদয়াদিষ্ট ঘটী দ্বিসংগুণা রাশ্যাদিকং বাণহৃতং ফলং চ তৎ।
ওজে বিলগ্নে স্ফুট সূর্য্যসংযুতং হোরাখ্যলগ্নং তু তনৌ সমেঽঙ্গযুক্॥ ইবং

সূর্য্যোদয় হইতে অভীষ্ট কালকে দ্বিগুণ করিয়া পাঁচ দ্বারা ভাগ করিলে যে রাশ্যাদি কল হইবে তাহাতে ওজলগ্নে জন্ম হইলে সূর্য্যস্ফুট ও যুগ্মলগ্নে লগ্নস্ফুট যোগ করিলে হোরা লগ্ন হইবে। আয়ু বিচারে ইহার প্রয়োজন।

## দ্বাদশ ভাব নামানি।

তনুর্ধনং সোদর-বন্ধু-পুত্ত্রাঃ শত্রুঃ কলত্রং মরণং চ ধর্ম্মঃ।
কর্ম্মাথ লাভো ব্যয় এব ভাবান্ তন্বাদিকানাহু রিতি প্রবীণাঃ॥ উজা

তনু, ধন, সহজ, বন্ধু, পুত্র, রিপু, পত্নী, মৃত্যু, ধর্ম্ম, কর্ম্ম, আয়, ব্যয় এই দ্বাদশ ভাব লগ্নাদি দ্বাদশ রাশিতে গণিত হয়।

## ভাবে চিন্তনীয়ানি

লগ্নে মূর্ত্তি শিরো বলানি ধনভে বিত্তং কুটুম্বং মুখং
বিক্রান্তিং সহজং ভুজৌ চ সহজে সেনাদিকং চিন্তয়েৎ।
বন্ধুং বাহনমালয়ং সুখমথো হৃন্মাতরং বন্ধুভে
বিদ্যাবুদ্ধি সুতোদরাণি জনকং মন্ত্রং চ ভোজ্যং সুতে॥ শাবি
ষষ্ঠে চৌরকটিক্ষত ব্রণ রিপূন্ বস্তি স্ত্রিয়ং কামভে
পাপায়ুর্ম্মতিগুহ্যকানি মৃতিভে স্থানং চ মৃত্যোরুজম্।
ধর্ম্মে চোরুযুগং তপো গুরু মথো ভাগ্যং চ ধর্ম্মং মনো-
মানাজ্ঞাস্পদ কর্ম্মজানু যুগলং তাতং চ কর্ম্মাখ্যভে॥ শাবি

জঙ্ঘাযুগ্ম-ধনাগমং ভবগৃহে জ্যেষ্ঠং তথা সোদরং
রিপ্‌ফে পাদযুগং বিদেশগমনং মন্ত্রিব্যয়ৌ ভাবয়েৎ।
ভাবস্বামিনি কেন্দ্রমূলনিজ-মিত্রোচ্চ-ত্রিকোণেষু বা
দৃষ্টঃ স্বামিশুভৈর্যুতশ্চ শুভদো ভাবোঽন্যথা দুঃখদঃ॥ শার্দ্দূ

লগ্নে আকৃতি, মস্তক, সামর্থ্যের বিচার করিবে। ধনস্থানে ধন, কুটুম্ব, মুখের; ভ্রাতৃস্থানে বিক্রম, ভ্রাতা, ভুজদ্বয়, ভুজদ্বয়মধ্যবর্ত্তী বক্ষঃস্থানের উপরিভাগ, সৈন্যাদির; চতুর্থে বন্ধু, বাহন, আলয়, সুখ, হৃদয়, মাতার; পঞ্চমে বিদ্যা, বুদ্ধি, সন্তান, উদর, পিতা, মন্ত্র, ভোজ্যদ্রব্যের; ষষ্ঠে চৌর, কটিদেশ, ক্ষত, ব্রণ, শত্রুর; সপ্তমে বস্তিদেশ, পত্নীর; অষ্টমে পাপ, আয়ু, মৃত্যু, গুহ্যদেশ, মৃত্যুস্থান, মৃত্যু রোগের; নবমে উরুদ্বয়, তপস্যা, গুরু, ভাগ্য, ধর্ম, মনের; দশমে মান, আজ্ঞা, আস্পদ, কর্ম, জানুদ্বয়, পিতা, কর্মের; একাদশে জঙ্ঘাদ্বয়, ধনাগম, জ্যেষ্ঠ ভ্রাতার; দ্বাদশে পাদদ্বয়, বিদেশগমন, মন্ত্রী, ব্যয়ের বিচার করিবে।

ভাবাধিপতি কেন্দ্রে, মূলত্রিকোণে, নিজগৃহে, মিত্রগৃহে, উচ্চগৃহে বা ত্রিকোণে থাকিলে অথবা ভাবরাশিতে ভাবাধিপতির বা শুভ গ্রহের দৃষ্টি বা যোগ থাকিলে ভাব ফল শুভ অন্যথা দুঃখকর হয়।

## অশুভ ভাবফলম্।

নীচেঽরিভে লুপ্তকরে ত্রিকে বা নাথেঽথ ভাবে খলদৃষ্টিযোগে।
দুঃস্থানপে ভাবগতেঽথবা স্যাদ্ দুঃখপ্রদং ভাবফলং নরাণাম্॥ ইব

ভাবপতি নীচগৃহে, শত্রুগৃহে, অস্তমিতে, ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশে থাকিলে অথবা ভাবে পাপগ্রহের দৃষ্টি বা অবস্থানে বা দুঃস্থানপতি ভাবগত হইলে ভাবফল দুঃখপ্রদ হয়।

## ভাবানাং বিশেষ সংজ্ঞাঃ

তনু মিত্রাস্তখং কেন্দ্রং কণ্টকং চ চতুষ্টয়ম্।
কেন্দ্রাৎ পরং পণফরং বিদ্যাদাপোক্লিমং ততঃ॥
দুঃশ্চিক্যং বিক্রমশ্চৈব তৃতীয়ং স্থান মুচ্যতে।
পাতালং হিবুকং বেশ্মসুখমম্বুশ্চতুর্থকম্॥

পঞ্চমং নবমং কোণো মন্ত্র বিদ্যাথ পঞ্চমম্।
ষট্ কোণো রিপুগেহং বৈ রোগস্থানং চ ষষ্ঠভম্॥
অস্তং জায়া দ্যুনং দ্যূনং যামিত্রং সপ্তমং মদঃ।
চতুরস্রং মৃত্যু বন্ধ্ রন্ধ্রং মৃত্যুস্তথাষ্টমম্॥
তপোভাগ্যং ত্রিত্রিকোণং শুভং চ নবমং বিদুঃ।
মেষূরণং চ দশমং কর্মখাজ্ঞাস্পদানি চ॥
উপান্ত্য মায়ো লাভশ্চ জ্ঞেয় মেকাদশং গৃহম্।
রিপ্‌ফ মন্ত্যং ব্যয়ঃ সন্তিশ্চিন্ত্যং দ্বাদশভাবকে॥
উপচয় শ্চোপচিতি স্ত্রিষষ্ঠ লাভ কর্মসু।
ষষ্ঠাষ্টম ব্যয়স্থানং ত্রিকং দুঃস্থং চ কথ্যতে॥

লগ্ন, চতুর্থ, সপ্তম, দশম এই চারিস্থানকে কেন্দ্র বলে। কেন্দ্রের নামান্তর কণ্টক ও চতুষ্টয়। কেন্দ্রের পরবর্ত্তী রাশি পণফর তৎপরবর্ত্তী রাশি আপোক্লিম। তৃতীয় স্থানকে দুশ্চিক্য ও বিক্রম বলে। পাতলবাচক শব্দ, হিবুক, গৃহবাচক শব্দ, সুখ, জলবাচক শব্দে চতুর্থস্থান বুঝায়। পঞ্চম ও নবম স্থানকে কোণ বা ত্রিকোণ বলে। পঞ্চমস্থানকে মন্ত্র ও বিদ্যাস্থান বলে। ষট্‌কোণ, রিপু ও রোগস্থান ষষ্ঠ স্থান বোধক। অস্ত, জায়া, দ্যুন, দ্যূন, যামিত্র ও কামবাচক শব্দ সপ্তম স্থানের নামান্তর। চতুর্থ ও অষ্টম স্থানকে চতুরস্র বলে। রন্ধ্র ও মৃত্যু শব্দে অষ্টম স্থান বুঝায়। তপঃ, ভাগ্য, ত্রিত্রিকোণ, শুভ শব্দ নবম স্থান জ্ঞাপক। মেষূরণ, কর্ম, আজ্ঞা, খ, আস্পদ শব্দ দশম স্থান বোধক। উপান্ত্য, আয়, লাভ শব্দে একাদশ স্থান বুঝায়। রিপ্‌ফ, অন্ত্য, ব্যয় শব্দ দ্বাদশ স্থানের নামান্তর। তৃতীয়, ষষ্ঠ, দশম, একাদশ স্থান উপচয় বা উপচিতি নামে এবং ষষ্ঠ, অষ্টম, দ্বাদশ স্থান ত্রিক ও দুঃস্থনামে অভিহিত।

## হোরা দ্রেক্কাণ সাধনম্

হোরেতি লগ্নার্দ্ধ মযুগ্মরাশৌ নাথৌ রবীন্দূ সমভে শশানৌ।
দ্রেক্কাণ মাহুর্ভবনত্রিভাগং তত্রাধিপাঃ স্বাত্মজধর্মনাথাঃ॥ ই, ব

লগ্নমানের অর্দ্ধ হোরার পরিমাণ। অযুগ্ম রাশিতে প্রথমার্দ্ধে রবির, শেষার্দ্ধে চন্দ্রের হোরা। যুগ্মরাশিতে প্রথমার্দ্ধে চন্দ্রের, শেষার্ধে সূর্য্যের হোরা।

লগ্নমানের তৃতীয়াংশের নাম দ্রেক্কাণ। লগ্নপতি প্রথম দ্রেক্কাণের, লগ্ন হইতে পঞ্চম রাশিপতি দ্বিতীয় দ্রেক্কাণের, নবম পতি তৃতীয় দ্রেক্কাণের অধিপতি।

## সপ্তাংশ নবাংশ সাধনম্।

সপ্তাংশকঃ স্যাদ্ গৃহসপ্তভাগ ওজে তনোঃ সপ্তমতঃ সমে ভে।
চরস্থিরদ্ব্যাত্মকভেষু নাথাঃ স্বধম পুত্র ক্রমতো নবাংশে॥ উ, জা

লগ্নমানের ৭ভাগের প্রতি ভাগ সপ্তাংশ। ওজ লগ্নে লগ্নরাশি হইতে, যুগ্মলগ্নে লগ্নের সপ্তমরাশিহইতে একাদিক্রমে ৭ রাশিপতি ৭ সপ্তাংশের অধিপতি। লগ্নমানের ৯ ভাগের প্রতি ভাগের নাম নবাংশ। চর রাশিতে লগ্ন হইলে লগ্ন রাশি হইতে, স্থির রাশিতে লগ্নের নবম রাশি হইতে, দ্ব্যাত্মক রাশিতে লগ্ন হইলে লগ্নের পঞ্চম রাশি হইতে গণনায় ৯ রাশিপতি যথাক্রমে ৯টি নবাংশের অধিপতি হইয়া থাকে। রাশির নিজ নবাংশকে বর্গোত্তম নবাংশ বলে।

## দ্বাদশাংশ-ত্রিংশাংশ কথনম্।

স্ববেশ্মতো দ্বাদশভাগনাথা ওজেঽথ বাণেযুগজাগবাণাঃ।
কুজার্কিজীবেন্দুজ-শুক্রভাগা স্ত্রিংশাংশকে যুগ্মগৃহে বিলোমম্॥ উজা

লগ্নমানের প্রতি দ্বাদশ ভাগের নাম দ্বাদশাংশ। লগ্ন রাশি হইতে ক্রমশঃ দ্বাদশ রাশিপতি দ্বাদশ নবাংশের অধিপতি।

লগ্নমানের ৩০ ভাগের প্রতিভাগ ত্রিংশাংশ। অযুগ্ম রাশিস্থ লগ্নে প্রথম ৫ভাগের অধিপতি মঙ্গল, তৎপরে ৫ভাগের শনি, তৎপরে ৮ ভাগের বৃহস্পতি, তৎপরে ৭ ভাগের বুধ, শেষ ৫ ভাগের অধিপতি শুক্র। যুগ্মরাশিতে ইহার বিপরীত। তাহাতে প্রথম ৫ ভাগের শুক্র, তৎপরে ৭ ভাগের বুধ, তৎপরে ৮ ভাগের বৃহস্পতি, তৎপরে ৫ ভাগের শনি শেষ ৫ ভাগের অধিপতি মঙ্গল।

## শুভাশুভাধ্যায়ঃ

## শুভাশুভ বার ফলানি।

শুভেষু কার্য্যেষ্বশুভেষু বাপি বারাঃ শুভানাং শুভদা নিরুক্তাঃ।
শুভেষু কৃত্যেষু খলগ্রহাণাং বারাঃ কদাচিৎ শুভদায়কাঃ স্যুঃ॥ উজা

শুভাশুভ সকলকার্য্যেই শুভগ্রহের বার শুভ। অশুভ গ্রহের বার কোন কান শুভ কার্য্যে শুভ দায়ক হয়।

## পাপবারে কার্য্য বিশেষঃ।

বীজোপ্তি-ভূপেক্ষণ-রাজকর্ম সূর্য্যেঽহ্নি সদ্ ভূমিসুতে বিবাদঃ।
দীক্ষা মখে গেহকৃতিশ্চ মন্দে সর্ব্বাণি সিধ্যন্তি সতাং দিনেষু॥ ইব

বীজবপন, রাজদর্শন, অভিষেকাদি রাজকর্ম রবিবারে; বিবাদ মঙ্গল ারে; যজ্ঞে দীক্ষা, গৃহারম্ভ, গৃহ প্রবেশ শনিবারে শুভ।

## বিহিত বারাপ্রাপ্তৌ ব্যবস্থা।

যৎ কর্ম যস্মিন্ দিবসে বিধীয়তে ত্বাবশ্যকে তদ্দিনকালহোরকে।
বারাধিপস্যাপি নবাংশসংস্থিতে সূর্য্যে বিধৌ বেতি বদন্তি কেচন॥ ইবং

যে বারে যে কর্ম বিহিত হইয়াছে সেই বারের অপ্রাপ্তিতে অবশ্য করণীয় ার্য্যে সেই বারপতির কালহোরায় বা সেই বারপতির নবাংশে সূর্য্য বা চন্দ্রের বস্থান সময়ে সেই কর্ম শুভপ্রদ। ইহা কোন কোন মুনি বলিয়াছেন।

## কাল হোরার্থং লঙ্কায়াং বারপ্রবৃত্তিকালজ্ঞানম্।

দেশান্তর ঘটীভিশ্চ যুক্তোনাচ্চ দিনার্দ্ধতঃ।
পঞ্চদশঘটীঃ প্রোজ্ঝ্য প্রাক্‌পশ্চাদ্‌দ্যুপ্রবেশনম্॥

মধ্য রেখার পূর্ব্বদিক্‌স্থিত দেশে দিনার্দ্ধ দণ্ডাদির সহিত দেশান্তর কালযুক্ত ও শ্চমদিক্‌স্থিত দেশে দেশান্তরকাল হীন করিয়া যে দণ্ডাদি ফল হয় তাহা হইতে : দণ্ড বিয়োগ করিলে বার প্রবৃত্তি দণ্ডাদি হইবে। স্বদেশে সূর্য্যোদয়ের যত ণ্ডাদি পূর্ব্বে বা পরে, লঙ্কায় সূর্য্যোদয় হয় তাহার নাম বার প্রবৃত্তিদন্ত। ইহা ব্বল কালহোরা সাধনার্থ আবশ্যক। অন্য সকল কার্য্যে স্বদেশে সূর্য্যোদয় হইতে রপ্রবৃত্তি গৃহীত হয়।

## মধ্যরেখা স্থানম্

লঙ্কা কোচিন কোট বিজ্জড়বিড়াবন্তী কুরুক্ষেত্রক-
নাভা সন্নিধিগা সুমেরু মচলং যাবদ্ গতা রেখিকা।
সা মধ্যাভিধরেখিকা নিগদিতা তস্যাঃ স্বদেশান্তরং
যদ্ দেশান্তরকাল এষ উদিত স্তস্মাৎ স্বদেশে গ্রহাঃ॥ শা'বি

লঙ্কা, কোচিন, বাগলকোট, বিজাপুর, কুরুক্ষেত্র, নাভানগরের সন্নিহিত স্থানগামী সুমেরু পর্বত ( উত্তর মেরু ) পর্য্যন্ত যে রেখা কল্পিত হয় তাহার নাম মধ্যরেখা। মধ্যরেখাহইতে অভীষ্টদেশের অন্তর কালকে দেশান্তরকাল বলে। দেশান্তর কালদ্বারা স্বদেশে গ্রহ সাধিত হয়।

## দেশান্তর কালজ্ঞানম্

ধিষ্ণ্যস্য যাম্যোত্তরবৃত্তলঙ্ঘনাদ্ বিদ্যুদ্‌বলপ্রেরিত-তন্তুযন্ত্রতঃ।
সূক্ষ্মাচ্চ চন্দ্রগ্রহণস্য কালতো দেশান্তরং গাণিতিকঃ প্রসাধয়েৎ॥ ইবং

কোন নক্ষত্রের মধ্যরেখায় ও স্বদেশে যাম্যোত্তর বৃত্তলঙ্ঘনের কালের অন্তর দ্বারা, অভীষ্টদেশের অক্ষাংশতুল্য মধ্যরেখাস্থ দেশ হইতে টেলিগ্রাম আসিবার কালদ্বারা, সূক্ষ্মরূপে মধ্যরেখার জন্য গণিত চন্দ্রগ্রহণের স্বদেশে দৃষ্ট কালদ্বারা দেশান্তর কাল জানা যায়। মৎপ্রণীত করণ বল্লভ ও হোরা বল্লভে ভারতের প্রসিদ্ধ নগরের ও ভারতের বহিঃস্থিত দেশসমূহের রাজধানীর অক্ষাংশ ও দেশান্তর কাল সন্নিবেশিত হইয়াছে।

## কালহোরাপতি সাধনম্

বার প্রবৃত্তে র্ঘটিকা দ্বিনিঘ্নাঃ স্বাক্ষাবশেষেণ বিবর্জিতাশ্চ।
সৈকা নগৈঃ শেষমিতা দ্যুনাথাৎ কালাখ্যহোরাপতয়ঃ ক্রমাৎ স্যুঃ॥ ইব

বারপ্রবৃত্তিকালহইতে অভীষ্ট সময় পর্য্যন্ত দণ্ডাদিকে দ্বিগুণ করিয়া দুই-স্থানে রাখিবে। একস্থানে ৫ দ্বারা ভাগ করিয়া যাহা ভাগশেষ থাকে তাহা অপর স্থানে স্থাপিত অঙ্ক হইতে বিয়োগ করিবে। এই বিয়োগফলে ১ যোগ করিয়া ৭ দ্বারা ভাগ করিলে যে ভাগশেষ থাকে তৎসংখ্যায় ইষ্টবার হইতে গণনায় কালহোরাপতি হইবে।

## কালবেলা বার বেলা কথনম্

বাণাগমৌ বাহুনগৌ রসাক্ষিণী রামাশুগৌ শৈলভুজঙ্গমৌ তথা।
বেদানলৌ নাগবিধূ রসা অপি কালে চ বারে রবিতোঽহ্নি বেলিকাঃ॥
ইবং

দিবসে রবিবারে পঞ্চম, সোমে দ্বিতীয়, মঙ্গলে ষষ্ঠ, বুধে তৃতীয়, বৃহস্পতিতে সপ্তম, শুক্রে চতুর্থ, শনিবারে অষ্টম ও প্রথমযামার্দ্ধ কালবেলা। দিবসে রবিবারে

চতুর্থ, সোমে সপ্তম, মঙ্গলে দ্বিতীয়, বুধে পঞ্চম, বৃহস্পতিতে অষ্টম, শুক্রে তৃতীয়, শনিবারে ষষ্ঠযামার্দ্ধ বার বেলা।

## কালরাত্রি কথনম্

কালস্য যামার্দ্ধ ইনে হি ষষ্ঠঃ সোমে চতুর্থঃ ক্ষিতিজে দ্বিতীয়ঃ।
সপ্তেন্দুজে পঞ্চ গুরৌ চ রাত্রৌ কাব্যে তৃতীয়ো মৃদুগেঽষ্টমাদ্যৌ॥ ইব

রাত্রিতে রবিবারে ষষ্ঠ, সোমে চতুর্থ, মঙ্গলে দ্বিতীয়, বুধে সপ্তম, বৃহস্পতিতে পঞ্চম, শুক্রে তৃতীয়, শনিবারে প্রথম ও অষ্টমযামার্দ্ধ কালরাত্রি।

## কুলিকবেলা কুলিকরাত্রি কথনম্

দিবা মঘোনো রজনৌ তু বিশ্বতঃ ক্রমাদ্ দ্বিহীনাঃ কুলিকা মুহূর্ত্তকাঃ।
রব্যাদিবারেষু গমে শুভেষ্বপি কৃত্যেষু তেঽনিষ্টফলাঃ সদৈব হি॥ উ,জা

দিবসে রবিবারে চতুর্দশ, সোমে দ্বাদশ, মঙ্গলে দশম, বুধে অষ্টম, বৃহস্পতিতে ষষ্ঠ, শুক্রে চতুর্থ, শনিবারে দ্বিতীয় মুহূর্ত্ত কুলিকবেলা। রাত্রিতে রবিবারে ত্রয়োদশ, সোমে একাদশ, মঙ্গলে নবম, বুধে সপ্তম, বৃহস্পতিতে পঞ্চম, শুক্রে তৃতীয়, শনিবারে প্রথম মুহূর্ত্ত কুলিকরাত্রি।

## কালবেলাদি ফলম্

কালস্য বারস্য তথার্দ্ধযামে মুহূর্ত্তভাগে কুলিকস্য বাপি।
শুভেষু কৃত্যেষু গতৌ চ মৃত্যুস্তত স্ত্যজেৎ তান্ দ্যুনিশোঃ শুভেচ্ছুঃ॥
উ, জা

কালবেলার, বারবেলার ও কালরাত্রির যামার্দ্ধে এবং কুলিকবেলা ও কুলিকরাত্রির মুহূর্ত্তে শুভকার্য্য বা যাত্রা করিলে মৃত্যু হয় এজন্য এই সকল ত্যাগ করিবে।

## ত্র্যহস্পৃশাদি কথনম্

তিথিত্রয়ং চেৎ স্পৃহতীহ সাবনং ত্র্যহস্পৃশং বাপ্যবমং দিনক্ষয়ঃ।
অস্মিন্ নকার্য্যং গমনং শুভাকৃতি দিনত্রয়ে চৈকতিথিং তথা ত্যজেৎ॥ উ,জা

একসাবনদিনে তিনতিথির যোগ হইলে তাহাতে ত্র্যহস্পৃশ বলে। ইহার নামান্তর অবম, দিনক্ষয়, ত্র্যহস্পৃক্, ত্রিদিনস্পৃক্। ত্র্যহস্পৃশতিথিতে

এবং যে তিথি তিন সাবন দিন স্পর্শ করিবে সেই তিথিতে শুভকার্য্য ও যাত্রা পরিত্যাগ করিবে।

## আবশ্যকত্বে ত্র্যহস্পৃশ দোষ পরিহারঃ

দিনক্ষয়ো নৈব শুভো গমাদিষু লগ্নাদ্ গুরৌ কেন্দ্রগতে ন দোষভাক্।
তিথিপ্রবৃদ্ধি র্ন শুভা তথা তনোঃ শুভগ্রহে কেন্দ্রগতে ন দোষদা॥ উ, জা

আবশ্যকে কার্য্যে ও গমনে বৃহস্পতি কেন্দ্র গত হইলে দিনক্ষয় দোষ নষ্ট হয় এবং যে কোন শুভগ্রহ কেন্দ্র গত হইলে ত্রিদিন ব্যাপী তিথিদোষ নষ্ট হয়।

## আবশ্যকত্বে বিষ্টি প্রতি প্রসবঃ

কর্কিদ্বয়ে কুম্ভঝষে বসেদ্ ভুবি মেষত্রয়ে বৃশ্চিকগে বিধৌ দিবি।
কন্যাতুলাচাপমৃগে রসাতলে বিষ্টির্যথা তত্র কৃতিপ্রণাশিনী॥ ইবং

কর্কট, সিংহ, কুম্ভ, মীন রাশিতে চন্দ্র থাকিলে বিষ্টিভদ্রা পৃথিবীতে, মেষ, বৃষ, মিথুন, বৃশ্চিকে স্বর্গে, কন্যা, তুলা, ধনু, মকর রাশিগতচন্দ্রে বিষ্টিকরণ পাতালে অবস্থান করে। যেস্থানে বিষ্টির অবস্থান সেই স্থানের কার্য্য নাশ হয়। অবশ্যকর্ত্তব্য কার্য্যে সময় প্রতীক্ষায় অসমর্থ হইলে পৃথিবীস্থ বিষ্টিকরণ পরিত্যাগ করিয়া স্বর্গ ও পাতালস্থ বিষ্টিভদ্রায় কার্য্য করিবে।

## আবশ্যকত্বে চাপর পরিহারঃ

পূর্বার্দ্ধজাতা রজনৌ যদা ভবেৎ পরার্দ্ধজা বৃষ্টিরথো দিবা তদা।
আবশ্যকত্বে শুভদা তথান্তিমা স্ত্রিনাড়িকাঃ সর্বকৃতৌ সদা শুভা॥
উ, জা

পূর্বার্দ্ধজাতা বিষ্টিভদ্রা রাত্রিতে এবং পরার্দ্ধজাতা বিষ্টিভদ্রা দিবসে আবশ্যক কার্য্যে শুভদায়িকা। বিষ্টির শেষ তিন দণ্ড সর্বদা সকল কার্য্যেই শুভকর।

## অঙ্গ বিভাগতো বিষ্টি শুভাশুভ কথনম্

ঘট্যাঃ পঞ্চ মুখে গলে শশিমিতা রুদ্রাশ্চ বক্ষঃস্থলে
নাভৌ চৈব চতস্র এব ঘটিকাঃ কট্যাং চ ষন্নাড়িকাঃ।
পুচ্ছে তিস্র ইতীহ বিষ্টিতনুকে ঘট্যাঃ স্মৃতা ভদ্রিকা
পুচ্ছে শ্রীজয়লাভ-কার্য্যশুভদা চান্যত্র দুঃখপ্রদা॥ শা, বি

বিষ্টিভদ্রার আরম্ভ সময় হইতে শেষ পর্য্যন্ত সময়কে ৩০ ঘটিকায় বিভক্ত করিয়া মুখে ৫ ঘটিকা, গলে ১, বক্ষে ১১, নাভিতে ৪, কটিদেশে ৬, পুচ্ছে ৩ ঘটিকা নির্দিষ্ট হইয়াছে। পুচ্ছের ৩ ঘটিকায় শুভকার্য্য করিলে ধনলাভ, জয়লাভ, কার্য্য সিদ্ধি অন্য ২৭ ঘটিকায় দুঃখ হয়।

## যোগেষু বর্জ্যতা কথনম্

যাত্রায়াং শুভকর্মসু প্রথমতঃ পঞ্চাথ বিষ্কম্ভকে
ব্যাঘাতেঽপ্যতিগণ্ডকে ষড়পি বৈ গণ্ডে ঘটী র্বর্জয়েৎ।
বজ্রে হর্ষণকে নবাথ পরিঘে চার্দ্ধং ত্যজেদাদিমং
সর্বং বৈ ব্যতিপাত-বৈধৃতিকয়োঃ সপ্তাপি শূলে ত্যজেৎ॥ শা, বি

যাত্রায় ও শুভকার্য্যে যোগের আরম্ভ কাল হইতে বিষ্কম্ভের ৫ ঘটী, ব্যাঘাত, অতিগণ্ড ও গণ্ডের ৬, বজ্রের ও হর্ষণের ৯, পরিঘের প্রথমার্দ্ধ, শূলের ৭ ঘটী এবং ব্যতীপাত ও বৈধৃতির সম্পূর্ণ ভোগকাল বর্জন করিবে।

## ক্রান্তি সাম্য দোষঃ

চন্দ্রার্কয়োঃ ক্রান্তিসমানকালৌ যো বৈধৃতি র্বা ব্যতিপাত উক্তঃ।
শুভেষু যানে চ সদা বিবর্জ্যৌ শ্রাদ্ধাহুতিস্নানজপেষু শস্তৌ॥ উ, জা

বৈধৃতি ও ব্যতীপাত নামে অভিহিত, চন্দ্র ও সূর্য্যের ক্রান্তিসাম্যকাল, শুভকার্য্যে ও যাত্রায় বর্জনীয়। শ্রাদ্ধ, হোম, স্নান, জপকার্য্যে পুণ্যদায়িকা।

## ক্রান্তি সাম্য নিরূপণম্

চন্দ্রার্কয়োঃ সায়নয়ো র্যদা যুতি রাসন্নকং ভার্দ্ধ মথাপি চক্রকম্।
তৎ ক্রান্তিসাম্যং ব্যতিপাত-বৈধৃতীনাম্না ক্রমাদেক-বিভিন্নগোলজম্॥ ই,বং

সায়ন সূর্য্য ও সায়ন চন্দ্রের যোগ ৬ রাশি, ১২ রাশি বা তাহাদের আসন্ন সময়ে উভয়ের ক্রান্তির সমতা ঘটিয়া থাকে। একগোলে ক্রান্তিসাম্য হইলে তাহার নাম ব্যতীপাত, ভিন্ন গোলে ক্রান্তি সাম্য হইলে তাহার নাম বৈধৃতি।

## তিথিষ্বভক্ষ্য দ্রব্যাণি

কুষ্মাণ্ডং বৃহতীং পটোলক মথো মূলং চ বিল্বং ফলং
নিম্বং তালক-নারিকেলক-ফলে তুম্বীং কলম্বীং তথা।

শিম্বীং পূতিলতাং ততোহপি চ ফলং বার্ত্তাকু-বৃক্ষোদ্ভবং
মাষং মাংস মথ ক্রমাৎ প্রতিপদঃ পক্ষদ্বয়ে সংত্যজেৎ ॥ শা, বি

প্রতিপদে কুষ্মাণ্ড, দ্বিতীয়ায় বৃহতী, তৃতীয়ায় পটোল, চতুর্থীতে মূলা পঞ্চমীতে বিল্ব, ষষ্ঠীতে নিম্ব, সপ্তমীতে তাল, অষ্টমীতে নারিকেল, নবমীতে লাউ, দশমীতে কলম্বী, একাদশীতে শিম, দ্বাদশীতে পুইশাক, ত্রয়োদশীতে বার্ত্তাকু, চতুর্দশীতে মাষ, অমাবস্থায় মাংস বর্জন করিবে।

## পক্ষ রন্ধ্র তিথয়ঃ

গোবেদর্ত্তু-দিনেশ-নাগ-মনবো রন্ধ্রাহ্বয়াঃ পক্ষয়োঃ
প্রাচীনৈঃ পরিকীর্ত্তিতা হি তিথয়ো বর্জ্যা গতৌ সংকৃতৌ।
তত্ত্বাষ্টাঙ্ক-ককুপ্ পুরন্দর-শরা নাড্যঃ ক্রমাদাদিমা-
অত্যাবশ্যককর্মসু ধ্রুবমিমা বর্জ্যাঃ পরাঃ শোভনাঃ ॥ শা, বি

উভয় পক্ষের নবমী, চতুর্থী, ষষ্ঠী, দ্বাদশী, অষ্টমী, চতুর্দশী তিথিকে পক্ষ র তিথি বলে। ইহাতে যাত্রা ও শুভকার্য্য বর্জনীয়। অত্যাবশ্যক কর্মে তিথি আরম্ভ কাল হইতে নবমীর ২৫ চতুর্থীর ৮ ষষ্ঠীর ৯ দ্বাদশীর দশ, অষ্টমীর চতুর্দশীর ৫ ঘটিকা ত্যাগ করিয়া যাত্রাদি অশুভকর নহে।

## সংবর্ত্ত যোগঃ

সপ্তম্যর্কাহে পক্ষত্যাং সৌম্যো বারো বা সংবর্ত্তঃ।
মাঙ্গল্যে স্যাৎ কার্য্যধ্বংসী তস্মাদ্ যত্নাৎ সংবর্জ্যোহয়ম্ ॥ বি,

রবিবারে সপ্তমী বা বুধে প্রতিপৎ হইলে সংবর্ত্তযোগ হয়। উভয় পক্ষে এই যোগ শুভকার্য্য নাশক।

## ক্রকচ যোগঃ

তিথেস্তু সূর্য্যাদিত এক হীনাৎ সূর্য্যাদিবারাৎ তিথয়ঃ ক্রমেণ।
ত্রয়োদশ স্যুস্তিথিবার যোগাৎ শুভেহতিগর্হ্যঃ ক্রকচাখ্যযোগঃ ॥ উ,

রবিবারে দ্বাদশী, সোমে একাদশী, মঙ্গলে দশমী, বুধে নবমী, বৃহস্পতি অষ্টমী, শুক্রে সপ্তমী, শনিবারে ষষ্ঠী হইলে বার ও তিথির যোগে ত্রয়োদশ ইহাকে ক্রকচ যোগ বলে। এই যোগ শুভ কার্য্যে অতি নিন্দিত।

## চান্দ্র চৈত্রাদিষু শূন্যতিথয়ঃ

চান্দ্রে মাস্যপি পক্ষয়ো র্গজখগাঃ স্যুর্মাসশূন্যা মধৌ
দ্বাদশ্যেব তু মাধবে দ্বিকতিথিঃ পক্ষত্যথো ভাদ্রকে।
নেত্রাগ্নী নভসীষকে দশশিবা মার্গেহদ্রিনাগা স্তথা
পৌষে বেদ শরাঃ শুভা ন তিথয়ো বংশার্থনাশার্ত্তিদাঃ ॥
জ্যৈষ্ঠাষাঢ়ক ফাল্গুনেষু চ তথা বৈ কার্ত্তিকে মাঘকে
বিশ্বেন্দ্রা মুনিতর্ককা স্ত্রিনিগমাঃ শক্রেষবঃ ষট্‌শরাঃ
শূন্যাখ্যা স্তিথয়ঃ সিতে তদিতরে পক্ষে তথাচ ক্রমা-
ন্মাঙ্গল্যেহপি গতা বিমাঃ পরিহরেৎ শ্রাদ্ধে সদা শোভনাঃ ॥ শা, বি

চান্দ্রে মাসে উভয় পক্ষে চৈত্রে অষ্টমী ও নবমী, বৈশাখে দ্বাদশী; ভাদ্রে প্রতিপদ্‌ ও দ্বিতীয়া, শ্রাবণে দ্বিতীয়া ও তৃতীয়া, আশ্বিনে দশমী ও একাদশী; মার্গশীর্ষে সপ্তমী ও অষ্টমী, পৌষে চতুর্থী ও পঞ্চমী, জ্যৈষ্ঠে শুক্লে ত্রয়োদশী কৃষ্ণে চতুর্দশী, আষাঢ়ে শুক্লে সপ্তমী, কৃষ্ণে ষষ্ঠী; ফাল্গুনে শুক্লে তৃতীয়া কৃষ্ণে চতুর্থী, কার্ত্তিকে শুক্লে চতুর্দশী কৃষ্ণে পঞ্চমী, মাঘে শুক্লে ষষ্ঠী কৃষ্ণে পঞ্চমী মাসশূন্য তিথি নামে আখ্যাত। ইহাতে শ্রাদ্ধপ্রশস্ত কিন্তু মাঙ্গল্যকার্য্য ও যাত্রা করিলে বংশ ও বিত্ত নাশ হয় এবং রোগ জন্মে।

## চৈত্রাদিষু শূন্য নক্ষত্রাণি

রোহিণ্যশ্বিকভং মধৌ যদি ভবেৎ চিত্রানিলৌ মাধবে
জ্যৈষ্ঠে বৈশ্বগুরুচ যোনিবসুভং মাসে যদাষাঢ়কে।
মাসি শ্রাবণকেচ বৈশ্ব হরিভং ভাদ্রে শতং রেবতী
পূর্বং ভাদ্রপদং ত্বিষে যদি মঘাবৈশ্বানরৌ কার্ত্তিকে ॥ শা, বি
মার্গে ত্বষ্টৃবিশাখভে শিবকরৌ চাশ্বী পুনঃ পৌষকে
মাঘে মূলহরী পুরন্দরযমৌ স্বাতাং তথা ফাল্গুনে।
শূন্যাখ্যানি চ কীর্ত্তিতানি মুনিভি র্মাসেষু চৈত্রাদিষু
ভানীমানি বিবর্জয়েৎ শুভ কৃতৌ কার্য্যস্য সিদ্ধীচ্ছুকঃ ॥ শা, বি

চান্দ্রমাস গণনায় চৈত্রে রোহিণী, অশ্বিনী; বৈশাখে চিত্রা, স্বাতী; জ্যৈষ্ঠে উত্তরাষাঢ়া, পুষ্যা; আষাঢ়ে পূর্বফল্গুনী, ধনিষ্ঠা; শ্রাবণে উত্তরাষাঢ়া, শ্রবণা;

ভাদ্রে শতভিষা, রেবতী ; আশ্বিনে পূর্বভাদ্রপদ ; কার্ত্তিকে মঘা, কৃত্তিকা ; মার্গশীর্ষে চিত্রা, বিশাখা ; পৌষে আর্দ্রা, হস্তা, অশ্বিনী ; মাঘে মূলা, শ্রবণা ; ফাল্গুনে জ্যেষ্ঠা ও ভরণী মাসশূন্যনক্ষত্র নামে অভিহিত। মাসশূন্যনক্ষত্রে শুভকার্য্য করিলে কার্য্য নাশ হয়।

## চৈত্রাদিষু শূন্য রাশয়ঃ

কুম্ভো ঝষো গৌ র্মিথুনং চ মেষকঃ স্ত্রীবৃশ্চিকৌ তৌলিধনুঃকুলীরকাঃ
মৃগো মৃগেন্দ্রোঽপি চ শূন্যরাশয় শ্চৈত্রাদিকে তাংশ্চ বিবর্জয়েৎ শুভে ॥
উ, জা

চৈত্রে কুম্ভ, বৈশাখে মীন, জ্যৈষ্ঠে বৃষ, আষাঢ়ে মিথুন, শ্রাবণে মেষ, ভাদ্রে কন্যা, আশ্বিনে বৃশ্চিক, কার্ত্তিকে তুলা, মার্গশীর্ষে ধনু, পৌষে কর্কট, মাঘে মকর, ফাল্গুনে সিংহ মাস শূন্য রাশি। ইহাতে শুভকার্য বর্জন করিবে।

## বিষমতিথিষু দগ্ধলগ্নানি।

তুলামৃগৌ সিংহমৃগৌ বুধালয়ৌ চাপেন্দুভেঽর্কেন্দুগৃহে গুরোর্গৃহে।
গোমৎস্যকাবোজতিথৌ ক্রমাৎ তনুং দগ্ধাহ্বয়াং মাঙ্গলিকে বুধস্ত্যজেৎ ॥
উ, জা

প্রতিপদে তুলা ও মকর ; তৃতীয়ায় সিংহ, মকর ; পঞ্চমীতে মিথুন, কন্যা ; সপ্তমীতে ধনু, কর্কট ; নবমীতে কর্কট, সিংহ ; একাদশীতে ধনু, মীন, ত্রয়োদশীতে বৃষ, মীন লগ্ন মাঙ্গলিক কার্য্যে বর্জনীয়।

## অতিনিন্দ্য যোগঃ

পঞ্চম্যা করভং দিনে দিনকরে সোমে চ ষষ্ঠ্যৈন্দুভং
সপ্তম্যা ক্ষিতিজেঽশ্বিনী বিধুসুতেঽষ্টম্যানুরাধা তথা।
দেবেজ্যে নবমীজ্যভং ভৃগুসুতে পূষা দশম্যা যদা
চৈকাদশ্যথ রোহিণী তু মৃদুগে যোগোঽতিনিন্দ্যঃ কৃতৌ ॥ শা, বি

রবিবারে পঞ্চমী যুক্ত হস্তা নক্ষত্র ; সোমে ষষ্ঠী যুক্ত মৃগশিরা ; মঙ্গলে সপ্তমী যুক্ত অশ্বিনী ; বুধে অষ্টমীযুক্ত অনুরাধা, বৃহস্পতিতে নবমীযুক্ত পুষ্যা ; শুক্রে দশমী যুক্ত রেবতী ; শনিবারে একাদশী যুক্ত রোহিণী নক্ষত্র হইলে অতিনিন্দ্য যোগ হয়। ইহাতে সকল কার্য্য বর্জনীয়।

## শূন্যতিথ্যাদি পরিহারঃ

একোবলী সৌম্যখগস্ত্রিকোণে কেন্দ্রেঽথবা চোপচিতৌ বিলগ্নাৎ।
শূন্যোড়ু-তিথ্যাদিকনাশকঃ স কার্য্যস্য সংসিদ্ধিকরো ভবেচ্চ ॥ ই, ব

বলবান্ কোন শুভগ্রহ কর্ম্মকালীন লগ্ন হইতে কেন্দ্রে, ত্রিকোণে বা উপচয় স্থানে থাকিলে শূন্য নক্ষত্র, শূন্য তিথি, শূন্য রাশি, দগ্ধ লগ্ন জনিত দোষ বিনষ্ট ও কার্য্য সিদ্ধি হয়।

## গ্রাস ভেদেন শুভ কৃত্যে নিষিদ্ধ দিনানি

পাদার্দ্ধ-পূর্ণ-গ্রহণে গ্রহর্ক্ষং জহ্যাৎ ক্রমাদেক-গুণাঙ্গ-মাসান্।
গ্রস্তেঽস্তগে প্রাগুদিতে পরস্তাদ্ঘস্রত্রয়ং চাপি শুভক্রিয়াসু ॥ ই, ব

যে নক্ষত্রে গ্রহণ হয় শুভ কার্য্যে সেই নক্ষত্র পাদগ্রাসে একমাস, অর্দ্ধগ্রাসে তিন মাস, পূর্ণগ্রাসে ছয় মাস ত্যাগ করিবে। গ্রস্তাস্তে গ্রহণের পূর্ব্বে তিন দিন, গ্রস্তোদয়ে গ্রহণের পর তিন দিন শুভ কার্য্যে বর্জ্জন করিবে।

## বর্ষাদি সন্ধি বর্জ্যতা কথনম্

মাসান্তে চ দিনত্রয়ং পরিহরেৎ পক্ষং সমান্তে শুভে
নক্ষত্রান্ত্যঘটীদ্বয়ং গুরুমতং নাড্যশ্চতস্রোঽন্তিমাঃ।
যোগে ভে চ তিথৌ বসিষ্ঠগদিতা বর্জ্যা ইমে সন্ধয়ঃ
সংবর্জ্যা ঘটিকান্তিমাপি নিতরামাবশ্যকে কর্ম্মণি ॥ শা, বি

মাসের শেষ ৩ দিন মাসসন্ধি, সৌরবর্ষের শেষ ১৫ দিন বর্ষসন্ধি, বৃহস্পতির মতে নক্ষত্রের শেষ ২ ঘটী নক্ষত্রসন্ধি, বশিষ্ঠের মতে যোগ, নক্ষত্র, ও তিথির শেষ ৪ ঘটিকা তাহাদের সন্ধি। বিবাহাদিশুভকার্য্যে সন্ধিকাল বর্জ্জন করিবে। অসমর্থ পক্ষে আবশ্যক কার্য্যে যোগ, নক্ষত্র ও তিথির শেষ ১ ঘটিকা সন্ধিকাল অবশ্য বর্জ্জন করিবে।

## সপরিহার তিথি গণ্ড বর্জ্যতা কথনম্

পূর্ণান্ত্য-নন্দাদ্য-ঘটীদ্বয়ং যদভ্যন্তরং তৎ তিথিগণ্ডসংজ্ঞম্।
বিবাহযাত্রাব্রতসম্ভবেঽত্র নাশো বলাঢ্যে তু বিধৌ ন দোষঃ ॥ উ, জা

উভয় পক্ষে পঞ্চমী ও ষষ্ঠীর, দশমী ও একাদশীর, পঞ্চদশী ও প্রতিপদের মধ্যবর্ত্তী উভয়ের এক এক দণ্ড লইয়া ঘটীদ্বয়মিতকাল তিথিগণ্ড। ইহাতে বিবাহ, যাত্রা, উপনয়ন, বা জন্ম হইলে মৃত্যু হয়। কিন্তু চন্দ্র বলবান্ হইলে দোষ নষ্ট হয়।

## সপরিহার লগ্ন গণ্ড বর্জ্যতা কথনম্

গণ্ডোঽন্তরালে হরিকর্কয়োর্ঘটী মীনাজয়োর্ বৃশ্চিক চাপয়োস্তথা।
বর্জ্যা শুভে তত্র ভবো মৃতিং ব্রজেদ্ বাচস্পতৌ বীর্য্যযুতে নদূষণম্॥ ইবং

কর্কট, বৃশ্চিক, মীনের শেষ অর্দ্ধঘটিকা এবং সিংহ, ধনু, মেষের প্রথম অর্দ্ধঘটিকা এই উভয়ের যোগে এক ঘটিকা লগ্নগণ্ড। লগ্নগণ্ডে শুভকার্য্য বর্জনীয়। লগ্নগণ্ডে জাত বালকের মৃত্যু হয়। কিন্তু বৃহস্পতি বলবান্ হইলে দোষ নষ্ট হয়।

## হোলিকাষ্টক বর্জনম্

ত্রিপুষ্করে পত্তনকে শতদ্রু-বিপাশকেরাবত-তীরদেশে।
দিনানি প্রাগষ্ট চ পূর্ণিমায়াঃ শুভেষু জহ্যান্নতু চান্যদেশে॥ উ, জা

ত্রিপুষ্কর দেশে, শতদ্রু, বিপাশা, ইরাবতী নদীর তটস্থদেশে ফাল্গুন শুক্লাষ্টমী হইতে পূর্ণিমা পর্য্যন্ত ৮ দিন হোলিকাষ্টক নামে খ্যাত। এই ৮ দিন শুভকার্য্যে বর্জন করিবে। অন্য দেশে বর্জনীয় নহে।

## তারাণাং শুভাশুভত্বম্

ক্ষৌর-শ্রাদ্ধ-বিবাদভেষজ-গমাদন্যত্র তারাদিমা
শস্তাবশ্যকতো দ্বিতীয়প্রথমে নানিষ্টদে প্রত্যরী।
শেষা প্রত্যরিতারকা বধ-বিপত্তারে চ দুঃখপ্রদা-
অন্যা বৈ শুভদায়িকা নিগদিতাঃ সর্বেষু কার্য্যেষু চ॥ শা, বি

ক্ষৌর, নবান্নশ্রাদ্ধ, বিবাদ, ঔষধকরণ, ঔষধসেবন, গমন ভিন্ন অন্যকার্য্যে জন্ম তারা শুভা। প্রথম ও দ্বিতীয় প্রত্যরি আবশ্যক কার্য্যে অশুভকর নহে। তৃতীয় প্রত্যরি, বধ ও বিপৎ তারা দুঃখপ্রদ। অন্য পাঁচ তারা সকলকার্য্যে শুভ।

### ।বরুদ্ধ তারা প্রতি প্রসবঃ

শুভ-স্ব-মিত্র তুঙ্গভে শুভে চ গোচরে বিধৌ।
অপি ক্ষয়ং গতে কৃতৌ ন দূষণং তু তারজম্॥ প্র, পি

শুভগ্রহের ক্ষেত্রে, নিজ গৃহে, মিত্র গৃহে, বা উচ্চরাশিতে অবস্থিত, শুভ চন্দ্র, ক্ষীণ হইলেও বিরুদ্ধ তারাজনিত দোষ নষ্ট হয়।

### দুষ্টতারাদৌ প্রতিকারঃ।

বারে ভে করণে প্রদেয় মথ বৈ ধান্যং চ দুষ্টে বুধৈ-
র্যোগে চাপি তিলাঃ সুবর্ণ মুদয়ে শঙ্খঃ সদুগ্ধো বিধৌ।
দদ্যাৎ প্রত্যরিতারকে তু লবণং শাকং তথা জন্মনি
স্বর্ণং বৈ সতিলং বধে গুড় মথো শান্ত্যৈ বিপত্তারকে॥ শা, বি

বার, নক্ষত্র, বা করণ বিরুদ্ধ থাকিলে ধান্য, যোগে তিল, লগ্নে স্বর্ণ, বিরুদ্ধ চন্দ্রে দুগ্ধ পূর্ণ শঙ্খ, প্রত্যরিতারায় সৈন্ধবলবণ, জন্মতারায় শাক, বধতারায় সতিলস্বর্ণ, বিপৎতারায় দোষ শান্তির জন্য গুড় দান করিবে।

### কার্য্য বিশেষে গ্রহশুদ্ধিঃ

ভূপালোকন-নূত্নবেশ্মকরণে পাণিগ্রহে চ ব্রতে
মার্ত্তণ্ডস্য তথা ব্রতে পরিণয়ে চেজ্যস্য শুদ্ধিঃ শুভা।
ভৌমস্যাপি রণে কবেশ্চ গমনে শাস্ত্রপ্রবোধে বিদো-
দীক্ষায়াং মৃদুগস্য সর্বকৃতিষু শীতাংশুশুদ্ধির্হিতা॥ শা, বি

রাজদর্শন, নূতন গৃহারম্ভ, গৃহপ্রবেশ, বিবাহ ও উপনয়নে রবিশুদ্ধি; উপনয়ন ও বিবাহে গুরুশুদ্ধি; যুদ্ধে ভৌমশুদ্ধি, গমনে শুক্রশুদ্ধি, শাস্ত্রবোধে বুধশুদ্ধি, দীক্ষায় শনিশুদ্ধি, এবং সকল কার্য্যেই চন্দ্রশুদ্ধি শুভদায়িকা।

### রবিশুদ্ধিঃ

উপচয়-ভবনস্থো জন্মরাশেঃ শুভোঽর্কো-
ধনসুতনবমস্থো বিশ্বঘস্রান্তরে চ।
ইতরভবনযাতো দিগ্ দিনেভ্যঃ পরং স্যা-
দজহরিগৃহসংস্থো নত্বনিষ্টপ্রদঃ সঃ॥ মা, নী

জন্মরাশি হইতে তৃতীয়, ষষ্ঠ, দশম, একাদশ, রাশিস্থিত রবি সর্বদা শুভ। দ্বিতীয়, পঞ্চম, নবমস্থ রবি ১৩ দিন পর শুভ। অন্যরাশিস্থিত রবি ১০ দিন পর শুভ। কিন্তু মেষ ও সিংহরাশিস্থ রবি যে কোন স্থানে থাকিলেও অনিষ্টকর হয় না।

## চন্দ্রশুদ্ধিঃ

স্বজন্মরাশৌ চ ততোদ্যূনস্থঃ ষষ্ঠে তৃতীয়ে দশমেহপি লাভে।
পক্ষদ্বয়ে শোভন ওষধীশো ধনে সুতে ধর্মগৃহেহপি শুক্লে॥ উ, জা

জন্মরাশিতে, জন্মরাশি হইতে সপ্তম, ষষ্ঠ, তৃতীয়, দশম, ও একাদশ রাশিতে উভয় পক্ষেই চন্দ্রশুভ। শুক্লপক্ষে দ্বিতীয়, পঞ্চম, নবমস্থ চন্দ্র ও শুভ।

## অষ্টমস্থ পাপাদি বর্জ্যতা কথনম্

স্বজন্মরাশেরপি জন্মলগ্নতঃ খলগ্রহং চাষ্টমগং বিবর্জয়েৎ।
চন্দ্রং সপাপং খলমধ্যগং সদা বিনাশ লগ্নং চ নিরংশবাসরম্॥ উ,জা

জন্মরাশি ও জন্মলগ্নহইতে অষ্টমস্থপাপ, পাপযুক্ত ও পাপমধ্যগত চন্দ্র, বিনাশ লগ্ন এবং সংক্রান্তি দিন সকল কার্য্যে বর্জনীয়।

## ঘাত চন্দ্রঃ

চন্দ্রেষু-নন্দ-ভুজ-তর্ক ককুব্ গুণাদ্রি-
শ্রুত্যস্ট-রুদ্র-দিনপাঃ ক্রিয়তঃ ক্রমেণ।
স্যাদ্ ঘাত চন্দ্র ইতি যানশুভে ন বর্জ্যো-
বর্জ্যস্তু বাদ-নববাহন-রাজকৃত্যে॥ ব, তি

মেষের প্রথম, বৃষের পঞ্চম, মিথুনের নবম, কর্কটের দ্বিতীয়, সিংহের ষষ্ঠ, কন্যার দশম, তুলার, তৃতীয়, বৃশ্চিকের সপ্তম, ধনুর চতুর্থ, মকরের অষ্টম, কুম্ভের একাদশ, মীনের দ্বাদশ চন্দ্রের নাম ঘাতচন্দ্র। ঘাতচন্দ্রে গমন ও মাঙ্গলিক কার্য্য বর্জনীয় নহে কিন্তু বিবাদ, নূতন বাহন যোজনা, রাজদর্শন, রাজসেবাদি রাজকার্য্য, রাজ্যযাত্রা নিষিদ্ধ।

## চন্দ্রস্য গোচর শুদ্ধৌ বিশেষঃ

পাপান্তরে পাপমদে সপাপকঃ পাপারিগোঽজ্ঞোঽপি শুভঃ কৃতৌ ন সন্।
সৌম্যাংশগ শ্চাধিহিতাংশগোঽপি বা গুরুপ্রদৃষ্টস্ত্বশুভোঽপি শোভনঃ॥
উ, জা

গোচরে শুভচন্দ্র ও পাপ মধ্যগত, পাপের সপ্তমস্থ, পাপযুক্ত, পাপের ষষ্ঠস্থ (চন্দ্রের অষ্টমে পাপ) হইলে অশুভকর হয়। গোচরে অশুভচন্দ্র ও শুভগ্রহের বা অধিমিত্রের নবাংশে থাকিলে অথবা বৃহস্পতিদ্বারা পূর্ণদৃষ্ট হইলে শুভকর হয়।

## অশুভ চন্দ্রেঽপ্যবশ্যকৃত্যে বিশেষঃ।

সিতেঽসিতে চাদ্যতিথৌ শুভে বিধৌ পক্ষৌ শুভৌ ব্যত্যয়তোঽপ্যনিষ্টদৌ।
অবশ্যকৃত্যে গতিশোভনাদিকে নানিষ্টদোঽজ্ঞস্ত্বশুভোঽপি গোচরে॥ উ, জা

শুক্ল প্রতিপদের আরম্ভ সময়ে চন্দ্রশুদ্ধ থাকিলে সেই শুক্লপক্ষে এবং কৃষ্ণপ্রতিপদের আরম্ভ সময়ে চন্দ্রশুদ্ধ থাকিলে সেই কৃষ্ণপক্ষে চন্দ্র শুভ। অবশ্যকর্ত্তব্য যাত্রা বিবাহাদি শুভকার্য্যে কালপ্রতীক্ষায় অসমর্থ হইলে এইরূপে চন্দ্রশুদ্ধি নির্ণয় করিবে।

## গ্রহাণাং গোচরে শুভস্থানানি।

সূর্য্যার-মন্দাসুর-কেতু-চন্দ্রাঃ শর্ম্মপ্রদাশ্চোপচয়েষু রাশেঃ।
দ্যূনাদ্যগোঽজ্ঞোঽপি বুধোঽথ যুগ্মে কোণে দ্ব্যনেঽর্থে বচসাংপতিশ্চ॥ ই, ব
দশাস্ত-ষষ্ঠেতরভেষু শুক্রঃ সর্ব্বেঽপ্যুপান্তে শুভদাস্তু রাশেঃ।
আদ্যে কুজার্কৌ চরমে শনীন্দূ মধ্যে কবীজ্যৌ ফলদৌ সদা জ্ঞঃ॥ উ, জা

রবি, মঙ্গল, শনি, রাহু, কেতু, চন্দ্র ইহারা জন্মরাশি হইতে তৃতীয়, ষষ্ঠ, দশম, ও একাদশ রাশিতে থাকিলে শুভপ্রদ। জন্মরাশিতে এবং সপ্তমেও চন্দ্র শুভ। বুধ দ্বিতীয়, চতুর্থ, ষষ্ঠ, অষ্টম, দশম, দ্বাদশ রাশিতে শুভ। বৃহস্পতি পঞ্চম, নবম, সপ্তম, ও দ্বিতীয়ে শুভ। শুক্র দশম, সপ্তম, ষষ্ঠ ব্যতীত অন্যস্থানে শুভ। জন্মরাশি হইতে একাদশে সকল গ্রহই শুভ। রবি ও মঙ্গল রাশির প্রথমভাগে, শনি ও চন্দ্র শেষভাগে, বৃহস্পতি ও শুক্র মধ্যভাগে, বুধ সকল সময়েই ফলদান করিয়া থাকে।

## গোচর বিরুদ্ধতায়াং প্রতিপ্রসবঃ

সঞ্চারকালে প্রতিকূলতায়া মপি গ্রহাণাং যদি চন্দ্রশুদ্ধিঃ।
সঞ্চার জাতান্ সকলাংশ্চ দোষান্ বিনশ্য সৌখ্যং কুরুতে নরাণাম্ ॥
উ, জা

গ্রহের সঞ্চার কালে চন্দ্রশুদ্ধি থাকিলে সেই গ্রহের বিরুদ্ধ রাশিতে গমন জনিত দোষ বিনষ্ট ও শুভ ফল হয়।

## দক্ষিণ বেধে রবিশুদ্ধিঃ

সহজশক্রদশায়-গতো রবি র্যদি তপোঽন্ত্যরসাতলপুত্রগৈঃ।
শনি মৃতে খচরৈ র্নচ বিধ্যতে শুভকরঃ ক্রমতো গদিতো বুধৈঃ ॥ দ্রু, বি

জন্মরাশি হইতে যথাক্রমে নবম, দ্বাদশ, চতুর্থ, পঞ্চমে শনি ভিন্ন গ্রহ না থাকিলে জন্মরাশি হইতে যথাক্রমে তৃতীয়, ষষ্ঠ, দশম, একাদশ রাশিস্থ রবি শুভকর হয়। এই সকল স্থানে শনি ভিন্ন গ্রহ থাকিলে রবির সহিত বেধ হওয়ায় রবি অশুভকর হয়। নিজ পুত্র শনি দ্বারা বেধ অশুভকর নহে।

## দক্ষিণ বেধে চন্দ্র শুদ্ধি

মদ-দশাদ্য-ভবত্রি-রিপুস্থিতো ধন-জলাত্মজ-মৃত্যু-তপোঽন্ত্য গৈঃ।
বিধুর্‌তে বিধুজং গগনেচরৈ র্যদি নবিধ্যত ইষ্টকরস্তদা ॥ দ্রু, বি

দ্বিতীয়, চতুর্থ, পঞ্চম, অষ্টম, নবম, দ্বাদশস্থানে বুধভিন্ন গ্রহ না থাকিলে যথাক্রমে সপ্তম, দশম, প্রথম, একাদশ, তৃতীয়, ষষ্ঠস্থ চন্দ্র শুভকর হয়।

## দক্ষিণ বেধে কুজ-শনি-রাহু-কেতুশুদ্ধিঃ

সহজ-শক্র-ভবস্থ ইলাসুতো ব্যয়তপঃ সুতগৈ র্নচ বিধ্যতে।
শুভকরো মৃদুগোঽপি তমঃ শিখী শুভ ইনেন তু বিদ্ধ ইহার্কজঃ ॥ দ্রু,বি

দ্বাদশে, নবমে, পঞ্চমে কোন গ্রহ না থাকিলে যথাক্রমে তৃতীয়, ষষ্ঠ, একাদশস্থ মঙ্গল, শনি, রাহু, কেতু ইহারা শুভকর। এই সকল স্থানে রবিদ্বারা বিদ্ধ হইলেও শনি শুভকর হয়।

## দক্ষিণ বেধে বুধ শুদ্ধিঃ

ধনজলারি-ভবাস্পদ-মৃত্যুগঃ সুত-সহোত্থনবান্ত্যবধাত্থগৈঃ।
গগনগৈ র্নচ বিদ্ধ ঋতে বিধুং বিধুজ ইষ্টফলং জনয়েদ্ ধ্রুবম্॥ দ্রু'বি

পঞ্চম, তৃতীয়, নবম দ্বাদশ, অষ্টম, প্রথমে চন্দ্র ভিন্ন গ্রহ না থাকিলে যথাক্রমে দ্বিতীয়, চতুর্থ, ষষ্ঠ, একাদশ, দশম, অষ্টমস্থ বুধ শুভ।

## দক্ষিণ বেধে গুরু শুদ্ধিঃ

স্বসুত-কামতপোভবসংস্থিতঃ সুরগুরুঃ খচরৈ র্নচ বিধ্যতে।
ব্যয়সুখ-ত্রিখ-ধর্ম গতৈ র্যদা শুভফলং প্রদিশেন্নিতরাং তদা॥ দ্রু, বি

দ্বাদশ, চতুর্থ, তৃতীয়, দশম ও নবমে কোন গ্রহ না থাকিলে যথাক্রমে দ্বিতীয় পঞ্চম, সপ্তম, নবম, একাদশস্থ বৃহস্পতি শুভজনক।

## দক্ষিণ বেধে শুক্র শুদ্ধিঃ

স্বভত আসুত-লাভ-নবাষ্টম-ব্যয়-গতো ভৃগুজঃ শুভদস্তদা।
বধ-মদাদিম-কর্ম নব-ত্রিকাপ্তি-সুত-শক্র গতৈ র্নচ বিধ্যতে॥ দ্রু, বি

জন্মরাশি হইতে অষ্টম, সপ্তম, প্রথম, দশম, নবম, তৃতীয়, একাদশ, পঞ্চম ও ষষ্ঠে কোন গ্রহ না থাকিলে যথাক্রমে প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, একাদশ, নবম, অষ্টম, দ্বাদশস্থ শুক্র শুভদায়ক।

## বাম বেধে গ্রহ শুদ্ধিঃ

আখেটগর্ক্ষং গ্রহশুদ্ধি রুক্তা স্বজন্মরাশে র্ব্যধগোচরাভ্যাম্।
দক্ষঃ খগৈর্বেধ উদীরিতোযস্তদ্ বৈপরীত্যেন স বামবেধঃ॥ উ, জা

জন্মরাশি হইতে কর্মকালীন গ্রহাবস্থিত রাশিপর্য্যন্ত বেধ ও গোচরদ্বারা শুদ্ধি বিচার করিবে। দক্ষিণ বেধে যেরূপ শুদ্ধি বলা হইল তাহার বিপরীত নিয়মে বাম বেধে শুদ্ধি জানিবে।

যেমন রবির দক্ষিণ বেধের বিপরীত নিয়মে অর্থাৎ জন্মরাশি হইতে তৃতীয়, ষষ্ঠ, দশম, একাদশে শনি ভিন্ন গ্রহ থাকিলে (বিদ্ধ হইলে) যথাক্রমে জন্মরাশি হইতে নবম, দ্বাদশ, চতুর্থ, পঞ্চমস্থ রবি বাম বেধে শুদ্ধ হয়।

জন্মরাশি হইতে সপ্তম, দশম, প্রথম, একাদশ, তৃতীয়, ষষ্ঠে, বুধ ভিন্ন গ্রহ থাকিলে যথাক্রমে দ্বিতীয়, চতুর্থ, পঞ্চম, অষ্টম, নবম, দ্বাদশস্থ চন্দ্র বাম বেধে শুদ্ধ হয়। এইরূপে দক্ষিণ বেধের বিপরীত ক্রমে বাম বেধে সকল গ্রহের শুদ্ধি।

## সুখবোধার্থং বামবেধে চন্দ্রশুদ্ধি কথনম্।

বিবিদ্ গ্রহেভ্যো মদসংস্থিতো বিধুর্জন্মর্ক্ষতোঽন্ত্যাব্ধি তপোগতঃ শুভঃ।
এভ্যঃ ক্রমাৎ খাত্মজনাশসংস্থিতো নাশাত্মজার্থস্থিত ইষ্টদায়কঃ ॥ উ, জা

জন্মরাশি হইতে দ্বাদশ, চতুর্থ, বা নবমস্থ চন্দ্র বুধ ভিন্ন গ্রহের সপ্তমস্থ হইলে অথবা জন্মরাশি হইতে অষ্টম, পঞ্চম ও দ্বিতীয়স্থ চন্দ্র বুধ ভিন্ন গ্রহের যথাক্রমে দশম, পঞ্চম, অষ্টমস্থ হইলে বামবেধে শুদ্ধ হয়।

## বেধফলম্

শুভপ্রদো যদ্যপি গোচরেণ দক্ষেণ বিদ্ধস্ত্বশুভঃ স খেটঃ।
দক্ষেণ বিদ্ধোঽপি চ বামবিদ্ধঃ সচেদ্ গ্রহঃ শোভন উক্ত এব ॥ উ,জা

গোচরে শুভ থাকিলেও সেই গ্রহ দক্ষিণবেধে বিদ্ধ হইলে অশুভ কর হয়, বিদ্ধ না হইলে শুভকর হয়। দক্ষিণ বেধ জন্য অশুভ প্রদ গ্রহও বামবেধে বিদ্ধ হইলে শুভপ্রদ হয়।

## দেশে বিশেষে বেধ বিচারঃ

হেমাদ্রি-বিন্ধ্যান্তর এব বেধশ্চিন্ত্যঃ সদা কশ্যপ এবমাহ।
বামস্তু বেধো গ্রহসংস্থরাশে রেবং গুরুঃ কশ্যপ আহতুশ্চ ॥ উ, জা

কশ্যপ বলিয়াছেন হিমালয় ও বিন্ধ্য পর্বতের মধ্যবর্ত্তী দেশেই কেবল বেধের বিচার করিবে, অন্য দেশে নহে। বৃহস্পতি ও কশ্যপ বলিয়াছেন বাম বেধে গ্রহসংস্থ রাশি হইতে বেধ বিচার করিবে। যেমন জন্মরাশি হইতে নবমস্থ রবি, কর্মকালীন রবিস্থিত রাশি হইতে তৃতীয়স্থ শনিবর্জিত গ্রহদ্বারা বিদ্ধ হইলে বাম বেধে শুভ। ইত্যাদিক্রমে সকল গ্রহের জানিবে। বঙ্গদেশের রাজসাহী বিভাগ প্রভৃতি বিন্ধ্যাচলের উত্তরে অবস্থিত দেশে বেধ বিচার্য্য, কলিকাতা, মেদিনীপুর প্রভৃতি স্থান দক্ষিণে জন্য বেধ বিচার্য্য নহে।

## গ্রহাণাং রাশি স্থিতি কালঃ

মাসং তিষ্ঠতি ভাস্করো হিমকরঃ পাদান্বিতাহর্দ্বয়ং
সার্দ্ধং মাসমিলাসুতো ধৃতিদিনান্যেকালয়ে বোধনঃ।
জীবো হায়নমষ্টযুগ্মদিবসানীজ্যোঽসুরাণাং শনিঃ
সার্দ্ধং দ্বিপ্রমহায়নং দিতিসুতৌ রাশৌ চ সার্দ্ধাব্দকম্॥ শা, বি

একরাশিতে রবি ১ মাস, চন্দ্র দুইদিন ১৫দণ্ড, মঙ্গল ৪৫ দিন, বুধ ১৮ দিন, বৃহস্পতি ১ বৎসর, শুক্র ২৮ দিন, শনি ২ বৎসর ৬ মাস, রাহু ও কেতু ১ বৎসর মাস একরাশিতে অবস্থান করিয়া থাকে। গতির ন্যূনাধিক্যে ইহার কিঞ্চিৎ হ্রাস বৃদ্ধি হইয়া থাকে।

## অষ্টবর্গ শুদ্ধিঃ

যাত্রাবিবাহোপনয়াদিকে খগঃ শুভোঽষ্টবর্গে যদি শোভনো ন চেৎ।
বেধদ্বয়াদ্ গোচরতঃ শুভোঽন্যথা চাবশ্যকৃত্যেঽর্হণ-দানতঃ শুভঃ॥ উ, জা

যাত্রা, বিবাহ, উপনয়নাদিতে যেযে গ্রহের শুদ্ধি আবশ্যক সেই সেই গ্রহ নিজ নিজ অষ্টবর্গে শুদ্ধ হইলে শুভ। অষ্টবর্গে শুদ্ধি না থাকিলে গোচর দক্ষিণ বেধ ও বাম বেধ দ্বারা শুদ্ধি বিচার করিবে। তাহাতেও শুদ্ধ না হইলে অবশ্য করণীয় কার্য্যে পূজা ও দানাদি দ্বারা গ্রহ শুভ প্রদ হয়।

ইতি সরযূতীরাগত শাকদ্বীপীয় ব্রাহ্মণবংশোদ্ভব, মৈমনসিংহ মণ্ডলে টাঙ্গাইলান্তর্গত বড় বেলতাগ্রাম নিবাসি, পাঠকোপাহ্ব, পণ্ডিতপ্রবর কৃপানাথ দেবশর্ম্মণাত্মজ, কলিকাতানগরোপকণ্ঠস্থিত বরাহনগর নিবাসি, কলিকাতাস্থ রাজকীয় সংস্কৃত পাঠশালা ( গবর্ণমেণ্ট সংস্কৃত কলেজ ) জ্যোতিষাদি শাস্ত্রাধ্যাপক, স্মৃতিব্যাকরণ জ্যোতিস্তীর্থোপাধিক, শ্রীরাধাবল্লভ দেবশর্ম বিরচিত মুহূর্ত্তবল্লভে শুভাশুভাধ্যায়ঃ।

# অষ্টবর্গাধ্যায়ঃ

## সূর্য্যাষ্ট বর্গ রেখাঃ ৪৮

অর্কঃ স্বাৎ কেন্দ্রনাগাঙ্কভবার্থস্থঃ শুভপ্রদঃ।
চন্দ্রাদুপচয়স্থশ্চ মন্দারাভ্যাং খরাংশুবৎ ॥
জ্ঞাৎ কোণোপচয়ান্ত্যস্থো জীবাৎ কোণারি লাভগঃ।
শুক্রাদন্ত্যারিশৈলস্থোঽঙ্গাদব্দ্যুপচয়ান্ত্যগঃ ॥

সূর্য্যাৎ ১।২।৪।৭।৮।৯।১০।১১ চন্দ্রাৎ ৩।৬।১০।১১ কুজাৎ ১।২।৪।৭।৮।৯।১০।১১ বুধাৎ ৩।৫।৬।৯।১০।১১।১২ জীবাৎ ৫।৬।৯।১১ শুক্রাৎ ৬।৭।১২ মন্দাৎ ১।২।৪।৭।৮।৯ ১০।১১ লগ্নাৎ ৩।৪।৬।১০।১১।১২

## চন্দ্রাষ্ট বর্গ রেখাঃ ৪৯

চন্দ্রঃ শুভো রবের্নাগসপ্তোপচয় সংস্থিতঃ।
স্বাদ্ দ্যূনোপচয়াদ্যস্থো মন্দাৎ ত্রীষরিরুদ্রগঃ ॥
ভৌমাৎ কোণোপচিত্যর্থে লগ্নাদুপচয়ে স্থিতঃ।
বুধাৎ কণ্টকরুদ্রাগ্নি পুত্র মৃত্যুগতঃ শুভঃ ॥
জীবাৎ কেন্দ্রেভ লাভার্থ গতঃ শর্মকরো ভবেৎ।
শুক্রাৎ কোণাব্ধিলাভত্রিমুনিদিক্স্থঃ সুশোভনঃ ॥

সূর্য্যাৎ ৩।৬।৭।৮।১০।১১ চন্দ্রাৎ ১।৩।৬।৭।১০।১১ কুজাৎ ২।৩।৫।৬।৯।১০।১১ বুধাৎ ১।৩।৪।৫।৭।৮।১০।১১ জীবাৎ ১।২।৪।৭।৮।১০ শুক্রাৎ ৩।৪।৫।৭।৯।১০।১১ মন্দাৎ ৩।৫।৬।১১ লগ্নাৎ ৩।৬।১০।১১

## ভৌমাষ্টবর্গরেখাঃ ৩৯

অর্কাদুপচয়ে সংস্থো ভৌমোঽগ্নীশারিগো বিধোঃ।
স্বাৎ কেন্দ্রেভেশবিত্তস্থো জ্ঞাদগ্নীশেষরিস্থিতঃ ॥
জীবাল্লাভান্ত্যাদিক্ষট্স্থঃ শুক্রাদ্ দুঃস্থেশগঃ শুভঃ।
শনেঃ কেন্দ্রেভলাভাঙ্কস্থিতঃ ক্ষ্মোপচয়ে তনোঃ ॥

সূর্য্যাৎ ৩।৫।৬।১০।১১। চন্দ্রাৎ ৩।৬।১১। কুজাৎ ১।২।৪।৭।৮।১০।১১ বুধাৎ

৩।৫।৬।১১ জীবাৎ ৬।১০।১১।১২। শুক্রাৎ ৬।৮।১১।১২ মন্দাৎ ১।৪।৭।৮।৯।১০।১১।
গ্নাৎ ১।৩।৬।১০।১১

## বুধাষ্টবর্গ রেখাঃ ৫৫

কোণারীশব্যয়স্থোঽর্কাদ্ বোধনঃ শুভদায়কঃ।
চন্দ্রাদ্ দ্ব্যঙ্গেভলাভাব্ধি দিক্‌সংস্থঃ শোভনো মতঃ ॥
ভৌমাৎ কেন্দ্রার্থ নাগাঙ্ক লাভস্থঃ স্যাৎ শুভপ্রদঃ।
স্বাদাদ্যোপচয়ার্কেষুগোস্থিতঃ শর্ম্মদো ভবেৎ ॥
গুরো র্দশনলাভান্ত্যনাগসংস্থোঽপি শর্ম্মদঃ।
শুক্রাদাদ্যধনেশেভকোণত্রিবারিধিস্থিতঃ ॥
মন্দাৎ কেন্দ্রার্থ লাভাঙ্ক রিপ্‌ফনাগগতস্তথা।
লগ্নাদাদ্যধনাব্ধীশগজদিগ্‌রসগঃ শুভঃ ॥

সূর্য্যাৎ ৫।৬।৯।১১।১২ চন্দ্রাৎ ২।৪।৬।৮।১০।১১ কুজাৎ ১।২।৪।৭।৮।৯।১০।১১
াৎ ১।৩।৫।৬।৯।১০।১১।১২ জীবাৎ ৬।৮।১১।১২ শুক্রাৎ ১।২।৩।৪।৫।৮।৯।১১।
দাৎ ১।২।৪।৭।৮।৯।১০।১১।১২ লগ্নাৎ ১।২।৪।৬।৮।১০।১১।

## জীবাষ্টবর্গ রেখাঃ ৫৬

সূর্য্যাৎ কেন্দ্রার্থ লাভাগ্নিনন্দাষ্টস্থো গুরুঃ শুভঃ।
চন্দ্রাদ্ দ্বীশর্ষিকোণস্থো ভৌমাদ্ দ্বীশাষ্টকেন্দ্রগঃ ॥
বুধাদাদ্যধনাব্ধীষুষড়ঙ্কলাভদিক্‌স্থিতঃ।
স্বাৎ কেন্দ্রেশেভরামাশাগতঃ স শোভনো মতঃ ॥
কবেঃ কোণদ্ব্যরীশাশাস্থো মন্দাৎ ত্রীষ্বরিব্যয়ে।
লগ্নাদ্ দ্ব্যঙ্গেশকেন্দ্রাঙ্কবাণস্থঃ শুভদায়কঃ ॥

সূর্য্যাৎ ১।২।৩।৪।৭।৮।৯।১০।১১ চন্দ্রাৎ ২।৫।৭।৯।১১ কুজাৎ ১।২।৪।৭।৮।১০।
বুধাৎ ১।২।৪।৫।৬।৯।১০।১১ জীবাৎ ১।২।৩।৪।৭।৮।১০।১১ শুক্রাৎ ২।৫।৭।৯
।১১। মন্দাৎ ৩।৫।৬।১২ লগ্নাৎ ১।২।৪।৫।৬।৭।৯।১০।১১

## শুক্রাষ্টবর্গ রেখাঃ ৫২

ভাস্করাল্লাভনাগান্ত্যসংস্থো দৈত্যগুরুঃ শুভঃ।
চন্দ্রাদাদ্যদ্বিরামাব্ধিকোণেভান্ত্যভবস্থিতঃ ॥

ভৌমাদ্ বেদাগ্নিতর্কাঙ্কশিবান্ত্যস্থঃ শুভপ্রদঃ।
বোধনাদ্ বহ্নিতর্কেষুগোলাভস্থঃ শিবো ভবেৎ ॥
জীবাৎ পঞ্চাষ্টদিগ্‌লাভনন্দস্থঃ শোভনো মতঃ।
স্বাদাত্যদ্বিহুতাশাব্ধিকোণাষ্টদিগ্ ভবস্থিতঃ ॥
মন্দাদ্ গুণাব্ধিবাণাষ্টনন্দদিগ্ লাভসংস্থিতঃ।
লগ্নাদাত্যদ্বিবেদাগ্নিকোণাষ্টশিবগঃ শুভঃ ॥

সূর্য্যাৎ ৮।১১।১২ চন্দ্রাৎ ১।২।৩।৪।৫।৮।৯।১১।১২। কুজাৎ ৩।৪.৬।৯।১১।১২ বুধাৎ ৩।৫।৬।৯।১১ জীবাৎ ৫।৮।৯।১০।১১ শুক্রাৎ ১।২।৩।৪।৫।৮।৯।১০।১১ মন্দাৎ ৩।৪।৫.৮।৯।১০।১১ লগ্নাৎ ১।২।৩।৪।৫।৮।৯।১১।

## মন্দাষ্টবর্গরেখাঃ ৩৯

সূর্য্যাৎ কেন্দ্রেশনাগার্থ গতো মন্দঃ সুশোভনঃ।
ভৌমাৎ ত্রীষঙ্গলাভান্ত্য দিক্‌সংস্থঃ শুভদায়কঃ ॥
জ্ঞাৎ দুঃস্থেশদিগঙ্কস্থ শ্চন্দ্রাল্লাভাঙ্গবহ্নিগঃ।
জীবাৎ তর্কেষু লাভান্ত্যসংস্থিতঃ শুভদো মতঃ ॥
শুক্রাৎ শিবার্কতর্কস্থঃ স্বাৎ ত্র্যঙ্গশর লাভগঃ।
লগ্নাদাত্যোপচিত্যব্ধিগতোঽসৌ শর্মদো ভবেৎ ॥

সূর্য্যাৎ ১।২।৪।৭।৮।১০।১১ চন্দ্রাৎ ৩।৬।১১ কুজাৎ ৩।৫।৬.১০।১১।১২ বুঃ ৬।৮।৯।১০।১১।১২ জীবাৎ ৫।৬। ১১।১২ শুক্রাৎ ৬।১১।১২ মন্দাৎ ৩।৫।৬। লগ্নাৎ ১।৩।৪।৬।১০।১১

## লগ্নাষ্ট বর্গ রেখাঃ ৩৭

সূর্য্যাৎ কেন্দ্রেভলাভার্থ গতা স্যাৎ শোভনা তনুঃ।
কুজাৎ ত্রীষঙ্গ লাভস্থা শুক্রাদন্ত্যেশষট্ স্থিতা ॥
বুধাৎ ষড়ষ্টনন্দেশদিক্‌স্থাজ্ঞাৎ ত্র্যঙ্গলাভগা।
জীবাদাদিত্যবাণেশদর্শনস্থা শুভপ্রদা ॥
শনে হুর্তাশবাণাষ্ট দিগ্ রুদ্রস্থা ভবেচ্ছুভা।
নিজাদপি চ চন্দ্রাগ্নিবেদতর্কেশদিগ্ গতা ॥

সূর্য্যাৎ ১।২।৪।৭।৮।১০।১১ চন্দ্রাৎ ৩।৬।১১ কুজাৎ ৩।৫।৬।১১ বুধাৎ ৬।৮।৯।১০।১১ জীবাৎ ৫।৬।১১।১২ শুক্রাৎ ৬।১১।১২ মন্দাৎ ৩।৫।৮।১০।১১ লগ্নাৎ ১।৩।৪।৬।১০।১১।

## অষ্ট বর্গ ফলম্

ইত্যুক্ত মিষ্টং ন শুভং হ্যনুক্তং তয়ো র্বিশেষৈ রশুভং শুভং বা।
নিজোপচিত্যুচ্চসুহৃৎ ত্রিকোণভস্থঃ স্বরাশেঃ শুভদোঽশুভোঽপি ॥ উ, জা

অশুভং বিন্দুবাহুল্যে রেখাধিক্যে শুভং স্মৃতম্।
রেখাবিন্দু সমং যত্র সাম্যং তত্র নিগদ্যতে ॥

কথিতস্থানে রেখা, অকথিতস্থানে বিন্দু স্থাপন করিবে। অষ্টবর্গে সাতটি গ্রহ ও লগ্ন এই ৮টি রেখা হইতে পারে। রাশিতে যে কয়টি রেখা পাত হইয়াছে তাহা শুভ যে কয়টি বিন্দু তাহা অশুভ নামে অভিহিত। এই শুভ ও অশুভের অন্তরে শুভের সংখ্যা যত অধিক হইবে রাশিতে তত রেখা বা সংখ্যা এবং অশুভের সংখ্যা যত অধিক হইবে তত বিন্দু লিখিবে। রেখা ও বিন্দু সমান হইলে সম লিখিবে। সম রাশিতে শুভ বা অশুভ হয় না। সংখ্যাযুক্ত রাশি শুভপ্রদ, বিন্দুযুক্ত রাশি অশুভপ্রদ। জন্ম রাশি হইতে তীয়, ষষ্ঠ, দশম, একাদশ, নিজ গৃহ, উচ্চ, মিত্রগৃ বা মূলত্রিকোণে থাকিলে গোচরে বা অষ্টবর্গে বিরুদ্ধ গ্রহও শুভ কর হয়।

## অশুভ গ্রহ প্রতিকারঃ

মূলানি রত্নানি চ ধাতবস্তথা ধার্য্যাণি সর্বৌষধিভির্নিমজ্জনাৎ।
দানাজ্ জপাৎ পূজনতোঽপি হোমতঃ খেটা বিরুদ্ধাঅপি সৌখ্যদাঃ
স্মৃতাঃ ॥ ই, বং

গ্রহগণের নির্দিষ্ট মূল, রত্ন বা ধাতুধারণ, সর্বৌষধি বা স্নানৌষধি দ্বারা স্নান, দান, জপ, পূজা বা হোম করিলে দশা, অন্ত র্দশা, অষ্টবর্গ, গোচর দ্বাদশ ভাব প্রভৃতিতে বিরুদ্ধ গ্রহ ও শুভ দায়ক হয়।

## গ্রহাণাং ধার্য্য মূলানি।

সূর্যে বিল্বস্য মূলং বিগুণ উডুপতৌ ক্ষীরিকায়াশ্চ ধার্যং
জিহ্বাহে ভূমিপুত্রে শশধরতনয়ে বৃদ্ধদারুদ্রুমস্য।

ভার্গ্যা দেবেশপূজ্যে শুভজনকমথো সিংহপুচ্ছস্য কাব্যে
শ্বেতং বাট্যাল মার্কৌ মলয়জ মসুরে চাশ্বগন্ধস্য কেতৌ। স্র, ঃ

সূর্যবিরুদ্ধে বিল্বমূল, চন্দ্রে ক্ষীরিকামূল, মঙ্গলে অনন্তমূল, বুধে বৃঃ দারকমূল, বৃহস্পতিতে ব্রহ্মষষ্টির ( বামনহাটীর ) মূল, শুক্রে পিঠানী, চাকুঃে বা রামবাসকমূল, শনিতে শ্বেতবেড়েলার মূল রাহুতে শ্বেতচন্দনের মূল, কেতু বিরুদ্ধ থাকিলে অশ্বগন্ধামূল ধারণীয়।

## গ্রহ রত্নানি

মাণিক্যং বিগুণে রবৌ শশধরে ধার্য্যং চ মুক্তাফলম্
শান্ত্যৈ ভূমিসুতে প্রবালমথ বৈ গারুত্মতং বোধনে।
দেবেজ্যেঽপি চ পুষ্পরাগমসুরাচার্যে চ বজ্রং শনৌ
নীলং চাসুরয়োঃ ক্রমেণ গদিতে গোমেদ-বৈদূর্য্যকে। শা, বি

রবি বিরুদ্ধে মাণিক্য (চুনি) চন্দ্রে মুক্তা, মঙ্গলে প্রবাল, বুধে গারুত্মত মণি ( পক্ষীরাজ বা পোখরাজ ) বৃহস্পতিকে পদ্মরাগ, শুক্রে হীরক, শনিতে নীলা, রাহুতে গোমেদ, কেতুবিরুদ্ধে বৈদূর্য রত্ন ধারণ করিবে।

## স্বর্ণমুদ্রায়াং নবরত্ন সন্নিবেশনম্।

শুক্রশ্চন্দ্রো ভূমিজো দৈত্যনাথো মন্দো কেতু র্দেবপূজ্যোঽথ সৌম্যঃ।
রত্নান্যেষামৈন্দ্রতো মুদ্রিকায়াং মাণিক্যং বৈ মধ্যতোঽর্কস্য ধার্য্যম্। শা, নী

একটি সুবর্ণ অঙ্গুরীয়কে গ্রহমণ্ডলের ন্যায় পূর্ব্বদিক হইতে দক্ষিণাবর্ত্তে ক্রমশঃ শুক্র, চন্দ্র, মঙ্গল রাহু, শনি, কেতু, বৃহস্পতি ও বুধের রত্ন এবং মধ্য ভাগে সূর্য্যের রত্ন মাণিক্য স্থাপন করিবে।

## গ্রহধাতবঃ

শান্ত্যর্থং বিগুণেঽথ তিগ্মকিরণে তাম্রং করে ধারয়েৎ
শঙ্খং শীতলগৌ প্রবাল মবনী সূনৌ বুধে কাঞ্চনম্।
মুক্তাং দেবগুরৌ চ রৌপ্য মসুরাচার্যে শনৌ সীসকং
রাজাবর্ত্তমণিং ধরেৎ শিখিনি বৈ রাহৌ চ লৌহং শুচিঃ॥ শা,বি

রত্নধারণে অসমর্থ হইলে বিরুদ্ধ রবিতে তাম্র, চন্দ্রে, শঙ্খ, মঙ্গলে

প্রবাল, বুধে স্বর্ণ, বৃহস্পতিতে মুক্তা, শুক্রে রৌপ্য, শনিতে সীসক, রাহুতে লৌহ, কেতুতে রাজাবর্ত্ত ( লাজাবর্ত্ত বা বায়য়াটী ) ধারণ করিবে।

## সর্বৌষধি কথনম্

মুরা সমাংসী রজনীদ্বয়ং শঠী শৈলেয় মুস্তা বচকুষ্ঠ চম্পকম্।
সর্বৌষধীতি গ্রহদোষশান্তয়ে স্নানার্থ মুক্তং ফলশাস্ত্র কোবিদৈঃ॥ উ, জা

## স্নানৌষধি কথনম্

লোধ্রঃ প্রিয়ঙ্গু রজনীদ্বয়ং চ মাংসী চ সিদ্ধার্থ উশীর মূলম্।
ধন্যাক মুস্তা সবচাথ সর্বৈঃ স্নায়াৎ সমেতৈঃ খচরপ্রশান্ত্যৈ॥ ই, ব

লোধ, প্রিয়ঙ্গু, হরিদ্রা, দারুহরিদ্রা, জটামাংসী, শ্বেতসর্ষপ, বীরণমূল, ধনিয়া, মুথা, বচ এই দশ প্রকার দ্রব্য স্নানৌষধি নামে খ্যাত। এই সকল একত্রে জলের সহিত মিশ্রিত করিয়া স্নান করিলে গ্রহ দোষ শান্তি হয়।

## গ্রহ পূজায়াং নৈবেদ্যানি ( বলিদ্রব্যাণি )।

নৈবেদ্যং সগুড়ৌদনং দিনপতেঃ সাজ্যং বিধোঃ পায়সং
যাবাকং ক্ষিতিজস্য সোমতনয়ে দুগ্ধৌদনং মন্ত্রিণঃ।
দধ্যন্নং ভৃগুজে ঘৃতৌদনমথো পিষ্টাস্তিলা মন্দগে
রাহো র্মাংসমপক্ক মেব শিখিন শ্চিত্রৌদনং প্রীতয়ে॥ শা, বি

রবির নৈবেদ্য বা বলিদ্রব্য গুড়ৌদন, চন্দ্রের সঘৃত পায়সান্ন, মঙ্গলের যাবাক ( যবমিশ্রিত তণ্ডুল ) বুধের দুগ্ধৌদন, বৃহস্পতির দধ্যোদন, শুক্রের ঘৃতৌদন, শনির পিষ্ট তিল, রাহুর অপক্ক ছাগমাংস, কেতুর ছাগকর্ণ রক্ত দ্বারা অভাবে রক্ত চন্দন দ্বারা চিত্রিত তণ্ডুল।

## হোমে সমিধঃ

অর্কঃ সাজ্য ইনে পলাশ উড়ুপে হোমে কুজে খাদিরোঽ-
পামার্গো বিধুজে চ পিপ্পল ইহাচার্যে তথোড়ুম্বরঃ।
দৈত্যেজ্যেঽথ শমী শনৌ দিতিসুতে দুর্বাপি কেতোঃ কুশ-
শ্চাষ্টাবিংশতি রষ্ট বা শতমথো সাষ্টং সহস্রং তথা॥ শা, বি

রবির হোমে আকন্দ, চন্দ্রের পলাশ, মঙ্গলের খদির, বুধের অপামার্গ,

বৃহস্পতির অশ্বত্থ, শুক্রের যজ্ঞডুম্বুর, শনির শমী ( শাঁই ) রাহুর দূর্ব্বা, কেতুর হোমে কুশ। অষ্ট, অষ্টাবিংশতি, অষ্টোত্তর শত বা অষ্টোত্তর সহস্র সংখ্যক ঘৃত সংযুক্ত এই সকল সমিধ দ্বারা গ্রহগণের নিজ নিজ বৈদিক বা তান্ত্রিক মন্ত্রে হোম করিবে।

## হোমে দক্ষিণা

অর্কে ধেনুঃ শীতরশ্মৌ চ শঙ্খো ভৌমেঽনড্বানিন্দুসূনৌ সুবর্ণম্।
বাসো দেবেজ্যে হয়ো দৈত্য পূজ্যে মন্দে ধেনুর্দৈত্যয়োঃ শস্ত্র ছাগৌ ॥ শা, নী

হোমে সূর্য্যের দক্ষিণা ধেনু অভাবে ধেনুমূল্য, চন্দ্রের শঙ্খ, মঙ্গলের বৃষ, বুধের সুবর্ণ, বৃহস্পতির বস্ত্র, শুক্রের অশ্ব, শনির ধেনু, রাহুর লৌহাস্ত্র, কেতুর ছাগ।

## দ্রব্যা ভাবে মূল্যানি

ধেনো মূর্ল্য মথ ত্রয়ং সুবিহিতং যৎকাকি নীনাং স্মৃতৌ
মূল্যং মাহিষ মষ্টকং দ্বয় মবে শ্চাশ্বস্য তত্বোন্মিতম্।
রত্নস্যাপি চতুষ্টয়ং ব্যবহৃতং তৎপঞ্চকং তূক্ষণো-
বস্ত্রেণাথ সদক্ষিণং চ কথিতং দানং সভোজ্যং বুধৈঃ ॥ শা, বি

ধেনুর মূল্য ৩ কাহন কড়ি অর্থাৎ ৸৹ বার আনা, মহিষ মূল্য ৮ কাহন বা দুই টাকা, মেষের মূল্য ২ কাহন বা ।৷৹ আট আনা, অশ্ব মূল্য ২৫ কাহন বা ৬।৹ ছয়টাকা চারি আনা, রত্ন মূল্য ৪ কাহন বা এক টাকা, বৃষ মূল্য ৫ কাহন বা একটাকা চারি আনা। সকল দান দ্রব্য বস্ত্র, ভোজ্যও দক্ষিণার সহিত দান করিবে।

## গ্রহাণাং দানীয় দ্রব্যাণি ( রবেঃ )

গোধূম রক্তকমলং সহবৎস ধেনুং
মাণিক্য কাঞ্চন গুড়ং চ কুসুম্ভ বস্ত্রম্।
আরক্ত চন্দন মথাপিচ তাম্রপাত্রং
দদ্যাদ্দসূর মরুণায় চ দোষশান্ত্যৈ ॥ ব, তি

গোধূম, রক্তপদ্ম, সবৎস ধেনু, মাণিক্য, স্বর্ণ, গুড়, কুসুম্ভরঞ্জিতবস্ত্র, রক্তচন্দন

তাম্রপাত্র, মসুর, বিরুদ্ধ সূর্য্যজনিত দোষ শান্তির জন্য বস্ত্র, ভোজ্য ও দক্ষিণার সহিত সূর্য্যকে দান করিবে।

### চন্দ্রস্য

কর্ষোপযুক্ত বৃষভং দধি শঙ্খমুক্তা
কর্পূর শুক্লবসনং ঘৃতপূর্ণ কুম্ভম্।
রৌপ্যস্থ তণ্ডুল মথো রজতং সুবর্ণং
তুষ্টায় শীতকিরণায় শুচিঃ প্রদদ্যাৎ॥ ব, তি

কর্ষণোপযুক্ত বৃষ, দধি, শঙ্খ, মুক্তা, কর্পূর, শ্বেতবস্ত্র, ঘৃতপূর্ণকুম্ভ, রৌপ্য পাত্রস্থ তণ্ডুল, রৌপ্য, স্বর্ণ, দোষ শান্তির জন্য চন্দ্রকে দান করিবে।

### কুজস্য

গোধূম রক্তবসনং করবীরপুষ্পং
তাম্রারুণর্ষভ মসূর গুড় প্রবালম্।
আরক্ত চন্দন বিশুদ্ধ হিরণ্যকং চ
মাহেয় দোষ শমনায় বদন্তি দেয়ম্॥ ব, তি

গোধূম, রক্তবস্ত্র, রক্তবর্ণকরবীরপুষ্প, তাম্রপাত্র, লোহিতবর্ণ বৃষ, মসুর, গুড়, প্রবাল, রক্তচন্দন, স্বর্ণ মঙ্গলের দান।

### বুধস্য

গারুত্মতং দ্বিরদদন্ত সুবর্ণ মুদ্গং
দ্রাক্ষাজ্য নীলবসনং সহকাংস্যপাত্রম্।
রৌপ্যাবি-পীতকুসুমং চ বিশুদ্ধ মিন্দোঃ
পুত্রায় দেয় মখিলং খলু দোষশান্ত্যৈ॥ ব, তি

পোখরাজ, হস্তিদন্ত, স্বর্ণ, মুগ, কিস্‌মিস্, ঘৃত, নীলবস্ত্র, কাংস্যপাত্র, রৌপ্য, মেষ, হরিদ্রাবর্ণ পুষ্প বুধকে দান করিবে।

### গুরোঃ

পীতাং চ পীতবসনং হ্যপি পীতধান্যং
স্বর্ণং সশর্করতুরঙ্গম পুষ্পরাগম্।

যৎ সৈন্ধবস্তু লবণং গুরবে প্রদদ্যাদ্-
নিঃশেষরিষ্টনিচয়স্য বিশোধনায় ॥ ব, তি

হরিদ্রা, পীতবস্ত্র, পীতধান্য, স্বর্ণ, শর্করা, ঘোটক, পুষ্পরাগমণি, সৈন্ধব লবণ, বৃহস্পতিকে দান করিবে।

### শুক্রস্য

সং তণ্ডুলং বিবিধ বর্ণ বিচিত্র বস্ত্রং
শ্বেতং চ চন্দন মথো ধবলং তুরঙ্গম্।
ধেনুং তথা রজত কাঞ্চন হীরকাজ্যং
শ্বেতং তু ধান্য মথ চাস্ফুজিতে প্রদদ্যাৎ ॥ ব, তি

সুগন্ধতণ্ডুল, চিত্রিতবস্ত্র, শ্বেতচন্দন, শ্বেতাশ্ব, ধেনু, রৌপ্য, স্বর্ণ, হীরক, ঘৃত, শ্বেতধান্য শুক্রকে দান করিবে।

### শনে রাহোশ্চ

মাষেন্দ্র-নীলবসনায়সপাত্র তৈলং
দানং কুলত্থকতিলা মহিষ স্তথার্কেঃ।
গোমেদ-মেষ-হয়-লৌহ-সুনীলবস্ত্রং
তৈলঞ্চ কম্বলতিলা স্তমসে প্রদেয়াঃ ॥ ব, তি

মাষ, ইন্দ্রনীলমণি, নীলবস্ত্র, লৌহপাত্র, তিলতৈল, কুলত্থ, তিল, মহিষ শনির দান।

গোমেদ রত্ন, মেষ, অশ্ব, লৌহপাত্র, নীলবস্ত্র, তিলতৈল, কম্বল, তিল রাহুর দান।

### কেতোঃ

বৈদূর্য মাষ তিল কম্বল তীক্ষ্ণশস্ত্রং
কস্তূরিকাবি-তিল-তৈল-বিচিত্রবস্ত্রম্।
নিঃশেষ গোচর দশাদিজ দোষশান্ত্যৈ
চারোগ্য-বিত্ত-যশসে শিখিনে প্রদেয়ম্॥ ব, তি

বৈদূর্য রত্ন, মাষ, তিল, কম্বল, তীক্ষ্ণশস্ত্র, কস্তূরী, মেষ, তিল, তিলতৈল, চিত্রিত বস্ত্র, দোষ শান্তি ও আরোগ্যাদি কামনায় বস্ত্র,ভোজ্য ও দক্ষিণার সহিত কেতুকে দান করিবে।

---

## সং চারাধ্যায়ঃ

### গ্রহাণাং রাশি স্থিতিকালাঃ

মাসং তিষ্ঠতি ভাস্করো হিমকরঃ পাদান্বিতাহদ্বয়ং
সার্দ্ধং মাস মিলাসুতো ধৃতিদিনান্যেকালয়ে বোধনঃ।
জীবো হায়ন মষ্টযুগ্মদিবসানীজ্যোহ সুরাণাং শনিঃ
সার্দ্ধং দ্বিপ্রমহায়নং দিতিসুতৌ রাশৌ চ সার্দ্ধাব্দকম্॥ শা, বি

একরাশিতে রবি ১ মাস, চন্দ্র ২ দিন ১৫ দণ্ড, মঙ্গল ৪৫ দিন, বুধ ১৮ দিন, বৃহস্পতি ১ বর্ষ, শুক্র ২৮ দিন, শনি ২ বৎসর ৬ মাস, রাহু ও কেতু ১ বৎসর ৬ মাস অবস্থান করেন। বক্র অতিচার গতি হেতু ইহার কিছু হ্রাসবৃদ্ধি হইয়া থাকে।

### রবে র্বিষুবাদি সংক্রান্তয়ঃ

বিষুব সংক্রমণং তুল মেষয়ো রুদগবাচ্যয়নে মৃগকর্কয়োঃ।
ভবতি বিষ্ণুপদী স্থিরভে ক্রমে দ্বিপদভে ষড়শীতি মুখং স্মৃতম্॥ জ্যু, বি

সূর্য্যের তুলায় সংক্রমণের নাম জলবিষুব, মেষসংক্রমণের নাম মহাবিষুব সংক্রান্তি। মকরে প্রবেশের নাম উত্তরায়ণ, কর্কটে প্রবেশের নাম দক্ষিণায়ন সংক্রান্তি। বৃষ, সিংহ, বৃশ্চিক, কুম্ভ এই চারিটি স্থির রাশিতে গমনের নাম বিষ্ণুপদী এবং মিথুন, কন্যা, ধনু, মীন এই চারিটি দ্ব্যাত্মকরাশিতে গমনে ষড়শীতি সংক্রান্তি হইয়া থাকে।

### সংক্রান্তীনাং ঘোরাদি সংজ্ঞাঃ

উগ্রর্ক্ষে রবি সংক্রমে নিগদিতা ঘোরা লঘৌ ধ্বাঙ্ক্ষিকা
তীক্ষ্ণে স্যাদ্ যদি রাক্ষসী মৃদুগণে মন্দাকিনী সা স্মৃতা।
মিশ্রাখ্যা ত্বথ মিশ্রকে ধ্রুবগণে মন্দা মতা কোবিদৈঃ
সংক্রান্তিশ্চ মহোদরী চরগণে ভিন্না ইমাঃ সপ্তধা॥ শা, বি

উগ্রগণে রবিসংক্রমণের নাম ঘোরা সংক্রান্তি, লঘুগণে ধ্বাঙ্ক্ষী, তীক্ষ্ণগণে মিশ্রা, ধ্রুবগণে মন্দা, চরগণে রবি সংক্রমণের নাম মহোদরী সংক্রান্তি। নক্ষত্রের সপ্তগণ দ্বারা এই সপ্ত প্রকার সংক্রমণের ভেদ হইয়া থাকে।

## ঘোরাদি ফলানি

ঘোরা শূদ্রজনপ্রমোদজননী ধ্বাঙ্ক্ষী বিশাং মোদিনী
মন্দা ভূসুরসৌখ্যদা সুবিদিতা মিশ্রা পশূনাং সুখা।
চৌরাণাং তু মহোদরী সুখকরী রাজ্ঞাং চ মন্দাকিনী
রাক্ষস্যন্ত্যজ শর্মদা দিনপতেঃ সংক্রান্তি ভাৎ স্যাৎ ফলম্॥ শা,বি

ঘোরা সংক্রান্তি শূদ্র জাতির, ধ্বাংক্ষী বৈশ্যের, মন্দা ব্রাহ্মণের, মিশ্রা পশু সমূহের, মহোদরী চৌরের, মন্দাকিনী ক্ষত্রিয়ের, রাক্ষসী সংক্রান্তি অন্ত্যজ জাতির কল্যাণ কারিণী।

## কাল বিভাগেন সংক্রান্ত্যশুভফলানি

প্রাহ্ণেঽর্কক্রমণে নৃপাঃ ক্ষিতিসুরা মধ্যেঽপরাহ্ণে বিশ-
শ্চাস্তেঽনেহসি শূদ্রকাঃ প্রহরকে স্বাদ্যে পিশাচা নিশঃ।
রক্ষাংসি দ্বিতয়ে ত্রিকে নটজনা গোপালকা অন্তিমে
পাষণ্ডা উদয়ক্ষণে দিনপতেঃ সংপ্রাপ্নুবন্তি ক্ষয়ম্॥ শা, বি

পূর্বাহ্ণে রবি সংক্রমণে ক্ষত্রিয়গণ, মধ্যাহ্নে ব্রাহ্মণ, অপরাহ্ণে বৈশ্য, সূর্যাস্তকালে শূদ্র, রাত্রির প্রথমপ্রহরে পিশাচ, দ্বিতীয়ে রাক্ষস, তৃতীয়ে নট, চতুর্থ প্রহরে গোপালক, সূর্যোদয় কালে পাষণ্ডগণ বিনাশ প্রাপ্ত হয়।

## দিবা সংক্রমণে পুণ্যকালাঃ

সহস্ররশ্মে র্যদি সংক্রমঃ স্যাদ্দিবা তদা সর্বদিনং চ পুণ্যম্।
রাশিপ্রভেদেন বিশেষ পুণ্যকালো যদুক্তো মুনিভিঃ প্রবক্ষ্যে॥ উ, জা।

দিবসে সূর্যের সংক্রমণ হইলে সর্বদিন পুণ্যকাল। রাশির ভেদে পুণ্যতরাদি বিশেষ পুণ্যকালের ভেদ মুনিগণ বলিয়াছেন।

## দিবা সংক্রমণে পুণ্যতর কালাঃ

মেষে বা তুলকে তথা দ্বিতনুভে পশ্চাত্তু যামদ্বয়ং
ত্রিংশৎ প্রাগ্ঘটিকাঃ কুলীর গৃহগে পশ্চান্মৃগে বিংশতিঃ।
উক্ষাদৌ স্থিরভে তু ষোড়শমিতা ঘট্যোঽথ চাদ্যাঃ পরাঃ
পুণ্যঃ পুণ্যতরঃ সুপুণ্য ইতি বৈ সংক্রান্তিসান্নিধ্যতঃ॥ শা, বি

দিবসে বিষুব বা ষড়শীতি সংক্রান্তি হইলে সংক্রমণ কালের পর যামদ্বয়, দক্ষিণায়ণ সংক্রান্তিতে সংক্রমণের পূর্বে ৩০ ঘটিকা, উত্তরায়ণ সংক্রান্তিতে সংক্রমণের পর ২০ ঘটিকা, বিষ্ণুপদী সংক্রান্তিতে সংক্রমণের পূর্বে ১৬ ঘটিকা পরে ১৬-ঘটিকা পুণ্যতর কাল।

সর্বদিন পুণ্য, যামদ্বয়াদি পুণ্য, মন্দাদি সংক্রান্তি জন্য পুণ্যকাল যাহা বলা হইল তাহাদের মধ্যে সংক্রান্তি কালের সান্নিধ্য বশতঃ পুণ্যতম, পুণ্যতর, পুণ্যকাল জানিবে। স্নানদানাদি সংক্রান্তি কৃত্য পুণ্যতম কালে অসমর্থে পুণ্যতর কালে, তদসমর্থে পুণ্যকালে বিধেয়।

## দিবা মন্দাদি পুণ্যতম কালাঃ

প্রাক্‌পশ্চাচ্চ ঘটীত্রয়ং সুবিহিতং মন্দা যদা সংক্রমে
ধ্বাংক্ষী পঞ্চ মহোদরী যদি তদাষ্টৌ রাক্ষসী চেন্নব।
ঘোরা সপ্ত চতস্র এব ঘটিকা মন্দাকিনী বা তথা
ঘট্যঃ পুণ্যতমা জপাদিকরণে মিশ্রা তদা দ্বাদশ॥ শা, বি

মন্দাসংক্রান্তিতে পূর্বের ও পরের তিন তিন ঘটিকা, ধ্বাংক্ষীতে ৫ মহোদরীতে ৮ রাক্ষসীতে ৯ ঘোরাতে ৭ মন্দাকিনীতে ৪ মিশ্রাসংক্রান্তিতে ১২ ঘটিকা জপাদি কার্য্যে পুণ্যতম কাল। সংক্রান্তি সময়ের পূর্বে বা পরে যেদিকে পুণ্যতর কাল, কেবল সেই দিকেই পুণ্যতমকাল হইবে। উভয় দিকে পুণ্যতর কাল হইলে উভয়দিকে পুণ্যতমকাল হইবে। রাত্রিতে পুণ্যতর ও পুণ্যতমকাল প্রবিষ্ট হইলেও রাত্রিতে পুণ্যতর বা পুণ্যতমকাল হইবে না। কেবল পুণ্যকাল হইবে।

## রাত্রৌ সন্ধ্যয়োর্বা সংক্রমণ পুণ্যকালঃ

প্রাগর্ধে রজনৌ তথৈক ঘটিকা ন্যূনে দিনার্দ্ধং পরং
নাড্যেকাধিক মধ্যরাত্র সময়াৎ পশ্চাদ্ রবেঃ সংক্রমে।
পূর্বার্ধং পরবাসরস্য গদিতং পুণ্যং জপাদৌ তদা
সন্ধ্যায়াং দিনভাগকে দিবসবদ্ রাত্র্যংশকে রাত্রিবৎ॥ শা, বি

অর্দ্ধ রাত্রিতে পূর্ব্বের, ১ ঘটিকা পরের ১ ঘটিকা নিশীথকাল। সূর্যাস্ত হইতে ১ ঘটিকা ন্যূন মধ্যরাত্রির মধ্যে সূর্য্যসংক্রমণ হইলে সংক্রান্তিদিবসের

দিন শেষার্দ্ধ পুণ্যকাল। ১ ঘটিকাধিক মধ্যরাত্রির পর সূর্য্যোদয়ের পূর্ব পর্য্যন্ত সময়ে সংক্রমণ হইলে পর দিবসে দিন পূর্বার্ধ পুণ্যকাল। সূর্য্যোদয়ের ও সূর্য্যাস্তের পূর্বে ১ ঘটিকা, পরে ১ ঘটিকা এই দুই ঘটিকা সন্ধ্যাকাল। সন্ধ্যায় দিবসের ১ ঘটিকা মধ্যে সংক্রমণ হইলে পূর্ব্বকথিত দিবসের ন্যায় এবং রাত্রির ১ ঘটিকা মধ্যে সন্ধ্যায় সংক্রমণে রাত্রির ন্যায় ব্যবস্থা জানিবে।

## মধ্যরাত্র সংক্রমণে পুণ্যকালঃ

রাত্র্যর্ধে ঘটিকাদ্বয়ে দিনতিথে র্ভেদে দিনার্দ্ধং পরং
পূর্বার্ধং পরবাসরস্য মুনয়ঃ পুণ্যং চ কালং জগুঃ।
ভিন্নত্বং ন তিথে র্যদা পরদলং ঘস্রস্য পুণ্যং তদা
সংক্রান্ত্যাং প্রতিষিদ্ধ কর্মনিচয়ং পুণ্যে চ কালে ত্যজেৎ॥ শা,বি

অর্ধরাত্রির পূর্ব্বে ১ ঘটিকা পরে ১ ঘটিকা এই দুই ঘটিকা মধ্যে সূর্য্য-সংক্রমণ হইলে এবং দিবসের তিথি ও সংক্রমণকালীন তিথির ভেদ থাকিলে সংক্রমণ দিবসের দিনশেষার্ধ ও পরদিবসের দিনপূর্বার্ধ এই দিন-দ্বয়ে পুণ্যকাল হইবে। তিথির ভিন্নতা না থাকিলে সংক্রান্তিদিবসের দিন শেষার্ধ মাত্র পুণ্যকাল হইবে। সংক্রান্তিতে নিষিদ্ধ কর্মসমূহ সংক্রান্তিজনিত পুণ্যকালে নিষিদ্ধ জানিবে। কিন্তু স্ত্রীগমন, উপবাসাদি পুণ্যকালযুক্ত দিবসের অহোরাত্রেই নিষেধ।

## রাত্র্যর্দ্ধেঽয়ণ সংক্রমণে বিশেষঃ

ভেদে বা নচ ভেদকে দিনতিথেঃ কর্কে নিশীথে রবেঃ
সংক্রান্ত্যাং দিনশেষকং মকরগে ত্বাদ্যং পরাহ্নে দলম্।

ঘটিকা দ্বয়াত্মক মধ্যরাত্রে রবির কর্কট সংক্রমণে তিথির ভেদ বা অভেদ দুই অবস্থাতেই সংক্রান্তিদিনের দিনশেষার্দ্ধ পুণ্যকাল। এইরূপ ভেদাভেদ উভয় অবস্থাতেই ঘটিকাদ্বয়াত্মক মধ্যরাত্রে মকর সংক্রান্তিতে পরদিনের পূর্বার্ধ পুণ্যকাল।

## দিনদ্বয়ে পুণ্যকালে ব্যবস্থা

পুণ্যত্বং দিনয়ো স্তদাদিমদিনে স্নানাদিকং ত্বাচরে-
চ্চাশক্তৌ পরবাসরেঽপি বিহিতং রাত্রৌ বিধেয়ং নচ॥ শা, বি

উভয় দিনে পুণ্যকাল হইলেও পূর্বদিনেই পুণ্যকালে স্নানদানাদি কর্ত্তব্য।

পূর্বদিনে অসমর্থ হইলে পরদিবসে পুণ্যকালে স্নানদানাদি বিধেয়। দিবসে পুণ্য-কাল থাকিলে রাত্রিতে স্নানাদি কর্ত্তব্য নহে।

## গ্রহাণাং রাশি সংক্রমণে পুণ্যকালাঃ

রাশৌ ভে চ রবেঃ ক্রমে গুণগুণা নাড্যঃ পলৈর্বৈর্যুতৌ
পক্ষৌ চন্দ্রমসঃ খগাঃ শ্রুতিপলৈর্যুক্তাঃ কুজস্যোদিতাঃ।
সত্র্যংশা ঋতবো বিদঃ সুরগুরো র্নাগাষ্ট পুণ্যাঃ কবেঃ
খেটা অষ্টপলৈর্যুতা উভয়তঃ কালাঃ খভূপাঃ শনেঃ॥ শা, বি

জৈমিনি প্রভৃতি মুনিগণ সকল গ্রহেরই রাশি ও নক্ষত্রে সংক্রমণে গ্রহগতি ও গ্রহবিম্বের ন্যূনাধিক্য হেতু বিভিন্ন পুণ্যকাল নির্দেশ করিয়াছেন। সংক্রান্তি সময়ের উভয়পার্শ্বে সার্ধষোড়শ ঘটিকা হিসাবে রবির ৩৩ ঘটিকা, চন্দ্রের ২ ঘটিকা ২৭ পল, মঙ্গলের ৯ ঘটী ৪ পল, বুধের ৬ ঘটী ২০ পল, বৃহস্পতির ৮৮ ঘটী, শুক্রের ৯ ঘটী ৮ পল, শনির প্রতিপার্শ্বে ৮০ ঘটিকা করিয়া ১৬০ ঘটী পুণ্যকাল।

## চলসংক্রান্তে মুখ্যতা

বসিষ্ঠ জাবালি পুলস্ত্য মুখ্যাঃ শ্রাদ্ধ ব্রত স্নানজপাদি কৃত্যে।
চলাখ্য সংক্রান্তি মুশন্তি মুখ্যাং মাসপ্রভেদং ত্বয়নাংশহান্যা॥ উ, জা

বশিষ্ঠ, জাবালি, পুলস্ত্য প্রভৃতি ঋষিগণ সংক্রান্তি কৃত্যে সায়ন-সংক্রান্তির প্রাধান্য স্বীকার করিয়াছেন। বৈশাখ, জ্যৈষ্ঠাদি মাসের গণনা নিরয়ণ সংক্রান্তি হইতে বিধান করিয়াছেন।

## চসংক্রমণ নিরূপণম্

স্পষ্টার্ক ভুক্ত্যায়নলিপ্তিকা হৃতা লব্ধৈর্দিনাদ্যৈঃ প্রথমং ক্রিয়াদিতঃ।
চলাহ্বয়ং সংক্রমণং সুপুণ্যদং দানক্রতু স্নান জপাদিকে স্মৃতম্॥ উ, জা

অয়নাংশের অংশ কলাদিকে কলা করিয়া স্পষ্ট রবিগতিকলা দ্বারা ভাগ করিলে যে দিনঘটিকাদি পাওয়া যাইবে, নিরয়ণমেষাদি সংক্রমণের তত দিনাদি পূর্বে মেষাদি চলসংক্রান্তি হইবে। নিরয়ণ সংক্রান্তি অপেক্ষা দানযজ্ঞ স্নান জপাদি কার্য্যে চলসংক্রান্তি অধিক পুণ্যদায়ক।

## স্থূলায়নাংশ সাধনম্

অনল দশম ভাগৈঃ সংযুতাঃ শূন্যবাণা-
অয়নগতিবিলিপ্তা একবর্ষে নিরুক্তাঃ।
ক্ষিতিরস গজচন্দ্রেঽব্দে লবা রামপক্ষা-
ইহ যুতিবিযুতী বা গম্যযাতে শকাব্দে॥ মা, নী

প্রতিবর্ষে অয়নগতি ৫০'৩ বিকলা। ১৮৬১ শকবর্ষে অয়নাংশ ২৩ অংশ। অভীষ্ট শকাব্দ এবং ১৮৬১ শকাব্দের অন্তরকে ৫০'৩ দ্বারা গুণ করিলে যে বিকলা পাওয়া যাইবে তাহাকে কলা করিয়া তাহা অভীষ্টশক বর্ষ ১৮৬১ শকাব্দের পূর্বে (যাত) হইলে ২৩ অংশ হইতে বিয়োগ্ এবং পরে (গম্য) হইলে ২৩ অংশে যোগ করিলে অভীষ্টশকবর্ষে অয়নাংশ জানা যাইবে। সূক্ষ্মায়নাংশ জানিতে হইলে মৎপ্রণীত করণ বল্লভ বা হোরা বল্লভ দ্রষ্টব্য।

## স্থূলায় নাংশ সারণী

উপকরণ ( ১৮৬১—ইশ ) বা ( ইশ—১৮৬১ ) অয়নাংশক্ষেপ ২৩।০।৯

| বর্ষ | কলা | বিকলা | বর্ষ | কলা | বিকলা | বর্ষ | কলা | বিকলা | বর্ষ | কলা | বিকলা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ০। | ৫০ | ৬ | ৫। | ২ | ২০ | ১৬। | ৪৫ | ৭০ | ৫৮। | ৩৯ |
| ২ | ১। | ৪১ | ৭ | ৫। | ৫২ | ৩০ | ২৫। | ৮ | ৮০ | ৬৭। | ২ |
| ৩ | ২। | ৩১ | ৮ | ৬। | ৪২ | ৪০ | ৩৩। | ৩১ | ৯০ | ৭৫। | ২৪ |
| ৪ | ৩। | ২১ | ৯ | ৭। | ৩২ | ৫০ | ৪১। | ৫৩ | ১০০ | ৮৩। | ৪৬ |
| ৫ | ৪। | ১১ | ১০ | ৮। | ২৩ | ৬০ | ৫০। | ১৬ | ২০০ | ১৬৭। | ৩২ |

## সংক্রান্তৌ কৃত্যাকৃত্যকথনম্

স্ত্রী তৈল মাংসামিষ দন্তধাবন মসূর নিম্বান্ ক্রমণে পরিত্যজেৎ।
স্নানং তিলৈর্ব্রাহ্মণভোজনং তথা সাষ্টাঙ্গমর্কে প্রণতিঃ সদা হিতা॥ উ,জা

সংক্রান্তিতে স্ত্রী, তৈল, মাংস মৎস্য, দন্তকাষ্ঠ, মসুর, নিম্বপত্র পরিত্যাগ করিবে। তিলস্নান, ব্রাহ্মণভোজন, সূর্য্যে সাষ্টাঙ্গ প্রণাম বিধেয়।

## সূর্য্যসংক্রমণে শুভকৃত্য নিষেধঃ

কুলীর নক্রক্রিয়তৌলি সংক্রমে পূর্বং পরং মধ্যমহশ্চ সংত্যজেৎ।
মাঙ্গল্যকৃত্যেষু তথান্যসংক্রমে পূর্বাঃ পরাঃ ষোড়শ নাড়িকা বুধঃ॥ উ, জা

কর্কট, মকর, মেষ ও তুলাসংক্রমে সংক্রমণদিনে, তাহার পূর্বদিনে ও পর-দিনে এবং অন্যসংক্রমণে সংক্রমণের পূর্বে ১৬ দণ্ড ও পরে ১৬ দণ্ড মধ্যে বিবাহাদি শুভকৃত্য নিষিদ্ধ।

## সূর্য্যসংক্রান্ত্যাং বিরুদ্ধেঽর্কে শান্তিঃ

মঞ্জিষ্ঠা তেজপত্রঞ্চ কুঙ্কুমং রক্তচন্দনম্।
তাম্রপাত্রে সমেতৈ স্তৈঃ স্নানেনার্কঃ প্রশাম্যতি॥

মঞ্জিষ্ঠা, তেজপত্র, কুঙ্কুম, রক্তচন্দন তাম্রপাত্রে জলের সহিত মিশ্রিত করিয়া স্নান করিলে সংক্রান্তিতে বিরুদ্ধ রবি প্রশমিত হন।

## সপ্রতিকার জন্মনক্ষত্র গত রবিসংক্রমণফলম্

জন্মর্ক্ষে রবিসংক্রমেঽর্ধশরদং যাবদ্ রুজার্থক্ষয়-
ক্লেশাশ্চাপি ভবন্তি সংক্রমদিনে দোষপ্রশান্ত্যৈ শুচিঃ।
সিদ্ধার্থ স্তগরস্য পুষ্পমথ বৈ লোধ্রো হরিদ্রা তথা
পদ্মস্যাপি চ পত্রমপ্সু মিলিতৈঃ স্নানং চরেৎ তৈর্নরঃ॥ শা,বি

জন্মনক্ষত্রে রবিসংক্রমণ হইলে ৬ মাস পর্য্যন্ত রোগ, ধনক্ষয়, ক্লেশ হইয়া থাকে। দোষশান্তির জন্য সংক্রান্তিদিনে পবিত্র হইয়া শ্বেতসর্ষপ, তগরপুষ্প, লোধ, হরিদ্রা, পদ্মপত্র, জলে মিশ্রিত করিয়া স্নান করিবে।

## জগল্লগ্নতো জগতঃ ফলানি

মেষেঽর্ক চারেঽঙ্গ মিলাবিলগ্নং শুভস্তদীশঃ সুযুতঃ সুদৃষ্টঃ।
তদা সুবৃষ্টিঃ সুখদা সুশস্যা ধরান্যথা রাজভয়ং মহার্ঘম্॥ উ, জা

রবির মেষ সংক্রমণকালে যে লগ্ন তাহার নাম জগল্লগ্ন। এই লগ্ন পতি স্বয়ং শুভগ্রহ, শুভযুক্ত ও শুভদৃষ্ট হইলে জগতে সুবৃষ্টি, সুশস্য ও সুখ হয়। অন্যথা রাজভয় ও দ্রব্য মহার্ঘ হয়।

## জগল্লগ্নতো নরাণাং ফলানি

জন্মোদয়াদ্ রিপ্ফমৃতীতরস্থে জগদ্বিলগ্নেঽত্র শুভেন দৃষ্টে।
সমাযুতে বাপি চ ভাবসৌখ্যং পাপেন চৈবং যদি ভাবদুঃখম্॥ উ, জা

জন্মলগ্ন হইতে দ্বাদশ ও অষ্টম ভিন্ন অন্য ভাবে জগল্লগ্ন থাকিয়া শুভদৃষ্ট বা

শুভযুক্ত হইলে যে ভাবে জগল্লগ্ন অবস্থিত সেই ভাবের সুখ অন্যথা দুঃখ হইয়া থাকে।

## দ্বাদশাষ্টমস্থ জগল্লগ্নফলম্

ধরাবিলগ্নে ব্যয়গে চ দুঃখং ধনপ্রণাশো মনুজস্য লগ্নাৎ।
মৃত্যুং গতে রোগজদুঃখমায়াৎ পুরক্ষ্ম'তে শ্চেন্নগরস্য হানিঃ ॥ উ, জা

জন্মলগ্ন হইতে দ্বাদশে জগল্লগ্ন হইলে দুঃখ ও ধননাশ, অষ্টমে হইলে রোগ জন্য দুঃখ হয়। নগরের রাশিহইতে অষ্টমস্থ হইলে সেই নগরের হানি হয়।

## মহাবিষুব সংক্রান্তিফলম্

লোকো মূর্ধ্নি ভসপ্তকে নৃপসমো বক্তে্রত্রয়ে কৌশলী
বক্ষস্যেব ভপঞ্চকে ধনপতি র্দক্ষে করেঽর্থী ত্রিভে।
বামে ভত্রয় আধিমানিতি পদে দক্ষে ত্রয়ে সৌখ্যভাগ্-
বামে ভত্রিতয়ে পদে গতিযুতো মেষার্ক সংক্রান্তিভাৎ ॥ শা,·বি

রবির মেষসংক্রমণকালে চন্দ্রস্থিতনক্ষত্র হইতে মস্তকে ৭ নক্ষত্র ফল রাজ-তুল্য, মুখে ৩ ফল দক্ষতা, বক্ষঃস্থলে ৫ ফল ধনপতি, দক্ষিণহস্তে ৩ ফল ধন প্রাপ্তি, বাম হস্তে ৩ ফল দুঃখ, দক্ষিণ পদে ৩ ফল সুখ, বামপদে ৩ নক্ষত্র ফল ভ্রমণ।

## জলবিষুব সংক্রান্তিফলম্

তৌলার্কক্রম ইন্দুভাৎ শিরসি ষড়্মানং মুখে পঞ্চকং
শক্রুত্বং হৃদয়ে চতুষ্কমথ বৈ সৌখ্যং করে দক্ষিণে।
ভানি ত্রীণি সুখং করে ত্রয়মথো বামে ফলং ভীঃপদে
দক্ষে বামপদে ত্রয়ং ত্রয়মিতো ভোগো ভয়ং স্যাৎ ক্রমাৎ ॥ শা, বি

রবির তুলাসংক্রমণকালীন চন্দ্রাবস্থিত নক্ষত্র হইতে মস্তকে ৬ নক্ষত্র ফল মান, মুখে ৫ ফল শক্রতা, হৃদয়ে ৪ ফল সুখ, দক্ষিণ হস্তে ৩ ফল সুখ, বাম হস্তে ৩ ফল ভয়, দক্ষিণপদে ৩ ফল ভোগ, বামপদে ৩ নক্ষত্র ফল ভয়।

## উত্তরায়ণ সংক্রান্তিফলম্

শীর্ষে পঞ্চ মুখে ত্রয়ং চ করয়োঃ ষট্ পঞ্চকং বক্ষসি
নাভাবেক মিলাগুদেঽথ পদয়োঃ ষড়্বিন্যসেদ্ ভীর্গুদে।

শীর্ষেঽর্থো হৃদয়াস্যনাভিষু পদে হস্তে চ দক্ষে সুখং
বামে হস্তপদে ক্ষতিঃ প্রবসনং সৌম্যায়নর্ক্ষাৎক্রমাৎ। শা, বি

রবির উত্তরায়ণসংক্রান্তি সময়ের চন্দ্রস্থিত নক্ষত্রহইতে মস্তকে ৫ নক্ষত্র ফল অর্থলাভ, মুখে ৩ ফল সুখ, দক্ষিণহস্তে ৩ ফল সুখ, বামহস্তে ৩ ফল ধনক্ষতি, বক্ষঃস্থলে ৫ ফল সুখ, নাভিতে ১ ফল সুখ, গুহ্যে ১ ফল ভয়, দক্ষিণপদে ৩ ফল সুখ, বাম পদে ৩ নক্ষত্র ফল প্রবাস।

## দক্ষিণায়ন সংক্রান্তিফলম্

শীর্ষে ভত্রয় মাননে ত্রয় মতো বক্ষঃস্থলে পঞ্চকং
ত্বষ্টৌ দক্ষিণবাময়োশ্চ করয়ো রষ্টৌ তথা পাদয়োঃ।
মান জ্ঞান ধনার্থ দূরগমনান্যল্পার্থ লাভঃ ক্রমাদ্-
ব্যর্থত্বং লভতে ফলং চ মনুজো যাম্যায়নর্ক্ষাৎ স্বভে॥ শা,বি

রবির দক্ষিণায়নসংক্রান্তিকালে চন্দ্রস্থিত নক্ষত্র হইতে মস্তকে ৩ নক্ষত্র ল মান, মুখে ৩ ফল জ্ঞানলাভ, বক্ষঃস্থলে ৫ ফল ধনলাভ, দক্ষিণহস্তে ৪ ফল র্থলাভ, বামহস্তে ৪ ফল প্রবাস, দক্ষিণপদে ৪ ফল অল্পলাভ, বামপদে ৪ ক্ষত্র ফল নিষ্ফলতা।

## বিষ্ণুপদী সংক্রান্তিফলম্

একং ভং বদনেঽথ দক্ষিণকরে বেদাঃ পদোঃ ষট্ করে
বামেঽথো শ্রুতয়ঃ শরাশ্চ হৃদয়েঽ ক্ষোশ্চাগমা মস্তকে।
দ্বে গুহ্যে তু বিধূরুজা ধনসুখং মানং চ বন্ধো ধনং
চৈশ্বর্য্যং নৃপপূজনং হ্যপমৃতি র্বিষ্ণোঃ পদে ভে ক্রমাৎ॥ শা, বি

বিষ্ণুপদীসংক্রান্তিতে চন্দ্রযুক্তনক্ষত্রহইতে মুখে ১ নক্ষত্র ফল রোগ, ক্ষিণহস্তে ৪ ফল ধনসুখ, পাদদ্বয়ে ৬ ফল মান, বাম হস্তে ৪ ফল বন্ধনভয়, দয়ে ৫ ফল ধনলাভ, নেত্রদ্বয়ে ৪ ফল ঐশ্বর্য্য, মস্তকে ২ ফল রাজ পূজা, গুহ্যে নক্ষত্র ফল অপমৃত্যু।

## ষড়শীতি সংক্রান্তিফলম্

বক্ত্রে ক্ষমা নিগমা হি দক্ষিণকরে বেদাশ্চ পাদদ্বয়ে
বাণা বক্ষসি চাক্ষয়োঽপরকরেঽ ক্ষোরাগমা মস্তকে।

রামা দ্বে গুদ আর্ত্তিলাভ গমন স্ত্রীসৌখ্য বন্ধঃ ক্রমা-
ন্মানঞ্চাপ্যবমাননাপমরণং ভে ষাড়শীতে ক্রমে॥ শা, বি

ষড়শীতিসংক্রান্তিকালে চন্দ্রাবস্থিত নক্ষত্র হইতে মুখে ১ নক্ষত্র ফল দুঃখ, দক্ষিণ হস্তে ৪ ফল লাভ, পাদদ্বয়ে ৪ ফল ভ্রমণ, হৃদয়ে ৫ ফল স্ত্রীসুখ, বাম হস্তে ৪ ফল বন্ধন ভয়, নেত্রদ্বয়ে ৪ ফল মান, মস্তকে ৩ ফল অপমান, গুহ্যে ২ নক্ষত্র ফল অপমৃত্যু।

## বৃহস্পতেঃ সঞ্চার ফলম্

বেদা মস্তকদেশকে ক্ষিতিমিয়াদ্ দক্ষে করে চাগমাঃ
সৌখ্যং কণ্ঠ ইলা ধনানি হৃদয়ে বাণাঃ সুখং ষট্ পদোঃ।
পীড়াং বামকরেঽব্ধয়ঃ ফলমথো মৃত্যুং গুণা নেত্রয়োঃ
সৌখ্যং তত্র বৃহস্পতেঃ ক্রমণভাৎ সর্ক্ষে স্থিতে প্রাপ্নুয়াৎ॥ শা, বি

রাশি সংক্রমণে বৃহস্পতি যে নক্ষত্রে অবস্থিত সেই নক্ষত্র হইতে মস্তকে ৪ নক্ষত্র ফল ভূমিলাভ, দক্ষিণ হস্তে ৪ ফল সুখ, কণ্ঠে ১ ফল ধনলাভ, হৃদয়ে ৫ ফল সুখ, পাদদ্বয়ে ৬ ফল পীড়া, বামহস্তে ৪ ফল মৃত্যুবৎ, নেত্রদ্বয়ে ৩ নক্ষত্র ফল সুখ।

## শনেঃ সঞ্চার ফলম্

সঞ্চারে শনিভাদ্ মুখে ক্ষিতিমিতং হানিঃ করে দক্ষিণে
বেদাঃ শত্রুজয়ঃ ষড়ঙ্ঘ্রি যুগলে যানং শরা বক্ষসি।
অর্থাপ্তিস্ত্বপরে করেঽপি নিগমা ভীতি স্ত্রয়ং মস্তকে
ভূদ্বে লোচনয়োঃ সুখং চ গুদকে দ্বে মৃত্যুবজ্জন্মভে॥ শা, বি

রাশিসঞ্চারে যে নক্ষত্রে শনির আগমন হইবে সেই নক্ষত্র হইতে মুখে ১ নক্ষত্র ফল হানি, দক্ষিণহস্তে ৪ ফল শত্রুজয়, পদদ্বয়ে ৬ ফল ভ্রমণ, হৃদয়ে ৫ ফল ধনলাভ, বামহস্তে ৪ ফল ভয়, মস্তকে ৩ ফল ভূমিলাভ, নেত্রদ্বয়ে ২ ফল সুখ, গুহ্যে ২ নক্ষত্র ফল মৃত্যুবৎ।

## বর্ণতঃ শনি সঞ্চার ফলম্

ঋক্ষং মন্দগতেঃ স্বভং চ তপনো নাগৈর্হরেৎ তদ্যুতিং
নীলশ্চাসিত পিঙ্গলৌ হরিতকঃ শ্বেতোঽপি ধূম্রস্তথা।

পীতো রক্ত ইতি ক্রমেণ চ ফলং বিত্তপ্রণাশো রুজা
বিত্তং সর্বসুখং সুপুণ্য মধিপাদ্ মানং মৃতিঃ শোচনম্ ॥ শা, বি

সঞ্চারে শনির নক্ষত্র, নিজের জন্মনক্ষত্র, দ্বাদশ এই তিনের যোগফলকে ৮ দ্বারা ভাগ করিয়া শেষ সংখ্যায় ক্রমশঃ বর্ণ ও তাহার ফল জানিবে। ১ শেষে নীল ফল ধননাশ, ২ কৃষ্ণ ফল রোগ, ৩ পিঙ্গল ফল ধনলাভ, ৪ হরিতক ফল সর্ব সুখ, ৫ শ্বেত ফল ধর্মলাভ, ৬ ধূম্র ফল রাজপূজা, ৭ পীত ফল মৃত্যুবৎ, ৮ ভাগ শেষে রক্ত ফল শোক।

## রাহু সঞ্চারফলম্

শীর্ষে সপ্ত সবিত্তমান মথ ষড় বক্ত্রে সদুঃখঃ কলি-
রক্ষোঃ ষট্ সুখ পুত্রলাভ ইতি বৈ কর্ণদ্বয়েঽষ্টৌ ন্যসেৎ।
হানি র্মৃত্যুভয়ং চ বন্ধনভয়ং তত্রাপি বেত্থং ফলং
রাহোঃ সংস্থিতিভাজ্ জগুঃ ফলবিদোঽগোঃ সংক্রমে জন্মভে ॥ শা, বি

সঞ্চার কালীন রাহুস্থিত নক্ষত্র হইতে মস্তকে ৭ নক্ষত্র ফল মান ও ধনলাভ, মুখে ৩ ফল দুঃখ ও বিবাদ, নেত্রদ্বয়ে ৬ ফল সুখ ও পুত্রলাভ, কর্ণদ্বয়ে ৮ ফল ধনহানি, মৃত্যুভয় ও বন্ধন ভয়।

## কেতু সঞ্চার ফলম্

আস্যে ভত্রিতয়ং ফলং চ মৃতিবৎ সর্বস্বনাশো গুদে
ষড়্ক্ষাণ্যথ তত্র ষট্ক মথ বৈ ক্রোড়ে সুখার্থাগমঃ।
পৃষ্ঠে ষড়্ বিবিধং সুখং পদযুগে ষট্কং তু হানি স্তদা
কেতোঃ সংক্রমণে চ তৎস্থিতি ভতঃ স্বর্ক্ষে ফলং স্যাৎ ক্রমাৎ ॥ শা, বি

সঞ্চারে কেতুস্থিত নক্ষত্র হইতে মুখে ৬ নক্ষত্র ফল মৃত্যুবৎ, গুহ্যে ৬ ফল সর্ব্বস্বনাশ, ক্রোড়ে ৬ ফল সুখ ও ধনাগম, পৃষ্ঠে ৬ ফল বিবিধ সুখ, পদদ্বয়ে ৬ নক্ষত্র ফল হানি।

## ভৌমাদীনাং বক্রাতিচারফলে মতান্তরম্

বক্রাতিচারপ্রগতাঃ কুজাদ্যাঃ স্থিতস্য রাশেঃ ফলমেব দদ্যুঃ।
বদন্তি কেচিদ্ গুরুবোধনৌ তু পূর্বস্য রাশে র্হি ফলং দিশেতাম্ ॥ উ, জা

কুজাদি পঞ্চগ্রহ বক্র বা অতিচারী হইয়া যে রাশিতে গমন করেন সেই রাশিরই ফলপ্রদান করেন। কেহ কেহ বলেন বৃহস্পতি ও বুধ বক্র বা অতিচারী হইয়া অন্য রাশিতে গমন করিলেও পূর্বে যে রাশিতে ছিলেন সেই রাশিরই ফল প্রদান করিয়া থাকেন।

## সঞ্চার বিরুদ্ধ ফল পরিহারঃ

সঞ্চারকালে হিমগৌ বিশুদ্ধে বিরুদ্ধখেটা অপি শোভনাঃ স্যুঃ।
সূর্যস্য শুদ্ধাবপি কেচনাহুঃ খেটা বিরুদ্ধাঃ শুভদা ভবন্তি ॥ উ, জা

সঞ্চার কালে চন্দ্রশুদ্ধ থাকিলে সঞ্চার বিরুদ্ধ গ্রহগণ শুভপ্রদ হন। কেহ কেহ বলেন রবিশুদ্ধি থাকিলেও বিরুদ্ধগ্রহ শুভদায়ক হন।

## সন্ধিস্থ গ্রহফলম্

স রাশিসন্ধির্নিজবিম্বকানাং স্পষ্টস্বগত্যা ক্রমণে কালঃ।
দত্যুঃ খগাঃ সন্ধিগতাঃ পরস্য ফলং চ পূর্বস্য তু বক্রিণ স্তে ॥ উ, জা

গ্রহের নিজ গতিতে সঞ্চারকালে বিম্বকলাতিক্রমে যে সময় তাহা রাশিসন্ধি নামে খ্যাত। সন্ধিস্থগ্রহ পররাশির ফলপ্রদান করেন কিন্তু বক্রী হইয়া রাশি সঞ্চার করিলে পূর্বরাশির ফলপ্রদান করিয়া থাকেন।

## উদয়াস্ত জ্ঞানার্থং কালাংশাঃ

সূর্য্যাঃ পয়োদা মনবোঽথ রুদ্রাস্তথাচ কাষ্ঠাস্তিথয়ঃ ক্রমেণ।
কালাংশকাঃ শীতকরাম্নিরুক্তা স্তে দ্ব্যূনিতা বক্রগয়োর্জ্ঞভৃগ্বোঃ ॥ উ, জা

চন্দ্রের কালাংশ ১২ মঙ্গলের ১৭ বুধের ১৪ বৃহস্পতির ১১ শুক্রের ১০ শনির কালাংশ ১৫।

বক্রী হইয়া উদিত বা অস্তমিত হইলে বুধের ১২ শুক্রের ৮ কালাংশ। এই কালাংশতুল্য অন্তরিতে সূর্যসান্নিধ্য বশতঃ চন্দ্রাদিগ্রহগণের অস্ত বা উদয় হইয়া থাকে।

## ক্ষয়াধিমাসৌ

তিগ্মাংশুসংক্রান্তিবিহীন-চান্দ্রো মাসোঽধিমাসঃ কথিতো মুনীন্দ্রৈঃ।
দ্বিঃ সংক্রমৌ যত্র চ চান্দ্রমাসে ভানোঃ স চান্দ্রঃ ক্ষয়মাস উক্তঃ ॥ ই,ব

সৌরমাসে দুইবার অমাবস্যান্তহেতু যে চান্দ্রমাসে একবার ও সূর্য্যের সংক্রমণ হয় না সেই সৌর মাসান্তঃ পাতী অমাবস্যান্ত হইতে অমাবস্যান্ত পর্য্যন্ত চান্দ্রমাসটি অধিমাস নামে অভিহিত। সৌরমাসের হ্রস্বতা হেতু চান্দ্র মাসের অন্তঃপাতী হওয়ায় যে চান্দ্রমাসে দুইবার সূর্য্যের সংক্রমণ হয় সেই চান্দ্রমাসের নাম ক্ষয় মাস।

প্রতি তৃতীয়বর্ষে অধিমাস বা মলমাস হয় কিন্তু ক্ষয়মাস ১৪২ বৎসর পরে পরে কদাচিৎ ১৯ বৎসর পরেও হইতে পারে। ক্ষয়মাস হইলে তাহার ৩ মাস পূর্বে এবং ৩ মাস পরে অধি মাস হইয়া থাকে। ইহাদের একটি অধিমাস নামে অপরটি ভানুলঙ্ঘিত মাস নামে কথিত হয়।

## অকাল নিষিদ্ধ কর্ম্মাণি

আচার্যয়ো রস্ত শিশুত্ব বার্দ্ধকে বক্রাতি চারেঽন্যভগে চ মন্ত্রিণি।
জীবেঽগুনার্কেণ যুতে চ নীচগে সিংহে গুরৌ চাধিকমাসকে ক্ষয়ে॥ ই,বং
আরম্ভনং চাপি সমাপনং ব্রতে তথাতিপন্না শিশুসংস্কৃতিশ্চ যা।
উদ্বাহদীক্ষোপনয়া জলাশয় শ্চৌড়াদি বিদ্যাগ্রহণং তথালয়ঃ॥
অপূর্ব দেবেক্ষণ তীর্থ দর্শনং কাম্যো বৃষোৎসর্গ ইহাভিষেচনম্।
অথাগ্নিহোত্রং গমনং চ দূরতঃ সন্ন্যাস এতান্ পরিবর্জয়েৎ সুধীঃ॥ উ,জা

বৃহস্পতি ও শুক্রের অস্তগমন, বাল্য, বার্দ্ধক্য, বৃহস্পতির বক্রতা ও অতিচার দ্বারা রাশ্যন্তরগমন, নীচাংশস্থিতি, সিংহরাশিস্থিতি, গুরুরাহুযাগ, গুর্বাদিত্য-যোগ, ক্ষয়মাস, মলমাস এই সকল কারণে অকাল হইয়া থাকে। অকালে ব্রতারম্ভ, পতিতব্রতপ্রতিষ্ঠা, পতিত শিশুসংস্কার, বিবাহ, দীক্ষা, উপনয়ন; জলাশয়ারম্ভ, জলাশয়প্রতিষ্ঠা, চূড়াদি, বিদ্যারম্ভ, গৃহারম্ভ, গৃহপ্রবেশ, প্রথম দেবদর্শন, প্রথম তীর্থ-যাত্রা, কাম্যবৃষোৎসর্গ, রাজাভিষেক, অগ্নিহোত্র, দূরদেশ গমন, সন্ন্যাস এই সকল পরিত্যাগ করিবে।

## গুরৌ বিশেষঃ

অভেদঋক্ষে গুরু সূর্য্য যোগাম্মাঙ্গল্য কৃত্যে ন শুভং দশাহম্।
মাসদ্বয়ং বক্রগুরৌ দিনানি সাষ্টাপদি স্যুঃ খলু বিংশতির্হি॥ উ, জা

এক নক্ষত্রে বৃহস্পতি ও সূর্য্যের যোগে ১০ দিন, বৃহস্পতি বক্রী হইয়া

রাশ্যন্তর গমন করিলে বক্রারম্ভ দিন হইতে দুইমাস, আপৎকল্পে ২৮ দিন শুভকার্য্যে বর্জন করিবে।

## গুর্বতিচারে বিশেষঃ

জীবেঽতিচারে নতু পূর্বভাপ্তে বর্ষং ত্বশুদ্ধং কিল লুপ্ত সংজ্ঞম্।
পক্ষত্রয়ং পূর্বমিতে ত্বশক্তৌ চাষ্টাধিকা বিংশতি রেব ঘস্রাঃ॥ ই, ব

রাশিতে ১০ মাস অবস্থিতি করিবার পূর্বেই বৃহস্পতি অতিচারী হইয়া পর রাশিতে গমন করতঃ পূর্বরাশিতে প্রত্যাগত না হইলে ১ বৎসর লুপ্ত সংবৎসর নামে অকাল, পূর্বরাশিতে প্রত্যাগত হইলে অতিচার জন্য ৪৫ দিন, আপৎকল্পে ২৮ দিন অকাল।

## বৃদ্ধত্বাদি সংজ্ঞাঃ

অস্তোদয়াৎ প্রাক্ চ পরং হ্যমাত্যৌ বৃদ্ধত্ব বালত্ব গতৌ ক্রমেণ।
পাদাস্তসংজ্ঞং যদি পশ্চিমাস্তং ভৃগোর্মহাস্তং কিল পূর্বতোঽস্তে॥ উ, জা

বৃহস্পতি ও শুক্র অস্তের পূর্বে বৃদ্ধ এবং উদয়ের পর শিশু থাকেন। শুক্রের পশ্চিমদিকে অস্তগমনের নাম পাদাস্ত, পূর্বদিকে অস্তগমনের নাম মহাস্ত।

## উদয়াস্তয়োর্দিগ্‌নির্ণয়ঃ

যো ন্যূনভুক্তির্দিনপাৎ প্রতীচ্যাং চাস্তং ব্রজেৎ প্রাগুদয়ং গ্রহঃ সঃ।
অতোঽন্যথা চেদধিকদ্যুভুক্তিঃ সান্নিধ্যত স্তিগ্মরুচেঃ সদা স্যাৎ॥ উ, জা

সূর্য্যসান্নিধ্যবশতঃ উদয়াস্তে সূর্য্যহইতে গতি অল্প হইলে গ্রহ পশ্চিম দিকে অস্ত, পূর্বদিকে উদিত হয়। গতি অধিক হইলে পূর্বদিকে অস্ত, পশ্চিম দিকে উদিত হয়।

## বাল্যবৃদ্ধত্বয়োর্দিনসংখ্যা

প্রাক্ চেদস্ত মিতো ভবেদ্ ভৃগুসুতঃ পক্ষং তদা বৃদ্ধতাং
পশ্চাদস্তমিতস্তু ঘস্রদশকং বৃদ্ধত্ব মায়াদসৌ।
পূর্বস্যামুদিতো দিনত্রয় মথো পশ্চাদ্ দশাহং শিশু-
র্বৃদ্ধো বাপি শিশুর্ভবেৎ সুরগুরুঃ পক্ষং সদা সর্বতঃ॥ শা, বি

শুক্র পূর্বদিকে অস্তমিত হইলে ১৫ দিন, পশ্চিমে অস্তমিত হইলে ১০ দিন বৃদ্ধ। পূর্বদিকে উদিত হইলে ৩ দিন, পশ্চিমে উদিত হইলে ১০ দিন শিশু থাকেন। বৃহস্পতি সর্বদাই ১৫ দিন বৃদ্ধ, ১৫ দিন শিশু থাকেন।

## অশক্তৌ বিশেষঃ

বৃদ্ধত্বমাপ্তেঽস্তমিতে শিশুত্বগে ঘস্রান্ ক্রমাদ্ বাণগুণাব্ধিমান্ ত্যজেৎ।
দেবেশপূজ্যেঽথ সুরারিপূজিতে চাবশ্যকত্বে নিতরাং শুভেচ্ছুকঃ॥ ই, বং

বৃহস্পতি ও শুক্রের বৃদ্ধত্বে ৫ দিন, অস্তে ৩ দিন, শিশুত্বে ৪ দিন অত্যাবশ্যক কর্মেও পরিত্যাগ করিবে।

## সিংহস্থ গুরৌ বিশেষঃ

ন পৌর্ণমাস্যাং যদি পৈত্র যোগো মাঘ্যাং ন দোষো গুরুসিংহযোগে।
সিংহাংশগো দেবগুরুর্বিবর্জ্যো ন চান্যভাগেষ্বিতি কেচনাহুঃ॥ উ, জা

মাঘীপূর্ণিমার মঘা নক্ষত্রের যোগ না হইলে সিংহস্থ গুরুজন্য দোষ হইবে না। কেহ কেহ বলেন বৃহস্পতি সিংহরাশির নবাংশে থাকিলে দোষ হইবে। অন্যরাশির নবাংশে সিংহস্থবৃহস্পতি জন্য দোষ হইবে না।

## সিংহস্থগুরৌ দেশভেদে বিশেষঃ

গোদাবরী দক্ষিণদিগ্‌বিভাগে ভাগীরথী সৌম্যগতে চ দেশে।
মেষস্থসূর্যেঽপিচ কেচিদাহুঃ সিংহস্থ ইজ্যো নতু বর্জ্য এবম্॥ ই, ব

কেহ কেহ বলেন গোদাবরী নদীর দক্ষিণস্থ এবং গঙ্গা নদীর উত্তরস্থ দেশে বা মেষরাশিতে সূর্য্যের অবস্থানে সিংহস্থ বৃহস্পতি জন্যদোষ হইবে না।

## নীচাংশ গতেগুরৌ দেশভেদে বিশেষঃ

সিন্ধুপ্রদেশে মগধে-চ গৌড়ে কোঙ্কোনকে নীচলবস্থিতেজ্যঃ।
যজ্ঞব্রতাদ্যেষু শুভেষু বর্জ্যশ্চান্যেষু দেশেষু ন বর্জনীয়ঃ॥ ই, ব

সিন্ধুপ্রদেশ, মগধ ও গৌড়দেশে যজ্ঞ উপনয়নাদি শুভকার্য্যে নীচাংশ গত বৃহস্পতি বর্জনীয়, অন্য দেশে বর্জনীয় নহে।

## রাশিভেদে লুপ্তসংবৎসরে বিশেষঃ

বৃষালি চাপাজ ঘটান্ত্যরাশিষ্বিজ্যোঽতিচারেণ গতো ন পৌর্ব্যম্।
রাশিং প্রয়াতোঽপিচ লুপ্তবর্ষভবো ন দোষো মুনিভির্নিরুক্তঃ॥ উ, জা

অতিচারী বৃহস্পতি বৃষ, বৃশ্চিক, ধনু, মেষ, কুম্ভ, মীন রাশিতে গমন করিয়া পূর্বরাশিতে না আসিলেও লুপ্তবর্ষ জন্যদোষ হইবে না।

## গ্রহণে বর্জ্যতা কথনম্

গ্রহে রবীন্দ্বোর্ব্রত বন্ধনে ত্র্যহং পাণিগ্রহে চৈকদিনং পরিত্যজেৎ।
তথা প্রয়াণে তু দিনানি সপ্ত চ ধূমোদয়ে সপ্ত দিনানি সৎকৃতৌ॥ উ, জা

সূর্য্য বা চন্দ্রের গ্রহণদিবসহইতে উপনয়নে ৩ দিন, বিবাহে ১ দিন যাত্রায় ৭ দিন পরিত্যাগ করিবে। ধূমকেতুর উদয়ে ৭দিন সর্ববিধ শুভকার্য্য বর্জনীয়।

## গ্রহণ কালীন নক্ষত্র বর্জ্যতা কথনম্

পাদার্দ্ধ পূর্ণ গ্রহণে গ্রহর্ক্ষং জহ্যাৎ ক্রমাদ্ রূপগুণাঙ্গ মাসান্।
গ্রস্তেঽস্তগে প্রাগুদিতে পরস্তাদ্ ঘস্রত্রয়ং চাপি শুভক্রিয়াসু॥ ই, ব

যে নক্ষত্রে চন্দ্রের অবস্থানকালে গ্রহণ হয় সেই নক্ষত্রকে বিবাহাদি শুভ কার্য্যে পাদগ্রাসে ১ মাস, অর্দ্ধগ্রাসে ৩ মাস, পূর্ণগ্রাসে ৬ মাস ত্যাগ করিবে। গ্রস্তাস্তে গ্রহণের পূর্বে ৩ দিন, গ্রস্তোদয়ে পরের ৩ দিন শুভকার্য্যে বর্জন করিবে।

## গমনে বিশেষঃ।

সর্ব্বগ্রাসে সপ্তরাত্রং বিবর্জ্যং চার্দ্ধগ্রাসে বাসরাণাং ত্রয়স্তু।
পাদগ্রাসে চৈকরাত্রং প্রয়াণে সংত্যাজ্যং বৈ নারদাদ্যৈর্নিরুক্তম্॥ শা, নী

নারদ, অঙ্গিরা, হারিতাদি ঋষির মতে সর্বগ্রাসে সপ্তরাত্র, অর্দ্ধগ্রাসে ত্রিরাত্র, পাদগ্রাসে একরাত্র যাত্রা বর্জন করিবে।

## ভূকম্পে বর্জ্যতা কথনম্।

ক্ষমাভ্যন্তরেঽত্যুষ্ণময়ে দ্রবে জলং যদা পতেৎ কম্পনমেতি ভূস্তদা।
বিপ্র স্ত্র্যহং সপ্ত দিনানি বাহুজো বৈশ্যাঙ্ঘ্রিজৌ চার্দ্ধদিনং শুভে
ত্যজেৎ॥ উ, জা

পৃথিবীর অভ্যন্তরস্থ অত্যুষ্ণ দ্রবপদার্থে জল প্রবেশ করিলে ভূকম্প হয়। ইহাতে ব্রাহ্মণ ৩ দিন, ক্ষত্রিয় ৭ দিন, বৈশ্য ও শূদ্র অর্দ্ধদিন শুভকার্য্য ত্যাগ করিবে।

## উৎপাত সমাহারে বর্জ্যতা কথনম্

কেতূদয়ো ভূচলনং গ্রহস্তথা ক্বচিৎ ত্রয়াণাং যদি মেলনং ভবেৎ।
ব্রতে দশাহানি বিবর্জ্জয়েৎ তদা চোল্কাপ্রপাতেত্র্যধিকং দশাহকম্ ॥
উ, জা

ধূমকেতুর উদয়, ভূমিকম্প, গ্রহণ এক সময়ে এই তিনের যোগ হইলে উপনয়নে ১০ দিন বর্জন করিবে। ইহাদিগের সহিত উল্কা বৃষ্টির যোগ হইলে ১৩ দিন বর্জন করিবে।

## প্রসঙ্গাদ্ ধূমকেতূল্কা পরিচয়ঃ।

খেটোপগ্রহবর্জ্জিতোজ্জ্বলময়া বিস্তীর্ণ পুচ্ছান্বিতা-
দৃশ্যন্তে বহুহায়নান্তর মথো তে ধূমকেত্বাহ্বয়াঃ।
খেটাকর্ষণ-ভিন্নকানি চ ভুবাকৃষ্টানি খণ্ডান্যতো-
ভূবায়ুং প্রগতানি দগ্ধতনুকান্যুল্কা নরৈঃ সংজ্ঞিতাঃ ॥ শা, বি

গ্রহোপগ্রহব্যতীত একপ্রকার জ্যোতির্ময় পদার্থ সূর্য্যের চতুর্দিকে গ্রহদিগের ন্যায় দীর্ঘবৃত্তাকার পথে পরিভ্রমণ করে। ইহারা গ্রহদিগের অপেক্ষা অতিদীর্ঘাকার বৃত্তপথে পরিভ্রমণ করায় বহুবর্ষ পরে পরে সূর্য্যের সমীপবর্ত্তী হইলে অতি দীর্ঘ সংমার্জনীর ন্যায় পুচ্ছবিশিষ্ট উজ্জ্বল পদার্থ দৃষ্ট হয় ইহাদিগকে ধূমকেতু বলে।

কোন কোন ধূমকেতু পরিভ্রমণ করিতে করিতে কোন ও গ্রহের নিকটস্থ হইলে সেই গ্রহের আকর্ষণে ছিন্ন ভিন্ন হইয়া খণ্ড খণ্ডাকারে সেই ধূমকেতুর পথেই ঘুরিতে থাকে। এইরূপ কোন কোন খণ্ড পৃথিবীর আকর্ষণে পৃথিবীর বায়ু মণ্ডলে প্রবিষ্ট হইলে ভূবায়ুর ঘর্ষণে জ্বলিতে জ্বলিতে পৃথিবীর দিকে পড়িতে থাকে। ইহাদিগকে উল্কাবলে। উল্কার কতকগুলি আকাশেই দগ্ধ হইয়া অদৃশ্য হয়। কতকগুলি পৃথিবীপৃষ্ঠে পতিত হয়।

## অকালবর্ষণে বর্জ্জতা কথনম্।

পৌষাদিকে মাসচতুষ্টয়ে হি পৌষাদিকে মাসযুগে ত্বশক্তৌ।
পাদাঙ্কিতেনাপি চ বর্ষণেন মাঙ্গল্যকর্ম্মাণি পরিত্যজেচ্চ॥ ই, ব

পৌষাদি ৪ মাসে অসমর্থ পক্ষে পৌষ মাঘ এই দুই মাসে ভূমিতে পদচিহ্ন পতিত হয় এরূপ বর্ষণ হইলে উপনয়নাদি শুভকার্য্য বর্জ্জন করিবে।

## বর্জ্জনীয় দিনসংখ্যা।

একেন চাহ্না দিনমেতদেকং দ্বাভ্যাং ত্র্যহং সপ্তদিনং ত্রিভিস্তু।
শুভাভিলাষী দিবসাৎ তথাস্ত্যাৎ শুভেষু কৃত্যেষু জনো বিজহ্যাৎ॥ উ, জা

একদিন বৃষ্টি হইলে ১ দিন, দুই দিন বৃষ্টি হইলে দ্বিতীয়দিন হইতে ৩ দিন, তিনদিন বৃষ্টি হইলে তৃতীয় দিনাবধি ৭ দিন শুভকার্য্যে বর্জ্জন করিবে।

## মেঘাদি কথনম্।

আদিত্য-তেজোবলতো ধরাস্থং তোয়ং ভবেদ্‌বাষ্প ইতো ঘনাখ্যম্।
ভূবায়ুসংস্থং হিমবাত সংগাদ্ মেঘাৎ পতত্যম্বু চ বৃষ্টিরেষা॥ ই, ব
শৈত্যপ্রভাবেন চ বৃষ্টিবারি কাঠিন্যমায়াৎ করকা স্মৃতা সা।
সাভ্রে বিয়ত্যৈন্দ্রধনুঃ খরাংশোর্দিগ্‌বৈপরীত্যে পরিদৃশ্যতে খে। ই, ব
খেটাৎ সমন্তাৎ পরিবেষণং যদ্ গন্ধর্বপুরাদিকমত্র দৃশ্যম্।
সর্ব্বং হি বাষ্পপ্রভবং নিরুক্তমাদিত্যমূলং হ্যখিলং হি বিশ্বম্॥ ই, ব

ভগবান্ আদিত্যনারায়ণের তেজঃপ্রভাবে পৃথিবীস্থ জল বাষ্পাকার ধারণ করে। এই বাষ্পরাশি একত্রিত ও ঘনীভূত হইয়া মেঘে পরিণত হইয়া পৃথিবীর উপরিস্থ ভূবায়ুতে বিচরণ করিতে থাকে। শীতলবায়ু সংস্পর্শে মেঘ হইতে জল নিপতিত হয় তাহাকে বৃষ্টি বলে। পতন সময়ে শীতলবায়ু সংস্পর্শে বৃষ্টিজল ঘনীভূত হইয়া করকা (শীলা) রূপে পরিণত হয়। সূর্য্যের বিপরীত দিকে মেঘযুক্ত আকাশে সূর্য্যকিরণ পতিত হওয়ায় বিবিধবর্ণ ইন্দ্রধনু দৃষ্ট হয়। দিবসে সূর্য্যের, রাত্রিতে চন্দ্রাদি গ্রহের চতুর্দিকে যে পরিবেষ বা আকাশে গন্ধর্ব পুর, প্রতি সূর্য্য, প্রতি চন্দ্রাদি দৃষ্ট হয় তাহারও কারণ মেঘ। এজন্য মুনিগণ বলিয়াছেন "আদিত্যনারায়ণ অখিল বিশ্বের মূল"।

## আশুবৃষ্টিজ্ঞানম্।

শব্দায়ন্তে চ ভেকা বিলিখতি নখরৈ র্মেদিনীং চাখুভোজী
সর্পা বৃক্ষান্ প্রয়ান্ত্যণ্ডচয়ধরমুখা যান্তি চোচ্চৈঃ পিপীলাঃ।
ভানুং পশ্যন্তি গাবোঽপি চ সরটচয়াঃ পক্ষিণঃ স্নানরক্তা-
মীনা বা যান্তি ভূমিং নঃবহতি পবনশ্চাশু বৃষ্টিস্তদা স্যাৎ॥ স্র, ধ

যে সময়ে ভেক সমূহ শব্দ করিতে থাকে, বিড়াল নখর দ্বারা ভূমি খনন করে, সর্পগণ বৃক্ষে আশ্রয় লইতে থাকে, পিপীলিকাগণ অণ্ড মুখে লইয়া উচ্চ স্থানে উঠিতে থাকে, গো এবং সরটগণ সূর্য্যের দিকে দৃষ্টিপাত করে, পক্ষি-সমূহ স্নান করিতে ও মৎস্যগণ স্থলে উঠিতে থাকে তখন শীঘ্র বৃষ্টি জানিবে।

## শীঘ্রবৃষ্টিজ্ঞানম্।

জন্তূনাং চেন্নিলয়গমনে ব্যাকুলত্বং প্লুতং গো-
রহ্নীশানাৎ স্ফুরতি চপলা মেঘগর্জ্জোঽথ রাত্রৌ।
ঐন্দ্র্যাঃ শীতো বহতি পবনো লোহিতা বাতিনীলাঃ
সন্ধ্যামেঘা যদি বহুপুটা বৃষ্টিরাশু প্রবাচ্যা॥ ম, ক্রা

গ্রাম্য পশুগণ আবাসস্থানে আসিবার জন্য ব্যাকুল হইলে, গো সমূহ লম্ফ-নাদি আরম্ভ করিলে, দিবসে ঈশানকোণে বিদ্যুৎস্ফুরিত হইলে, রাত্রিতে মেঘ গর্জন হইলে, পূর্ব দিক্ হইতে শীতল বায়ু প্রবাহিত হইলে, সন্ধ্যাকালীন মেঘ অতি লোহিত বা অতি নীল বর্ণ হইলে শীঘ্র জল বর্ষণ জানিবে।

## সদ্যো বৃষ্টি জ্ঞানম্।

যে মেঘাঃ পরিতঃ সিতা ভ্রমরবৎ কৃষ্ণাস্তু মধ্যে তথা
সোপানক্রম-সন্নিভা বহুপুটাঃ স্নিগ্ধাঃ ক্ষরদ্বাঃকণাঃ।
পূর্বস্যা মুদিতা গতাস্ত্বপরতো বা পশ্চিমাশোদ্ভবা-
যান্ত্যৈন্দ্র্যামচিরাৎ ত্যজন্তি ভুবি তে তোয়ং ভৃশং তোয়দাঃ॥ শা, বি

যে মেঘের চতুর্দিকে শুক্লবর্ণ, মধ্যভাগে ভ্রমরসদৃশ কৃষ্ণবর্ণ, বহুস্তরযুক্ত সোপানসদৃশ, স্নিগ্ধ; জলকণাক্ষরণকারী, পূর্বহইতে পশ্চিমে বা পশ্চিম হইতে পূর্বে প্রবাহিত, সেই মেঘ হইতে শীঘ্র বহু পরিমাণ বৃষ্টিপাত হইবে।

## অপর সদ্যো বৃষ্টিজ্ঞানম্

উদ্যন্ ভানুর্গলিতকনকাভো যদা দুর্নিরীক্ষ্যো-
গোনেত্রাভং খমথ বিরসং বারি বাতো নিরুদ্ধঃ।
রক্তাভো বা হিমগুপরিধিঃ শীতগূরক্তভোঽহে-
র্বৃক্ষারোহো রতিরুরগয়োর্বা দিশেদ্ বর্ষণং দ্রাক্ ॥ ম, ক্র

উদয় কালীন সূর্য্য গলিত সুবর্ণের ন্যায় অতি দীপ্তজন্য দুর্নিরীক্ষ্য, আকাশ গোনেত্রের ন্যায় গাঢ়নীল, জল বিস্বাদ, বায়ু নিশ্চল, চন্দ্রের পরিবেষ ও চন্দ্র রক্তাভ, সর্পের বৃক্ষারোহণ বা মৈথুন দ্বারা শীঘ্র বৃষ্টি জানিবে।

## দিবসত্রয় মধ্যে বৃষ্টিজ্ঞানম্

নভস্তলং তিত্তিরপক্ষিসন্নিভং রটন্তি ভেকাহিশৃগালচাতকাঃ।
ময়ূর কণ্ঠ দ্যুতি সূর্য্যমণ্ডলে বৃষ্টিঃ প্রবাচ্যা দিবসত্রয়ান্তরে ॥ উ, জা

আকাশ তিত্তির পক্ষীর পক্ষের ন্যায় (ঘোলাটে রং) বর্ণ ধারণ করিলে ভেক, সর্প, শৃগাল ও চাতকগণ শব্দ করিলে, সূর্য্যের চতুর্দিকে বিবিধ বর্ণ মণ্ডল পরিলক্ষিত হইলে ৩ দিন মধ্যে বৃষ্টি জানিবে।

## বৃষ্টিজ্ঞানম্

সন্ধ্যাকালে স্ফুরতি চপলা দণ্ডমৎস্যেন্দ্রচাপা-
কারা মেঘা অরুণপরিধির্ভাস্করঃ স্নিগ্ধরশ্মিঃ।
পীতো নীলোঽপি চ ঘনতরু র্ভানুরোধী খমধ্যে
শ্বেতাগ্রশ্চেদ্ বহুল সলিলং মেঘতঃ সংপ্রদিশ্যেৎ ॥ ম, ক্রা

সন্ধ্যাকালে বিদ্যুৎস্ফুরণ, দণ্ড, মৎস্য, ইন্দ্রধনু প্রভৃতির ন্যায় আকৃতি বিশিষ্ট মেঘ, সূর্য্যমণ্ডলের চতুর্দিকে পরিবেষ, রবি কিরণ স্নিগ্ধ হইলে, আকাশ মধ্যভাগে পীতবর্ণ বা নীলবর্ণ শ্বেতাগ্র বৃক্ষাকার মেঘ সূর্য্যাচ্ছাদন করিলে বহু পরিমাণ বৃষ্টিপাত হইয়া থাকে।

## বৃষ্টিজ্ঞানম্

দীর্ঘাঃ শুক্লা রশ্ময় স্তিগ্মরশ্মে দৃশ্যন্তেঽস্তে বোদয়ে বারিদা বা।
শ্লিষ্যন্তীব ক্ষমাতলং বাঞ্জনাভাঃ শৈলা বৃষ্টেরাগমশ্চৈষ বেদ্যঃ ॥ শা, নী

উদয় বা অস্তকালে উচ্চীকৃত হস্তের ন্যায় দীর্ঘ; শুক্লবর্ণ, সূর্য্যরশ্মি দৃষ্ট হইলে, মেঘ পৃথিবীকে আলিঙ্গন করিলে, পর্বত অঞ্জনসদৃশ কৃষ্ণবর্ণ হইলে বৃষ্টির আগমন জানিবে।

## গ্রহযোগে বৃষ্টিজ্ঞানম্

সংযোগো বুধশুক্রয়ো র্যদি ভবেৎ শুক্রেজ্যয়ো র্বা তথা
বাগীশেন বিদো রবের্দ্বিবিচরাঃ পৃষ্ঠেঽগ্রগা বা যদা।
বৃষ্টিঃ স্যাদ্ বহুলাথ শুক্রবুধয়ো র্মধ্যস্থিতে ভাস্করে
ভৌমার্ক্যোশ্চ সমাগমে তু জলধিঃ শোষং প্রয়াতি ধ্রুবম্॥ শা, বি

বুধশুক্রের, শুক্র বৃহস্পতির, বৃহস্পতি বুধের, সমাযোগে অথবা রাহুকেতু ভিন্ন সকল গ্রহই সূর্য্যের পৃষ্ঠবর্ত্তী বা অগ্রবর্ত্তী হইলে অথবা বুধ ও শুক্রের মধ্যে রবি থাকিলে বহু বৃষ্টি হয়। কিন্তু মঙ্গল ও শনির সংযোগে সমুদ্র ও শুষ্ক (অনাবৃষ্টি) হয়।

## সঞ্চারতো বৃষ্টিজ্ঞানম্

সংচারে ভূমিসূনোঃ সুরপতিসচিবে চোদিতেঽস্তে ভৃগোর্বা
বক্রত্যাগেঽর্কসূনোঃ পততি চ সলিলং ভানুপৃষ্ঠে মহীজে।
ভূসূনো র্মার্গকালে চলতি যদি রবি র্বর্ষণং প্রাহুরাদ্যা-
ভানোরগ্রে তু ভৌমে জলনিধিরপি বা শুষ্কতাং যাতি চৈবম্॥ স্ব,ধ

মঙ্গলের সঞ্চার, বৃহস্পতির উদয়, শুক্রের অস্তগমন, শনির বক্র ত্যাগ কালে, মঙ্গল রবির পৃষ্ঠবর্ত্তী হইলে বা মঙ্গলের বক্রত্যাগ কালে রবির সংক্রমণ হইলে জলবর্ষণ হয় কিন্তু মঙ্গল সূর্য্যের অগ্রগামী হইলে সমুদ্র ও শুষ্ক (অনাবৃষ্টি) হয়।

## বর্ষাসু গ্রহস্থিতিতো বৃষ্টিজ্ঞানম্।

বর্ষাস্বাস্ফুজিতো মদে হিমরুচৌ সৌম্যগ্রহেণেক্ষিতে
মন্দাদ্বা নবপঞ্চ সপ্তম গতে দৃষ্টে শুভেনাথবা।
খেটানা মুদয়েঽস্তকেঽথ শশিনা সংযোগতঃ সংক্রমে
পক্ষান্তে হ্যথবায়নান্তসময়ে সূর্যস্য বৃষ্টির্ভবেৎ॥ শা, বি

বর্ষাকালে শুক্র হইতে সপ্তমস্থ চন্দ্র শুভ দৃষ্ট হইলে বা শনি হইতে নবম পঞ্চম,

বা সপ্তমে অবস্থিত চন্দ্র শুভ দৃষ্ট হইলে, কুজাদি পঞ্চ গ্রহের মধ্যে কোনও গ্রহের রবি সান্নিধ্যবশতঃ উদয় বা অস্ত গমন কালে, ভৌমাদি কোন গ্রহের চন্দ্রের সহিত সমাগম বা রাশি সংক্রমণকালে, অমাবস্যা বা পূর্ণিমার অস্ত সময়ে, সূর্য্যের কর্কট বা মকর সংক্রান্তি সময়ে প্রায়ই বৃষ্টি হয়।

## আষাঢ় পৌর্ণমাস্যাং বায়ুফলানি

আষাঢ্যাং পৌর্ণমাস্যাং যদি বহতি মরুচ্চৈশতঃ পূর্বতো বা
ধান্যাদীনাং সমৃদ্ধ্যা সুখদ ঘনজলৈঃ শোভিতা মোদিতা ভূঃ।
আগ্নেয্যাঃ শস্যহীনা সলিলবিরহিতা যাম্যতঃ স্বল্পবৃষ্টি-
র্যাত্যর্কেঽস্তং ক্ষুধাভির্বহুলজনমৃতি নৈঋর্তাদ্ বাতি বায়ৌ ॥ স্র, ধ
শস্যোপেতা ধরিত্রী নৃপচয় সমর শ্চেৎ পশ্চিমায়া বহে-
দাষাঢ্যাং পৌর্ণমাস্যামথ মুদিতজনা বায়ুত শ্চণ্ডবাতঃ।
তিগ্মাংশৌ যাতি চাস্তং প্রবহতি পবনশ্চোত্তরস্যা স্তদা স্যাদ্-
মেঘানাং বারিপাতৈঃ সলিলময়ধরা শস্যসমৃদ্ধিযুক্তা ॥ স্র, ধ

আষাঢ়ী পূর্ণিমা দিবসে সূর্যাস্তকালে ঈশান বা পূর্ব্বদিক হইতে বায়ু প্রবাহিত হইলে যথাসময়ে বৃষ্টি ও বহুলধান্যাদি দ্বারা পৃথিবী শোভিতা ও আমোদিতা হয়। অগ্নিকোণের বায়ুতে শস্যহীনা ও জলহীনা, দক্ষিণের স্বল্পবৃষ্টি, নৈঋর্তের ক্ষুধায় বহুলোকের বিনাশ, পশ্চিমের বহু শস্যকিন্তু রাজগণের যুদ্ধ, বায়ুকোণের বহুশস্যজন্য আমোদ কিন্তু চণ্ডবায়ু, উত্তরের বায়ুতে বহু বৃষ্টি ও বহু শস্য হয়।

## মাঘে কৃষ্ণে স্বাতীযুক্ত সপ্তমীফলম্

মাঘে যদা স্বাতিযুতাথ সপ্তমী কৃষ্ণে তদা খং জলদাবৃতং তথা।
চণ্ডোঽনিলো বা স্তনিতেন বর্ষণং বর্ষাঃ সুশস্যৈ র্জন মোদিতা মতাঃ ॥ ই, বং

মাঘের কৃষ্ণপক্ষে স্বাতীনক্ষত্রযুক্ত সপ্তমীতে আকাশ মেঘাচ্ছন্ন থাকিলে অথবা প্রচণ্ড ঝটিকা বা মেঘ গর্জ্জনসহ বৃষ্টিপাত হইলে বর্ষাকালে বহুশস্য হওয়ায় মনুষ্যগণ আনন্দিত হয়

## রোহিণীযোগাদ্ বৃষ্টিজ্ঞানম্

আষাঢ়ে কৃষ্ণপক্ষে বিধিভ-শশিযুতৌ সূর্য্যবিম্বোদয়াৎ স্যাদ্-
যামার্দ্ধৈরষ্টসংখ্যৈঃ শুভদঘনজলং শ্রাবণস্যাদ্যপক্ষাৎ।

সদ্‌বাতেনাথ মেঘান্নচ পততি জলং শোভনশ্চেন্ন বায়ু-
র্গর্গো যামৈশ্চতুর্ভি র্নিগদতি চতুরো মাসকান্ কার্ত্তিকান্তান্ ॥ স্ব,ধ

আষাঢ় মাসের কৃষ্ণপক্ষে যে দিবসে রোহিণী নক্ষত্র সেই দিবসে সূর্য্যোদয় হইতে অষ্ট যামার্দ্ধে শ্রাবণ মাসের প্রথম পক্ষ হইতে অষ্ট পক্ষের অর্থাৎ শ্রাবণাদি কার্ত্তিকান্ত চারিমাসের গণনা করিবে। যে যামার্দ্ধে শোভন বায়ু প্রবাহিত হইবে মাসের সেইপক্ষে সুবৃষ্টি হইবে। যে যামার্দ্ধে শোভন বায়ু প্রবাহিত হইবে না, মাসের সেই পক্ষে অনাবৃষ্টি হইবে। মহর্ষি গর্গ সূর্য্যোদয় হইতে চারি প্রহরে এইরূপে শ্রাবণাদি কার্ত্তিকান্ত চারি মাসের বৃষ্টিপাত বলিয়াছেন।

## স্বাতীযোগে বৃষ্টিজ্ঞানম্

আষাঢ়ে শুক্লপক্ষেঽনিলযুত উডুপে ত্র্যংশ আদ্যে রজন্যাং
বৃষ্টৌ গ্রীষ্মে সুধান্যং শরদি চ ভবিতা মধ্যভাগে তিলাদ্যম্।
শেষে গ্রীষ্মেঽথ ধান্যং শরদি নতু তথা চাহ্নি শং মধ্যমিষ্টং
মেঘাম্বু স্যাৎ সদাথো ভবতি চ চতুরো মাসকান্ বৈ সুবৃষ্টিঃ ॥ স্ব, ধ

আষাঢ় মাসের শুক্লপক্ষে স্বাতীনক্ষত্র যোগে রাত্রির প্রথম ত্র্যংশে বৃষ্টি হইলে গ্রীষ্মে ও শরৎকালে বহু ধান্য জন্মে। দ্বিতীয় ত্র্যংশে বৃষ্টিপাতে তিল, মুগ, মাষ প্রভৃতি বৃদ্ধিপ্রাপ্ত হয়। শেষত্র্যংশে বৃষ্টিপাতে গ্রীষ্মকালে ধান্য জন্মে কিন্তু শরৎকালে ধান্য জন্মে না। দিবসে প্রথমত্র্যংশে বৃষ্টি হইলে শ্রাবণাদি কার্ত্তিকান্ত চারি মাসে সুবৃষ্টি হয়, দ্বিতীয়ত্র্যংশে বৃষ্টিপাতে শ্রাবণাদি চারি মাসে মধ্যমপরিমাণ বৃষ্টিবর্ষণ, শেষত্র্যংশে বৃষ্টিপাতে কালোচিত অভীষ্ট বৃষ্টিপাত হইয়া থাকে। দিনরাত্রি সর্ব্বদা বৃষ্টি হইলে চারি মাসেই সুবৃষ্টি হয়।

## বৃষ্টিজ্ঞানার্থং ত্রিনাড়ীচক্রম্

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| আদ্য | ১ | ৬ | ৭ | ১২ | ১৩ | ১৮ | ১৯ | ২৪ | ২৫ |
| মধ্য | ২ | ৫ | ৮ | ১১ | ১৪ | ১৭ | ২০ | ২৩ | ২৬ |
| পৃষ্ঠ | ২৭ | ২১ | ২২ | ৯ | ১০ | ৩ | ৪ | ১৫ | ১৬ |

অশ্বীরুদ্রার্যমেন্দ্রাম্বধিপতি যুগলান্যৃক্ষকাণ্যাদ্যনাড্যাং
পৌষ্ণং ভং বৈশ্বনাগানলপবনযুগং পৃষ্ঠনাড্যাং তথান্যাঃ।
তারাঃ স্যুর্মধ্যনাড্যাং সকল খলখগাঃ শোভনা বা সমস্তা-
একস্যামেব নাড্যাং যদি বহুলজলং সদ্য এব প্রবাচ্যম্ ॥ স্ব, ধ

অশ্বিনী, আর্দ্রা, পুনর্ব্বসু, উত্তরফল্গুনী, হস্তা, জ্যেষ্ঠা, মূলা, শতভিষা, পূর্ব্বভাদ্রপদ, আদ্য নাড়ীতে। রেবতী, উত্তরাষাঢ়া, শ্রবণা, অশ্লেষা, মঘা, কৃত্তিকা রোহিণী, স্বাতী, বিশাখা পৃষ্ঠ নাড়ীতে। শেষ ভরণী, মৃগশিরা, পুষ্যা, পূর্ব্বফল্গুনী, চিত্রা, অনুরাধা, পূর্ব্বাষাঢ়া, ধনিষ্ঠা, উত্তরভাদ্রপদ এই নয়টি মধ্য নাড়ীতে। এক নাড়ীতে সকল পাপগ্রহ বা সকল শুভগ্রহের অবস্থান হইলে শীঘ্র বহু বৃষ্টি হয়।

## স্ত্রী-পুরুষাদি গ্রহযোগে বৃষ্টিজ্ঞানম্

ক্রূরাশ্চেদাদ্যনাড্যাং শুভদদিবিচরা মধ্যগা ভূরিবৃষ্টি-
রেকস্যাং চেত্তু নাড্যাং সবনিত পুরুষাঃ খেচরাশ্চাতি বৃষ্টিঃ।
স্ত্রীণাং পুংসাং পৃথক্ত্বাদ্ যদি যুতিরথবা ক্লীবকানাস্তু বাতঃ
শৈত্যং স্ত্রীক্লীবযোগাৎ স্বরনিগমবিদ শৈচকনাড্যাং প্রচক্ষুঃ॥ স্ব, ধ

আদ্য নাড়ীতে পাপগ্রহ, মধ্য নাড়ীতে শুভগ্রহ থাকিলে অথবা এক নাড়ীতে স্ত্রীগ্রহ ও পুরুষগ্রহের যোগ হইলে, বহু বৃষ্টি হয়। এক নাড়ীতে কেবল স্ত্রীগ্রহের, বা কেবল পুরুষগ্রহের বা কেবল ক্লীবগ্রহের যোগ হইলে ঝটিকা হয়। এক নাড়ীতে স্ত্রীগ্রহও ক্লীবগ্রহের যোগে শীতাধিক্য হয়।

## বৃষ্টিজ্ঞানার্থং সপ্তনাড়ীচক্রম্

শন্যর্ক ভৌমেজ্য সিতজ্ঞ চন্দ্রা-
এষাং ভুজঙ্গা ইব সপ্ত নাড্যঃ।
সহাভিজিচ্চানলভাদ্ বিলেখ্যা-
অষ্টাধিকা বিংশতি রাসু তারাঃ। উ, জা

| | | | |
|---|---|---|---|
| ৩ | ১৬ | ১৭ | ২ |
| ৪ | ১৫ | ১৮ | ১ |
| ৫ | ১৪ | ১৯ | ২৭ |
| ৬ | ১৩ | ২০ | ২৬ |
| ৭ | ১২ | ২১ | ২৫ |
| ৮ | ১১ | ০ | ২৪ |
| ৯ | ১০ | ২২ | ২৩ |

## নাড়ীনাং নামান্তরাণি।

চণ্ডাথ বায়ুর্দহনা চ সৌম্যা নীরা জলাথামৃতনাড়ীকা চ।
শন্যাদিকানামপি চাপরাখ্যা আসু স্থিতৈ র্ব্যোমচরৈঃ ফলং স্যাৎ॥ ই, ব

সর্পের ন্যায় সপ্তনাড়ী বিশিষ্ট চক্রে কৃত্তিকা হইতে ভরণী পর্য্যন্ত অভিজিৎস ২৮ নক্ষত্র স্থাপন করিবে। প্রথম শনি বা চণ্ডানাড়ী। ইহাতে কৃত্তিকা, বিশাখা অনুরাধা, ভরণী। দ্বিতীয় সূর্য্য বা বায়ু নাড়ীতে রোহিণী, স্বাতী. জ্যেষ্ঠা অশ্বিনী। তৃতীয় মঙ্গল বা দহনা নাড়ীতে মৃগশিরা, চিত্রা, মূলা, রেবতী

চতুর্থ বৃহস্পতি বা সৌম্যানাড়ীতে আর্দ্রা, হস্তা, পূর্ব্বাষাঢ়া, উত্তরভাদ্রপদ। পঞ্চম শুক্র বা নীরা নাড়ীতে পুনর্ব্বসু, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, পূর্বভাদ্রপদ। ষষ্ঠ বুধ বা জলানাড়ীতে পুষ্যা, পূর্বফল্গুনী, অভিজিৎ, শতভিষা। সপ্তম চন্দ্র বা অমৃতা নাড়ীতে অশ্লেষা, মঘা, শ্রবণা, ধনিষ্ঠা, নক্ষত্র লিখিবে। ইহাতে গ্রহাবস্থান দ্বারা ফল জানিবে।

## নাড়ীগত নক্ষত্রাণাং স্ত্রীত্বাদিসংজ্ঞাঃ।

স্ত্রীসংজ্ঞকং ভং দশকং শিবাদিকং দ্বীশত্রিকং ক্লীবভমেব মূলভাৎ।
চতুর্দ্দশ স্যুঃ পুরুষাখ্যভানি চ স্বরোদয়ে মেঘবিদশ্চচক্ষিরে ॥ উ, জা

এই সপ্ত নাড়ীস্থ আর্দ্রাদি স্বাতী পর্য্যন্ত ১০ নক্ষত্র স্ত্রীনক্ষত্র নামে, বিশাখাদি ৩ নক্ষত্র ক্লীবনক্ষত্র, মূলাদি মৃগশিরা পর্য্যন্ত ১৪ নক্ষত্র পুরুষনক্ষত্র নামে অভিহিত।

## সজলাদি গ্রহসংজ্ঞাঃ।

দৈত্যেজ্য-চন্দ্রৌ সজলৌ বুধেজ্যকৌ সাম্যাহ্বয়ৌ তৌ সজলৌ তু বারিভে।
শুষ্কা মহীজার্কশনৈশ্চরাস্তথা স্ত্রীভে জলং স্যান্নরখেটসংযুতৌ ॥ ই, ব

শুক্র ও চন্দ্র সজলগ্রহ, বুধ ও বৃহস্পতি সাম্যগ্রহ কিন্তু জলরাশিতে থাকিলে ইহারা সজলগ্রহ। মঙ্গল, রবি ও শনি শুষ্কগ্রহ। স্ত্রীসংজ্ঞক নক্ষত্রে পুরুষ গ্রহের যোগে জলবর্ষণ হয়।

## সজল নির্জল রাশয়ঃ।

কর্কালিমীনা ঘটনক্রতৌলিন শৈচতে নিরুক্তাঃ সজলা হি রাশয়ঃ।
সিংহাজগোদ্বন্দ্বধনুঃ কুমারিকাঃ স্বরোদয়জ্ঞৈ রুদিতাশ্চ নির্জলাঃ॥
উ, জা

কর্কট, বৃশ্চিক, মীন, কুম্ভ, মকর, তুলা এই ছয় রাশি সজল রাশি, সিংহ, মেষ, বৃষ, মিথুন, ধনু, কন্যা এই ছয় রাশি নির্জ্জল রাশি নামে কথিত।

## সপ্তনাড়ী ফলানি।

দ্ব্যাদ্যা গ্রহাশ্চণ্ডগতাঃ প্রচণ্ডবাতং প্রকুর্য্যুস্ত্বপি বায়ুগা বা।
প্রচণ্ডদাহং দহনাশ্রিতাশ্চেৎ তথা জলায়াং জলবর্ষণং চ। উ, জা

খেটেঽপি কস্মিন্ নিজনাড়িকাস্থে নাড়ীফলং ভূমিসুতে যথাস্থে।
আর্দ্রাগতেঽর্কে বিধুসংস্থনাড্যাং যদি গ্রহা বৃষ্টিরথ প্রবাচ্যা। উ,জা

দুই বা ততোধিক গ্রহ চণ্ডনাড়ী বা বায়ুনাড়ীতে থাকিলে ঝড়, দহননাড়ীতে থাকিলে প্রচণ্ড দাহ, জলানাড়ীতে থাকিলে বৃষ্টি হয়। যে কোনও গ্রহ নিজ নাড়ীতে থাকিলে অথবা মঙ্গল যে কোন নাড়ীতে থাকিলে নাড়ীর নামানুসারে দাহ, বাত, বৃষ্টি প্রভৃতি ফল হইয়া থাকে। আর্দ্রা, নক্ষত্রে রবির অবস্থানে চন্দ্রাবস্থিত নাড়ীতে বহু গ্রহের যোগে বৃষ্টি হয়।

## নাড়ীগত চন্দ্রতো বৃষ্টিজ্ঞানম্।

যদ্যেকতারে খচরা নিজাংশে যাবচ্ছশী তাবদথাতিবৃষ্টিঃ।
যস্যৈব নাড্যাং যদি তেন দৃষ্টো যুক্তোঽথবেন্দু র্জলদো বলাঢ্যঃ। ই, ব
পীযূষনাড্যা মথ নীরগা বা জলাখ্যনাড্যাং খচরাঃ সচন্দ্রাঃ।
বৃষ্টিস্ত্র্যহং স্যাদ্ যদি সর্বখেটাঃ সৌম্যস্থিতা বা ত্র্যহমেব সা হি। উ,জা

এক নক্ষত্রে অনেক গ্রহ থাকিলে যাবৎকাল চন্দ্র নিজ নবাংশে থাকিবে তাবৎকাল অতি বৃষ্টি হয়। বলবান্ চন্দ্র যাহার নাড়ীতে অবস্থিত তাহাদ্বারা দৃষ্ট বা যুক্ত হইলে বৃষ্টি হয়। অমৃতনাড়ী,, নীরানাড়ী বা জলানাড়ীতে চন্দ্রের সহিত অনেক গ্রহের অবস্থানে অথবা সকল গ্রহ সৌম্য নাড়ীস্থ হইলে তিনদিন বৃষ্টি হয়।

## নাড়ীগত গ্রহতো বৃষ্টিজ্ঞানম্।

নীরাদিকাসু ত্রিকনাড়িকাসু সর্ব্বে গ্রহা বৃষ্টিরনেক ঘস্রান্।
চণ্ডস্থিতা বায়ুগতা যদা বা সর্ব্বেঽল্পবৃষ্টিঃ সহচণ্ডবাতা। ই, ব
যদা সজীবৌ দ্বিজরাজ-ভূমিজৌ শুক্রেন্দুজৌ বা সহচন্দ্রগীষ্পতী।
কুত্রাপি নাড্যাং যদি বৃষ্টিরুত্তমা প্রজায়তে প্রোক্তমিদং স্বরোদয়ে॥
উ, জা

জলাখ্যনাড়ী নহি তোয়দা যদা শুভাধিকা চেদ্ দহনা খলাধিকা।
জলপ্রদা মার্গ্যুদয়াস্তবক্রগাঃ খেটা জলাখ্যে বহুবৃষ্টিদায়িনঃ॥ উ, জা

নীরা, জলা ও অমৃতা এই তিন নাড়ীতে সকল গ্রহ থাকিলে অনেক দি· ব্যাপী বৃষ্টি হয়। চণ্ডনাড়ী বা বায়ুনাড়ীতে সকল গ্রহ থাকিলে প্রচণ্ড বাতে·

সহিত অল্পবৃষ্টি হয়। যে কোন নাড়ীতে বৃহস্পতি, চন্দ্র, মঙ্গল এই তিনটি, অথবা শুক্র, বুধ, চন্দ্র, বৃহস্পতি এই চারিটি গ্রহের যোগ হইলে সুবৃষ্টি হয়। জলা নাড়ীতে অনেক শুভগ্রহ থাকিলে সুবৃষ্টি হয় না কিন্তু দহনা নাড়ীতে অনেক পাপগ্রহ থাকিলে বৃষ্টি হয়। জলানাড়ীতে মার্গী, উদিত, অস্তমিত বা বক্রী অনেক গ্রহ থাকিলে বহু বৃষ্টি হয়।

## বৃষ্টি ঝটিকা সম্ভাবনা কথনম্।

অস্তং গচ্ছতি ভাস্করে যদি ভবেদারক্তবর্ণোত্তরা
বৃষ্টি র্বা ভবিতানিলেন সহিতা যাম্যা সুরক্তাথবা।
মধ্যাহ্নেঽর্কতনুঃ সমুজ্জ্বলতমা জাতোষ্ণতা দুঃসহা
ধূমঃ কুজ্ঝটিকাচ নিম্নমতয়ে বৃষ্টিঃ প্রবাচ্যা বুধৈঃ। শা, বি

সূর্য্যাস্তকালে উত্তরদিক্ বা দক্ষিণদিক্ আরক্তবর্ণ হইলে বৃষ্টিসহ ঝটিকার সম্ভাবনা। মধ্যাহ্নে সূর্য্যমণ্ডল অতি উজ্জ্বল ও দুঃসহ গ্রীষ্ম বোধ হইলে অথবা ধূম বা কুজ্ঝটিকা নিম্নগামী হইলে বৃষ্টির সম্ভাবনা।

## অপর বৃষ্টিঝটিকা সম্ভাবনা কথনম্।

অস্তং যাতি রবৌ শরচ্ছিশিরয়ো রারক্তভানু র্যদা
চাসন্না ঝটিকা হি বায়ুবিদিশস্তদ্বদ্ রবৌ যাম্যতঃ।
অগ্নের্বা ঝটিকা যদা জলচরা ভ্রাম্যন্ত্যপীচ্ছন্তি নো
স্বাহারং বিহগাঃ সবৃষ্টিঝটিকা বাচ্যা তদা সত্বরম্॥ শা, বি

শরৎ বা শীতকালে সূর্য্যাস্ত সময়ে আরক্ত সূর্য্য বিম্ব দৃষ্ট হইলে বায়ু কোণ হইতে এবং উদয় কালে দৃষ্ট হইলে দক্ষিণ বা অগ্নি কোণ হইতে ঝটিকারম্ভের সম্ভাবনা।

যথন জলচর পক্ষিগণ জলের উপরে উড়িয়া বেড়ায় কিন্তু আহার গ্রহণ করে না তখন শীঘ্র ঝড ও বৃষ্টির সম্ভাবনা জানিবে।

## অপর বৃষ্টি জ্ঞানম্

আরভ্য মাগে প্রতিপত্তিথিং সিতে যাবদ্ধি চৈত্রং জলদেক্ষণে চ ভম্।
ততো ভবেদভ্রখগেন্দু-বাসরাসন্নেঽহ্নি বারিপতনং চ তত্র ভে॥ উ, জা,

চান্দ্র মার্গ শুক্ল প্রতিপদ হইতে চৈত্র পর্য্যন্ত যে যে দিবসে যে যে নক্ষত্রে মেঘ দর্শন হইবে, সেই সেই দিন হইতে ১৯০ দিনের আসন্ন দিবসে সেই নক্ষত্রে জল বর্ষণ জানিবে।

## বর্ষা সময় নির্ণয়ঃ

কর্কি প্রবেশে তরণের্যদঙ্গং দ্রেক্কাণতস্তস্য নিরুক্ত মাদ্যৈঃ॥
আদৌ চ মধ্যে চরমেঽত্র মাসে বর্ষাজলং স্যাদিতি সংহিতাজ্ঞৈঃ॥ ই, ব,

লগ্নের প্রথমদ্রেক্কাণে সূর্য্যের কর্কটে প্রবেশ হইলে শ্রাবণের প্রথমভাগে, দ্বিতীয়দ্রেক্কাণে মাসের মধ্যভাগে, তৃতীয় দ্রেক্কাণে মাসের শেষভাগে বর্ষা জল বৃদ্ধি জানিবে।

## বর্ষা জ্ঞানার্থং রাজাদ্যানয়নম্

জীবার্ক সৌম্য শনি ভৌম সিতেন্দবঃ স্যু-
র্বর্ষেশ মন্ত্রি-জলনায়ক-শস্যনাথাঃ।
শাকান্নগাপ্ত পরিশেষ ফলৈরথাঙ্কৈ-
রেকাদিভির্গণনয়া ক্রমতো ভবেয়ুঃ॥ ব, তি

শকাব্দকে ৭ দ্বারা ভাগ করিয়া ১ অবশিষ্ট থাকিলে বৃহস্পতি, ২ থাকিলে রবি, ৩ বুধ, ৪ শনি, ৫ মঙ্গল, ৬ শুক্র, ৭ অবশিষ্ট থাকিলে চন্দ্র বর্ষপতি জানিবে। বর্ষপতির পরবর্ত্তী গ্রহ মন্ত্রী, তাহার পরবর্ত্তী গ্রহ জলাধিপতি, তাহার পরবর্ত্তী গ্রহ শস্যপতি। যেমন বৃহস্পতি বর্ষপতি হইলে রবি মন্ত্রী, বুধ জলাধিপতি, শনি শস্যপতি। এইরূপ ক্রমশঃ জানিবে।

## বিহারাদি বঙ্গেতরদেশ প্রচলিত রাজাদ্যানয়নম্

প্রারব্ধে চান্দ্র বর্ষে দিবস পতিরথো বর্ষপ শ্চাথ মন্ত্রী
সৌরে বর্ষে তু কর্কং দিনকর গমনে পূর্বশস্যাধিপঃ সঃ।
চাপাদিং চাপি শস্যাধিপ ইহ চরমে তৌলিগেঽর্কে জলেশঃ-
ভানোশ্চার্দ্রাপ্রবেশে জলদপতিরসৌ বারনাথো ভবেদ্যঃ। স্ব, ধ

চান্দ্রচৈত্র শুক্লপ্রতিপদারম্ভে চান্দ্রবর্ষারম্ভ হয়। সেই সময়ে যে বার সেই বারপতি গ্রহ চান্দ্র বর্ষপতি। সৌর বর্ষারম্ভে অর্থাৎ সূর্য্যের মেষ প্রবেশ কালে

বারপতি মন্ত্রী, সূর্য্যের কর্কট প্রবেশকালে বারপতি বর্ষের পূর্বার্দ্ধে শস্যপতি, ধনুঃ প্রবেশকালে বারপতি চরমার্দ্ধে শস্যপতি, তুলা প্রবেশে বারনাথ জলাধিপ, সূর্য্যের আর্দ্রা প্রবেশে বারাধিপতি মেঘ নায়ক।

## রাজ ফলানি

সূর্যে বর্ষপতৌ ন বর্ষণ জলং স্বল্পং ধরানন্দনে
চন্দ্রে চেন্দুসুতে প্রভূতসলিলং জীবে সুশস্যা ধরা।
নানা শস্যযুতা সুপুণ্যনিরতা সৌখ্যান্বিতা ভার্গবে
দুর্ভিক্ষার্ত্তিশুচাদিভী রবিসুতে সংপীড়িতা স্যান্মহী ॥ শা, বি,

সূর্য্য বর্ষপতি হইলে সে বৎসরে অনাবৃষ্টি, মঙ্গল হইলে অল্প বৃষ্টি, চন্দ্র বা বুধে প্রভূত জল, বৃহস্পতিতে সুশস্য, শুক্রে নানাশস্য, সুপুণ্য ও সুখ; শনি বর্ষপতি হইলে সেই বৎসরে লোক দুর্ভিক্ষ, দুঃখ, রোগ, শোক দ্বারা পীড়িত হয়।

## ফলে বিশেষঃ

জন্মভোদয়পতি র্যদি বর্ষে বর্ষপঃ পুনরথোচ্চগতো বা।
হর্ষিতোঽপি সখলো খলু যস্য সৌখ্য বিত্ত জনকো গদিতোঽস্য ॥ স্বাগতা

যাহার জন্মরাশিপতি বা জন্ম লগ্নপতি বর্ষপতি হইয়া উচ্চ স্থানে অবস্থিত বা হর্ষিত ভাবগত, পাপযুক্ত হইলেও সেই বর্ষপতি সেই ব্যক্তির সুখ, বিত্ত বৃদ্ধিকর হয়।

## বৃষ্টি নিবৃত্তি-নবর্ত্তু সমাগম লক্ষণম্।

কালে বর্ষতি চাতকা ভ্রমরতাঃ শব্দায়মানা অথো
ভাস্বান্ লোহিত পিণ্ডতুল্য উদয়ে রশ্মিপ্রহীনো যদি।
অস্তে চেৎ স্ফুরদংশুজাল উত বা বৃষ্টে নিবৃত্তির্ভবে-
দৈন্দ্রী-চেন্মলিনা নবর্ত্তুসময়ঃ প্রোচ্ছদ্রবৌ সম্ভবঃ ॥ শা, বি

বর্ষাকালে চাতক পক্ষিগণ শব্দ করিতে করিতে ঘুড়িয়া বেড়াইতে থাকিলে অথবা উদয়কালে সূর্য্যমণ্ডল রশ্মিহীন, রক্তবর্ণ, পিণ্ডাকৃতি দৃষ্ট হইলে অথবা অস্ত সময়ে বিস্তৃত রশ্মি জালের ন্যায় সূর্য্য মণ্ডল দৃষ্ট হইলে বৃষ্টির নিবৃত্তি জানিবে। উদয় কালে পূর্বদিক অপরিষ্কার দেখাইলে নূতন ঋতুর সমাগম জানিবে।

## গ্রহণাধ্যায়ঃ

ছায়াং ক্ষিতেঃ শীতকরো যদা বিশেৎ পূর্ণান্তকালে গ্রহণং বিধোস্তদা।
অমান্তকালে বিধুনাবৃতো রবির্ভবেদ্ যদার্কগ্রহণং তদোচ্যতে॥ উ, জা

পূর্ণান্ত কালে পৃথিবীর ছায়ায় চন্দ্রপ্রবিষ্ট হইলে চন্দ্রগ্রহণ, অমান্তকালে চন্দ্র দ্বারা সূর্য্য আচ্ছাদিত হইলে সূর্য্য গ্রহণ হয়।

## গ্রহণ সম্ভাবনা কথনম্

পূর্ণান্তেঽংশা বিশ্বতোঽল্পা অন্তরং রাহুসূর্য্যয়োঃ।
অমান্তে মেঘতোঽল্পাশ্চেদ্ গ্রহো ভাব্যঃ শশীনয়োঃ॥

পূর্ণান্ত কালে রাহু বা কেতু হইতে সূর্য্যের অন্তর ১৩ অংশের কম হইলে চন্দ্রগ্রহণ এবং অমান্তকালে অন্তর ১৭ অংশের কম হইলে সূর্য্যগ্রহণ হইতে পারে।

## গ্রহণাদর্শনে বিশেষঃ

রাত্রৌ গ্রহোঽর্কস্য দিবা গ্রহো বিধোর্দ্যুরাত্রসন্ধৌ নচ পুণ্যদস্তথা।
মেঘাবৃতে গাণিতিকোপদেশিতঃ পুণ্যস্তু কালো জপদানমত্র চ॥ ই, বং
গ্রস্তাস্তযানেঽপ্যবলোকনান্তং যাবচ্চ পুণ্যঃ সময়ঃ প্রদিষ্টঃ।
অরিষ্টসংসূচিত দোষমাপ্তে শান্তির্বিধেয়া গ্রহণেঽপ্যদৃষ্টে॥ উ, জা

রাত্রিতে সূর্য্যগ্রহণ, দিবসে চন্দ্রগ্রহণ গণনায় জানিতে পারিলেও অদৃশ্য জন্য পুণ্যজনক নহে। দিন রাত্রি সন্ধি সময়ের গ্রহণ ও পুণ্যজনক নহে। আকাশ মেঘাবৃত জন্য গ্রহণ অদৃশ্য হইলেও গণনালব্ধ জন্য পুণ্যকাল। ইহাতে স্নান-দানাদি বিধেয়। গ্রস্তাবস্থায় অস্তগমন করিলে গ্রহণ দর্শন পর্য্যন্ত পুণ্যকাল। অরিষ্ট আশঙ্কায় গ্রহণ না দেখিলে বা আকাশ মেঘাবৃত জন্য গ্রহণ অদৃশ্য হইলেও গ্রহণ দোষ নাশের জন্য শান্তি কর্ত্তব্য।

## গ্রহণ দর্শনে দোষঃ

উপচয়েতররাশিগতে বিধৌ জননরাশিত ইন্দুরবিগ্রহঃ।
ত্রিজননে ত্রিবধে চ তদেক্ষিতোঽর্দ্ধশরদং ধননাশরুজাপ্রদঃ॥ দ্রু, বি

চন্দ্রগ্রহণ বা সূর্য্যগ্রহণ কালে জন্মরাশি হইতে তৃতীয় ষষ্ঠ, দশম, একাদশরাশি ভিন্ন অন্যত্র চন্দ্র থাকিলে বা ত্রিজন্ম তারা, ত্রিবধতারা হইলে ৬ মাস পর্য্যন্ত রোগ ও ধনক্ষয় হয়।

## গ্রহণে চন্দ্রতো দোষঃ

গ্রস্তো বিধুর্ভস্মনিভোঽথ রুক্ষো রক্তোঽথবা শ্যামতনুশ্চ ভগ্নঃ।
কম্পান্বিতো বা পরিহীনরশ্মিস্তদাময়ক্ষুদ্‌রিপুচৌরভীতিঃ॥ উ, জা

গ্রহণকালে চন্দ্র ভস্মের ন্যায়বর্ণ, রুক্ষ, রক্তবর্ণ, শ্যামবর্ণ, ভগ্ন, কম্পমান, বা, হীনরশ্মি হইলে রোগ, দুর্ভিক্ষ, শত্রুভয়, চৌরভয় জন্মে।

## রাহো(গ্রস্তাংশস্য)বর্ণতো দোষঃ

আরক্তে হরিতেঽথবা কপিলকে শ্যামেঽতিপীতেঽপিবা
পদ্মাভে সুরচাপকান্তিসদৃশে পাংশুপ্রভে গৈরিকে।
রাহৌ স্যাৎ সমরক্ষুধাময়ভয়ং বৃষ্টৌ ভৃশং তচ্ছমঃ
পীতে বা ধবলে গ্রহেঽর্কশশিনোঃ শস্যপ্রবৃদ্ধিং জগুঃ॥ শা, বি

সূর্য্যের বা চন্দ্রের গ্রহণে রাহু (গ্রস্তাংশ) ঈষদ্ রক্ত, হরিত, কপিল, শ্যাম, অতি পীত, পদ্মবর্ণ, ইন্দ্র ধনু কান্তিতুল্য, পাংশু বা গৈরিকবর্ণ হইলে যুদ্ধ, দুর্ভিক্ষ, রোগভীতি জন্মে কিন্তু অতি বৃষ্টিপাতে দোষ শান্তি হয়। পীত বা শ্বেতবর্ণ হইলে শস্য বৃদ্ধি হয়।

## গ্রহণে দোষ শান্তিঃ

ইন্দৌ শুভে বাপ্যশুভে গ্রহে সদা স্নানং চ পক্কান্নবিসর্জনং শুভম্।
স্বর্ণং ভুবং গাং তিলতাম্রভাজনং দদ্যাচ্চ দৈবজ্ঞবরায় শান্তয়ে॥ ই, বং

গ্রহণে চন্দ্র শুভ বা অশুভ থাকিলেও মুক্তিস্নান এবং পক্কান্ন ত্যাগ কর্ত্তব্য। গ্রহণে বিরুদ্ধ চন্দ্রজনিত দোষশান্তির জন্য দৈবজ্ঞ ব্রাহ্মণকে দক্ষিণার সহিত স্বর্ণ, ভূমি, গো, তিলপূর্ণ তাম্রপাত্র দান করিবে।

## নাড়ীনক্ষত্রগত গ্রহণ প্রতিকারঃ

সূর্য্যাচন্দ্রমসোগ্রহো যদি ভবেদ্ নাড়ীস্থিতর্ক্ষে নৃণাং
নাড়ীনামসমং ত্বনিষ্টফলদঃ ষণ্মাসমধ্যে তদা।
তচ্ছান্ত্যৈ শতপুষ্পা-চন্দন-ফলোশীর-প্রিয়ঙ্গূফলৈঃ
স্নানং তাম্রতিলান্ রবেস্তু পয়সা শঙ্খং প্রদদ্যাদ্ বিধোঃ॥ শা, বি

যে নাড়ীনক্ষত্রে চন্দ্র বা সূর্য্যের গ্রহণ হইবে ৬ মাস মধ্যে সেই নাড়ীর নামানুসারে অর্থাৎ জন্মনাড়ীতে রোগ, কর্ম নাড়ীতে কর্মহানি ইত্যাদি

অনিষ্ট ঘটিয়া থাকে। ইহার প্রতিকারার্থ শলিকা, শ্বেতচন্দন, জাতি ফল, বীরণ মূল, প্রিয়ঙ্গু এই সকল দ্রব্য জলে মিশ্রিত করিয়া স্নান করিবে। অথবা সূর্য্য-গ্রহণে তিলপূর্ণ তাম্রপাত্র এবং চন্দ্রগ্রহণে দুগ্ধপূর্ণ শঙ্খ দৈবজ্ঞব্রাহ্মণকে দান করিবে।

# যাত্রাধ্যায়ঃ

## যাত্রায়াং বারশুদ্ধিঃ

যাত্রা খলাহে পরিবর্জনীয়া ন বারদোষঃ প্রভবেদ্ রজন্যাম্।
যাত্রোক্ত পাপাদিকবর্জ্যযোগা গৃহপ্রবেশে নতু চিন্তনীয়াঃ॥ উ, জা

পাপগ্রহের বারে যাত্রা অবিধেয়। রাত্রিতে বারদোষ নাই। যাত্রোক্ত পাপযোগাদিদোষ গৃহপ্রবেশে বিবেচ্য নহে।

## সিদ্ধিযোগঃ পাপযোগশ্চ।

নন্দা চেদ্ভৃগুজে জয়া ক্ষিতিসুতে ভদ্রা বুধে বিদ্বিকা
পূর্ণা দেবগুরৌ শনৌ বিনবমী রিক্তা চ সিদ্ধ্যাহ্বয়ঃ॥
নন্দার্কে চ-কুজেঽথ চন্দ্রসিতয়োর্ভদ্রাপি রিক্তা গুরৌ
পূর্ণা মন্দগতৌ জয়া যদি বুধে যোগঃ স পাপাখ্যকঃ॥ শা; বি

শুক্রবারে নন্দা, মঙ্গলে জয়া, বুধে দ্বিতীয়া ব্যতীত ভদ্রা, বৃহস্পতিতে পূর্ণা, শনিবারে নবমীভিন্ন রিক্তাতিথি হইলে সিদ্ধিযোগ হয়।

রবি ও মঙ্গলবারে নন্দা, সোম ও শুক্রে ভদ্রা, বুধে জয়া, বৃহস্পতিতে রিক্তা, শনিবারে পূর্ণাতিথি হইলে পাপ যোগ হয়। পাপ যোগ অশুভ।

## সিদ্ধিযোগফলম্

তিথীন্ প্রদগ্ধানপি মাসদগ্ধান্ চন্দ্রপ্রদগ্ধানথ মাসশূন্যান্।
অন্যাংশ্চ দোষান্ তিথিবারযোগাৎ সিদ্ধ্যাখ্যযোগো বিনিহন্ত্যশেষম্॥
উ, জা

তিথিদগ্ধ, মাসদগ্ধ, চন্দ্রদগ্ধ, মাসশূন্য, তিথিবার যোগে জাত সংবর্ত্ত, বিষযোগাদি অন্যান্য দোষ সমূহ সিদ্ধিযোগে নিঃশেষরূপে বিনষ্ট হয়।

## দগ্ধ-বিষ-হুতাশন যোগাঃ

সূর্যেশেষুগুণর্ত্তুনাগ খচরা দগ্ধা রবের্বাসরাদ্-
বেদাঙ্গর্ষিভুজাষ্টনন্দমুনয়ো যোগা বিষাখ্যাঃ ক্রমাৎ।
মাসাঙ্গাদ্রিগজাঙ্কদিগ্‌ভবমিতা জ্ঞেয়া হুতাশাভিধা
এতা বৈ তিথয়ো গমে নশুভদা মাঙ্গল্যকৃত্যেষু চ॥ শা, বি

রবিবারে দ্বাদশী, সোমে একাদশী, মঙ্গলে পঞ্চমী, বুধে তৃতীয়া, বৃহস্পতিতে ষষ্ঠী, শুক্রে অষ্টমী, শনিবারে নবমী হইলে দগ্ধযোগ হয়।

রবিবারে চতুর্থী, সোমে ষষ্ঠী, মঙ্গলে সপ্তমী, বুধে দ্বিতীয়া, বৃহস্পতিতে অষ্টমী, শুক্রে নবমী, শনিবারে সপ্তমী হইলে বিষযোগ হয়।

রবিবারে দ্বাদশী, সোমে ষষ্ঠী, মঙ্গলে সপ্তমী, বুধে অষ্টমী, বৃহস্পতিতে নবমী, শুক্রে দশমী; শনিবারে একাদশী হইলে হুতাশন যোগ হয়। এই যোগ ত্রয় গমনে ও মাঙ্গল্য কৃত্যে অশুভ।

## মতান্তরে দগ্ধা স্তিথয়ঃ

সূর্য্যো মহেশঃ ককুভো হুতাশশ্চাঙ্গানি পক্ষৌ মুনয়ঃ ক্রমেণ।
রব্যাদি বারেষু চ সপ্তসু স্যুর্দগ্ধাঃ প্রয়াণে তিথয়ো বিবর্জ্যাঃ॥ ই, ব

রবিবারে দ্বাদশী, সোমে একাদশী, মঙ্গলে দশমী, বুধে তৃতীয়া, বৃহস্পতিবারে ষষ্ঠী, শুক্রে দ্বিতীয়া, শনিবারে সপ্তমী হইলে তিথিদগ্ধা হয়।

## মাসদগ্ধাশ্চন্দ্রদগ্ধাশ্চ তিথয়ঃ।

ষষ্ঠী-কর্কটমেষয়োর্দিনকরে স্ত্রীযুগ্মযোশ্চাষ্টমী
পঞ্চাস্যালিকয়োর্ভবেচ্চ দশমী তৌলৈনয়োর্দ্বাদশী।
মীনে বা ধনুষি দ্বিকা ঘটগবোর্দগ্ধা চতুর্থী যদা
চন্দ্রে বা তিথয় সমেঽথ বিষমে দগ্ধাশ্চ কৃষ্ণে সিতে॥ শা. বি

সূর্য্য মেষ বা কর্কটে থাকিলে ষষ্ঠী, কন্যায় বা মিথুনে অষ্টমী, সিংহে বা বৃশ্চিকে দশমী, তুলায় বা মকরে দ্বাদশী, মীনে বা ধনুতে দ্বিতীয়া, কুম্ভে বা বৃষে সূর্য্য থাকিলে চতুর্থী মাসদগ্ধা নামে, এই সকল রাশিতে চন্দ্র থাকিলে

এই সকল তিথি চন্দ্রদগ্ধা নামে অভিহিত। বিষম রাশিতে সূর্য্য বা চন্দ্র থাকিলে শুক্লপক্ষের, সমরাশিতে সূর্য্য বা চন্দ্র থাকিলে কৃষ্ণপক্ষের তিথি জানিবে দগ্ধাতিথি যাত্রায় নিষিদ্ধ।

## মহাদগ্ধাঃ

দ্বাদশ্যর্কদিনে মঘা বিধুদিনে চৈকাদশী কৃত্তিকা
চার্দ্রাহ্নি ক্ষিতিজে যদা চ দশমী মূলা তৃতীয়া বুধে।
ষষ্ঠীজ্যে ভরণী তথা ভৃগুসুতে দস্রৌ দ্বিতীয়া যুতৌ
মন্দেঽহির্যদি সপ্তমী চ নশুভা নাম্না মহাদগ্ধিকা ॥ শা'বি

রবিবারে দ্বাদশী ও মঘা, সোমে একাদশী ও কৃত্তিকা, মঙ্গলে দশমী ও আর্দ্রা, বুধে তৃতীয়া ও মূলা, বৃহস্পতিতে ষষ্ঠী ও ভরণী, শুক্রে দ্বিতীয়া ও অশ্বিনী, শনিবারে অশ্লেষা ও সপ্তমী হইলে মহাদগ্ধা হয়। ইহা যাত্রায় নিষিদ্ধ।

## তিথিনক্ষত্রযোগে মৃত্যু যোগঃ

বৈশ্বং ভং প্রতিপদ্যপি দ্বিকতিথৌ মৈত্রং ত্রিকে ত্র্যুত্তরাঃ
পঞ্চম্যাং পিতৃভং নগেঽস্রপকরৌ নাগেঽজপাদো যদা।
নন্দেঽথো হুতভুগ্‌ভবে সরসিজং সূর্য্যে ফণী বিশ্বকে
স্বাতী-ত্বষ্ট্‌মঘা গমে মৃতিকরো যোগো হি মৃত্যাহ্বয়ঃ ॥ শা, বি

প্রতিপদে উত্তরাষাঢ়া; দ্বিতীয়ায় অনুরাধা; তৃতীয়ায় উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া বা উত্তরভাদ্রপদ; পঞ্চমীতে মঘা; সপ্তমীতে হস্তা ও মূলা; অষ্টমীতে পূর্বভাদ্রপদ; নবমীতে কৃত্তিকা; একাদশীতে রোহিণী; দ্বাদশীতে অশ্লেষা; ত্রয়োদশীতে স্বাতী, চিত্রা বা মঘা হইলে মৃত্যুযোগ হয়। এই যোগে গমনে মৃত্যু ঘটে।

## বার শূলাঃ

বুধমৃতে দিগধীশদিনে গমঃ শুভকরো নতু পৃষ্ঠগমঃ শুভঃ।
ইতি তু বারজশূলমুশন্তি চ মতমন্যতরৎ পৃথগুচ্যতে ॥ দ্রু, বি

যে গ্রহ যে দিকের অধিপতি সেই গ্রহের বারে সেইদিকে গমন শুভ, তাহার পৃষ্ঠ অর্থাৎ বিপরীতদিকে অশুভ। বুধ উত্তরদিকের অধিপতি হইলেও বুধবারে উত্তরদিকে গমন নিষিদ্ধ। পৃষ্ঠদিগ্‌ জন্য বুধবারে দক্ষিণদিকে গমনও নিষিদ্ধ।

পৃষ্ঠদিকে গমন নিষিদ্ধ দিনকে পৃষ্ঠদিকে বারশূল বলে। এজন্য রবিবারে পশ্চিমে, শুক্রে বায়ুকোণে, মঙ্গলে উত্তরে, বুধে উত্তরে ও দক্ষিণে, শনিতে পূর্বে, সোমে অগ্নিকোণে ও বৃহস্পতিবারে নৈঋর্তকোণে বারশূল। অন্য প্রকার বারশূল ও নক্ষত্রশূল বলা হইতেছে।

### নক্ষত্র শূলাঃ

প্রাচ্যাং প্রয়াণে শ্রবদেবরাজৌ বর্জ্যৌ প্রতীচ্যাং চতুরাস্যভং চ।
গমেঽর্যমা চোত্তরতো ভশূলস্তথাজপাদো দিশি দক্ষিণস্যাম্॥ উ, জা

পূর্বদিগ্ গমনে শ্রবণা ও জ্যেষ্ঠা, পশ্চিমে রোহিণী, উত্তরে উত্তরফল্গুনী, দক্ষিণে পূর্বভাদ্রপদনক্ষত্র নক্ষত্রশূল নামে অভিহিত। শূলনক্ষত্রে তদ্দিকে যাত্রা অশুভ।

### একত্র বারশূল-নক্ষত্রশূল কথনম্

প্রাচীং নো শনিসোময়োঃ সুরপতৌ বিষ্ণৌ চ গচ্ছেন্নরো-
যাম্যাং বোধনজীবয়োরজপদে কাব্যেনয়োঃ কেঽপরাম্।
সৌম্যাং জ্ঞে চ-কুজে দিনেঽর্যমণি ভে বারক্ষর্শূলানিমা-
ন্যুল্লঙ্ঘ্য ব্রজতো মৃতির্বিফলতা রোগোঽথবা জায়তে॥ শা, বি

শনি ও সোমবারে জ্যেষ্ঠা ও শ্রবণানক্ষত্রে পূর্বদিকে; বুধ ও বৃহস্পতিবারে এবং পূর্বভাদ্রপদনক্ষত্রে দক্ষিণে, রবি ও শুক্রবারে এবং রোহিণীনক্ষত্রে পশ্চিমে, মঙ্গল ও বুধবারে এবং উত্তরফল্গুনীনক্ষত্রে উত্তরদিকে দিকৃশূল। বারঘটিতদিক্-শূল বারশূল নামে এবং নক্ষত্রঘটিতদিকৃশূল নক্ষত্রশূল নামে খ্যাত। দিকৃশূলে যাত্রায় মৃত্যু, কার্য্য বিফলতা বা রোগ জন্মে।

### সার্বদ্বারিক নক্ষত্রাণি।

সার্বদ্বারিকসংজ্ঞকানি মুনিভিঃ প্রোক্তানি চাষ্টৌ গমে
দিক্ষ্বষ্টাসু শুভানি মৈত্রকরভাশ্বীজ্যাখ্যভান্যেবতু।
চত্বারি শ্রবপৌষ্ণচান্দ্রবসুভান্যাবশ্যকত্বেঽষ্টসু
যাম্যাং বাসবশেষকাদিকমসদ্ভং পঞ্চকংপ্রস্থিতৌ॥ শা'বি

অনুরাধা, হস্তা, অশ্বিনী, পুষ্যা এই চারি নক্ষত্রে সকলদিকে যাত্রাশুভ। শ্রবণা, রেবতী, মৃগশিরা, ধনিষ্ঠা এই চারি নক্ষত্রে আবশ্যক হইলে সকলদিকে

যাত্রাশুভ। এই ৮ নক্ষত্র সার্বদ্বারিকনক্ষত্রনামে খ্যাত। কিন্তু ধনিষ্ঠার শেষার্দ্ধ হইতে রেবতী পর্য্যন্ত ৫ নক্ষত্রে দক্ষিণদিকে আবশ্যক ব্যতীত যাত্রা নিষিদ্ধ।

## পারিঘদণ্ড কথনম্

পূর্বস্যাঃ ককুভোঽগ্নিভাৎপ্রতিদিশং ভানাং লিখেৎ সপ্তকং
বায়্বগ্ন্যোর্মিলিতং হি পারিঘমিমং দণ্ডং ন বৈ লঙ্ঘয়েৎ।
বস্বাদ্যেষু মনুপ্রমেষু মনুজঃ প্রাচীং চ সৌম্যাং তথা
পৈত্রর্ক্ষাদিষু যাম্যপশ্চিমদিশৌ চেন্দ্রপ্রমেষু ব্রজেৎ॥ শা, বি

পূর্বদিকে কৃত্তিকা হইতে ৭ নক্ষত্র, দক্ষিণে মঘা হইতে ৭ নক্ষত্র, পশ্চিমে অনুরাধাদি অভিজিৎসহ ৭ নক্ষত্র, উত্তরে ধনিষ্ঠাদি ৭ নক্ষত্র বিন্যস্ত করিবে। রেখাদ্বারা বায়ু ও অগ্নিকোণের যোগ করিবে। এই রেখার নাম পারিঘদণ্ড। রেখার এক পার্শ্বস্থ ধনিষ্ঠাদি অশ্লেষা পর্য্যন্ত ১৪ নক্ষত্রে পূর্বদিকে ও উত্তরদিকে এবং অপর পার্শ্বস্থ মঘাদি শ্রবণ পর্য্যন্ত ১৪ নক্ষত্রে দক্ষিণে ও পশ্চিমদিকে গমন করিবে। পারিঘদণ্ড কখনই লঙ্ঘন করিবে না।

## বিদিগ্‌গমন নক্ষত্রাণি পরিঘাপবাদশ্চ।

আগ্নেয়ীং দিশমাব্রজেৎ সুরপতের্দিক্‌সংস্থিতৈস্তারকৈ-
র্নৈঋর্ত্যাং যমদিক্‌স্থিতৈর্বরুণদিগ্‌ভৈর্বায়বীং সংব্রজেৎ।
ঐশানী মপি চোত্তরস্থভচয়ৈর্যায়াৎ তথাবশ্যকে
শূলং প্রোজ্ঝ্য শুভে দিগুক্ততনুকে চাপি ব্রজেৎ পারিঘে॥ শা, বি

পূর্বদিকের নক্ষত্রে অগ্নিকোণে, দক্ষিণদিকের নক্ষত্রে নৈঋর্তকোণে, পশ্চিমদিকের নক্ষত্রে বায়ুকোণে, উত্তরদিকের নক্ষত্রে ঈশানকোণে গমন করিবে। পারিঘযোগদোষে ও দিক্‌শূলদোষে যাত্রার আবশ্যক হইলে গন্তব্য-দিকে অবস্থিত রাশির লগ্নে যাত্রা করিবে।

## বারশূলদোষ প্রতিকারঃ

আদিত্যেঽহনি বারশূলজনিতং দোষং প্রনষ্টুং ব্রজেদ্-
ভুক্ত্বাজ্যং হিমগৌ পয়ো গুড়মথো ভৌমে বুধাহে তিলান্।

দেবেজ্যে দধি ভার্গবেঽপিচ যবান্ মাষাংস্তথা মন্দগে
দত্ত্বা বা যদি সংব্রজেদপি তদা গন্তা শুভং প্রাপ্নুয়াৎ ॥ শা, বি

বারশূলে যাত্রার আবশ্যক হইলে রবিবারে ঘৃত, সোমে দুগ্ধ, মঙ্গলে গুড়, ।ধে তিল, বৃহস্পতিতে দধি, শুক্রে যব, শনিবারে মাষ, ভোজন বা দান করিয়া ।াত্রা করিলে দোষ নষ্ট হয় এবং গন্তা শুভফল প্রাপ্ত হয়।

## নক্ষত্রাদি দোষ প্রতিকারঃ

কুল্মাষাস্তিলমাষকৌ দধিঘৃতক্ষীরৈনমাংসাসৃজো-
দুগ্ধান্নং চষকৈন শাশ-পললং ষাষ্টিক্যপ্রৈয়ঙ্গবম্।
আপূপং বহুবর্ণপক্ষি-পললং মিষ্টং ফলং কৌর্মিকং
সার্যং গৌধিক-শাল্যমাংসক-হবিষ্যান্নং তথা কার্সরম্ ॥ শা, বি
মুদ্গান্নং যবপিস্টকং ঋষইতশ্চিত্রান্ন-দধ্যন্নক-
মেষামশ্বিভতঃ স্মৃতেরদনতঃ স্পর্শেক্ষণাদ্ দানতঃ।
দুষ্টর্ক্ষেঽপিচ পূর্বতো ঘৃতযুতং চান্নং তিলান্নং ক্রমাদ্-
মৎস্যান্নং ঘৃতপায়সং চ মনুজোভুক্ত্বা গমে সিদ্ধিভাক্ ॥ শা, বি

আবশ্যকগমনে অশ্বিনীতে তণ্ডুলসহ সিদ্ধমাষ, ভরণীতে তিল, কৃত্তিকায় মাষ, রোহিণীতে দধি, মৃগশিরায় ঘৃত, আর্দ্রায় দুগ্ধ, পুনর্বসুতে মৃগমাংস, পুষ্যায় মৃগরক্ত, অশ্লেষায় পায়সান্ন, মঘায় চষকমাংস পূর্বফল্গুনীতে মৃগমাংস, উত্তরফল্গুনীতে শশকমাংস, হস্তায় ষষ্টিকান্ন, চিত্রায় প্রিয়ঙ্গু, স্বাতীতে পিষ্টক, বিশাখায় নানাবর্ণ পক্ষীর মাংস, অনুরাধায় মিষ্টফল, জ্যেষ্ঠায় কচ্ছপমাংস, মূলায় সারিকাপক্ষীর মাংস, পূর্বাষাঢ়ায় গোধার মাংস, উত্তরাষাঢ়ায় শল্যপক্ষীর মাংস, অভিজিতে-হবিষ্যান্ন, শ্রবণায় কৃসরান্ন ( খিচুড়ী ) ধনিষ্ঠায় মুদ্গের সহিত পক্কান্ন, শতভিষায় যবপিষ্টক, পূর্বভাদ্রপদে মৎস্যান্ন, উত্তরভাদ্রপদে চিত্রান্ন ( যব, তণ্ডুল, তিল, ছাগদুগ্ধে পক্ক, ছাগকর্ণ রক্তে চিত্রিত ), রেবতীতে দধ্যন্ন। এই সকল স্মরণ, ভোজন, স্পর্শ, দর্শন বা দান করিয়া গমন করিলে নক্ষত্রদোষ নষ্ট হয়। উষায় পূর্বে, গোধূলিতে পশ্চিমে গমন প্রভৃতি দিগ্‌দোষে পূর্বদিকে ঘৃতান্ন, দক্ষিণে তিলান্ন, পশ্চিমে মৎস্যান্ন, উত্তরে ঘৃতযুক্ত পায়সান্ন ভোজন করিয়া গমন করিলে দোষ নষ্ট হয়।

ষষ্ঠ্যষ্টমী দ্বাদশিকা ন শোভনা যমদ্বিতীয়া কুহুপূর্ণিমাবমম্।
পিত্রোর্মৃতাহঃ প্রতিপৎসিতে গমে রিক্তা চ বিষ্টিস্ত্রিদিনান্বিতা তিথিঃ॥
উ, জা

ষষ্ঠী, অষ্টমী, দ্বাদশী, যমদ্বিতীয়া, অমাবস্যা, পূর্ণিমা, ত্র্যহস্পর্শ, পিতা ও মাতার মৃততিথি, শুক্লপ্রতিপৎ, চতুর্থী, নবমী, চতুর্দশী, বিষ্টিভদ্রা, তিনসাবন দিনস্পর্শী তিথি এই সকল গমনে অশুভ।

## যাত্রায়াং শুভাশুভ নক্ষত্রাণি

মিত্রাশ্বীন্দ্রকরাদিতীজ্যশশভৃৎপূষাস্রপাশ্চোত্তমা-
শ্চিত্রা পূর্ববিধিশ্রবার্থবরুণস্বাত্যঃ স্মৃতা মধ্যমাঃ।
দ্বীশার্দ্রোত্তরকৃত্তিকান্তকমঘাসর্পা গমে চাধমা-
যায়াৎ চেদধমেষু ভেষু মরণং সংপ্রাপ্নুয়ান্মানবঃ॥ শা, বি

অনুরাধা, অশ্বিনী, জ্যেষ্ঠা, হস্তা, পুনর্বসু, পুষ্যা, মৃগশিরা রেবতী, মূলা এই ৯ নক্ষত্র যাত্রায় উত্তম। চিত্রা, পূর্বফল্গুনী, পূর্বাষাঢ়া, পূর্বভাদ্রপদ, রোহিণী, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, স্বাতী, এই ৯টি মধ্যম। বিশাখা, আর্দ্রা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, কৃত্তিকা, ভরণী, মঘা, অশ্লেষা এই ৯টি অধম। অধমনক্ষত্রে যাত্রা করিলে শীঘ্র মৃত্যু হয়।

## আবশ্যকত্বে নিন্দ্যনক্ষত্রেষু বিশেষঃ

জ্যেষ্ঠাবিশাখাহিনিলেষু শক্রা অবশ্যযানে ঘটিকাস্তথাদ্যাঃ।
ত্রিপূর্ববহ্ন্যন্তকপৈত্রভেষু ভূপপ্রকৃতাশ্বশিবা বিবর্জ্যাঃ॥ উ, জা

আবশ্যক গমনে জ্যেষ্ঠা, বিশাখা, অশ্লেষা স্বাতীর প্রথম ১৪ দণ্ড, পূর্বফল্গুনী, পূর্বাষাঢ়া, পূর্বভাদ্রপদ নক্ষত্রের প্রথম ১৬ দণ্ড, কৃত্তিকার ২১, ভরণীর ৭ মঘার প্রথম ১১ দণ্ড পরিত্যাগ করিবে।

## দোষাপবাদকাদিত্যযোগঃ

যাবদ্দিনর্ক্ষং রবিভাচ্চ সংখ্যা বিশ্বাঙ্গদিগ্নন্দ-নখাগমাশ্চেৎ।
আদিত্যযোগো গমনে শুভে চ কুযোগবিধ্বংসকরো নিরুক্তঃ॥ উ, জা

রবিস্থিতনক্ষত্র হইতে ত্রয়োদশ, ষষ্ঠ, দশম, নবম, বিংশ, চতুর্থনক্ষত্রে আদিত্যযোগ হয়। ইহাতে গমন বা শুভকার্য্য করিলে কুযোগ নাশ হয়।

## নক্ষত্রামৃত যোগঃ

ব্রহ্মাত্র্যুত্তর রেবতী-গুরুকরামূলা তথা ভাস্করে
ফল্গুন্যৌ বিধিযুক্করার্থহরয়োঽশ্বৌ ভাদ্রযুক্চোড়ুপে।
বাতাহ্যুত্তরভাদ্রপুষ্যদহনাঃ পূষাচ ভৌমেঽহনি
ব্রহ্মা মিত্রশতানলা যদি বুধে বারক্ষ'যোগামৃতম্॥ শা, বি
দেবেজ্যেঽথ দিনেঽদিতিঃ সুরগুরুর্বাতোঽনুরাধাপি বা
শুক্রে ভাদ্রযুগশ্বিমিত্রহরয়ো যোন্যর্যমা বৈ তথা
মন্দাহে যদি রোহিণী চ পবনো বারক্ষ'যোগাদয়ং
নক্ষত্রামৃতযোগ এষ উদিতঃ সর্বার্থসিদ্ধিপ্রদঃ॥ শা, বি

রবিবারে রোহিণী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রেবতী, হস্তা, পুষ্যা, মূলা; সোমে পূর্বফল্গুনী, উত্তরফল্গুনী, রোহিণী, মৃগশিরা হস্তা, ধনিষ্ঠা, শ্রবণা, অশ্বিনী, পূর্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ; মঙ্গলে স্বাতী, অশ্লেষা, উত্তরভাদ্রপদ, পুষ্যা, কৃত্তিকা, রেবতী; বুধে রোহিণী, অনুরাধা, শতভিষা, কৃত্তিকা; বৃহস্পতিতে পুনর্বসু, পুষ্যা, স্বাতী, অনুরাধা; শুক্রে পূর্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ, অশ্বিনী, অনুরাধা, শ্রবণা, পূর্বফল্গুনী, উত্তরফল্গুনী; শনিবারে রোহিণী, স্বাতী-নক্ষত্র হইলে নক্ষত্রামৃতযোগ হয়। ইহাতে গমন করিলে সর্বাভীষ্টসিদ্ধ হয়।

## ত্র্যমৃতযোগঃ

নন্দা রবৌ চাবনিজেঽগ্নিচিত্রাশতাহিমূলান্ত্যসমীররুদ্রাঃ।
ভদ্রা ভৃগৌ শীতলগৌ তথা বা যোন্যর্যমা চৈবহি ভাদ্রযুগ্মম্॥ উ, জা
সৌম্যে জয়া দস্রযমেন্দ্রচন্দ্রশ্রবাভিজিদ্ দেবপুরোহিতাশ্চেৎ।
রিক্তা গুরৌ বৈশ্বজলানুরাধা মঘাবিশাখাদিতয়োঽথবাপি॥ উ
পূর্ণা যদা মন্দগতৌ ধনিষ্ঠাপদ্মোস্তবৌ বাসরনায়কশ্চ।
তিথ্যৃক্ষবারৈস্ত্র্যমৃতাখ্যযোগো দোষৌঘহন্তা গমনে ধ্রুবং স্যাৎ॥ ই,ব

রবি ও মঙ্গলবারে নন্দাতিথি, কৃত্তিকা, চিত্রা, শতভিষা, অশ্লেষা, মূলা, রেবতী, স্বাতী, আর্দ্রা; সোমে ও শুক্রে ভদ্রাতিথি, পূর্বফল্গুনী, উত্তরফল্গুনী, পূর্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ; বুধে জয়া, অশ্বিনী, ভরণী, জ্যেষ্ঠা, মৃগশিরা, শ্রবণা, অভিজিৎ, পুষ্যা; বৃহস্পতিতে রিক্তা, পূর্বাষাঢ়া, উত্তরাষাঢ়া, অনুরাধা, মঘা,

বিশাখা, পুনর্বসু ; শনিবারে পূর্ণা, ধনিষ্ঠা, রোহিণী, হস্তা ; এইবার, তিথিও নক্ষত্রের যোগে ত্র্যমৃতযোগ হয়। ইহাতে গমন করিলে সকল দোষ নষ্ট হয়।

## নক্ষত্রামৃত-ত্র্যমৃতযোগফলম্

ঋক্ষামৃতো বা ত্র্যমৃতাখ্যযোগ স্তিথ্যৃক্ষযোগাদিজ-দোষনাশী।
বিষ্টির্ব্যতীপাতক-বৈধৃতী চ শাম্যন্তি নেতি প্রজগুস্তু কেচিৎ ॥ ই, ঃ

নক্ষত্রামৃতযোগ বা ত্র্যমৃতযোগ তিথি, নক্ষত্র, যোগ, করণ, জন্য সকঃ দোষনাশক কিন্তু কেহ বলেন ইহাদ্বারা বিষ্টিভদ্রা ব্যতীপাত ও বৈধৃতিযোগ জঃ দোষ প্রশমিত হয় না।

## বিষযোগঃ

নিহন্তি সিদ্ধিস্তিথিজাংশ্চ দোষানৃক্ষামৃতাখ্যস্তিথিভাদিজাতান্।
চেৎ সিদ্ধিরৃক্ষামৃতযোগযুক্তা যোগো বিষাখ্যো দিনমত্র দুষ্টম্ ॥ উ, ঃ

সিদ্ধিযোগ তিথি জাত দোষনাশক, নক্ষত্রামৃতযোগ তিথি, নক্ষত্র, যোগা জাত সকল দোষনাশক কিন্তু সিদ্ধিযোগ, নক্ষত্রামৃতযোগের সহিত যুক্ত হইলে বিষযোগ হয় ইহাতে সম্পূর্ণ সাবনদিনই দূষিত হয়।

## বারনক্ষত্রজাত পাপযোগঃ

মিত্রদ্বীশশতান্তকা যদি রবৌ পাপাখ্যযোগোঽশুভঃ
সোমে বৈশ্বজলার্দ্রকাঃ ক্ষিতিসুতে পৈত্রস্বপাশীন্দবঃ।
জ্ঞে পূষাশ্ব্যহিচিত্রভানি চ গুরৌ ব্রহ্মেন্দ্রহস্তেন্দবঃ
সর্পেজ্যাভিজিতঃ সিতেঽর্যমকরৌ চাজাঙ্ঘ্রি বিশ্বে শনৌ ॥ শা'বি

রবিবারে অনুরাধা, বিশাখা, শতভিষা, ভরণী ; সোমে উত্তরাষাঢ়া, পূর্বাষাঢ়া, আর্দ্রা ; মঙ্গলে মঘা, ধনিষ্ঠা, শতভিষা, মৃগশিরা ; বুধে রেবতী, অশ্বিনী, অশ্লেষা, চিত্রা ; বৃহস্পতিতে রোহিণী, জ্যেষ্ঠা, হস্তা, মৃগশিরা ; শুক্রে অশ্লেষা, পুষ্যা, অভিজিৎ ; শনিবারে উত্তরফল্গুনী, হস্তা, পূর্বভাদ্রপদ উত্তরাষাঢ়ানক্ষত্র হইলে পাপযোগ হয়। এই যোগ যাত্রায় অশুভ।

## আনন্দাদ্যষ্টাবিংশতি যোগাঃ

আনন্দোযমদণ্ডধূম্রবিধি সৌম্যা ধ্বাংক্ষ এবং ধ্বজঃ
শ্রীবৎসাশনিমুদ্‌গরাঃ ক্রমবশাৎ ছত্রং সুহৃন্মানসম্।
পদ্মং লুম্ব ইহোপসর্গমৃতিকানাঃ সিদ্ধি সৌখ্যামৃতং
নাম্না মৌসলরুগ্‌গজাস্রপচর স্থৈর্যপ্রবৃদ্ধাঃ ফলম্। শা'বি

আনন্দ, যমদণ্ড, ধূম্র, বিধাতা, সৌম্য, ধ্বাংক্ষ, ধ্বজ, শ্রীবৎস, বজ্র, মুদ্গর, ছত্র, সুহৃদ্, মানস, পদ্ম, লুম্ব, উপসর্গ; মৃত্যু, কাণ, সিদ্ধি, সৌখ্য, অমৃত, মুসল, রোগ, গজ, রাক্ষস, চর, স্থৈর্য্য, প্রবৃদ্ধ এই অষ্টাবিংশতি প্রকার যোগ নারদাদি মুনিকর্ত্তৃক উক্ত হইয়াছে। ইহারা নামানুসারে ফল প্রদান করে।

## আনন্দাদি গণনাক্রমোবর্জ্যঘটিকাশ্চ

সূর্য্যেঽশ্বাদ্‌হিমগৌ মৃগাৎ ক্ষিতিসুতে সর্পাদ্‌বুধে হস্তভা-
দিজ্যে মিত্রভতঃ শনৌ বরুণভাদ্‌বৈশ্বাদ্‌ভৃগৌ স্যুঃ ক্রমাৎ।
ধ্বাংক্ষেন্দ্রায়ুধমুদ্‌গরেঽসব ইলা ধূম্রে নগা রোগভে
বেদাঃ পদ্মক-লুম্বয়োর্মুসলকানে দ্বে সদান্যাংস্ত্যজেৎ॥ শা'বি

রবিবারে অশ্বিনী হইতে, সোমে মৃগশিরা হইতে, মঙ্গলে অশ্লেষা হইতে, বুধে হস্তা হইতে, বৃহস্পতিতে অনুরাধা হইতে, শুক্রে উত্তরাষাঢ়া হইতে, শনিবারে শতভিষা হইতে ক্রমশঃ আনন্দাদিযোগ গণনা করিবে। ধ্বাংক্ষ, বজ্র, মুদ্গরযোগে প্রথম ৫ ঘটিকা, ধূম্রে ১, রোগে ৭, পদ্মে ৩ লুম্বে ৪, মুসলে ২, কাণে প্রথম ২ ঘটিকা ত্যাগ করিয়া যাত্রাদি করিবে কিন্তু যমদণ্ড, উপসর্গ, মৃত্যু, রাক্ষসযোগ সম্পূর্ণ ত্যাগ করিবে।

# আনন্দাদি যোগ সারণী

| যোগ | রবিবারে | সোমে | মঙ্গলে | বুধে | বৃহস্পতিতে | শুক্রে | শনিবারে |
|---|---|---|---|---|---|---|---|
| আনন্দ | ১ | ৫ | ৯ | ১৩ | ১৭ | ২১ | ২৪ |
| যমদণ্ড | ২ | ৬ | ১০ | ১৪ | ১৮ | ০ | ২৫ |
| ধূম্র | ৩ | ৭ | ১১ | ১৫ | ১৯ | ২২ | ২৬ |
| বিধাতা | ৪ | ৮ | ১২ | ১৬ | ২০ | ২৩ | ২৭ |
| সৌম্য | ৫ | ৯ | ১৩ | ১৭ | ২১ | ২৪ | ১ |
| ধ্বাংক্ষ | ৬ | ১০ | ১৪ | ১৮ | ০ | ২৫ | ২ |
| ধ্বজ | ৭ | ১১ | ১৫ | ১৯ | ২২ | ২৬ | ৩ |
| শ্রীবৎস | ৮ | ১২ | ১৬ | ২০ | ২৩ | ২৭ | ৪ |
| বজ্র | ৯ | ১৩ | ১৭ | ২১ | ২৪ | ১ | ৫ |
| মুদ্গর | ১০ | ১৪ | ১৮ | ০ | ২৫ | ২ | ৬ |
| ছত্র | ১১ | ১৫ | ১৯ | ২২ | ২৬ | ৩ | ৭ |
| মিত্র | ১২ | ১৬ | ২০ | ২৩ | ২৭ | ৪ | ৮ |
| মানস | ১৩ | ১৭ | ২১ | ২৪ | ১ | ৫ | ৯ |

| যোগ | রবিবারে | সোমে | মঙ্গলে | বুধে | বৃহস্পতিতে | শুক্রে | শনিবারে |
|---|---|---|---|---|---|---|---|
| পদ্ম | ১৪ | ১৮ | ০ | ২৫ | ২ | ৬ | ১০ |
| স্ব | ১৫ | ১৯ | ২২ | ২৬ | ৩ | ৭ | ১১ |
| উপসর্গ | ১৬ | ২০ | ২৩ | ২৭ | ৪ | ৮ | ১২ |
| মৃত্যু | ১৭ | ২১ | ২৪ | ১ | ৫ | ৯ | ১৩ |
| কান | ১৮ | ০ | ২৫ | ২ | ৬ | ১০ | ১৪ |
| সিদ্ধি | ১৯ | ২২ | ২৬ | ৩ | ৭ | ১১ | ১৫ |
| সৌখ্য | ২০ | ২৩ | ২৭ | ৪ | ৮ | ১২ | ১৬ |
| অমৃত | ২১ | ২৪ | ১ | ৫ | ৯ | ১৩ | ১৭ |
| মুসল | ০ | ২৫ | ২ | ৬ | ১০ | ১৪ | ১৮ |
| রোগ | ২২ | ২৬ | ৩ | ৭ | ১১ | ১৫ | ১৯ |
| গজ | ২৩ | ২৭ | ৪ | ৮ | ১২ | ১৬ | ২০ |
| রাক্ষস | ২৪ | ১ | ৫ | ৯ | ১৩ | ১৭ | ২১ |
| চর | ২৫ | ২ | ৬ | ১০ | ১৪ | ১৮ | ০ |
| স্থৈর্য্য | ২৬ | ৩ | ৭ | ১১ | ১৫ | ১৯ | ২২ |
| প্রবৃদ্ধ | ২৭ | ৪ | ৮ | ১২ | ১৬ | ২০ | ২৩ |

## দুষ্ট যোগানাং দেশভেদেনপরিহারঃ

ভবার জাতা স্তিথি বার জাতা স্তিথ্যৃক্ষ জাতা স্তিথিভাহজাতাঃ।
যোগা বিরুদ্ধাঃ খসবঙ্গহুনাঙ্গেষ্বেব বর্জ্যা ন তু চেতরত্র॥ উ, জা

নক্ষত্র ও বারের যোগে জাত পাপযোগাদি দোষ, তিথি ও বারের যোগে পাপযোগাদি দোষ, তিথি ও নক্ষত্রের যোগে মৃত্যুযোগাদি দোষ, তিথি, নক্ষত্র ও বারের যোগে জাত মহাদগ্ধাদি দোষ, খস, বঙ্গ, হুন, অঙ্গদেশে— বর্জ্জনীয় অন্য দেশে বর্জ্জনীয় নহে।

## সামান্যতঃ পাপযোগাদি পরিহারঃ

বারেণ যুক্তা স্তিথিভোত্থদোষা রাত্রৌ ন দুষ্টা ইতি কেচনাহুঃ।
বিষ্টিব্যতীপাতমুখাস্তু দোষা নানিষ্টদাঃ স্যুঃ পরতো দিনার্ধাৎ॥ ই, ব,

কেহ কেহ বলেন বারের সহিত তিথি বা নক্ষত্রের যোগে যে সকল দোষ বলা হইয়াছে, রাত্রিতে বারদোষ না থাকায় তাহারাও রাত্রিতে অনিষ্টকর নহে। কেহ কেহ বলেন বিষ্টি, ব্যতীপাত, বৈধৃতি প্রভৃতি দোষ সমূহ মধ্যাহ্নের পর অনিষ্টকর নহে।

## কুযোগ পরিহারঃ

তিথেস্তু বারো বলবত্তরঃ ক্রমাদ্ ভং বারতো যোগ ইতো বিধুস্ততঃ।
লগ্নং বলিষ্ঠং পরজাৎ সুযোগতঃ প্রাগ্‌জঃ কুযোগো বিফলত্বমাপ্নুয়াৎ॥
ই, বং

তিথি অপেক্ষা বার, বার হইতে নক্ষত্র. নক্ষত্র হইতে যোগ, যোগ হইতে চন্দ্র, চন্দ্র হইতে লগ্ন ক্রমশঃ বলবত্তর। ইহাদের মধ্যে পূর্বজনিত কুযোগ পরজনিত সুযোগ দ্বারা বিনষ্ট হইবে। যেমন বার ও তিথির যোগে জাত দিনদগ্ধাদি কুযোগ, বার ও নক্ষত্রের যোগে জাত নক্ষত্রামৃতাদি সুযোগ দ্বারা নষ্ট হইবে। কিন্তু বার ও নক্ষত্র যোগে জাত পাপযোগাদি কুযোগ, বার ও তিথি যোগে জাত সিদ্ধিযোগাদি সুযোগ দ্বারা নষ্ট হইবে না।

## আবশ্যকত্বে কুযোগ পরিহারঃ

আবশ্যকত্বে দিবসস্য পূর্বং ততোঽপ্যশক্তৌ প্রথমং হি যামম্।
ত্যজেৎ শুভত্বাদ্বিমগোঃ কুযোগো নশ্যেৎ সুলগ্নেন চ দোষসংঘঃ॥ উ, জা,

শুভযোগ না পাইলেও আবশ্যক গমনে দিবসের পূর্বার্ধ ত্যাগ করিবে। তাহাতে অসমর্থ হইলে প্রথমপ্রহর পরিত্যাগ করিবে। চন্দ্রশুদ্ধিদ্বারা কুযোগ বিনষ্ট হয়। বিশুদ্ধলগ্নে যাত্রা করিলে সকল দোষ নষ্ট হয়।

## বিশেষ যাত্রায়াং বিহিতমাসাঃ

সিংহাজচাপেষু রবৌ গমঃ শুভঃ সিতজ্ঞমন্দর্ক্ষগতে চ মধ্যমঃ।
যাত্রা ন শস্তালিকুলীরমীনগে সিংহান্ত্যচাপেষ্বশুভেতি বা স্মৃতম্॥ উ, জা

সৌরমাস গণনায় ভাদ্র, বৈশাখ, পৌষমাসে যাত্রাশুভ। জ্যৈষ্ঠ, কার্ত্তিক, আষাঢ়, আশ্বিন, মাঘ, ফাল্গুনমাসে মধ্যম। অগ্রহায়ণ, শ্রাবণ, চৈত্রমাসে মতান্তরে ভাদ্র, চৈত্র, পৌষ মাসে বিশেষ যাত্রা অপ্রশস্ত।

## যোগিনীবর্জ্জতাকথনম্

দিশ্যৈন্দ্র্যাং নবমাদিমা হুতভুজো রুদ্রানলা যাম্যগা
বিশ্বার্থা রবিবাধর্য়ঃ পলভুজঃ পশ্চাদ্ রসেন্দ্রা যদা।
বায়োঃ সপ্ত চ পূর্ণিমোত্তরদিশি দ্ব্যাশাস্তদা যোগিনী
চাষ্টামৈশগতাগ্রবামদিশি চেদ্ জহ্যাদ্ নবান্ত্যা ঘটীঃ॥ শা, বি,

যোগিনী নবমী ও প্রতিপদে পূর্বদিকে, একাদশী ও তৃতীয়ায় অগ্নিকোণে, ত্রয়োদশী ও পঞ্চমীতে দক্ষিণে, দ্বাদশী ও চতুর্থীতে নৈঋর্তে, ষষ্ঠী ও চতুর্দশীতে পশ্চিমে, সপ্তমী ও পূর্ণিমায় বায়ুকোণে, দ্বিতীয়া ও দশমীতে উত্তরে, অষ্টমী ও অমাবস্যায় ঈশানে অবস্থিত। সম্মুখে বা বামে যোগিনী থাকিলে যাত্রায় এই সকল তিথি পরিত্যাগ করিবে। আবশ্যকগমনে শেষ নয়দণ্ড মাত্র ত্যাগ করিবে।

## যাত্রিক লগ্নানি

নক্রালিকর্কেতরলগ্নকানি গমে সদা সিদ্ধিকরানি গন্তুঃ।
কেন্দ্রে ত্রিকোণেঽথ শুভে ত্রিলাভষষ্ঠেষু পাপে সকলং শুভং স্যাৎ॥ উ,জা

মকর, বৃশ্চিক, কর্কট ভিন্ন সকললগ্নই গমনে শুভ। লগ্নের কোণে বা কেন্দ্রে শুভগ্রহ এবং তৃতীয়, একাদশ, ষষ্ঠে পাপগ্রহ থাকিলে সকললগ্নই শুভ।

## যাত্রায়াং সিদ্ধিদানি লগ্নানি

জন্মাখ্যলগ্নে জননাখ্যরাশৌ তথা তয়োর্ব্বোপচয়ে বিলগ্নে।
তয়োঃ পতী বা তনুগৌ প্রয়াণে সর্বার্থসিদ্ধিং লভতে তদা না ॥ উ, জা,

জন্মলগ্নে, জন্মরাশিতে, তাহাদিগের তৃতীয়, ষষ্ঠ, দশম বা একাদশ রাশিতে লগ্ন হইলে অথবা জন্মলগ্নের বা জন্মরাশির অধিপতি যে রাশিতে অবস্থিত সেই রাশিস্থলগ্নে প্রস্থান করিলে সর্বার্থসিদ্ধি লাভ হয়।

## যাত্রায়াং শুভাশুভলগ্নানি

দুঃস্থে তনৌ বা হিমগৌ মদে ভৃগৌ দুঃস্থে মদে বা তনুপৌ খগে শনৌ।
যাত্রা ন কার্য্যা সবলে তনূপতৌ কামেতরে কেন্দ্রগতে গমঃশুভঃ ॥ ই, বং

প্রস্থানলগ্নে, ষষ্ঠে, অষ্টমে, দ্বাদশে চন্দ্র অশুভ; লগ্নের সপ্তমে শুক্র, সপ্তমে, ষষ্ঠে, অষ্টমে, দ্বাদশে লগ্নপতি, এবং, দশমে শনি অশুভ। এইরূপ অশুভলগ্নে যাত্রা বিধেয় নহে কিন্তু বলবান্ লগ্নপতি সপ্তম ভিন্ন কেন্দ্রে থাকিলে যাত্রাশুভ।

## দিগনুলোম প্রতিলোম-যাত্রিকলগ্নানি

দিগুক্তরাশিকে তনৌ প্রয়াণমর্থসিদ্ধিদম্।
বিলোমদিগ্ গতে তথা বৃথাশ্রমো রিপোর্ভয়ম্ ॥ প্র, নি

মেষ, সিংহ, ধনুরাশি পূর্বদিকের অধিপতি ইত্যাদি দিগুক্ত রাশিতে প্রস্থানলগ্ন হইলে যাত্রা অর্থসিদ্ধিদায়ক। মেষ সিংহ ধনু লগ্নে পশ্চিমদিগ্ গমনে বিলোমদিগ্ গতলগ্ন জন্য শত্রুবৃদ্ধি ও নিষ্ফল হয়। অন্যদিকেও এইরূপ জানিবে।

## যাত্রায়াং শুভলগ্নং নৌকাযাত্রা লগ্নং চ

বর্গোত্তমাংশেঽথ তনৌ বিধৌ বা যাত্রা নিরুক্তা সকলার্থদাত্রী।
অম্বুশ্চরাংশে জলভে তনৌ বা নৌকাপ্রয়াণং শুভদং নরাণাম্। ই, ব

চন্দ্র বা লগ্ন রাশির বর্গোত্তম নবাংশগত হইলে যাত্রা সর্বসিদ্ধিকরী। জলজ-রাশিতে লগ্ন বা লগ্ন নবাংশ হইলে নৌকাযাত্রা শুভদাত্রী।

## বিজয়াদশম্যাঃ সিদ্ধিদাতৃত্ব কথনম্

ইষে সিতে যা দশমী তিথিঃ সা সিদ্ধিপ্রদাত্রী বিজয়াভিধানা।
শ্রবর্ক্ষযুক্তা যদি সা প্রয়াণে শুভেষু চৈবং শুভদা ধ্রুবং স্যাৎ ॥ উ, জা

চান্দ্রাশ্বিনে শুক্লদশমী সিদ্ধিদাত্রী জন্য বিজয়াদশমী নামে অভিহিতা। শ্রবণাযুক্ত বিজয়াদশমীতে যাত্রা বা শুভকার্য্য করিলে বিশেষ শুভফল হইয়া থাকে।

## উষাদিযাত্রা প্রাশস্ত্য কথনম্

উষা প্রশস্তা পরিহায় পূর্ব্বাং গোধূলিকা চৈব বিনা প্রতীচীম্।
গমে নিশীথঃ পরিহৃত্য সৌম্যাং ক্ষণোঽভিজিদ্ যাম্যদিশং বিনা সন্॥
উ, জা

পূর্ব্বব্যতীত অন্যদিকে উষা, পশ্চিমব্যতীত গোধূলি, উত্তর ভিন্নদিকে অর্দ্ধরাত্র, দক্ষিণ ভিন্নদিকে অভিজিদ্ মুহূর্ত্ত যাত্রায় প্রশস্ত।

## চিত্তশুদ্ধেঃ প্রশংসা

পাপাদিযোগেঽপি শশাঙ্কশুদ্ধৌ ত্বাবশ্যকত্বে গমনাদিকং সৎ।
তত্রাপ্যশক্তা বুদয়ে বিশুদ্ধে লগ্নে ত্বশুদ্ধেঽপি মনোবিশুদ্ধৌ॥ ই, ব,

কুযোগেও গমনের আবশ্যক হইলে চন্দ্রশুদ্ধিতে যাত্রাশুভ। চন্দ্রশুদ্ধি না থাকিলে লগ্নশুদ্ধি, লগ্নশুদ্ধি না থাকিলে চিত্তশুদ্ধিতে যাত্রাশুভ।

## দুর্নিমিত্তাদিজনিত যাত্রানিষেধঃ

দিব্যান্তরীক্ষ্যক্ষিতিসম্ভবানি দৃষ্ট্বা নিমিত্তানি চ বৈকৃতানি।
অকালবৃষ্টি-গ্রহণেঽশুচৌ বা পত্ন্যা ঋতৌ বা গমনং ন শস্তম্॥ উ, জা

উল্কাবৃষ্টি, ধূমকেতু প্রভৃতি দিব্যোৎপাতে, বর্ষাব্যতীত গন্ধর্বনগর, ইন্দ্রচাপাদি অন্তরীক্ষোৎপাতে, ভূমিকম্প, দিগ্‌দাহাদি ভৌমোৎপাতে, অকালবৃষ্টিতে, গ্রহণে, অশৌচপাতে, পত্নীরজস্বলা হইলে গমন বিধেয় নহে।

## গমনবিলম্বে বিধিঃ

যদি শুভে সময়ে বিহিতোগমো নহি তু তৎসময়ে ব্রজিতুং ক্ষমঃ।
শয়নভোজনগেহমৃতেঽন্যতো গৃহমিতে মনুজে গমনং শুভম্॥ দ্রু, বি

শাস্ত্রবিহিত শুভসময়ে যাত্রা করিয়া সেই সময়ে প্রস্থানে অসমর্থ হইলে শয়নগৃহ ও ভোজনগৃহ ব্যতীত অন্যগৃহে অবস্থানকরতঃ সময়ান্তরে গমন করিলেও শুভসময়ে যাত্রা জন্য শুভফল হইয়া থাকে।

## যাত্রায়াং প্রস্থানপরিমাণম্

স্বাদ্ গেহাদ্ নিকটেঽন্যবেশ্মগমনং যাত্রেতি গর্গস্তথা
ভিন্নগ্রামগমো জগাদ চ ভৃগুশ্চাবশ্যকত্বে পুনঃ।
যোদ্ধৃক্ষিপ্তাশরাদ্ বহির্গমইদং চষ্টে ভরদ্বাজকো-
যাত্রা স্যাদ্ নগরাদ্ বহির্গম ইতি প্রাখাদ্ বসিষ্ঠো মুনিঃ ॥ শা, বি,

যাত্রা করিয়া তদ্দিনে আবশ্যক বশতঃ বা বাহনাদির অপ্রাপ্তিতে দূরে যাইতে না পারিলে, গর্গ বলিয়াছেন, শয়ন ও ভোজনগৃহ ব্যতীত নিকটস্থ অন্যগৃহে গমন করিলে, ভৃগু বলিয়াছেন ভিন্নগ্রামে গমন করিলে, ভরদ্বাজ বলিয়াছেন যোদ্ধার নিক্ষিপ্তশর যতদূরে পতিত হয় তাহার অধিক গমন করিলে, বসিষ্ঠ বলিয়াছেন নগরের বাহিরে গমন করিলে যাত্রা সিদ্ধ হইবে।

## একাহে নির্গম-প্রবেশয়োর্বিশেষঃ

প্রত্যাগমশ্চেদ্ গমনেঽহ্নি ভাব্যো ন যোগিনী শূলমুখাদি চিন্ত্যম্।
স্বগেহতশ্চাপরগেহবেশে প্রাবেশিকং তত্র দিনং বিচার্যম্ ॥ উ, জা

যাত্রা করিয়া সেই দিবসেই প্রত্যাগমনের সম্ভাবনা থাকিলে যোগিনী-দিক্‌শূলাদির বিচার করিবে না। নিজের গৃহ হইতে স্থায়ীভাবে অপর গৃহ-প্রবেশে গৃহপ্রবেশের দিন বিচার্য, যাত্রার দিন বিচার্য্য নহে।

## পুনর্যাত্রা দারগমননিষেধশ্চ

একত্রাধ্যুষিতস্য দিগ্ দিনমভিব্যাপ্য ক্ষিতীশস্য বৈ
চান্যেষাং চ তথা দিনত্রয়মথো যাত্রা বিধেয়া পুনঃ।
স্বাভীষ্টার্থফল-প্রসিদ্ধ্যবধিকা যাত্রেতি কৈশ্চিদ্ জগে
যাত্রাহেঽপিচ মৈথুনং স্ত্রিয়মৃতুস্নাতাং বিনা নাচরেৎ ॥ শা, বি,

নরপতির ১০ দিন, অন্যের ৩ দিন একস্থানে অবস্থানে পুনরায় শুভদিনে যাত্রা বিধেয়া। কেহ কেহ বলেন বাঞ্ছিত ফললাভ না হওয়া পর্য্যন্ত পুনরায় যাত্রা করিতে হইবে না। রজস্বলা স্ত্রী ব্যতীত যাত্রা দিবসে মৈথুন নিষিদ্ধ।

## যাত্রাদিবসে বর্জ্যানি

পক্বং চ মাংসং মধু তৈল লেপনং মদ্যং গুড়ং ক্রোধন রোদনে বমিম্।
বিপ্রস্য নার্যা অপি চাবমাননাং ক্ষৌরং ত্যজেদ্ দুগ্ধমথো গমেঽহনি। ই,বং

গমনদিবসে পক্কমাংস, তৈললেপন, মদ্য, গুড়, ক্রোধ, রোদন, ঔষধাদি দ্বারা বমন, ব্রাহ্মণের বা স্ত্রীজনের অবমাননা, ক্ষৌর, দুগ্ধপান বর্জনীয়।

## গমনে শুভশকুনানি

ধেন্বশ্বেভ ময়ূর মেষনকুলাঃ কন্যা সপুত্রাবলা
দধ্যাজ্যং মধুমাংসকাঞ্চনফলং মীনাস্ত্রবিপ্রা নৃপঃ।
ধান্যেক্ষ্ জলকুম্ভ পুষ্পরজতং বেশ্যান্নশঙ্খধ্বজা-
দীপ্তাগ্নির্বৃষসর্ষপা গমহিতা উক্তাঃ শ্রুতা বেক্ষিতাঃ। শা, বি

ধেনু, অশ্ব, হস্তী, ময়ূর, মেষ, নকুল, কুমারী, সপুত্রানারী, দধি, ঘৃত, মধু, মাংস, স্বর্ণ, ফল, মৎস্য, অস্ত্র, ব্রাহ্মণ, রাজা, ধান্য, ইক্ষু, জলপূর্ণকুম্ভ, পুষ্প, রৌপ্য, বেশ্যা, অন্ন, শঙ্খ, পতাকা, দীপ্তাগ্নি, বৃষ, সর্ষপ, যাত্রাকালে এই সকলের কথন, শ্রবণ বা দর্শনে মঙ্গল হয়।

## গমনেঽশুভ শকুনানি

বন্ধ্যা স্ত্রী পুষ্পকুব্জান্ধবধিররিপবো ব্যাধিতাভ্যক্তসর্পা-
নির্ধূমাগ্নিঃ খরোষ্ট্রক্ষুত-গুড়জটিলোন্মত্তমুণ্ডাঃ সগর্ভা।
কার্পাস-ব্যঙ্গনগ্নার্দ্রবসন-বিধবা স্তুষমাষৌতুযুদ্ধং
তৈলাসৃগ্ মুক্তকেশেন্ধন-দৃতিবমনং নোশুভানি প্রয়াণে। স্ব, ধ

যাত্রাকালে বন্ধ্যাস্ত্রী, স্ত্রীজনের মাসিকরজ, কুব্জ, অন্ধ, বধির, শত্রু, অচিকিৎস্যরোগযুক্ত, তৈলাভ্যক্ত, সর্প, ধূমহীনবহ্নি, গর্দভ, উষ্ট্র, হাচি, গুড়, জটাধারী, উন্মত্ত, মুণ্ডিতমস্তক, গর্ভিণী, কার্পাস, হীনাঙ্গ, নগ্ন, আর্দ্রবস্ত্র, বিধবা, তুষ, মাষ, বিড়ালের যুদ্ধ, তৈল, রক্ত, মুক্তকেশ, জ্বালানীকাঠ, চর্ম, বমন এই সকলের দর্শন অশুভকর।

## বাম দক্ষিণ ভেদেন শুভ শকুনানি

বামে বল্লী কোকিলো গন্ধমূষা পুংনামানোঽথো শিবা শূকরী চ।
স্ত্রীনামানো বানরো ভাসকাকৌ শ্রীকণ্ঠর্ক্ষৌ শ্বা শুভা দক্ষ এতে॥ শা, নী

বল্লী (টিকটিকী) কোকিল, ছুচ্ছুন্দরী, কপোত, খঞ্জন, হংসাদি পুংবাচকপক্ষী, শৃগাল, শূকরী ইহারা বামে শুভ। বলাকা চটকাদি স্ত্রীব্যঞ্জকপক্ষী, বানর, ভাসপক্ষী, কাক, শ্রীকণ্ঠ, ভল্লুক, কুকুর ইহারা দক্ষিণে শুভকর।

## অশুভ শকুন পরিহারঃ

প্রাদক্ষিণ্যগতা মৃগাস্তু বিষমা অণ্ডপ্রজাতাস্তথা
বামে বাপি খরধ্বনির্যদি তদা বাঞ্ছাপ্রপূর্ত্তির্গমে।
দৃষ্ট্বা চাশুভ শাকুনং তু বিরমেদাক্ষং পলানাং ত্রয়ং
সাজ্যং স্বর্ণ মথাপি বা প্রদদতো দোষোপশান্তির্ভবেৎ ॥ শা, বি

যাত্রাকালে বিষমসংখ্যক মৃগ বা পক্ষী প্রস্থান কর্ত্তার বামভাগ হইতে দক্ষিণ-ভাগে গমন করিলে অথবা বামভাগে গর্দভের ধ্বনি হইলে বাঞ্ছাপূর্ণ হয়। অশুভ শকুনদর্শনে তিনপল বিরত থাকিয়া গমন করিলে অথবা সঘৃতকাঞ্চন দান করিয়া গমন করিলে দোষ শান্তি হয়।

## ক্ষুতাদি ফলম্

দিশ্যৈন্দ্র্যাং কার্য্যসিদ্ধি র্হুতভুজি চ ভয়ং যাম্যদিশ্যগ্নিভীতি-
নৈর্ঋত্যাং বিগ্রহোঽথো সলিলপতিদিশি দ্রব্যলাভোঽপি বল্ল্যাম্।
বায়ব্যাং গন্ধবস্ত্রাভরণ মুদমিয়াদুত্তরস্যাং বরস্ত্রী
মৈশান্যাং মৃত্যু মূর্ধ্বে দ্রবিণমথ ভবেৎ খঞ্জনে বা ক্ষুতাদ্যে ॥ স্ব, ধ

পূর্বদিকে হাঁচি, টিক্‌টিকির শব্দ বা খঞ্জনদর্শনে কার্য্যসিদ্ধি; অগ্নিকোণে ভয়; নৈঋর্তে বিবাদ; পশ্চিমে ধনলাভ; বায়ুকোণে সুগন্ধ, বস্ত্র, আভরণ, আমোদলাভ; উত্তরে উত্তমাঙ্গনাপ্রাপ্তি, ঈশানে মৃত্যু, উর্দ্ধে ধনলাভ হয়।

## ক্ষুতে বিশেষঃ

বাহারোহে চৌষধেঽথো বিবাদে বিদ্যারম্ভে বীজবাপেঽশনে বা।
শয্যারোহে বস্ত্রধানে ক্ষুতং সদ্ধানিজ্ঞেয়া গোক্ষুতে সর্বদিক্ষু ॥ শা, নী

যানারোহণ, ঔষধকরণ, ঔষধসেবন, বিবাদ, বিদ্যারম্ভ, বীজবপন, ভোজন, শয়ন, বস্ত্রপরিধান, এই সকল কার্যে ক্ষুত শুভপ্রদ কিন্তু গোক্ষুত সকল দিকে সকল কার্য্যেই অশুভকর।

## নিস্ফল ক্ষুতানি

বৃদ্ধার্ত্তানাং বালকানাং বলাদ্বা যৎ কৌতুক্যাৎ পীনসাদ্বা প্রজাতম্।
মত্তোন্মত্তানাং ভবেদ্ যৎ ক্ষুতং তৎ সর্বং জ্ঞেয়ং নিস্ফলং কেচিদাহুঃ ॥
শা, নী

বৃদ্ধের, রোগার্ত্তের, বালকের ক্ষুত, বলপ্রয়োগ, কৌতুকাদি অভিসন্ধি, পীনস বা মদ্যাদি পানজনিত ক্ষুত নিস্ফল ইহা কেহ কেহ বলিয়াছেন।

## স্থান বিশেষে বল্লীপতন ফলম্

বল্লীপাতো দক্ষিণেঽঙ্গে নৃণাং চেদ্ বন্ধু দ্রব্যাণাং প্রহাণিস্তদা স্যাৎ।
বামে লাভো হৃচ্ছিরঃ কণ্ঠ পৃষ্ঠ হস্তোরঃ পৎস্বর্থ সৌখ্যং প্রবাচ্যম্॥
শা, নী

টিক্‌টিকী দক্ষিণাঙ্গে পতিত হইলে বন্ধুনাশ, দ্রব্যহানি হয়। বামাঙ্গে ধনলাভ; হৃদয়, মস্তক, কণ্ঠ, পৃষ্ঠ, হস্ত, বক্ষঃস্থল ও চরণে পতিত হইলে ধন ও সুখ হয়।

## রাজযাত্রা

দ্বেধা যাত্রা ভূপতেঃ সংপ্রদিষ্টা যুদ্ধে যাত্রান্যা চ সাধারণী যা।
শত্রূন্ জেতুং রাজযাত্রা বিচার্য্যা সর্বৈস্তুল্যান্যা চ যাত্রা তু বেদ্যা। শা, নী

যুদ্ধযাত্রা ও সাধারণযাত্রা ভেদে রাজযাত্রা দ্বিবিধা। শত্রুজয়ের জন্য যে যাত্রা তাহার নাম রাজযাত্রা। রাজযাত্রায় যোগযাত্রাদির বিচার করিবে। যুদ্ধ ব্যতীত রাজার যাত্রায় যাত্রার দিনমাত্র বিচার করিবে।

## পথি রাহু চক্রম্

তির্যগ্‌নন্দমিতা লিখেৎ শরমিতা রেখাস্তথোর্ধ্বং গতা
চক্রেঽনুপ্রতিলোমসর্পগতিবদ্ ভানাং স্থিতিশ্চাত্র চ।
ধর্ম্মোঽর্থঃ সহকামমোক্ষ ইতি বৈ মার্গাশ্চতুর্ধা মতা-
অশ্বিন্যাদি লিখেৎ সমং ত্বভিজিতা যদ্‌যামলে ভাষিতম্॥ শা, বি

তির্যগ্‌ভাবে ৯টি উর্ধ্বাধরভাবে ৫টি রেখা অঙ্কিত করিলে ৩২টি কোষ্ঠ হয়। এই চক্রের নাম পথিরাহুচক্র ইহাতে ধর্ম, অর্থ, কাম, মোক্ষ এই চারিটি গৃহে অভিজিৎসহ ২৮টি নক্ষত্র সর্পগতিক্রমে সন্নিবেশিত করিবে।

| ধর্ম | অর্থ | কাম | মোক্ষ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৮ | ৭ | ৬ | ৫ |
| ৯ | ১০ | ১১ | ১২ |
| ১৬ | ১৫ | ১৪ | ১৩ |
| ১৭ | ১৮ | ১৯ | ২০ |
| ২৩ | ২২ | ০ | ২১ |
| ২৪ | ২৫ | ২৬ | ২৭ |

## পথিরাহু চক্রফলম্

ধর্মেঽর্কে ধনমোক্ষগো হিমকরঃ সৌখ্যপ্রদো ভূপতেঃ
সূর্য্যেঽর্থে পিচ ধর্ম্মমোক্ষগ বিধুর্ধর্মে স মোক্ষে রবৌ।

কামস্থে দিনপে তদীতরগতঃ পীযূষপিণ্ডঃ শুভো-

ভূপানাং পথিরাহুচক্রমিতি বৈ যুদ্ধে গমে চিন্তয়েৎ ॥ শা, বি

ধর্মগৃহগতনক্ষত্রে সূর্য্য, অর্থ বা মোক্ষ গৃহগতনক্ষত্রে চন্দ্র থাকিলে যুদ্ধযাত্রায় রাজা সুখী হন। অর্থ গৃহগতনক্ষত্রে রবি, ধর্ম বা মোক্ষগৃহে চন্দ্র থাকিলে অথবা মোক্ষগৃহে রবি, ধর্মগতনক্ষত্রে চন্দ্র থাকিলে অথবা কামনক্ষত্রে সূর্য্য, ধর্ম, অর্থ বা মোক্ষনক্ষত্রে চন্দ্র থাকিলে শুভ হয়। বিজয়েচ্ছু রাজা গমনকালে পথিরাহু চক্রের বিচার করিবে।

## যুদ্ধে যাত্রায়া মকুলাদিনক্ষত্রাদীনি

স্বাতী পূষ পুনর্বসু ধ্রুবকরাশ্লেষাধনিষ্ঠান্তকা-

ওজা বৈ তিথয়োঽকুলাশ্চ দিবসাঃ সূর্যার্কিজীবেন্দবঃ।

মূলা পাশিশিবাভিজিচ্চ তিথয়ঃ কাষ্ঠাদ্বিষড় জ্ঞো দিনং

বিজ্ঞেয়ং চ কুলাকুলং নৃপরণে শেষং কুলাখ্যং বুধৈঃ ॥ শা, বি

স্বাতী রেবতী, পুনর্বসু, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, হস্তা, অশ্লেষা, ধনিষ্ঠা, ভরণীনক্ষত্র, প্রতিপদ, তৃতীয়া, পঞ্চমী, সপ্তমী, নবমী, একাদশী, ত্রয়োদশী, পূর্ণিমা বা অমাবস্যা এই সকল বিষমসংখ্যকতিথি, রবি, শনি, বৃহস্পতি, সোমবার এই সকল নক্ষত্র, তিথি, বার ইহারা অকুল নামে অভিহিত। মূলা, শতভিষা, আর্দ্রা, অভিজিৎনক্ষত্র, দশমী দ্বিতীয়া, ষষ্ঠী তিথি ও বুধবার ইহারা কুলাকুল নামে; অবশিষ্ট অশ্বিনী, কৃত্তিকা, মৃগশিরা, পুষ্যা, মঘা, পূর্বফল্গুনী, চিত্রা, বিশাখা অনুরাধা, জ্যেষ্ঠা, পূর্বাষাঢ়া, শ্রবণা, পূর্বভাদ্রপদনক্ষত্র, চতুর্থী, অষ্টমী, দ্বাদশী, চতুর্দশীতিথি, মঙ্গল ও শুক্রবার ইহারা কুলনামে যামল-শাস্ত্রে অভিহিত হইয়াছে।

## কুলাকুলাদি ফলানি

প্রারম্ভে সমরে কুলাকুলগণে সন্ধির্দ্বয়োঃ পক্ষয়ো-

র্যায়ী ক্ষমাপতিরেব শত্রুবিজয়ী জ্ঞেয়োঽকুলে নিশ্চিতম্।

স্থায়ী বৈ ভবিতা জয়ী কুলগণে চাত্মক্ষণে সংযতো-

যুদ্ধার্থং কৃতযাত্রয়োঃ ক্ষিতিপয়ো রাদৌ বিচার্যং ত্বিদম্ ॥ শা, বি

কুলাকুলগণে যুদ্ধারম্ভ হইলে যুদ্ধরত রাজদ্বয়ের সন্ধি হইবে। অকুলগ

যায়ী রাজা এবং কুলগণে যুদ্ধারম্ভ হইলে স্থায়ী রাজা জয়ী হইবেন। যুদ্ধারম্ভের পূর্বে এই সকল বিচার করিয়া যুদ্ধার্থ গমন কর্ত্তব্য।

## রাহু ভ্রমণম্

যামার্দ্ধে প্রথমে দিনে দিনকৃতো রাহুঃ প্রতীচ্যাং স্থিতো-
বহ্নৌ শীতকরেঽনিলে ক্ষিতিসুতে সৌম্যাং চ সোমাত্মজে।
যাম্যাং দেবগুরৌ সিতেঽস্রপদিশি চৈশেঽর্কজেঽন্যেষু স-
ব্যাস্তং দিক্ষু তুরঙ্গ বদ্ ভ্রমতি বৈ চাগ্রে গমে মৃত্যুদঃ॥ শা, বি

রবিবারে প্রথম যামার্দ্ধে রাহু পশ্চিমে, সোমে অগ্নিকোণে, মঙ্গলে বায়ুকোণে, বুধে উত্তরে, বৃহস্পতিতে দক্ষিণে, শুক্রে নৈঋর্তে, শনিবারে প্রথম যামার্দ্ধে ঈশানকোণে অবস্থিত। অন্য ৭ যামার্দ্ধে বামাবর্ত্তে দবাখেলায় অশ্বের ন্যায় চতুর্থ চতুর্থদিকে ভ্রমণ করে। সম্মুখস্থ রাহু মৃত্যু দায়ক। নরপতি যুদ্ধ গমন সময়ে সম্মুখস্থ রাহু ত্যাগ করিবেন।

| বার | ১ম যামার্দ্ধ | ২য় যা | ৩য় যা | ৪ যা | ৫ যা | ৬ যা | ৭ যা | ৮ যামার্দ্ধ |
|---|---|---|---|---|---|---|---|---|
| রবি | পশ্চিম | অগ্নি | উত্তর | নৈঋর্ত | পূর্ব | বায়ু | দক্ষিণ | ঈশান |
| সোম | অগ্নিকোণ | উত্তর | নৈঋর্ত | পূর্ব | বায়ু | দক্ষিণ | ঈশান | পশ্চিম |
| মঙ্গল | বায়ুকোণ | দক্ষিণ | ঈশান | পশ্চিম | অগ্নি | উত্তর | নৈঋর্ত | পূর্ব |
| বুধ | উত্তর | নৈঋর্ত | পূর্ব | বায়ু | দক্ষিণ | ঈশান | পশ্চিম | অগ্নি |
| বৃহস্পতি | দক্ষিণ | ঈশান | পশ্চিম | অগ্নি | উত্তর | নৈঋর্ত | পূর্ব | বায়ু |
| শুক্র | নৈঋর্ত | পূর্ব | বায়ু | দক্ষিণ | ঈশান | পশ্চিম | অগ্নি | উত্তর |
| শনি | ঈশান | পশ্চিম | অগ্নি | উত্তর | নৈঋর্ত | পূর্ব | বায়ু | দক্ষিণ |

## রাহুস্থিতিতো জীবপক্ষমৃতপক্ষ নক্ষত্রাণি

তমঃ শ্রিতর্ক্ষং বদনং বিলোমং পুচ্ছং ততঃ পঞ্চদশর্ক্ষমেবম্।
পার্শ্বদ্বয়ে বিশ্বমিতানি ভানি দেয়ানি ভুক্তানিচ জীবপক্ষঃ॥ উ, জা
ভোগ্যানি সন্তির্মৃতপক্ষ উক্তো রাজ্ঞো ন যাত্রা শুভদা মৃতেঽস্মিন্।
মধ্যং ফলং স্যাদ্ বদনে চ পুচ্ছে জীবস্তু পক্ষঃ শুভদঃ প্রয়াণে॥ ই, ব

রাহু বিলোমগামী। যে নক্ষত্রে রাহুর অবস্থান সেই নক্ষত্র রাহুর মুখ। তাহা হইতে বাম গতিতে পার্শ্বদ্বয়ে প্রতিপার্শ্বে চতুর্দ্দশ নক্ষত্র পর্য্যন্ত ১৩ নক্ষত্র অবস্থিত। পঞ্চদশ নক্ষত্র পুচ্ছ। মুখ ও পুচ্ছের মধ্যে ১৩ নক্ষত্র যাহা ভুক্ত হইয়াছে তাহা জীবপক্ষ। তাহার সম্মুখবর্ত্তী অভুক্ত ১৩ নক্ষত্র মৃতপক্ষ। মৃতপক্ষীয় নক্ষত্র সমূহে রাজার যাত্রা অশুভ, মুখ ও পুচ্ছগত নক্ষত্রে মধ্যম ফল। জীবপক্ষীয় নক্ষত্রে যাত্রা শুভ। মঘায় রাহুর অবস্থান কল্পনা করিলে, মঘা মুখ, ধনিষ্ঠা পুচ্ছ, অশ্লেষা হইতে শতভিষা পর্য্যন্ত মৃতপক্ষ, শ্রবণা হইতে অভিজিৎ সহ পুর্বফল্গুনী পর্য্যন্ত জীবপক্ষ।

## জীবমৃতপক্ষয়োর্বিশেষ ফলানি

মৃতে রবীন্দূ ন তদা গমঃ শুভো জীবে যদা তৌ বিজয়ার্থলাভদঃ।
জীবেঽপি চন্দ্রে মৃতপক্ষগে রবৌ জয়োঽন্যথা হানিকরো গমো ভবেৎ॥
উ, জা

চন্দ্র ও সূর্য্য উভয়ে মৃতপক্ষীয় নক্ষত্রে থাকিলে রাজার যাত্রা অশুভ। উভয়ে জীবপক্ষীয় নক্ষত্রে থাকিলে বিজয় ও অর্থলাভ হয়। চন্দ্র জীবপক্ষে রবি মৃতপক্ষে থাকিলে জয়লাভ কিন্তু চন্দ্র মৃতপক্ষে রবি জীবপক্ষে থাকিলে হানি হইয়া থাকে।

## সম্মুখাদিস্থ শুক্রস্য বর্জ্যতা

উদেতি যস্যাং দিশি দৈত্যপূজ্যো মহীপতিস্তাং হি দিশং ন যায়াৎ।
বধূপ্রবেশে পুরতো দিতীজ্যো দক্ষস্থিতশ্চাপি তু বর্জনীয়ঃ॥ উ, জা

পূর্ব বা পশ্চিম যেদিকে শুক্রের উদয় হয় সেইদিকে রাজার যাত্রা অশুভ। নববধূপ্রবেশে সম্মুখ ও দক্ষিণস্থ শুক্র বর্জনীয়।

## সম্মুখ শুক্রাদি দোষ পরিহারঃ

অদূরযানে নৃপসংকটেঽপিবা দুর্ভিক্ষ রোগাদি সমুদ্ভবে তথা।
নার্য্যা বয়োধর্ম কুচাদি সম্ভবে পত্যাগতায়া নহি শুক্র দূষণম্॥ উ, জা

নিকটবর্ত্তী স্থান হইতে আনীত হইলে, রাজসংকটে, দুর্ভিক্ষ রোগাদিকারণে, যৌবনধর্ম (পুষ্পাদি) সম্ভাবনায়, পতির সহিত আগতা নববধূর শুক্রজনিতদোষ হয় না।

## কাল পাশয়ো বর্জ্যতা কথনম্

সৌম্যাং বায়ৌ পশ্চাদ্ দৈত্যে যাম্যে চাগ্নৌ ত্বৈন্দ্র্যাং সূর্য্যাৎ।
কালশ্চাতোঽপ্যগ্রে পাশো রাত্রৌ ব্যস্তং চাগ্রে বর্জ্যৌ॥ বি, মা

দিবসে রবিবারে উত্তরে, সোমে বায়ুকোণে, মঙ্গলে পশ্চিমে, বুধে নৈর্ঋতে, বৃহস্পতিতে দক্ষিণে, শুক্রে অগ্নিকোণে, শনিবারে পূর্বদিকে কাল ও তাহার বিপরীতদিকে পাশ থাকে। রাত্রিতে ইহার বিপরীতে রবিবারে দক্ষিণে, সোমে অগ্নিকোণে, মঙ্গলে পূর্বে, বুধে ঈশানে, বৃহস্পতিতে উত্তরে, শুক্রে বায়ুকোণে, শনিবারে পশ্চিমে কাল ও ইহার বিপরীত দিকে পাশ থাকে। সম্মুখস্থকালও পাশ রাজযাত্রায় বর্জনীয়।

## অকালবৃষ্টৌ রাজ যাত্রা নিষেধঃ

অকাল বর্ষে পশুপাদ চিহ্নিতে ধরাধিনাথো গমনং পরিত্যজেৎ।
একেন চাহ্না তু তদহ্নি কেবলং দ্বাভ্যাং ত্র্যহং সপ্তদিনং ত্র্যহেণ চেৎ॥
উ, জা

পশুপদচিহ্ন অঙ্কিত হইতে পারে অকালে এরূপ ১ দিনবর্ষণে ১ দিন, ২ দিন বর্ষণে ৩ দিন, ৩ দিন বর্ষণে ৭ দিন রাজা যাত্রা বর্জন করিবেন।

## রাজ্ঞো যাত্রাদিবসীয় বিধিঃ

অগ্নৌ হুত্বা দিক্ পতিং পূজয়িত্বা চাশীর্বাদং ব্রাহ্মণেভ্যো গৃহীত্বা।
দত্ত্বা দৈবজ্ঞায় দানং নরেন্দ্রঃ প্রীতো মাঙ্গল্যস্বনৈঃ সং ব্রজেদ্ধি॥ শা,নী

নরপতি যাত্রাদিবসে অগ্নিতে হোম, দিকৃপতির পূজা, ব্রাহ্মণগণের আশীর্বাদ গ্রহণ, দৈবজ্ঞব্রাহ্মণকে দান করিয়া শঙ্খধ্বনি ও বামাজনের হুলুধ্বনিদ্বারা সংবর্দ্ধিত হইয়া সন্তুষ্টচিত্তে গমন করিবেন।

## রাজ্ঞো গমনকালীন বিধিঃ

পূর্বং ন্যস্য পদং স দক্ষিণ মথো দ্বাত্রিংশদঙ্ঘ্রিং ব্রজেদ্-
দৈবজ্ঞায় তিলাজ্যহেমসহিতং তাম্রস্য পাত্রং তথা।
অন্যেভোঽপি যথারুচি প্রবিতরন্ লব্ধ্বা পুনশ্চাশিষ-
আরোহেদ্ রথবাজিকুঞ্জরবরং গম্যাভিবক্ত্রং নৃপঃ॥ শা, বি

মহীপতি প্রথমে দক্ষিণপদ উত্তোলন করিয়া দ্বাত্রিংশৎপাদ গমনকরতঃ দৈবজ্ঞব্রাহ্মণকে তিল, ঘৃত, স্বর্ণ সহিত তাম্রপাত্র দান, অন্যকে যথারুচি দান ও তাঁহাদিগের আশীর্বাদ গ্রহণ করিয়া পূর্বাদি গন্তব্যাদিগভিমুখ রথ, অশ্ব বা গজে আরোহণ করিবেন।

## নির্গম স্থানানি

স্বগেহতো বা গুরুদেবগেহাৎ প্রধানযোষিদ্ গৃহতো হবিষ্যম্।
প্রাশ্য দ্বিজাজ্ঞানুমতশ্চ পশ্যন্ শৃণ্বন্ স্মরন্ মাঙ্গলিকং ব্রজেৎ সঃ॥ উ,জা

রাজা হবিষ্য ভোজন করিয়া ব্রাহ্মণগণের অনুমতি গ্রহণ করতঃ পূর্বোক্ত ধেনু, অশ্বাদি মাঙ্গল্য দ্রব্য দর্শন, শ্রবণ বা স্মরণ করিতে করিতে নিজের গৃহ, গুরুগৃহ, দেবগৃহ বা প্রধান পত্নীর গৃহ হইতে গমনার্থ বহির্গত হইবেন।

## প্রস্থানবিলম্বে বিধিঃ

কার্যন্তরাপেক্ষিতয়া নৃপস্য যাত্রামুহূর্ত্তে স্বয়মপ্রয়াণে।
প্রস্থাপনীয়ং মনসস্ত্বভীষ্ট হস্ত্যশ্বছত্রাম্বরচামরাদ্যম্॥ ই, ব

কার্যান্তরবশতঃ রাজা যাত্রামুহূর্ত্তে স্বয়ং গমনে অসমর্থ হইলে গজ, অশ্ব, ছত্র, পরিচ্ছদ, চামরাদি নিজের অভীষ্ট কোনও দ্রব্য শুভমুহূর্ত্তে পাঠাইলেও শুভমুহূর্ত্তে যাত্রাজনিত শুভফল প্রাপ্ত হইবেন।

## শীঘ্র গন্তব্যে বিধিঃ

নেষ্টে দৈবে বা বিপন্নে চ রাষ্ট্রে কার্যাধীনত্বেন গন্তব্য আশু।
নক্ষত্রং যোগো নৈব শূলো বিচার্য্যং লগ্নেঽভীষ্টে চৈব যাত্রা প্রশস্তা॥ শা,নী

দৈবপ্রতিকূলে, রাষ্ট্রের বিপদে বা অন্যবিধ গুরুতর কার্যবশতঃ শীঘ্র যুদ্ধে যাইবার আবশ্যক হইলে নক্ষত্র, যোগ, দিক্‌শূলাদির বিচার না করিয়া কেবল শুভলগ্নে যুদ্ধে যাত্রা করিবেন।

## নৃপযাত্রায়াং শুভলগ্নানি

কুম্ভে মীনে বা তদংশে প্রয়াতুর্বৈফল্যং স্যাজ্জন্মলগ্নর্ক্ষতো বা।
নাশস্ত্বেঽঙ্গে চাহিতস্যাপি শত্রৌ লগ্নে মৃত্যুঃ শত্রুভীতির্ভবেদ্ বা॥ শা, নী

কুম্ভে, মীনে বা কুম্ভমীনের নবাংশে, নিজের জন্মলগ্ন বা জন্মরাশি হইতে অষ্টমে, শত্রুর জন্মলগ্ন বা জন্মরাশি হইতে ষষ্ঠে প্রস্থানলগ্ন হইলে মৃত্যু বা শত্রুভীতি হয়।

## লগ্নে বক্রাদি গ্রহদোষঃ

খেটশ্চাপি বিলোমগো যদি তনৌ বা তস্য বর্গস্তনৌ
নীচে বা রিপুভে গ্রহস্তনুগতশ্চাংশস্তদীয়োঽথবা।
রাজ্ঞো ভঙ্গকরং প্রয়াণমিহ-বাপ্যেষাং দিনে বা ভবেদ্-
বীর্যাঢ্যস্য শুভস্য বাহনি গমে লগ্নে স্থিতত্বে জয়ঃ॥ শা, বি

প্রস্থানলগ্নে বক্রীগ্রহের অবস্থান বা বর্গ হইলে অথবা নীচরাশিতে বা শত্রুক্ষেত্রে অবস্থিতগ্রহ লগ্নগত হইলে বা লগ্নে তাহার নবাংশ হইলে অথবা এইরূপ গ্রহের বারে যাত্রা করিলে যুদ্ধে রাজার ভঙ্গ হয়। শুভ বা বলশালী গ্রহ লগ্নে থাকিলে বা তাহার বারে যাত্রা করিলে জয়লাভ হয়।

## লালাটিক যোগেতর দিগধীশ শুভত্বম্

লগ্নেঽর্কো ব্যয়লাভগো ভৃগুসুতঃ কর্মস্থিতো ভূমিজো-
রাহুর্ধর্মমৃতিস্থিতো মদনগো মন্দোঽরিসূন্বোর্বিধুঃ।
পাতালে বিধুজোঽর্থসোদরগতো বাচস্পতির্লগ্নভা-
ল্লালাটী নিজদিগ্‌গমে নতু শুভঃ কেন্দ্রে দিগীশঃ শুভঃ॥ শা, বি

গমনকালে লগ্নে রবি, লগ্ন হইতে দ্বাদশে বা একাদশে শুক্র; দশমে মঙ্গল, অষ্টমে বা নবমে রাহু, সপ্তমে শনি, পঞ্চমে বা ষষ্ঠে চন্দ্র, চতুর্থে বুধ, দ্বিতীয়ে বা তৃতীয়ে বৃহস্পতি লালাটী নামে খ্যাত। লালাটী গ্রহ যাত্রাকালে নিজদিকে শুভ নহে দিগধিপতিগ্রহ লালাটী না হইয়া কেন্দ্রে থাকিলে নিজদিকে গমন শুভপ্রদ। রবি, শুক্র, মঙ্গল ইত্যাদিক্রমে গ্রহগণ দিগধিপতি। লগ্নে রবি থাকিলে রবি লালাটী জন্য পূর্বদিকে গমন অশুভ কিন্তু চতুর্থ, সপ্তম বা দশমে

রবি থাকিলে পূর্বদিকে গমন শুভ। একাদশে বা দ্বাদশে শুক্র থাকিলে লালাটী জন্য অগ্নিকোণে গমন অশুভ কিন্তু প্রস্থানলগ্নের কেন্দ্রে শুক্র থাকিলে অগ্নিকোণে গমন শুভ। ইত্যাদিক্রমে জানিবে।

## লগ্নাদিষু রবেঃ স্থিত্যা গমনদিক্ শুভত্বকথনম্

লগ্নে রবৌ বরুণদিগ্ গম এব শস্তো-
বন্ধৌ ব্রজেদ্ যমদিশং মদনে তথৈন্দ্রীম্।
সৌম্যাং খগেঽস্রপদিশং সহজে ধনে বা
চান্যেষু পৃষ্ঠ রবিতো বিদিশো দ্বিভাভ্যাম্॥ ব, তি

লগ্নের পৃষ্ঠগত রবিতে যাত্রাশুভ। লগ্ন পূর্ব, বন্ধু উত্তর, পত্নী পশ্চিম, দশম দক্ষিণদিক্। ইহাদের পৃষ্ঠদিকে অর্থাৎ লগ্নস্থ রবিতে পশ্চিমে, চতুর্থস্থ রবিতে দক্ষিণে, সপ্তমস্থ রবিতে পূর্বে, দশমস্থ রবিতে উত্তরে যাত্রা শুভ। দুইটি ভাব-রাশিদ্বারা কোণ জানিবে। একজন্য ধন ও সহজভাব ঈশান, পুত্র ও রিপুভাব বায়ুল মৃত্যু ও ধর্ম নৈঋর্ত, আয় ও ব্যয়ভাব অগ্নিকোণ। ধন বা সহজে রবি থাকিলে নৈঋর্তে, পুত্র বা রিপুতে থাকিলে অগ্নিকোণে, মৃত্যু বা ধর্মে থাকিলে ঈশানে, আয়ে বা ব্যয়ভাবে রবি থাকিলে বায়ুকোণে যাত্রাশুভ।

## যোগযাত্রা লগ্নদ্বয়ম্

শন্যার ভাস্করগুরৌ ত্রিষড়ায় লগ্নে
গন্তব্যপৃষ্ঠদিগিতে চ সুরারিপূজ্যে।
অর্কাদিকে ত্রিখরসাব্ধি তনুসুতারৌ
গন্তাথ বা রিপুকুলং বিনিহন্ত্যশেষম্॥ ব, তি

প্রস্থানলগ্নের তৃতীয়ে শনি, ষষ্ঠে মঙ্গল, একাদশে রবি, লগ্নে বৃহস্পতি এবং গন্তব্যদিকের পৃষ্ঠদিগ্গত রাশিতে শুক্র থাকিলে অথবা তৃতীয়ে রবি, দশমে চন্দ্র, ষষ্ঠে মঙ্গল, চতুর্থে বুধ, লগ্নে বৃহস্পতি, পঞ্চমে শুক্র, ষষ্ঠে শনি থাকিলে গন্তা রাজা নিঃশেষরূপে রিপুকুলের বিনাশসাধন করেন।

## অন্যদ্, যোগযাত্রা লগ্নদ্বয়ম্

তনুগতে সচিবে নিধনে বিধৌ রিপুগতে দিনপেঽপ্যথবা যদা।
সুরগুরৌ তনুগে ধনলাভয়ো রপরখেটচয়ে চ জয়ী তদা॥ দ্রু, বি

প্রস্থানলগ্নে বৃহস্পতি, অষ্টমে চন্দ্র, ষষ্ঠে রবি থাকিলে অথবা লগ্নে বৃহস্পতি, অপর গ্রহগণ দ্বিতীয়ে ও একাদশে থাকিলে যুদ্ধে গন্তা রাজা বিজয়ী হন।

## অপরং যোগযাত্রা লগ্নদ্বয়ম্

ধনগেহগতা গুরুকাব্যবুধা দিনপেহথ তনৌ মদনে চ বিধৌ।
ধনগেহথ বুধে সহজে মিহিরে তনুগেহপি সিতে ক্ষিতিপোঽরিজয়ী॥

তোটক

যাত্রাকালীন লগ্নের দ্বিতীয়ে বৃহস্পতি, শুক্র ও বুধ ; লগ্নে রবি, সপ্তমে চন্দ্র থাকিলে অথবা দ্বিতীয়ে বুধ, তৃতীয়ে রবি, লগ্নে শুক্র থাকিলে গন্তা নরপতি শত্রু বিজয়ী হন।

## অন্যদ্‌ যোগযাত্রা লগ্নম্‌

লগ্নমিতে বাসরপে ষষ্ঠগৃহে মন্দগতৌ।
খে হিমগৌ শত্রুচয়ং ক্ষ্মাধিপতির্বশং নয়েৎ॥ মা, ক্রী

যাত্রাকালীন লগ্নে রবি, ষষ্ঠে শনি, দশমে চন্দ্র থাকিলে যুদ্ধে শত্রুগণ বশীভূত হন।

## অপরং যোগযাত্রা লগ্নত্রয়ম্‌

শন্যারৌ তনুভে রবির্দশমভে কাব্যো বুধো বায়খে
ভৌমার্কৌ ত্রিষড়ায়গৌ বিধুমৃতে সন্তঃ সুবীর্যাশ্চ বা।
পাপাঃ সোদরগা জলে বুধসিতৌ চন্দ্রে মদেহঙ্গে গুরু-
র্গন্তা চেন্নৃপতিস্তদোদ্ধতরিপূন্‌ শাস্তি স্বভৃত্যানিব॥ শা, বি

প্রস্থান লগ্নে শনি ও মঙ্গল, দশমে রবি, দশমে বা একাদশে বুধ বা শুক্র থাকিলে অথবা তৃতীয়, ষষ্ঠ, একাদশ এইস্থানত্রয় মধ্যে যে কোনস্থানদ্বয়ে মঙ্গল ও শনি এবং চন্দ্রেতর শুভগ্রহ বুধ, বৃহস্পতি, শুক্র ইহারা বলবান্‌ হইলে অথবা পাপগ্রহগণ তৃতীয়ে, বুধ ও শুক্র চতুর্থে, চন্দ্র সপ্তমে, বৃহস্পতি লগ্নে থাকিলে গন্তা নরপতি উদ্ধত রিপুকে ও ভৃত্যের ন্যায় শাসন করেন।

## যোগযাত্রা লগ্নান্তরম্‌

ইজ্যে লগ্নে সপ্তমে শীতরশ্মৌ ভৌমে চার্কৌ সোদরে খে সিতজ্ঞৌ।
লাভে সংস্থে ভাস্করেঽথ প্রযাতা ভূপো নূনং শত্রুরাজ্যং জয়েদ্ধি॥ শা, নী

যাত্রা কালীন লগ্নে বৃহস্পতি, সপ্তমে চন্দ্র, তৃতীয়ে মঙ্গল ও শনি, দশমে শুক্র ও বুধ, একাদশে রবি থাকিলে ভূপতি শত্রু রাজ্য জয়ে সমর্থ হন।

### অন্যদ্ যোগযাত্রা লগ্নম্

ইন্দৌ বেজ্যে লগ্নে সংস্থে ষষ্ঠে ভানৌ সূনৌ সৌম্যে।
শুক্রে বন্ধৌ মানে চার্কৌ গন্তা রাজা শত্রূন্ হন্যাৎ। বি, মা

লগ্নে বৃহস্পতি বা চন্দ্র, ষষ্ঠে রবি, পঞ্চমে বুধ, চতুর্থে শুক্র, দশমে শনি থাকিলে গন্তা রাজা যুদ্ধে শত্রু নাশ করিয়া থাকেন।

### অপরং যোগযাত্রা লগ্নত্রয়ম্

বীর্যাঢ্যো জ্ঞস্তনৌ ষড়্ব্যয় নব সহজেহব্জো গুরুঃ কণ্টকে বা
সোত্থায়াপ্সূশনা চেদ্ মদন নব বধে পাপকাঃ কেন্দ্র ইজ্যঃ।
হেম্না বাঙ্গারিমিত্রাস্পদ ভবন গতো বীক্ষিতঃ সৌম্য খেটৈঃ
কামাঙ্গান্ত্য ব্যতীতে যদি খল খচরা হন্তি ভূপোহরিসেনাঃ। স্র, ধ

প্রস্থান লগ্নে বলবান্ বুধ, ষষ্ঠে, দ্বাদশে, নবমে বা তৃতীয়ে চন্দ্র, কেন্দ্রে বৃহস্পতি থাকিলে অথবা তৃতীয়ে, একাদশে বা চতুর্থে শুক্র, সপ্তম, নবম, অষ্টম ভিন্ন অন্যত্র পাপ গ্রহ এবং কেন্দ্রে বৃহস্পতি থাকিলে অথবা লগ্নে, ষষ্ঠে, চতুর্থে বা দশমে বুধ থাকিয়া শুভ গ্রহ দ্বারা দৃষ্ট এবং সপ্তম, লগ্ন, দ্বাদশ ব্যতীত অন্য স্থানে পাপ গ্রহ থাকিলে গন্তা রাজা শত্রু সেনা কুলের বিনাশ করেন।

### অপরং যোগযাত্রা লগ্নত্রয়ম্

তনৌ দেবাচার্য্যো দশম উত লাভে খলখগো-
জলে বা শীতাংশুর্মদন গৃহগৌ চেদ্ বুধ সিতৌ।
কবির্বারৌ লগ্নে ত্রিদশসচিবো নাশ উড়ুপো-
নৃপো যোদ্ধুং গন্তা বলিনমপি শত্রুং দময়তি॥ শি, নী

যাত্রাকালে লগ্নে বৃহস্পতি, দশমে বা একাদশে পাপ গ্রহ থাকিলে অথবা চতুর্থে চন্দ্র, সপ্তমে বুধ ও শুক্র থাকিলে অথবা ষষ্ঠে শুক্র, লগ্নে বৃহস্পতি, অষ্টমে চন্দ্র থাকিলে যুদ্ধে যায়ী রাজা প্রবল শত্রুকেও দমন করিতে সমর্থ হন।

### অন্যদ্ যোগযাত্রা লগ্নদ্বয়ম্

লগ্নগোহথ জলগো হিমরশ্মির্বিৎসিতান্তরগতো গমনে বা।
বন্ধুগৌ বুধসিতৌ মদইন্দুশ্চেৎ তদা স কুরুতে রিপুনাশম্॥ স্বাগতা

গমন করলে লগ্নে বা চতুর্থে চন্দ্র থাকিয়া বুধ ও শুক্রের মধ্যবর্ত্তী হইলে অথবা চতুর্থে বুধ ও শুক্র এবং সপ্তমে চন্দ্র থাকিলে গন্তা নরপতি রিপুনাশ করিয়া থাকেন।

### অপরং যোগযাত্রা লগ্নত্রয়ম্

ভৌমাত্মা রিপুমিত্রকামতনুভ ভ্রাতৃস্থিতা বা ক্রমাৎ
সূর্য্যারজ্ঞ সিতেজ্যকা রসগুণাস্তাস্টাঙ্গ সংস্থাস্তথা।
অর্কাত্মা রসবহ্নি দিগ্‌রসতনূগেহায়গা গুর্বহে
গন্তুর্ভূমিপতে ররিঃ ক্ষয়মিয়াদ্ বহ্নৌ পতঙ্গো যথা॥ শা, বি

প্রস্থান লগ্নের ষষ্ঠে মঙ্গল, চতুর্থে বুধ, সপ্তমে বৃহস্পতি, লগ্নে শুক্র, তৃতীয়ে শনি থাকিলে অথবা ষষ্ঠে রবি, তৃতীয়ে মঙ্গল, সপ্তমে বুধ, অষ্টমে শুক্র, লগ্নে বৃহস্পতি থাকিলে অথবা ষষ্ঠে রবি, তৃতীয়ে চন্দ্র, দশমে মঙ্গল, ষষ্ঠে বুধ, লগ্নে বৃহস্পতি, চতুর্থে শুক্র, একাদশে শনি থাকিলে এবং বৃহস্পতিবারে গমন করিলে গন্তা রাজার শত্রুনিচয় অগ্নিতে পতঙ্গের ন্যায় বিনাশ প্রাপ্ত হয়।

### যোগযাত্রা লগ্নান্তরম্

সূর্য্য শুক্র গুরবঃ সহজে বা মিত্রমন্দিরগতা রিপুভাবে।
ভূমিজোঽপি মৃদুগো নরনাথঃ প্রোদ্ধতং রিপুচয়ং হ্যপি হন্যাৎ॥ স্বাগতা

প্রস্থান লগ্নের তৃতীয়ে বা চতুর্থে রবি, শুক্র, ও বৃহস্পতি এবং ষষ্ঠে মঙ্গল ও শনি থাকিলে নরপতি প্রোদ্ধত রিপুচয়ের বিনাশ সাধন করেন।

### যোগোঽধিযোগো যোগাধিযোগশ্চ

কেন্দ্রে কোণে বেজ্যবিদ্‌ভার্গবাণামেকো যোগো দ্বৌ যদাচাধিযোগঃ।
সর্বে চেদ্‌যোগাধিযোগস্তদাস্মিন্ ভূপো গন্তা শত্রুসেনাঃ স হন্যাৎ॥ শা,নী

বুধ, বৃহস্পতি ও শুক্র এই তিন গ্রহের মধ্যে একটি গ্রহ প্রস্থান লগ্নের কেন্দ্রে বা কোণে থাকিলে যোগ নামক যোগ, যে কোন দুইটি কেন্দ্রে বা কোণে থাকিলে অধিযোগ, তিনটিই কেন্দ্রে বা কোণে থাকিলে যোগাধিযোগ হয়। এই যোগত্রয়ে যায়ী রাজা শত্রু সেনা নাশ করেন।

### শত্রূন্ বিজিত্য গৃহপ্রবেশ মুহূর্ত্তকথনম্

দ্বীশোগ্রতীক্ষ্ণাগ্নিবিবর্জিতে ভে তিথৌ বিরিক্তে সুদিনে সুযোগে।
বিহায় বিষ্টিং জয়িনো নৃপস্য কালেঽপ্যশুদ্ধে গৃহবেশনং সৎ॥ উ, জা

বিশাখা, পূর্ব্বফল্গুনী, পূর্বাষাঢ়া, পূর্বভাদ্রপদ, মঘা, ভরণী, অশ্লেষা, আর্দ্রা, জ্যেষ্ঠা, মূলা, কৃত্তিকা ব্যতীত নক্ষত্রে, রিক্তা ভিন্ন তিথিতে, শুভ গ্রহের বারে শুভ যোগে, বিষ্টি ভিন্ন করণে, কাল শুদ্ধি না থাকিলেও যুদ্ধে শত্রু বিজয়ী নরপতি নিজ গৃহে প্রবিষ্ট হইবেন।

## ত্রিনবত্ব দোষঃ

ঋক্ষে তিথৌ বা দিবসে নবপ্রমে গমাৎ প্রবেশোঽথ গমঃ প্রবেশতঃ।
কদাপি শস্তো ন ভবেদিতি ধ্রুবং বসিষ্ঠগর্গাদিমুখাশ্চচক্ষিরে॥ উ, জা

বসিষ্ঠ গর্গাদি মুনিগণ বলিয়াছেন গমন দিবসের নক্ষত্র হইতে নবম নক্ষত্র, তিথি হইতে নবম তিথি, বার হইতে নবম বার প্রবেশে নিষিদ্ধ। এইরূপ প্রবেশ দিবসের নক্ষত্রাদি হইতে নবম নক্ষত্রাদিগমনে অশুভ।

ইতি মৈমনসিংহ মণ্ডলস্থিত, টাঙ্গাইলান্তর্গত বডবেলতা গ্রাম নিবাসি, সরযূতীরাগত শাকদ্বীপীয় ব্রাহ্মণ বংশোদ্ভব, পাঠকোপাহ্ব, পণ্ডিত প্রবর কৃপানাথ দেবশর্মাত্মজ, কলিকাতাস্থ রাজকীয় সংস্কৃত পাঠশালা (গবর্ণমেণ্ট সংস্কৃত কলেজ) জ্যোতিষাদি শাস্ত্রাধ্যাপক, স্মৃতি ব্যাকরণ জ্যোতিস্তীর্থোপাধিক, শ্রীরাধাবল্লভ দেবশর্ম বিরচিতে মুহূর্ত্তবল্লভে যাত্রাধ্যায়ঃ।

# অথ সংস্কারাধ্যায়ঃ

## বিবাহার্থং পত্নীশুভাশুভ বিচার প্রয়োজনম্

ধর্মার্থকামেষু সদৈব দারা ভর্ত্তুঃ সহায়াঃ স্মৃরতো বিবাহে।
চিহ্নৈঃ স্বভাবৈরপি মেলকৈশ্চ পত্নী বিচার্য্যা হ্যশুভা শুভা বা॥ ই, ব

ধর্ম্মার্থকাম এই ত্রিবর্গ সাধনে পত্নী সর্ব্বদা স্বামীর সহায়া হইয়া থাকে। এজন্য শারীরিক চিহ্ন, স্বভাবও মেলকবিচার দ্বারা পত্নীর শুভাশুভ বিচার করিবে।

## শুভানি স্ত্রীচিহ্নানি

নাসা সমা সমপুটাথ সমুন্নতা চ
নীলোৎপল দ্যুতিযুতে নয়নে ললাটম্।
অর্দ্ধেন্দুনা সমমরোম মতুঙ্গনীচং
ভাগ্যান্বিতা নববিধুপ্রতিমে ভ্রুবৌ চেৎ॥ ব, তি

যাহার নাসিকা সমানা, সমপুটদ্বয়া ও উন্নতা; নয়নদ্বয় নীলপদ্মের ন্যায় দীপ্তিবিশিষ্ট; ললাট অর্দ্ধচন্দ্রাকৃতি, রোমহীন' উচ্চতাহীন ও নীচতাহীন; ভ্রূযুগল দ্বিতীয়ার চন্দ্রের ন্যায় বক্র সে নারী সৌভাগ্যবতী হয়।

## কর্ণকেশমস্তক শুভত্বম্।

কর্ণদ্বয়ং মৃদু সমং হ্যপি মাংসলং চ
দন্তাশ্চ কুন্দকলিকাসদৃশাঃ সমানাঃ।
দীর্ঘাশ্চ কুঞ্চিত সুকোমল নীল কেশা-
যস্যাঃ শিরঃ সমমসৌ ধনসৌখ্যদাত্রী ॥ ব, তি

যাহার কর্ণদ্বয় মৃদু, সমান, মাংসল; দন্তরাজি কুন্দপুষ্প কলিকার ন্যায় শুভ্র ও সমান; কেশ স্নিগ্ধ, ঈষৎকুঞ্চিত, কোমল ও কৃষ্ণনীল বর্ণ; মস্তক সমান সে বিত্তও সুখদায়িনী হয়।

## কণ্ঠস্বরাদি শুভত্বম্।

হংসস্বনাথ পরপুষ্ট-ময়ূর-ঘোষা
বিম্বাধরা গলমথাব্জক শোভিরেখম্।
বৃত্তৌ ঘনৌ চ বিষমৌ কঠিনাবুরোজৌ
যস্যা উরোমৃদুবিরোমমথার্থদাসৌ ॥ ব, তি

যাহার হংস, ময়ূর বা কোকিলের ন্যায় কণ্ঠস্বর; পক্ক বিম্বফল তুল্য রক্তাভ অধরদেশ; শঙ্খের ন্যায় শোভিত রেখাযুক্ত গলদেশ; গোলাকার, ঘনসন্নিবিষ্ট, বিষম, কঠিন, স্তনদ্বয়; মৃদু, রোমহীন, বক্ষঃস্থল সে বিত্তদাত্রী হয়।

## নিতম্বাদি শুভত্বম্।

বিস্তীর্ণ মাংসলগুরুঃ শুভদো নিতম্বো-
গম্ভীর দক্ষিণবিবর্ত্তিত-নাভিদেশঃ।
মধ্যং চ রোমরহিতং ত্রিবলিপ্রশোভং
ক্ষীণস্তু ধর্মনিরতা পতি সৌখ্যদাত্রী ॥ ব, তি

নিতম্বদেশ বিস্তীর্ণ, মাংসল, গুরু হইলে শুভ; নাভিদেশ গম্ভীর, দক্ষিণাবর্ত্ত শুভ। মধ্যদেশ রোমহীন, ত্রিবলিযুক্ত ও ক্ষীণ হইলে ধর্মনিরতা ও পতী সুখদা হয়।

## যোনি জানু জঙ্ঘা শুভত্বম্।

যোন্যুন্নতা বিপুলপিপ্পল পত্রতুল্যা
ঊরুদ্বয়ং করিকরপ্রতিমং বিলোমম্।
জানুদ্বয়ং শুভকরং সমমাংসলং চেদ্-
জঙ্ঘেচ রোমরহিতে বিশিরে সুবৃত্তে ॥ ব, তি

যোনিদেশ উন্নত, বিস্তৃত, অশ্বত্থ পত্র সদৃশ হইলে শুভ। উরুদ্বয় হস্তি শুণ্ডের ন্যায় ও লোমশূন্য শুভ। জানুদ্বয় সমান ও মাংসল শুভ। জঙ্ঘাদ্বয় রোমহীন, শিরাশূন্য, গোলাকার হইলে শুভ।

## চরণাদি শুভত্বম্।

আস্থূলকৌ সমমিতৌ চরণৌ চ রম্যৌ
স্নিগ্ধোন্নতাগ্রতনুকা নখরাশ্চ তাম্রাঃ।
শ্লিষ্টাঙ্গুলী পদতলাবপি ঘর্মহীনৌ
সা ভাবিরাজমহিষী যদি গূঢ়গুল্‌ফা ॥ ব, তি

যাহার চরণদ্বয় ঈষৎ স্থূল, সমান ও রমণীয়; নখর সমূহ স্নিগ্ধ, উন্নত, সূক্ষ্মাগ্র ও তাম্রাভ; অঙ্গুলীসমূহ পরস্পর সংলগ্ন, পদতল ঘর্মহীন, গুল্‌ফদেশ সংকীর্ণ সে ভবিষ্যতে রাজমহিষী হইবে।

## হস্ততলাদি শুভত্বম্।

ছত্রাশ্বাঙ্কুশ বজ্রতোরণযবা যূপাসিমাল্য ধ্বজা-
ভৃঙ্গারাসন মীনকুঞ্জররথাঃ শঙ্খাগপদ্মাশুগাঃ।
বেদী কুণ্ডল চামর ব্যজনকা যৎপাণিপাদদ্বয়ে
ধন্যা সা গুণধর্মপুত্রসুভগা রাজ্ঞীপদং যাস্যতি ॥ শা, বি

যাহার হস্ততলে বা পদতলে ছত্র, অশ্ব, অঙ্কুশ, বজ্র, তোরণ, যব, যূপ, অসি, মাল্য, ধ্বজ, ভৃঙ্গার, আসন, মৎস্য, হস্তী, রথ, শঙ্খ, পর্বত, পদ্ম, বাণ, বেদী কুণ্ডল, চামর বা ব্যজনচিহ্ন থাকে সে ধন্যা, গুণবতী, ধর্মশীলা, সুপুত্রা, ভাগ্যবতী, রাজ মহিষী হয়।

## অশুভানি স্ত্রীলক্ষণানি

যস্যাভূমিতলং স্পৃশেন্নতু গমেঽনামা কনিষ্ঠাথবা
চাঙ্গুষ্ঠাধিক তর্জনী তু কুলটা পাপপ্রসক্তা হি সা।

বামাবর্ত্তগ নিম্নহ্রাসগমিতা যোনীচ কুম্ভোদরং

জঙ্ঘে রোমযুতে শিরালপৃথুকে শুষ্কেতু দুঃখার্দিতা ॥ শা, বি

গমন সময়ে যাহার পদের অনামিকা বা কনিষ্ঠা ভূমিস্পর্শ করেনা অথবা অঙ্গুষ্ঠা হইতে তর্জনী দীর্ঘা সে কুলটা ও পাপচারিণী হয়। যাহার যোনী দেশ বামাবর্ত্ত, অনুন্নত, হ্রস্ব; উদর কুম্ভের ন্যায়; জঙ্ঘাদ্বয় রোমযুক্ত, শিরাল, নিম্নদিকে ক্রমশঃ স্থূল ও শুষ্ক সে দুঃখিনী হয়।

## গলদেশাদ্য শুভত্বম্।

হ্রস্বশ্চেদ্ গলকো ভবেদ্গতধনা দীর্ঘঃ কুলধ্বংসিনী

যস্যা বোন্নত বিস্তৃতঃ সহি পুনঃ কোপান্বিতা সা বধূঃ।

নেত্রে কেকরপিঙ্গলে সুচপলে শ্যাবে তথা যোষিতঃ

কূপৌ চেদথ গণ্ডয়োশ্চ হসনে দুশ্চারিণী সা ধ্রুবম্ ॥ শা, বি

গলদেশ হ্রস্ব হইলে দরিদ্রা, দীর্ঘ হইলে কুলঘাতিনী, উন্নত বা বিস্তৃত হইলে কোপবতী হয়। নেত্রদ্বয় ট্যারা, পিঙ্গলবর্ণ, কপিলবর্ণ বা অতিচঞ্চলতারকা হইলে অথবা হাস্যকালে গণ্ডদ্বয়ে কূপ দৃষ্ট হইলে দুশ্চারিণী হয়।

## করতল শুভাশুভত্বম্।

মধ্যোন্নতং করতলং মৃদু রক্তবর্ণং

রন্ধ্রোজ্ঝিতং চ সুখিনী শুভরেখযুক্তম্।

রেখাধিকাচ বিধবা বিধনাল্পরেখা

পাণ্যোস্তলে সশিরকে রমণী তু ভিক্ষুঃ ॥ ব, তি

করতল মধ্যোন্নত, কোমল, রক্তাভ, ছিদ্ররহিত, পূর্ব্বোক্ত ছত্রাশ্বাদি শুভ রেখাযুক্ত হইলে সুখিনী, বহুরেখায় বিধবা, অল্পরেখায় দরিদ্রা, শিরাযুক্ত হইলে ভিক্ষু হয়।

## স্তনাদ্য শুভত্বম্

স্তনৌ সমুচ্চৌ মলিনৌ চ রোমশৌ কর্ণৌ চ যস্যা বিষমৌ তথা রদাঃ।

স্থূলাঃ করালা বিষমাশ্চ দুঃখিতা চৌর্য্যে রতা দন্তপলং যদাসিতম্ ॥ উ, জা

যাহার স্তনদ্বয় অত্যুন্নত, মলিন, রোমযুক্ত; কর্ণদ্বয় অসমান; দন্ত স্থূল, ভীষণ ও অসমান সে দুঃখিনী; দন্তমাংস কৃষ্ণবর্ণ হইলে চৌর্য্যে আসক্তা হয়।

## করতলাশুভত্রম্

উলূক ভেকৌতু খরোষ্ট্রবায়সব্যাঘ্রালিকঙ্কাহিশৃগালচিহ্নিতৈঃ ।
শুষ্কৈঃ শিরালৈর্বিষমৈস্তথা করৈর্ভবন্তি নার্য্যঃ পতিদুঃখদাঃ সদা ॥ উ, জা

হস্তে পেচক, ভেক, বিড়াল, গর্দভ, উষ্ট্র, কাক, ব্যাঘ্র, বৃশ্চিক, কঙ্ক পক্ষী, সর্প, শৃগালের ন্যায় চিহ্ন থাকিলে অথবা হস্ত শুষ্ক, শিরাযুক্ত, অসমান হইলে পতির দুঃখদায়িনী হয়।

বিলম্বিতে ভালতটেঽথ দেবরং নিহন্তি কুক্ষৌ শ্বশুরং চ কামিনী ।
যোনিপ্রদেশে তু বিলম্বিতেঽথ বা সরোমকৌষ্ঠা বিধবাতিদীর্ঘিকা ॥ উ, জা

ললাট লম্বিত হইলে দেবরঘাতিনী, উদর লম্বিত হইলে শ্বশুর নাশিনী, যোনি লম্বিত হইলে বা ওষ্ঠ রোমযুক্ত হইলে বা পতি হইতে অতিদীর্ঘা হইলে বিধবা হয়।

## তিলকাদি চিহ্ন ফলানি

ভ্রুবো রন্তে ভালে যদি মশকচিহ্নং নৃপবধূ-
স্তথা বামে গণ্ডে বহুসুখমিয়াদ্ রক্তমশকে ।
যদা বক্ষস্থাথো তিলমশকচিহ্নং ধনযুতা
কুলভ্রষ্টাপ্যেবং ধবল ইব বিন্দৌ চ নখরে ॥ শি, নী

ভ্রুর শেষভাগে বা কপালে মশক চিহ্ন থাকিলে রাজমহিষী হয় বামগণ্ডে রক্তবর্ণ মশক ( আঁচিল ) থাকিলে সুখিনী হয়। বক্ষঃস্থলে তি মশকাদি চিহ্ন থাকিলে বিত্তশালিনী, নখে ধবল বিন্দু থাকিলে ব্যভি চারিণী হয়।

## কুচাদিস্থ তিলচিহ্নাদি ফলানি

রক্তাভং তিললাঞ্ছনং যদি কুচে দক্ষে চতস্রঃ সুতাঃ
পুত্রাঃ স্যুস্ত্রয় এব বামকুচকে চৈকাত্মজান্তেঽধবা ।
গুহ্যে দক্ষিণভাগকে তিলকবৎচিহ্নে বধূর্ভূপতে-
র্গুলফেঽথো মশকে তিলে চ বনিতা দারিদ্র্যদুঃখার্দিতা ॥ শা, বি

দক্ষিণ স্তনে লোহিতবর্ণ তিলচিহ্ন থাকিলে চারিকন্যা, ও তিন পুত্রের প্রসবিনী হয়। বামস্তনে রক্তবর্ণ তিল থাকিলে একপুত্র প্রসবের পর বিধবা হয়। গুহ্যদেশের দক্ষিণপার্শ্বে তিলচিহ্ন থাকিলে রাজপত্নী, গুল্ফ দেশে মশক বা তিলচিহ্ন থাকিলে দরিদ্রা হয়।

## নাসাদিস্থ চিহ্নফলম্

নাসাগ্রে মশকেঽসিতে গতধবা রক্তেঽথ রাজ্ঞো বধূঃ
কুক্ষৌ মাষক-লাঞ্ছনেঽথ তিলকে বামে বধূর্ভূপতেঃ।
পার্শ্বে সুন্দরদৃশ্যদীর্ঘতিলকং চেদ্‌ভর্ত্তৃপুত্রান্বিতা
কৃষ্ণা চেদ্‌রসনা রদাশ্চ যদি বা ভর্ত্রা বিহীনা ভবেৎ॥ শা, বি

নাসাগ্রে কৃষ্ণ মশক চিহ্ন থাকিলে বিধবা, রক্ত মশকে রাজপত্নী, উদরে বামভাগে মাষ বা তিলচিহ্নে রাজমহিষী, পার্শ্বদেশে সুদৃশ্য, দীর্ঘ তিলকচিহ্নে স্বামিপুত্রাদিযুক্তা, জিহ্বা বা দন্তসমূহ কৃষ্ণবর্ণ হইলে বিধবা হয়।

বামে করে বা শ্রবণে কপোলে সংদৃশ্যতেঽথো মশকস্তিলো বা।
তস্যাঃ সুতঃ স্যাৎ প্রথমে তু গর্ভে নাভেরধস্তৌ যদি সা ধনাঢ্যা॥ ই, ব

বামহস্ততলে, বামকর্ণে বা বামগণ্ডে মশক বা তিল চিহ্ন থাকিলে সে নারীর প্রথমগর্ভে পুত্র জন্মে। নাভির অধোদেশে বস্তিতে তিল বা মশক চিহ্ন থাকিলে বিত্তশালিনী হয়।

## অবিবাহ্য কন্যা লক্ষণানি

পিঙ্গাক্ষী পিঙ্গকেশা কুবচনদশনা পুষ্টমধ্যা চ রুগ্না
হীনাঙ্গী বাধিকাঙ্গী কলহরুচিরতিস্থূলদেহা কৃশাঙ্গী।
কুব্জান্ধা চাতিলোমাধিকবচনরতা লোমহীনা কুচেষ্টা
লজ্জাশৌচোজ্ঝিতা বা সমতনুবধিরা নো কদাচিদ্ বিবাহ্যা॥ স্র, ধ

পিঙ্গলনেত্রা, পিঙ্গলকেশা, কুভাষিণী, কুদন্তা, মধ্যপুষ্টা, রুগ্না, হীনাঙ্গী, অধিকাঙ্গী, কলহপ্রিয়া, অতিস্থূলা, অতিকৃশা, কুব্জা, দৃষ্টিহীনা, অতিলোমা, বাচালা, লোমহীনা, কুচরিত্রা, লজ্জাশূন্যা, শৌচবর্জ্জিতা, সমাঙ্গী, বধিরা কন্যা কদাপি বিবাহ যোগ্যা নহে।

## বিবাহ্য কন্যা লক্ষণানি

নাতিপ্রভাষা সুমতিঃ সুকেশী সুদন্তপংক্তিঃ সুগতিঃ সুনেত্রা ।
বশ্যাপ্যরোগা প্রিয়দর্শনা যা প্রিয়ংবদা সাতু বিবাহযোগ্যা ॥ উ, জা

মিতভাষিণী, সুশীলা, সুকেশী, সুদন্তা, সুগতি, সুনেত্রা, বশীভূতা, স্বাস্থ্যবতী, প্রিয়দর্শনা, প্রিয়বাদিনী কন্যা, বিবাহ যোগ্যা ।

## বর পরীক্ষা

স্বাস্থ্যং স্বভাবঃ প্রভুতাপি বিদ্যা বয়ো ধনং চাথ কুলং চ সপ্ত ।
পরীক্ষ্য যত্নাদ্ বহুধা শুভার্থী বরায় কন্যাং যুবতীং প্রযচ্ছেৎ ॥ উ, জা

বরের স্বাস্থ্য, চরিত্র, প্রভুত্ব, বিদ্যা, বয়স, বিত্ত, কুল এই সপ্ত বিষয়ে পরীক্ষা করিয়া কন্যার মঙ্গলাকাঙ্ক্ষী গুরুজন কন্যার যৌবনকাল উপস্থিত হইলে উপযুক্ত বরকে কন্যাদান করিবে ।

## বর্জনীয় বরঃ

মূর্খো মূকো বিত্তহীনোঽতিবিত্তঃ ক্রোধী বৃদ্ধশ্চাঙ্গহীনোঽধিকাঙ্গঃ ।
রোগী ক্লীবো দুর্বলো দূরসংস্থশ্চাত্যাসন্নো দুর্মুখোঽন্ধো বিবর্জ্যঃ ॥ শা, নী

মূর্খ, বোবা, নির্ধন, নিজাপেক্ষা অতিধনাঢ্য, ক্রোধী, বৃদ্ধ, হীনাঙ্গ, অধিকাঙ্গ, রোগী, ক্লীব, দুর্বল, অতিদূরস্থ, অতিনিকটস্থ, কর্কশভাষী, অন্ধ ইহাদিগকে কন্যাদান করিবে না ।

## শরীরকান্তিতঃ শুভাশুভকথনম্

স্নিগ্ধা শোভনগন্ধিকাচ পুরুষচ্ছায়া ত্রিবর্গপ্রদা
শ্বেতাচ্ছা হরিতাক্ষিতোষজননী সর্বার্থসিদ্ধা নৃণাম্ ।
হেম্নোঽগ্নেশ্চ সমা প্রতাপজয়দা সিদ্ধিপ্রদা কর্মসু
দুর্গন্ধা পরুষাসিতাচ ধনহা স্যান্নির্মলা ভাগ্যদা ॥ শা, বি

শরীরের কান্তি স্নিগ্ধা, সুগন্ধা হইলে ধর্মার্থকামদায়িনী, নির্মলগৌরপ্রায়-বর্ণা, নির্মলশ্যামবর্ণা, নয়নাভিরামা হইলে সর্বার্থসিদ্ধিদাত্রী ; স্বর্ণের বা অগ্নির ন্যায় দ্যুতি হইলে প্রতাপ, জয়, কার্যসিদ্ধিদায়িকা ; দুর্গন্ধা, রুক্ষা, অতি-কৃষ্ণবর্ণা হইলে ধনহা, নির্মলা হইলে ভাগ্যবর্দ্ধিকা হয় ।

## আবর্ত্ত ফলানি

নাভৌ করে বক্ষসি বাপি কর্ণে পৃষ্ঠেতু দক্ষে যদি যোনিমৌলৌ।
প্রদক্ষিণাবর্ত্ত ইতীক্ষ্যতে সা সুভর্ত্তৃসম্পৎসুত সৌখ্যযুক্তা॥ উ, জা

নাভিতে, হস্তে, বক্ষঃস্থলে, কর্ণে, পৃষ্ঠের দক্ষিণ ভাগে বা যোনির উপরিভাগে দক্ষিণাবর্ত্ত থাকিলে সে নারী সুভর্ত্তা, ধন, পুত্রাদি দ্বারা সুখিনী হয়।

কৃকাটিকামধ্যগতঃ প্রদক্ষিণশ্চাবর্ত্তকোঽব্দে যদি ভর্ত্তৃঘাতিনী।
সীমন্তদেশে স কটৌ ললাটকেকণ্ঠে চ পৃষ্ঠে কুলটা তদাবলা॥ উ, জা

ঘাড়ের মধ্যভাগে দক্ষিণাবর্ত্ত থাকিলে ১ বৎসর মধ্যে বিধবা হয়। সীঁতিতে, কটিদেশে, ললাটে, কণ্ঠে বা পৃষ্ঠের বামভাগে দক্ষিণাবর্ত্ত থাকিলে কুলটা হয়।

## স্বরাদি শুভাশুভ ফলানি

গম্ভীরস্বরবান্ যশোঽর্থসুখযুক্চায়ুর্বিবেকান্বিতো-
রুক্ষ-ক্ষীণ-গদ্গদস্বরযুতঃ ক্রোধী শঠো নির্দয়ঃ।
তাল্বোষ্ঠৌ রদমাংসহস্তচরণাক্ষিপ্রান্তজিহ্বাগুদং
রক্তাভং যদি বিত্তপুত্রসুখদং রুক্ষং চ দুঃখপ্রদম্॥ শা, বি

কণ্ঠস্বর গম্ভীর হইলে যশ, বিত্ত, সুখ, আয়ু, বিবেকযুক্ত; রুক্ষ, ক্ষীণ, গদগদ-স্বর হইলে ক্রোধী, শঠ, নির্দয় হয়। তালু, ওষ্ঠ, দন্তমাংস, হস্তুতল, পদতল, নেত্রপ্রান্ত, জিহ্বা, গুহ্যস্থান রক্তাভ হইলে ধন, পুত্র, সুখদায়ক, রুক্ষ হইলে দুঃখপ্রদ হয়।

## ত্বগাদি শুভাশুভ জ্ঞানম্

স্নিগ্ধত্বগ্ মৃদুচর্ম কোধনসুখী বিদ্বাংস্তনুত্বগ্ নরঃ
স্থূলাস্থির্বলবান্ সুশোভনবপু র্বিত্তাত্মজৈরন্বিতঃ।
শুক্রং চেদ্বহুলং ঘনং চ সুভগো বিদ্বান্ সুদেহোভবেৎ
পুষ্টঃ শোভনরূপবান্ ধনযুতঃ সংশ্লিষ্টসন্ধিঃ সুখী॥ শা, বি

গাত্র ত্বক্ স্নিগ্ধ বা মৃদু হইলে ধনসুখী; পাতলা হইলে বিদ্বান্; অতিস্থূল হইলে বলবান্; শোভনশরীর হইলে বিত্ত ও পুত্রযুক্ত; শুক্র বহু ও ঘন হইলে

ভাগ্যবান্, বিদ্বান্, সুদেহ হয়। সুগঠন পুষ্টশরীরী ধনবান্; সন্ধিসমূহ দৃঢ় হইলে সুখী হয়।

## বর্ণ স্নিগ্ধত্বাদি ফলম্

স্নিগ্ধোঽথো দ্যুতিমান্ নরো নৃপসমো বর্ণঃ শরীরে তথা
রুক্ষশ্চেদ্বিধনঃ ক্বচিৎক্বচিদথ ব্যামিশ্রবর্ণোঽধনঃ।
স্নিগ্ধা বাগ্‌রসনাক্ষিদন্তনখরাশ্চেৎ সৌখ্যপুত্রার্থদা-
রুক্ষা বিত্তবিনাশকা যদি তদা দুঃখার্দিতা মানবাঃ॥ শা, বি

শরীরের বর্ণ স্নিগ্ধ ও দ্যুতিমান্ হইলে রাজতুল্য; রুক্ষ হইলে বা ক্বচিৎস্নিগ্ধ, কচিদ্রুক্ষ হইলে ধনহীন; বাক্য, জিহ্বা, চক্ষু, দন্ত, নখ, স্নিগ্ধ হইলে ধনপুত্রসুখী, রুক্ষ হইলে বিত্তহীন ও দুঃখিত হয়।

## পাদ লক্ষণম্

পাদৌ স্বেদশিরোজ্ঝিতৌ মৃদুতলৌ শ্লিষ্টাঙ্গুলী চোন্নতৌ
পদ্মাভৌ সমপার্ষ্ণিগুল্‌ফরুচিরৌ চোষ্ণৌ সুভাগ্যপ্রদৌ।
সস্বেদৌ বিরলাঙ্গুলী সিতনখৌ শুষ্কৌ শিরাসন্ততৌ
বক্রৌ শূর্পনিভৌ কষায়তলকৌ দারিদ্র্যদুঃখপ্রদৌ॥ শা, বি

পদদ্বয়, ঘর্মহীন, শিরাবিহীন, মৃদুতল, ঘনাঙ্গুলী, উন্নত হইলে এবং পদতল রক্তাভ, পার্ষ্ণিদ্বয় ও গুল্‌ফদ্বয় সমান, শোভন ও উষ্ণ হইলে ভাগ্যবৃদ্ধি হয়। পদতল স্বেদযুক্ত, বিরলাঙ্গুলী, শ্বেতাভনখর, শুষ্ক, শিরাল, বক্র, কুলার ন্যায় বিস্তৃত, কৃষ্ণলোহিত বর্ণ হইলে দরিদ্র ও দুঃখী হয়।

## জঙ্ঘোরুজানু লক্ষণম্

সূক্ষ্মৈ রোমভিরল্পকৈঃ পরিবৃতে বৃত্তে চ জঙ্ঘে শুভে
ঊরূ চেৎকরভাকৃতী ক্ষিতিপতেস্তুল্যো ভবেন্মানবঃ।
স্থূলে জানুযুগে চিরায়ুরুদিতঃ সূক্ষ্মেচ ভাগ্যান্বিতো-
মাংসাঢ্যে সসুখোঽধনশ্চ বিকটে স্ত্রীনির্জিতো নিম্নকে॥ শা, বি

জঙ্ঘাদ্বয়; অল্প সূক্ষ্মরোগদ্বারা আবৃত, গোলাকার হইলে শুভ, ঊরুদ্বয় হস্তি-শুণ্ড সদৃশ ক্রমসূক্ষ্ম হইলে রাজতুল্য হয়। জানুদ্বয় স্থূল হইলে দীর্ঘায়ু, সূক্ষ্ম হইলে

ভাগ্যশালী, মাংসল হইলে সুখী, অতিবিস্তীর্ণ হইলে নির্ধন, নিম্ন হইলে স্ত্রী নির্জিত হয়।

## রোম ফলানি

একৈকং নরজঙ্ঘয়োঃ শিরসি বা কূপে ভবেদ্ রোম চেৎ
পৃথ্বীশপ্রতিমো বিবেকসহিতো দ্বে দ্বে যদা রোমণী।
কূপে ত্রীণি ততো বহূন যদিবা দুঃখার্দিতো নির্ধনো-
বিদ্যাবিত্তসুখোজ্ঝিতো ভবতি বৈ যো রোমশো মানবঃ॥ শা, বি

জঙ্ঘাদ্বয়ে বা মস্তকে প্রতি রোমকূপে এক একটি রোম থাকিলে রাজতুল্য; দুইটি দুইটি থাকিলে বিবেকী; তিন বা ততোধিক রোম থাকিলে দুঃখী ও নির্ধন; সর্বাঙ্গ বহুরোমাবৃত হইলে বিদ্যা, ধন, সুখবিহীন হয়।

## লিঙ্গ লক্ষণম্

হ্রস্বে হীনসুতোধনী সুতযুতঃ স্থূলেঽতিদীর্ঘেঽধনঃ
কন্যা বামনতেঽন্যথা সুতযুতোঽধোবক্রগে নির্ধনঃ।
স্থূলগ্রন্থিযুতেঽথ বৃত্তসরলে লিঙ্গে সকোশে ধনী
নির্বিত্তঃ স্ফুটিতাগ্রকে মৃদুনি বৈ মূত্রপ্রমেহার্তিযুক্॥ শা, বি

পুরুষের লিঙ্গ হ্রস্ব হইলে সন্তানহীন, ধনশালী, স্থূল হইলে পুত্রবান্, অতিদীর্ঘ হইলে ধনহীন, বামভাগে নত হইলে কন্যাবাহুল্য, দক্ষিণে নত হইলে পুত্রবাহুল্য অধোভাগে নত হইলে নির্ধন, স্থূলগ্রন্থিযুক্ত, সরল, বৃত্তাকার ও কোশাবৃত হইলে ধনাঢ্য, কোশমুক্ত হইলে বিত্তহীন, মৃদু হইলে মূত্ররোগ, প্রমেহাদি দ্বারা পীড়িত হয়।

## অণ্ডলিঙ্গাগ্রয়োর্লক্ষণম্

একাণ্ডো ম্রিয়তে জলেঽথ বিষমাণ্ডশ্চঞ্চলঃ স্ত্রীষু চেদ্-
ভূপালো বৃষণৌ সমৌ বহুসমাজীবী বিলম্বাণ্ডকঃ।
অল্পায়ুর্নর ঊর্ধ্বলগ্নবৃষণো লিঙ্গাগ্রকে লোহিতে
বিত্তাঢ্যো মলিনেঽথ পাণ্ডুর-মণৌ তস্মিন্ সুবিষ্ঠেঽধনঃ॥ শা, বি

একটি মাত্র অণ্ডকোষ থাকিলে জলে মৃত্যু হয়। অণ্ডদ্বয় অসমান হইলে

স্ত্রীজনে লোলুপ, সমান হইলে রাজতুল্য, লম্বিত হইলে দীর্ঘায়ু, উর্ধ্বভাগে সংলগ্ন থাকিলে অল্পায়ু হয়। লিঙ্গের অগ্রভাগকে মণি বলে। মণি রক্তাভ হইলে বিত্তশালী, শ্বেতবর্ণ, কৃষ্ণবর্ণ বা অতিস্থূল হইলে বিত্তহীন হয়।

## মূত্র শুভাশুভত্বম্

সশব্দমূত্রো যদি সৌখ্যভাঙ্‌নরো নিঃশব্দমূত্রো বসুভির্বিবর্জিতঃ।
বিকীর্ণমূত্রো বিধনোঽথ ভূমিপঃ প্রদক্ষিণং চেদ্বহুধারমূত্রকম্॥ উ, জা

শব্দসহ মূত্রধারা পতিত হইলে সুখী, নিঃশব্দে পতিত হইলে বিত্তহীন, বিক্ষিপ্ত মূত্রধারায় নিঃস্ব, দক্ষিণাবর্ত্তে অনেক ধারায় মূত্রপাত হইলে রাজতুল্য হয়।

## বস্তিমৈথুনয়োঃ শুভাশুভত্বম্

বস্তিঃ কর্কশরুক্ষমাংসরহিতা দারিদ্র্যদুঃখপ্রদা
স্নিগ্ধা বিস্তৃতমাংসলা যদি নরঃ সৌভাগ্যসৌখ্যান্বিতঃ।
শীঘ্রং মৈথুনশেষকৃদ্ হয় ইব স্যাদ্ দীর্ঘজীবী জনঃ
স্বল্পায়ুর্বহুকালমৈথুনকরশ্চৈবং সমুদ্রো জগৌ॥ শা, বি

নাভি ও লিঙ্গের মধ্যবর্ত্তী স্থানের নাম বস্তি। বস্তিদেশ কর্কশ, রুক্ষ, মাংসহীন হইলে দরিদ্র; স্নিগ্ধ, বিস্তীর্ণ, মাংসল হইলে সৌভাগ্য সৌখ্যযুক্ত, অশ্বের ন্যায় শীঘ্র মৈথুনে রেতঃপাত হইলে দীর্ঘায়ু, বহুকালে রেতঃপাত হইলে অল্পায়ু হয়।

## শুক্র লক্ষণম্

শুক্রে গন্ধে কুসুমসদৃশে ভূমিপো মৎস্যগন্ধে
পুত্রঃ কন্যা ভবতি তরলে মাংসগন্ধে চ ভোগী।
ক্ষারাঘ্রাণে ধনবিরহিতো মদ্যগন্ধে চ যজ্বা
তস্মিন্ গন্ধো যদি মধুসমো মানবো ভূরিবিত্তঃ॥ ম ক্রা

শুক্রে পুষ্পের ন্যায় সুগন্ধ থাকিলে রাজা, মৎস্যগন্ধে পুত্র, তরল হইলে কন্যা জন্মে। মাংসগন্ধে ভোগী, ক্ষারগন্ধে ধনহীন, মদ্যগন্ধে যাজ্ঞিক, মধুতুল্যগন্ধে ধনাঢ্য হয়।

## কটিজঠরয়োর্লক্ষণম্

উষ্ট্রশ্ববানরসমানকটির্দরিদ্রো-
ভূপো মৃগেন্দ্রসদৃশী যদিবা কটিঃ স্যাৎ।
ভোগী সমোদরনরো বিষমং চ দীর্ঘং
নিম্নং তু বক্রমুদরং যদি বিত্তহীনঃ॥ ব, তি

উট, কুকুর বা বানরের ন্যায় মধ্যপুষ্টকটি হইলে দরিদ্র, সিংহের ন্যায় ক্ষীণকটি হইলে রাজতুল্য হয়। উদর সমান হইলে ভোগী, বিষম, দীর্ঘ, নিম্ন বা বক্র হইলে বিত্তহীন হয়।

## নাভি লক্ষণম্

বিস্তীর্ণোন্নতবর্তুলা যদি ভবেন্নাভির্নরঃ সৌখ্যভাগ্-
নিম্নাল্পা যদি দুঃখদা বলিগতা চাতুল্যকা রাজভীঃ।
আবৃত্তা যদি বামতঃ শঠনরো দক্ষেতু মেধাপ্রদা
বিস্তীর্ণা যদি পার্শ্বয়ো র্বহুসমা জীবেদ্ ধনী চোর্ধ্বগা॥ শা, বি

নাভিদেশ বিস্তৃত, উন্নত, গোলাকার হইলে সুখী, হ্রস্ব বা নিম্ন হইলে দুঃখী, বলি মধ্যগত বা অসমান হইলে রাজভয়, বামাবর্তে শঠ, দক্ষিণাবর্তে মেধাবী, পার্শ্বদ্বয়ে বিস্তৃত হইলে দীর্ঘজীবী, উর্ধ্বদিকে বিস্তৃত হইলে ধনাঢ্য হয়।

## বলি লক্ষণম্

কুক্ষৌ নাস্তি বলির্যদি ক্ষিতিপতি স্ত্বেকস্তু শস্ত্রৈর্মৃতিং
দ্বৌ চেৎ তৌ বহুদারতাং ত্রয়ইমে যচ্ছন্তি শাস্ত্রেজ্যতাম্।
চত্বারো বহুপুত্রতাং বিষমতাপন্নাস্ত্বগম্যারতিং
তে স্যুশ্চেৎ সরলাঃ সুখং পরবধূদ্বেষং চ পুংসাং তদা॥ শা, বি

উদরে বলি না থাকিলে রাজতুল্য, এক বলিতে শস্ত্রাঘাতে মৃত্যু, দুই বলিতে বহুভার্যা, তিনবলিতে শাস্ত্রোপদেষ্টা, চারিবলিতে বহুপুত্র, হ্রস্ব, দীর্ঘ, অসমান বলিতে অগম্যাগামী, সরল বলি থাকিলে সুখী ও পরজায়া বিমুখ হয়।

## পার্শ্বস্তনাগ্রয়োর্লক্ষণম্

দক্ষাবর্ত্তক রোমভিশ্চ মৃদুভিঃ পার্শ্বৈঃ সমাংসৈর্নৃপা-
নির্দ্রব্যা বিপরীতকৈর্হতসুখা মর্ত্ত্যাঃ পরপ্রেষ্যকাঃ।
নীচৈ বৈ সুভগা ধনৈর্বিরহিতা দীর্ঘৈরতুল্যৈর্নরা
ভূপা মাংসযুতৈস্তথাচ কঠিনৈর্ম গ্নৈঃ স্তনাগ্রৈস্তথা॥ শা, বি

পার্শ্বদ্বয়ের রোমরাজি দক্ষিণাবর্ত্ত ও পার্শ্বদ্বয় কোমল, মাংসযুক্ত হইলে রাজতুল্য; বামাবর্ত্ত রোমযুক্ত, রুক্ষ, মাংসহীন হইলে ধনহীন হয়। স্তনাগ্র অনুন্নত হইলে ভাগ্যবান্; দীর্ঘ, অসম হইলে নির্ধন; কঠিন, মাংসল, অনূর্ধ্ব হইলে রাজতুল্য হয়।

## হৃদয় বক্ষসোর্লক্ষণম্

পৃথ্বীশো হৃদয়ং পৃথূন্নতমিদং চাকম্পনং মাংসলং
দুঃখী চেদ্ বিপরীতকং ত্বথ শিরারোমান্বিতং তাদৃশঃ।
বক্ষশ্চেৎসমমর্থবাংস্তু কঠিনং পীনঞ্চ শৌর্যান্বিতো-
নিঃস্বঃ শস্ত্রমৃতির্যদা চ বিষমং চাল্পং হ্যকিঞ্চিৎকরঃ॥ শা, বি

হৃদয় বিস্তীর্ণ, উন্নত, অকম্পন, মাংসল হইলে রাজতুল্য, ইহার বিপরীত, শিরাযুক্ত, রোমশ হইলে দুঃখী হয়; বক্ষঃস্থল নাতিনীচ, নাতুচ্চ হইলে ধনবান্; কঠিন ও মাংসল হইলে শূর; বিষম হইলে দরিদ্র ও শস্ত্রাঘাতে মৃত্যু হয়। অল্প মাংস থাকিলে পুরুষকার হীন হয়।

## গ্রীবা লক্ষণম্

যদ্গ্রীবা ত্রিবলিস্ত্বসৌ নৃপসমঃ সা বর্ত্তুলা চেদ্ ধনী
দীর্ঘাথো বিধনস্তথাচ চিপিটা সেয়ং বিশুষ্কাপি বা।
শূরশ্চেদ্ মহিষোপমা বৃষসমা শস্ত্রেণ মৃত্যুং ব্রজেদ্-
বক্রাসৌ পিশুনশ্চ দম্ভসহিতো গ্রীবা যদীয়া ভবেৎ॥ শা, বি

গলদেশ ত্রিবলিযুক্ত হইলে রাজতুল্য, গোলাকার হইলে ধনাঢ্য, দীর্ঘা, হ্রস্বা বা শুষ্কা হইলে দরিদ্র, মহিষ গ্রীবা সদৃশ হইলে শূর, বৃষগ্রীবা তুল্য হইলে অস্ত্রাঘাতে মৃত্যু হয়। গ্রীবা বক্র হইলে নির্দয় ও দাম্ভিক হয়।

## কক্ষা লক্ষণম্

অস্বেদনোন্নত সুগন্ধসমাংসকে চেৎ
কক্ষে হি রোমসহিতে চ সমে যদীয়ে।
ঐশ্বর্যবান্ স মনুজো বিপরীতকক্ষে
যদ্বাহুমূলতলগে সতু বিত্তহীনঃ॥ ব, তি

বাহুমূলের তলভাগকে কক্ষা বলে। কক্ষা ঘর্মহীন, উন্নত, সুগন্ধ, মাংসল, রোমযুক্ত, সমান হইলে ঐশ্বর্য্যযুক্ত ইহার বিপরীতে মানব বিত্তহীন হয়।

## স্কন্ধভুজয়োর্লক্ষণম্

অংশাবভগ্নৌ বিপুলৌ সুলগ্নৌ হ্রস্বরোমশৌ চেৎ সধনোঽন্যথান্যঃ।
আজানুলম্বৌ সমবর্ত্তুলৌ চেদ্ভুজৌ ধনাঢ্যো বিধনোঽন্যথা সঃ॥ উ, জা

স্কন্ধদ্বয় অভগ্ন, বিস্তৃত, সুসংলগ্ন, রোমহীন হইলে ধনাঢ্য ইহার বিপরীতে বিত্তহীন; ভুজদ্বয় জানুপর্য্যন্ত লম্বিত, সমান, গোলাকার হইলে ধনশালী অন্যথায় ধনহীন হয়।

## হস্তাঙ্গুলি লক্ষণম্

দীর্ঘা অঙ্গুলয়ো যদীয়করগা দীর্ঘায়ুষোঽর্থান্বিতাঃ
সূক্ষ্মাঃ প্রাজ্ঞতমাঃ খলাশ্চিপিটকাঃ স্থূলাশ্চ বিত্তোজ্ঝিতাঃ।
নিঃস্বা অঙ্গুলয়ো যদা চ বিরলা বিত্তার্জকা শ্চেদ্ঘনাঃ
সুস্পষ্টাঃ সুভগা বহির্যদি নতাঃ শস্ত্রৈ র্মৃতিং প্রাপ্নুয়ুঃ॥ শা'বি

হস্তাঙ্গুলি দীর্ঘ হইলে দীর্ঘজীবী, সূক্ষ্ম হইলে প্রাজ্ঞ, চিপিট হইলে খল, স্থূল হইলে বিত্তহীন, ঘন সন্নিবিষ্ট না হইলে দরিদ্র, ঘন সন্নিবিষ্ট হইলে সঞ্চয়ী, সুস্পষ্ট হইলে ভাগ্যবান্, বর্হিদিকে নত হইলে শস্ত্রাঘাতে মৃত্যু হয়।

## নখাঙ্গুষ্ঠ পর্ব লক্ষণম্

ক্লীবো রেখযুতৈ র্নখৈর্হি পরুষৈ র্ভগ্নৈস্তথা কুৎসিত-
র্নিস্বো বা চিপিটোপমৈ রপি ভবেৎ-তাম্রৈঃ প্রভুত্বান্বিতঃ।

অঙ্গুষ্ঠে যদি মধ্যপর্বগযবো বিত্তান্বিতোঽথো যবো-
মূলেঽ সৌ সুতবান্ চিরায়ুরুদিতঃ পর্বাণি দীর্ঘাণি চেৎ ॥ শা' বি

নখসমূহ রেখান্বিত ও রুক্ষ হইলে ক্লীব; ভগ্ন, কুৎসিত বা চিপিট হইলে ধনহীন, তাম্রাভ হইলে প্রভুত্ব সম্পন্ন হয়। অঙ্গুষ্ঠের মধ্যপর্বে যব থাকিলে ধনাঢ্য, মূলপর্বে যব থাকিলে পুত্রবান্, পর্বসকল দীর্ঘ হইলে দীর্ঘজীবী হয়।

## মণিবন্ধ লক্ষণম্

সুশ্লিষ্টৈ র্মণিবন্ধনৈশ্চ সুদৃঢ়ৈ র্গূঢ়ৈ র্নরেন্দ্রোপমা-
অস্ত্রৈঃ স্যাৎ করকর্ত্তনং শ্লথতরৈঃ সন্ধিস্থলৈ র্বৈ নৃণাম্;
সন্ধৌ চেন্মণিবন্ধনস্য চ ভবেৎ শব্দস্তু সঞ্চালনে
প্রোজ্ঝ্যন্তে বিভবৈর্নরা বহুবিধৈ র্দুঃখৈ র্যুতাঃ স্যুর্ভুবি ॥ শা' বি

হস্ততল ও বাহুর সন্ধিস্থল মণিবন্ধ নামে খ্যাত। মণিবন্ধ সুশ্লিষ্ট, সুদৃঢ়, গূঢ় হইলে রাজতুল্য, শ্লথ হইলে অস্ত্রদ্বারা করকর্ত্তন হয়। সঞ্চালনে শব্দ হইলে ধনহীন ও দুঃখী হয়।

## করতল লক্ষণম্

নিম্নৈ র্হস্ততলৈ র্নরৈঃ পিত্রধনিনঃ সংবৃত্তনিম্নৈস্তথা
রক্তাভৈঃ সধনাঃ খলাশ্চ বিষমৈ র্দাতার উচ্চৈস্তলৈঃ।
রুক্ষৈঃ স্বল্পধনা অগম্য রমণীরক্তাশ্চ পীতপ্রভৈঃ
সামুদ্রস্য বচস্ত্বিদং করতলে প্রোক্তং বরাহাদিভিঃ ॥ শা'বি

হস্ততল নিম্ন হইলে পৈতৃকধনহীন, গোলাকার নিম্ন বা রক্তাভ হইলে ধনশালী, অসমান হইলে খল, উচ্চ হইলে দানশীল, রুক্ষ হইলে দরিদ্র, পীতবর্ণ হইলে অগম্যানিরত হয়।

## ঊর্ধ্বরেখা ফলানি

রেখোর্ধ্বা মণিবন্ধতো যদি করেঽঙ্গুষ্ঠস্য মূলং গতা
মধ্যায়ুঃ ক্ষিতিপোপমোঽপ্যথ তদা নেতা গতা তর্জনীম্।

সা মধ্যাঙ্গুলি মূলগা ধনপতিঃ পুত্রাদিভিঃ সৌখ্যভা-
গানামং ব্যবসায়তো ধনমিয়াজ্ জীব্যাকনিষ্ঠং শতম্ ॥ শা' বি

মণিবন্ধ হইতে উত্থিতা ঊর্ধ্বরেখা অঙ্গুষ্ঠমূল পর্য্যন্ত গমন করিলে মধ্যায়ু ও রাজতুল্য, তর্জনীমূলগতা হইলে জননেতা, মধ্যাঙ্গুলিমূলে ধনাঢ্য ও পুত্রাদি সুখী, অনামামূলে ব্যবসায়ে ধনবান্ এবং কনিষ্ঠামূলে গমন করিলে শতবর্ষজীবী হয়।

## বিত্তরেখা ফলানি

কনিষ্ঠমূলাভিগতোর্ধ্বরেখা সা যত্নভিন্না বহুবিত্তদাত্রী।
বিচ্ছিত্তিগা চেৎ ক্ষয়বৃদ্ধবিত্তা সা বিত্তরেখেতি বদন্তি কেচিৎ ॥ উ,জ

মণিবন্ধের সমীপ হইতে কনিষ্ঠমূলাভিমুখী ঊর্ধ্বরেখাকে বিত্তরেখা বলে। এই রেখা অবিচ্ছিন্নভাবে অগ্রসর হইলে চিরকাল বহু ধনসঞ্চয়ী হয়। কিন্তু বিচ্ছিন্ন হইলে কখন ধনসঞ্চয়, কখন সঞ্চয়াভাব ঘটিয়া থাকে।

## কররেখা ফলানি

গম্ভীরা যদি রেখিকাশ্চ বিমলা বিত্তী দরিদ্রোঽন্যথা
দৃষ্টা বা বহুরেখিকাঃ করতলে নিঃস্বোঽল্পরেখা অপি।
বজ্রং কুম্ভ মৃণাল দামশিবিকা তৌলধ্বজ স্বস্তিকা-
হস্ত্যশ্বাঙ্কুশমীনপুচ্ছ মকর চ্ছত্রাদ্রি শঙ্খা ধনী ॥ শা' বি

করতলে রেখা নিম্ন বা নির্মল হইলে ধনশালী ইহার বিপরীতে দরিদ্র হয়। বহুরেখা বা অল্পরেখা থাকিলেও দরিদ্র হয়। বজ্র, কলস, মৃণাল, রজ্জু, শিবিকা, তুলাদণ্ড, পতাকা, স্বস্তিক, হস্তী, অশ্ব, অঙ্কুশ, মীনপুচ্ছ, মকর, ছত্র, পর্বত, শঙ্খ-চিহ্ন দৃষ্ট হইলে ধনাঢ্য হয়।

## অন্যানি শুভ লক্ষণানি

বৃক্ষো যূপজলাশয়ামরগৃহত্র্যস্রাদি শূলং তথা
মীনোলূখল বেদিকা যদি করে জ্ঞানী ধনী ধার্মিকঃ।
বীণা দোলক ভাস্করোড়ুপ হলস্তম্ভাশ্চ সিংহাসনং
বালা কুণ্ডলকে মৃদঙ্গ-লতিকে চিহ্নান্যমীষাং ধনী ॥ শা' বি

হস্ততলে বৃক্ষ, যূপ, জলাশয়, দেবমন্দির, ত্রিভুজ চতুর্ভুজাদি ক্ষেত্র, ত্রিশূল, মৎস্য, উদূখল, বেদীচিহ্ন থাকিলে জ্ঞানী, ধনী ও ধার্মিক হয়। বীণা, দোলক, সূর্য্য, চন্দ্র, হল, স্তম্ভ, সিংহাসন, বালা, কুণ্ডল, মৃদঙ্গ, লতাচিহ্ন থাকিলে ধনবান্ হয়।

## অন্যানি শুভ লক্ষণানি সন্তান সংখ্যা চ

চক্রং তোমর শক্তি চাপ পরশু প্রাশাসি পদ্মাঃ শরঃ
শ্রীবৎস্যং যদি চামরং ব্যজনকং মাষঃ করে ভূমিপঃ।
আয়ুষ্যাধর বামগাশ্চ মণিবন্ধা দূর্ধ্ব সংস্থা যতি
স্থূলাঃ পুত্রকরা স্ততীহ সুতিকা রেখা যতি ক্ষীণকাঃ ॥ শা' বি

করতলে চক্র, তোমর, শক্তি, ধনু, কুঠার, লগুড, অসি, পদ্ম, বাণ, আবর্ত্ত, চামর, ব্যজন, মাষচিহ্ন থাকিলে রাজতুল্য হয়। আয়ুরেখার নিম্নে, মণিবন্ধের ঊর্ধ্বে বাম পার্শ্বে যত স্থূলরেখা তত সংখ্যক পুত্র এবং যত ক্ষীণ রেখা তত সংখ্যক কন্যা জন্মে।

## আয়ুরেখাদি সংস্থানম্

কনিষ্ঠায়া মূলাদ্ ব্রজতি যদি রেখা করতলে
প্রদেশিন্যা মূলাবধি ননু শতায়ু র্নিগদিতম্।
অসৌ চায়ুরেখা বয়সি চ মরণং ছেদত ইহ
হ্যধো মাতৃরেখা তদনু মণিবন্ধাৎ খলু পিতুঃ ॥ শি, নী

কনিষ্ঠাঙ্গুল হইতে প্রদেশিনীর মূলাভিমুখে যে রেখা দৃষ্ট হয় তাহার নাম আয়ু রেখা। এই রেখা তর্জ্জনীমূলের শেষ প্রান্ত পর্য্যন্ত বিস্তৃত হইলে শতবর্ষায়ু। মধ্যে অনুপাতে আয়ু স্থির করিবে। আয়ুরেখা যে বয়সে ছিন্ন হইবে সেই বয়সে মৃত্যুতুল্য পীড়াদি জানিবে। আয়ুরেখার নিম্নে কনিষ্ঠার মূলের নিম্ন হইতে তর্জনীমূলাভিমুখে প্রসারিত রেখার নাম মাতৃ রেখা। মাতৃরেখার নিম্নে মণি বন্ধ হইতে তর্জনীর মূলাভিমুখে যাইয়া যে রেখা মাতৃরেখার সহিত যুক্ত বা তাহার সমীপবর্ত্তী হইয়াছে তাহার নাম পিতৃরেখা।

## উন্নতি রেখা

আয়ুষ্যরেখাং গমিতা হ্যনামামূলাদ্ধি রেখোন্নতি দায়িনী সা।
ছিন্না যদৈষা বহুবিঘ্নদাত্রী ততো বিলম্বেন চ সিদ্ধিদা স্যাৎ ॥ উ, জা

অনামিকার মূল হইতে আয়ু রেখা পর্য্যন্ত রেখার নাম উন্নতি রেখা। এই রেখা ছিন্ন বা বহু রেখায় বিভক্ত হইলে বিঘ্ন প্রাপ্তি পূর্ব্বক বিলম্বে উন্নতি হইয়া থাকে।

## করতলে গ্রহ ক্ষেত্রাণি

অঙ্গুষ্ঠস্য প্রদেশিন্যা মধ্যমায়াশ্চ মূলকে।
অনামিকায়া শ্চৈবং হি কনিষ্ঠায়াঃ ক্রমেণ তু ॥
কবে র্গুরোঃ শনের্ভানোর্জ্ঞস্য ক্ষেত্রাণি চিন্তয়েৎ।
রাহোঃ সিতেজ্যয়োর্মধ্যে বামে পার্শ্বে কলানিধেঃ ॥
ভৌমস্য মধ্যে জ্ঞেন্দ্বোর্বৈ মধ্যে করতলে তথা।
ঔজ্জ্বল্যাৎ পুষ্টিত শ্চৈষাং সৌখ্যং স্যাদ্ দুঃখ মন্যথা ॥

করতলে অঙ্গুষ্ঠের মূলদেশে শুক্রের, তর্জনার মূলে বৃহস্পতির, মধ্যমার মূলে শনির, অনামিকার মূলে রবির, কনিষ্ঠার মূলে বুধের, শুক্র ও বৃহস্পতির মধ্যে রাহুর, করতলের বাম পার্শ্বে মণিবন্ধের উপরি চন্দ্রের, চন্দ্র ও বুধের মধ্যে এবং করতলের মধ্যবর্ত্তী স্থানে মঙ্গলের ক্ষেত্র জানিবে। যে গ্রহ যে বিষয়ের কারক,* সেই গ্রহের ক্ষেত্র উজ্জ্বল ও পুষ্ট হইলে সেই বিষয়ে সুখ, অন্যথায় সেই বিষয়ে দুঃখ হইয়া থাকে।

বৃহস্পতি জ্ঞান ও সুখের অধিপতি, বৃহস্পতির ক্ষেত্র উজ্জ্বল ও উন্নত হইলে জ্ঞান ও সুখের বৃদ্ধি অন্যথায় হানি হইবে। এইরূপ সকল ক্ষেত্রে জানিবে।

## ক্ষেত্রগত বজ্রচিহ্ন ফলানি

বজ্রে চিহ্নে চন্দ্র ক্ষেত্রে জায়ামৃত্যুং প্রাপ্নোত্যেবম্।
জীবক্ষেত্রে বিদ্যাখ্যাতিং ধর্মনিষ্ঠাং বিত্তং সৌখ্যম্ ॥ বি, মা

বজ্র চিহ্ন চন্দ্রের ক্ষেত্রে থাকিলে পত্নীনাশ, বৃহস্পতির ক্ষেত্রে থাকিলে বিদ্যাখ্যাতি, ধর্ম্মনিষ্ঠা, বিত্ত ও সুখ হয়।

---

* মৎপ্রণীত জাতক বল্লভে গ্রহের কারকতা বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে।

বজ্রং যদা জীব শশীতরেষু ক্ষেত্রেষু কার্য্যেষ্বরিভীশ্চ বাধা।
চেষ্টা বহুত্বাৎ সফলত্বমল্পং সদা বিলম্বেন নরঃ প্রয়াতি ॥ উ, জা

বৃহস্পতি ও চন্দ্র ব্যতীত অন্য গ্রহের ক্ষেত্রে বজ্র চিহ্ন থাকিলে সর্ব্বদা সকল কার্য্যে বাধা, শত্রু ভয় জন্মে। বহু চেষ্টায় বিলম্বে অল্প লাভ হয়।

## তারকা চিহ্ন ফলানি

ভানোঃ ক্ষেত্রে শ্রান্তিতঃ স্বল্পলাভশ্চেন্দো মর্ত্ত্যশ্চঞ্চলো ভাবনিষ্ঠঃ।
ভৌম ক্ষেত্রে তারকায়াং বিবাদী পাণোশ্চৈবং চাত্মঘাতী ভবেৎ সঃ ॥
শা, নী

রবির ক্ষেত্রে তারকা চিহ্ন থাকিলে বহু পরিশ্রমে অল্প লাভ; চন্দ্র ক্ষেত্রে চঞ্চল, ভাবনিষ্ঠ; মঙ্গলের ক্ষেত্রে বিবাদরত, দুই হস্তে মঙ্গলের ক্ষেত্রে তারা চিহ্ন থাকিলে আত্মঘাতী হয়।

সৌম্যক্ষেত্রে বুদ্ধিবাক্য প্রভাবো জীবক্ষেত্রে ভাগ্যবান্ ধর্ম্মনিষ্ঠঃ।
শুক্রস্যৈবং দারতো ভাগ্যবৃদ্ধি র্জায়া নাশঃ স্ত্রীষুলুব্ধো নরঃ স্যাৎ ॥
মন্দক্ষেত্রে তারকা বিঘ্নদাত্রী মর্ত্ত্যঃ খ্যাতো বিঘ্নঘাতী পুনঃ সঃ।
রাহোরেবং শৌর্য্যযুক্তঃ প্রসিদ্ধঃ সামুদ্রজ্ঞৈরেতদুক্তং প্রবীণৈঃ ॥ শা,নি

বুধের ক্ষেত্রে বুদ্ধি ও বাক্যের প্রভাব বিশিষ্ট; বৃহস্পতির ক্ষেত্রে ভাগ্যবান্ ধর্ম্মনিষ্ঠ; শুক্রক্ষেত্রে স্ত্রীভাগ্যে ভাগ্যোন্নতি পশ্চাৎ পত্নীনাশ, স্ত্রীলোলুপ; শনি ক্ষেত্রে বিঘ্নপ্রাপ্তি পূর্ব্বক বিঘ্ননাশক, প্রসিদ্ধ; রাহুর ক্ষেত্রে শৌর্য্যযুক্ত ও প্রসিদ্ধ হয়।

## জিহ্বা-তালু লক্ষণম্

জিহ্বাথ রক্তা সুসমা চ দীর্ঘা ন বিস্তৃতা স্থূলতয়া ন যুক্তা।
শুভা রসালা বিমলাপি তালু তথৈব শস্তং বিধনোঽন্যথা স্যাৎ॥
উ, জা

জিহ্বা ও তালু রক্তাভ, সমান, দীর্ঘ, নাতিবিস্তৃত, নাতিস্থূল, রসাল, নির্ম্মল হইলে শুভ, অন্যথায় ধনহীন হয়।

## মুখ লক্ষণম্

বক্ত্রং পূর্ণমভীতিদং ন বিষমং নৈবাতি বিস্তীর্ণকং
কান্তং মাংসলপার্শ্বকং যদি ভবেদাঢ্যোঽন্যথা নির্ধনঃ ॥
স্ত্রীবক্ত্রং ত্বথ নিম্নকং বিতনয়ো ধূর্ত্তশ্চতুষ্কোণকং
হ্রস্বং চেৎ কৃপণোঽতি দীর্ঘমধনঃ পাপী মুখং ভীতিমৎ ॥ শা, বি

মুখ সম্পূর্ণ, সৌম্য, সম, নাতিবিস্তৃত, দীপ্ত, পার্শ্বদ্বয়ে মাংসল হইলে ধনাঢ্য ্যপরীতে ধনহীন হয়। স্ত্রীজনের ন্যায় বা নিম্ন (অস্পষ্ট) মুখ হইলে সন্তানহীন, তুষ্কোণ হইলে ধূর্ত্ত, হ্রস্ব হইলে কৃপণ, অতিদীর্ঘ হইলে দরিদ্র, ভীতিযুক্ত হইলে াপকারী হয়।

## শ্মশ্রু লক্ষণম্

অভিন্নকাগ্রং ন চ রক্ত রুক্ষকং সম্যঙ্নতং শ্মশ্রু শুভং চ কোমলম্।
রুক্ষৈস্তু রক্তৈর্বিরলৈঃ স্ফুটাগ্রকৈঃ স্যাৎ শ্মশ্রুভিঃ স্বল্পধনোঽথ তস্করঃ ॥
উ, জা

মুখ লোম অগ্রভাগে বিভক্ত, রক্তবর্ণ বা রুক্ষ না হইলে এবং নত ও কোমল ইলে শুভ কিন্তু রুক্ষ, রক্তবর্ণ, অল্প বা অগ্রভাগে বিভক্ত হইলে ধনহীন ও চৌর য়।

## কর্ণ লক্ষণম্

বিস্তীর্ণৌ শ্রবণো ভবেদ্ ধনপতি শ্চাবর্ত্তকর্ণ স্তথা
হ্রস্বৌ চেৎ কৃপণঃ শিরানিচিতকৌ কর্ণৌ খলঃ স্যান্নরঃ।
তীক্ষ্ণাগ্রৌ চ বিকীর্ণকৌ যদি সুখী দীর্ঘৌ তথা মাংসলৌ
দীর্ঘায়ুঃ কিল লোমশৌ চ মৃতিভাক্ পাপেন নির্মাংসকৌ ॥ শা, বি

কর্ণদ্বয় বিস্তীর্ণ বা আবর্ত্ত হইলে ধনাঢ্য, হ্রস্ব হইলে কৃপণ, বহুশিরা ব্যাপ্ত ইলে ক্রুর, তীক্ষ্ণাগ্র, চেপ্টা, দীর্ঘ বা মাংসপুষ্ট হইলে সুখী, লোমশ হইলে র্ঘায়ু, মাংসহীন হইলে পাপকার্য্যে মৃত্যু হয়।

### গণ্ড নাসিকয়োর্লক্ষণম্

উচ্চৌ মাংসলকৌ যদীয় বদনে গণ্ডৌ স ভোগী নরো-
নাসা চেৎ শুকনাসিকাগ্র কুটিলা স্পষ্টা চ দীর্ঘা সুখী।
ক্রূরা দক্ষিণ বক্রকাথ সুপুটাল্পচ্ছিদ্রকা ভোগকৃ-
ন্নির্মাংসা চিরজীবন শিচপিটিকা স্ত্রীহেতুমৃত্যুং ব্রজেৎ ॥ শা, বি

গণ্ডদ্বয় উচ্চ ও মাংসল হইলে ভোগী হয়। নাসিকা শুক পক্ষীর ন্যায় কুঞ্চিতা, অগ্রে বক্রা, স্পষ্টা, দীর্ঘা হইলে সুখী, দক্ষিণে বক্রা হইলে ক্রূর, শোভন পুটা, অল্পচ্ছিদ্রযুক্তা হইলে ভোগী, শুষ্ক হইলে দীর্ঘায়ু, চওড়া হইলে স্ত্রী হেতু মৃত্যু হয়।

### ক্ষুত লক্ষণম্

সকৃৎ ক্ষুতং বিত্তবহুত্ব সূচক মাদ্যন্ত মধ্যেষু সমান শব্দিতম্।
দূরাদপি শ্রোত্রপথং প্রয়াতি যচ্চিরায়ুরুক্তং যুগপদ্ বহুত্বকে ॥ উ, জা

একবার মাত্র হাচি হইলে ধনাঢ্য, প্রথমাদি শেষ পর্য্যন্ত সমান শব্দ বিশিষ্ট, দূর হইতেও শ্রোতব্য, যুগপদ্ অনেকবার হাচি হইলে দীর্ঘায়ু হয়।

### নেত্র লক্ষণম্

পদ্মাভে মধুপিঙ্গলে চ বিমলে রক্তান্তকে বিত্তবান্
মুদ্গাভে বিপুলে সমেচ নয়নে স্থূলে সুভাগ্যো নরঃ।
গম্ভীরে সধনোঽধনস্ত্ববিমলে নীলোৎপলাভে বুধো-
নীলাভে পরিবর্ত্তুলে মৃগসমে মার্জ্জারনেত্রে ত্বসন্ ॥ শা, বি

নেত্রদ্বয় পদ্মাভ, মধুসদৃশ পিঙ্গল বর্ণ, নির্মল ও প্রান্ত রক্তবর্ণ হইলে বিত্তশালী; মুদ্গাভ, বিস্তীর্ণ, সমান, স্থূল হইলে ভাগ্যবান্; গম্ভীর হইলে ধনাঢ্য, মলিন হইলে দরিদ্র, নীলোৎপলাভ হইলে বিদ্বান্, নীলাভ, বর্ত্তুল, মৃগের বা বিড়ালের ন্যায় বর্ণ হইলে পাপী হয়।

### ভ্রূ লক্ষণম্

ভ্রুবৌ বিশালোন্নতিকে সুখী ভবেদভ্যুন্নতে চেদচিরায়ুরুচ্যতে।
খণ্ডে হ্যতুল্যে বিধনো নবেন্দুবদ্ ধনী ত্বলগ্নে যদি বাপি দীর্ঘিকে ॥
উ, জা

ভ্রূ বিস্তীর্ণা, উন্নতা হইলে সুখী, সম্মুখোন্নতা হইলে অল্পায়ু, খণ্ডিতা বা অসমানা হইলে দরিদ্র, নূতন চন্দ্রের ন্যায় অসংলগ্না বা দীর্ঘা হইলে ধনাঢ্য হয়।

## রোদন লক্ষণম্

যদ্ দৈন্যহীনং রুদিতং ত্বনশ্রু চারুক্ষ মেতদ্ধি নৃণাং প্রশস্তম্।
দীনং চ রুক্ষং প্রচুরাশ্রুকং তৎ শুভাবহং নৈব জগৌ সমুদ্রঃ ॥ উ, জা

যে রোদনে দীনতা, অশ্রু বা রুক্ষ শব্দ নাই এইরূপ রোদন প্রশস্ত। দৈন্যযুক্ত, রুক্ষ, প্রচুরাশ্রু রোদন অশুভকর।

## হসন লক্ষণম্

অকম্পনং চেদ্ হসিতং প্রশস্তিদং নিমীলিতাক্ষং যদি পাপকৃন্নরঃ।
মুহুর্মুহুর্হাসকৃতির্হিদোষভাগুন্মত্ততান্তেঽপ্যসকৃৎ পুনর্হসে ॥ উ, জা

যে হাসে শরীর কম্পিত হয় না সেই হাস প্রশস্ত। হাস্যকালে যাহার চক্ষু মুদ্রিত হয় সে পাপকারী। পুনঃপুনঃ হাস্য দোষ যুক্ত। হাসের বিরামেও পুনঃ পুনঃ হাস্যকারী উন্মত্ত।

## ললাট লক্ষণম্

বিশাল মর্ধেন্দু সমং ধনী যদা ললাট মভ্যুন্নতকং প্রভুত্ব কৃৎ।
নিম্নং শিরালং কুমতিশ্চ সংবৃতং চাল্পং হ্যদাতা বিষমং তদাধনঃ ॥ উ, জা

ললাটদেশ বিশাল বা অর্দ্ধ চন্দ্র সদৃশ হইলে ধনাঢ্য, সম্মুখে উচ্চ হইলে প্রভুত্বকারী, নিম্ন বা শিরা বহুল হইলে পাপকর্মা, পরিবর্ত্তুল বা অল্প হইলে কৃপণ, অসমান হইলে ধনহীন হয়।

## ললাট রেখা লক্ষণম্

রেখাঃ পঞ্চ যদায়তা ধনযুতো জীবেৎ সমানাং শতং
চাশীতিং তু ললাটকে যদি চতস্রোরেখিকা বিত্তযুক্।
তিস্রঃ সপ্ততি মব্দষষ্টিমথ বৈ দ্বে রেখিকে চৈকিকা
চত্বারিংশতমর্থবান্ যদি ভবেদ্ ভালে ত্বরেখো নরঃ ॥ শা, বি

ললাট দেশে দীর্ঘ ৫ রেখা থাকিলে শতায়ু, চারি রেখায় ৮০ বৎসর, তিন রেখায় ৭০ দুই রেখায় ৫০ এক রেখায় ৪০ বৎসর জীবিত থাকে। ললাটে রেখা না থাকিলে ধনাঢ্য হয়।

## ললাট রেখা লক্ষণান্তরম্

পঞ্চভ্যো যদি রেখিকা বহুমিতা জীবন্তি পঞ্চাশতং
বিচ্ছিন্না যদি পাপিনোঽগ্রমিলিতাঃ ষষ্টিং কৃশাস্ত্বল্পকং।
কেশান্তোপগতা অশীতিমথ চেদ্ যাতা ভ্রুবৌ ত্রিংশতং
বক্রা বামগতাশ্চ বিংশতিমথো দ্বিঘ্নাঃ সমা দক্ষগাঃ॥ শা, বি

ললাটে পঞ্চরেখাপেক্ষা অধিক রেখা থাকিলে ৫০ বৎসর, রেখা সমূহ অগ্রভাগে মিলিত হইলে ৬০ বর্ষ, বিচ্ছিন্ন হইলে পাপী, কৃশ হইলে অল্পজীবী. কেশান্তপর্য্যন্ত গত হইলে ৮০ বর্ষ, ভ্রূ দ্বয় পর্য্যন্ত সংলগ্ন হইলে ৩০ বর্ষ; বামভাগে বক্র হইলে ২০বর্ষ, দক্ষিণভাগে বক্র হইলে ৪০বর্ষ জীবিত থাকে।

## শিরোলক্ষণম্

গোমান্ স্যাৎ পরিবর্ত্তুলং যদি শিরশ্ছত্রাকৃতি ক্ষমাপতি-
স্তাতং হন্তি চ মাতরং চিপিটকং দীর্ঘং চিরায়ুস্তদা।
দীর্ঘায়ুশ্চ করোটিবদ্ ঘটশিরশ্চাধ্ব প্রিয়ো মানবো-
নিম্নং মানযুতোঽতিনিম্নমসমং বিত্তৈর্বিহীনো ভবেৎ॥ শা, বি

মস্তক গোলাকার হইলে বহু গোযুক্ত, ছত্রের ন্যায় উর্দ্ধভাগে বিস্তৃত হইলে রাজতুল্য, চেপ্টা হইলে পিতৃ মাতৃ হন্তা, দীর্ঘ বা শিরস্ত্রাণ সদৃশ হইলে দীর্ঘায়ু, ঘটের ন্যায় হইলে ভ্রমণ প্রিয়, নিম্ন হইলে মানযুক্ত, অতিনিম্ন বা অসমান হইলে দরিদ্র হয়।

## কেশলক্ষণম্

একৈকং প্রতিকূপকে যদি কচাঃ স্নিগ্ধা স্বভিন্নাগ্রকাঃ
কৃষ্ণা নাতিঘনাঃ সমাস্তু মৃদবশ্চাকুঞ্চিতা বিত্তভাগ্।
ভিন্নাগ্রা বহুমূলিকাশ্চ বিষমাঃ স্থূলা সুদীর্ঘাস্তথা
রুক্ষা শ্চাপ্যতিকুঞ্চিতা স্ত্বতিঘনাঃ পিঙ্গাস্তদা নির্ধনঃ॥ শা, বি

মস্তকের প্রতি লোমকূপে এক একটি কেশ, স্নিগ্ধ, অগ্রভাগে অভিন্ন, কৃষ্ণবর্ণ, নাতিঘন, সমান, কোমল, আকুঞ্চিত হইলে ধনাঢ্য হয়। অগ্রভাগ খণ্ডিত, এক লোমকূপে বহু কেশ, অসমান, স্থূল, হ্রস্ব, রুক্ষ, অতিকুঞ্চিত, অতিঘন, পিঙ্গল বর্ণ কেশ হইলে ধনহীন হয়।

## শুভানিলক্ষণানি

গম্ভীরাঃ স্বরসত্ত্বনাভয় ইতি প্রোক্তাঃ প্রশস্তা নৃণাং
বক্ষোবক্ত্রললাটকং চ শুভদং বিস্তীর্ণ মেতৎ ত্রয়ম্।
কক্ষোরোঽথ কৃকাটিকানখমুখং নাসা ষড়ুচ্চানি বৈ
জঙ্ঘা পৃষ্ঠ শিরোধরা অপি শুভা হ্রস্বাশ্চ লিঙ্গং তথা॥ শা, বি

কণ্ঠস্বর, স্বভাব, নাভি এই তিন গম্ভীর হইলে প্রশস্ত। বক্ষঃস্থল, মুখ, ললাট এই তিন বিস্তীর্ণ শুভ। বগলদেশ, হৃদয়, গ্রীবার পশ্চাদ্ ভাগ (ঘাড়), নখ, মুখ, নাসিকা এই ছয় উচ্চ শুভ। জঙ্ঘা, পৃষ্ঠ, গ্রীবা, লিঙ্গ এই চারি অঙ্গ হ্রস্ব শুভ।

## অন্যানি শুভানি

নেত্রান্ত হস্ত নখ তাল্বধরোষ্ঠপাদ-
জিহ্বাশ্চ সপ্ত শুভদা যদি রক্তবর্ণাঃ।
সূক্ষ্মানি কেশ নখরাঙ্গুলি পর্ব দন্ত-
চর্মাণি পঞ্চ কথিতানি সুখপ্রদানি॥ ব, তি

নেত্রপ্রান্ত, হস্ততল, নখ, তালু, অধরোষ্ঠ, পদতল, জিহ্বা এই সপ্তাঙ্গ রক্তবর্ণ শুভ। কেশ, নখ, অঙ্গুলিপর্ব রেখা, দন্ত, ত্বক্ এই পাঁচ অঙ্গ সূক্ষ্ম হইলে সুখ প্রদ।

## অন্যানি শুভানি

হনুদ্বয়ং লোচন যুগ্ম নাসা স্তনান্তরং বাহু যুগং চ পঞ্চ।
এতানি দীর্ঘাণ্যথ যস্য পুংসঃ স রাজতুল্যঃ সুখভাগ্ ধ্রুবং স্যাৎ॥ উ,জ্যা

গণ্ডের অধোভাগদ্বয়, নেত্রদ্বয়, নাসিকা, স্তনদ্বয়ের মধ্যভাগ, হস্তদ্বয় এই পাঁচ অঙ্গ দীর্ঘ হইলে রাজতুল্য ও সুখী হয়।

## নারী সংখ্যা

কনিষ্ঠিকামূলগতাস্তু রেখিকা বিজ্ঞাপয়েয়ুর্বনিতা নৃণাং যতি।
আয়ুষ্যরেখামণিবন্ধ মধ্যগাঃ স্থূলাঃ সুতান্ বা তনুকাঃ কুমারিকাঃ ॥ উ, জা

কনিষ্ঠামূল ও আয়ু রেখার মধ্যবর্ত্তী রেখাদ্বারা পত্নী সংখ্যা জানিবে। আয়ুষ্য রেখা ও মণিবন্ধের মধ্যবর্ত্তী করতলের বামপার্শ্বস্থ স্থূল রেখা দ্বারা পুত্র সংখ্যা সূক্ষ্ম রেখা দ্বারা কন্যা সংখ্যা, ছিন্ন রেখা দ্বারা মৃত সন্তান সংখ্যা জানা যায়।

## সহোদরসংখ্যা জারজাতজ্ঞানম্

অঙ্গুষ্টমূলস্থিত রেখিকা যাঃ সোত্মাস্ততি স্যু স্ততি বা সুতা বৈ।
রেখাদ্বয় স্যাপি যুতৌ চ পিত্রোর্জাতঃ পিতুর্জারভব স্ত্বযুক্তৌ ॥ ই, ব

অঙ্গুষ্ঠমূলগত স্থূলরেখাতুল্য ভ্রাতা, মতান্তরে পুত্র, সূক্ষ্ম রেখা তুল্য ভগিনী মতান্তরে কন্যা জন্মে। মাতৃরেখা ও পিতৃরেখার যোগ থাকিলে পিতৃজাত, যোগ না থাকিলে জারজাত জানিবে।

## বৈধব্য যোগঃ

মাতাপিত্রো রেখেঽযুক্তে যোগস্থানং ছিন্নং চেদ্ বা।
খণ্ডা খণ্ডা মাতৃরেখা নারী সা বা বৈধব্যাপ্তা ॥ বি, মা

মাতৃ রেখা ও পিতৃ রেখার যোগ না থাকিলে, অথবা যোগ থাকিয়াও যোগ-স্থান রেখাদ্বারা ছিন্ন হইলে অথবা মাতৃরেখা খণ্ডা খণ্ডাকার থাকিলে সেই নারী বৈধব্য প্রাপ্ত হয়।

## অথাষ্টধা মেলক কথনম্

বর্ণোবশিত্বং হ্যথ তারযোনী মৈত্রং গণো রাশিজ-নাড়িকাজে।
কূটে গুণৈশ্চোত্তরতোঽধিকৈ স্তৈশ্চার্ধাধিকৈশ্চেদ্‌মিলনং শুভং স্যাৎ ॥ই,ব

বর্ণ, বশ্য, তারা, যোনি, মিত্রতা, গণ, রাশিকূট, নাড়ীকূট,। এই ৮ প্রকারে বর ও কন্যার মেলক বিচার হইয়া থাকে। ইহাদের উত্তরোত্তর গুণাধিক্য। বর্ণের মিত্রতায় ১গুণ, বশ্যের ২ তারার ৩ যোনির ৪ মিত্রতার ৫ গণের ৬ রাশি কূটের মিত্রতায় ৭ নাড়ী ভেদে ৮গুণ জানিবে। এই ৮ প্রকার শুভ হইলে গুণ ৩৬ হইতে পারে। ১৮ অপেক্ষা গুণ অধিক হইলে বিবাহ শুভকর।

## বর্ণ কূটম্

শ্রেষ্ঠে সমে বা যুবতে র্বরস্য বর্ণে শুভো হীনতরে ত্বনিষ্টঃ।
রাশীশবর্ণে সমউত্তমে বা শুভো বিবাহোঽপ্যশুভোঽথ হীনে॥ উ, জা

কন্যার রাশির বর্ণ হইতে বরের রাশির বর্ণ শ্রেষ্ঠ বা সম হইলে বিবাহ শুভ, হীন হইলে অশুভ। কন্যার রাশি পতির বর্ণ হইতে বরের রাশি পতির বর্ণ সম বা উত্তম হইলে বিবাহ শুভ, হীন হইলে অশুভ।

## বশ্য কূটম্

সর্বে সিংহ মৃতে নরস্য বশিনো ভক্ষ্যাস্তথা বারিজাঃ
সর্বে চালিমৃতে তু সিংহবশগা অন্যদ্‌বদেল্লোকতঃ।
মিত্রত্বে বশিতাথবা যদি শুভা তারা ভকূটেঽশুভে
নারী কূটভবেঽশুভেঽপি শুভদং কেচিদ্ বিবাহং জগুঃ॥ শা; বি

সিংহ ব্যতাত সকল চতুষ্পদ ও সরীসৃপ রাশি দ্বিপদ রাশির বশীভূত। জলজ রাশি ভক্ষ্য জন্য দ্বিপদের বশীভূত। বৃশ্চিক ব্যতীত সকল রাশিই সিংহের বশীভূত। মিত্রতার সহিত বশ্য বা তারা শুদ্ধি থাকিলে রাশিকূট দোষে বিবাহ শুভ, কোন কোন মতে নাড়ী দোষেও বিবাহ শুভ।

## তারা কূটম্

কন্যর্ক্ষমারভ্য বরস্য ধিষ্ণং যাবচ্চ পুংভাদপি কন্যকাভম্।
ত্যাজ্যা বিপৎ প্রত্যরি নাশতারা মধ্যং ফলং চৈকতরং শুভং চেৎ॥ই,ব

কন্যার নক্ষত্র হইতে বরের নক্ষত্র পর্য্যন্ত এবং বরের নক্ষত্র হইতে কন্যার নক্ষত্র পর্য্যন্ত গণনায় উভয়ত্র বিপৎ, প্রত্যরি বা নাশ তারা হইলে অশুভ, একতর অশুভ তারা হইলে মধ্যম, উভয়ত্র শুভ তারা হইলে বিবাহ শুভ।

## যোনি কূটম্

অশ্বো হস্তী চ মেষোঽনিলভুগথ ফণী শ্বোতু মেষোতুমূষা-
শ্চাখুর্গোঃ কাসর শ্বাপদ-হয়রিপবো ব্যাঘ্র এনঃ কুরঙ্গঃ।
শ্বাথো বৈ কীশ বভ্রূ নকুলতরুমৃগৌ কেশরী বাজিসিংহৌ
গৌ হস্তী তারকাণাং মুনিভি রভিহিতা যোনয়োঽথো ক্রমেণ॥স্র,ধ

অশ্বিনী নক্ষত্রের অশ্বযোনি, ভরণীর হস্তী, কৃত্তিকার মেষ, রোহিণী ও মৃগশিরার সর্প, আর্দ্রার কুকুর, পুনর্বসুর বিড়াল, পুষ্যার মেষ, অশ্লেষার বিড়াল, মঘার ও পূর্বফল্গুনীর ইন্দুর, উত্তর ফল্গুনীর গো, হস্তার মহিষ, চিত্রার ব্যাঘ্র, স্বাতীর মহিষ, বিশাখার ব্যাঘ্র, অনুরাধার ও জ্যেষ্ঠার হরিণ, মূলার কুকুর, পূর্বাষাঢ়ার বানর, উত্তরাষাঢ়া ও অভিজিতের নকুল, শ্রবণার বানর,ধনিষ্ঠার সিংহ, শতভিষার অশ্ব, পূর্বভাদ্রপদের সিংহ, উত্তর ভাদ্রপদের গো, রেবতীর হস্তি যোনি।

## যোনি বৈরিতা

সিংহেভং মহিষাশ্ব মোতু বৃশকং গোশ্বাপদং শ্যৈনকং
কীশাজং নকুলাহি নিত্যরিপুতাং লোকাৎ ততোহন্যদ্ বদেৎ।
যোন্যোর্নো রিপুতা শুভাথ বশিতা বা রাশিকূটং শুভং
পুংযোনে র্বলবত্বকং যদি চ বা নো যোনিদোষো ভবেৎ॥ শা, বি

সিংহ ও হস্তী, মহিষ ও অশ্ব, বিড়াল ও ইন্দুর, গো ও ব্যাঘ্র. কুকুর ও হরিণ, বানর ও মেষ, নকুল ও সর্প ইহাদের নিত্য শত্রুতা। লোক ব্যবহার হইতে অন্যের শত্রুতা জানিবে। বর ও কন্যার যোনিবৈরিতা অশুভ কিন্তু বশ্যতা থাকিলে, রাশিকূট শুভ থাকিলে বা কন্যা যোনি অপেক্ষা বর যোনি প্রবল হইলে যোনি দোষ হয় না।

## মিত্রত্বাদি ফলম্

অন্যোন্যং বৈ ভেশয়ো র্মিত্রতায়াং দম্পত্যোঃ স্যাদুত্তমা প্রীতিরূঢৌ।
শত্রুত্বেহথো রোগদুঃখে বিবাদঃ সাম্যে প্রীতির্মধ্যমা চাপি বেদ্যা॥ শা, নী

বর ও কন্যার রাশিপতিদ্বয়ের পরস্পর মিত্রতা থাকিলে বিবাহে উভয়ের উত্তমাপ্রীতি; শত্রুতায় রোগ, দুঃখ ও বিবাদ; সমতা থাকিলে মধ্যমা প্রীতি জন্মে।

## গণ কূটম্

সমগণে প্রণয়ঃ পরমস্তয়ো মৃ্তিরথোপযমে নররাক্ষসে।
নরসুরেহল্পরতি স্ত্রিদশাসুরে ভবতি চাল্পতরঃ প্রণয় স্তয়োঃ॥ দ্রু,বি

সমগণে পরমপ্রীতি, নর রাক্ষসে মৃত্যু, দেব মানুষে অল্প প্রীতি, দেব রাক্ষসে অল্পতম প্রণয় জন্মে।

## রাশি কূটম্

দ্বিদ্বাদশে বিষমভাদ্ ধনহা দ্বিতীয়ে
পত্নী ব্যয়ে ধনযুতা পতি সৌখ্য যুক্তা।
ষট্কাষ্টকে বিষমভান্নিধনে সুতাঢ্যা
ষষ্ঠেঽবলা কলহ রোগসুদুঃখিতা স্যাৎ।। ব, তি

দ্বিদ্বাদশে ও ষড়ষ্টকে বর ও কন্যার মধ্যে একজনের বিষমরাশি, অপরের সমরাশি হইয়া থাকে। বিষমরাশিকে পুংরাশি, সমরাশিকে স্ত্রী রাশিও বলে।

বিষম রাশি হইতে দ্বিতীয়ে সম রাশি হইলে অরি দ্বিদ্বাদশ মেলন, ইহাতে পত্নী ধনহা হয়। বিষম রাশি হইতে দ্বাদশে সমরাশি হইলে মিত্র দ্বিদ্বাদশমেলন, ইহাতে পত্নী ধন ও পতি জনিত সুখিনী হয়।

মেষ ও বৃষ, মিথুন ও কর্কট, সিংহ ও কন্যা, তুলা ও বৃশ্চিক, ধনু ও মকর, কুম্ভ ও মীন ইহাদের যে কোন একটী বরের, অপরটি কন্যার রাশি হইলে অরিদ্বিদ্বাদশ হয়।

মেষ ও মীন, মিথুন ও বৃষ, সিংহ ও কর্কট, তুলা ও কন্যা, ধনু ও বৃশ্চিক, কুম্ভ ও মকর ইহাদের যে কোন একটি বরের অপরটী কন্যার রাশি হইলে মিত্র দ্বিদ্বাদশ হয়।

বিষম রাশি হইতে অষ্টমে সমরাশি হইলে মিত্র ষড়ষ্টক, ষষ্ঠে সমরাশি হইলে অরিষড়ষ্টক হয়। মিত্রষড়ষ্টকে পত্নী পুত্রবতী, অরিষড়ষ্টকে বিবাদ, রোগ ও দুঃখ যুক্তা হয়।

মেষ ও বৃশ্চিক, মিথুন ও মকর, সিংহ ও মীন, তুলা ও বৃষ, ধনু ও কর্কট, কুম্ভ ও কন্যা ইহাদের কোন একটি বরের অপরটি কন্যার রাশি হইলে মিত্র ষড়ষ্টক হয়।

মেষ ও কন্যা, মিথুন ও বৃশ্চিক, সিংহ ও মকর, তুলা ও মীন, ধনু ও বৃষ, কুম্ভ ও কর্কট ইহাদের যে কোন একটী বরের, অপরটি কন্যার রাশি হইলে অরিষড়ষ্টক হয়।

## মিত্রারি নব পঞ্চম মেলনম্

পুংসো গৃহাৎ সুতগৃহে সুতহাচ কন্যা
ধর্মস্থিতা সুতবতী পতি বল্লভেতি।

যঃ কেনচিন্নবম পঞ্চম যোগ উক্তো-
মৈত্রাদিনাত্র তু জগুর্মুনয়ঃ শুভাপ্তম্॥ ব, তি।

বরের রাশি হইতে কন্যার রাশি পঞ্চম হইলে অরি নবপঞ্চম, ইহাতে পত্নী পুত্রহীনা, নবম হইলে মিত্র নব পঞ্চম, ইহাতে পত্নী ধন পুত্রবতী হয়। কেহ এইরূপ বলিয়াছেন কিন্তু রাশি পতিদ্বয়ের মিত্রতায় মিত্র নবপঞ্চম, শত্রুতায় অরি নব পঞ্চম যোগ, ইহাই মুনিগণের অভিমত। মিত্র নবপঞ্চম শুভ, অরি নব পঞ্চম অশুভ।

## প্রকারান্তরেণ মিত্রারি ষড়ষ্টকাদি

ষট্‌কাষ্টে নবপঞ্চমে ব্যয়ধনে মৈত্রেঽথ রাশীশয়ো-
শ্চান্যোন্যং করপীড়নং শুভকরং হ্যেকাধিপত্যেঽপিবা।
দম্পত্যোঃ সমমিত্রতা যদি তদা বাঞ্ছন্তি কেচিচ্ছুভং
কালে মৈত্রগতেঽপ্যথো সুখকরং ত্বন্যত্র দুঃখপ্রদম্। শা, বি

ষড়ষ্টক, নবপঞ্চম, দ্বিদ্বাদশ যোগে বর ও কন্যার রাশিপতিদ্বয়ের পরস্পর স্বাভাবিক মিত্রতা থাকিলে অথবা উভয়ের রাশিপতি এক গ্রহ হইলে মিত্র ষড়ষ্টক, মিত্র নবপঞ্চম, মিত্রদ্বিদ্বাদশ হয় অন্যথায় অরিষড়ষ্টক, অরিনবপঞ্চম, অরিদ্বিদ্বাদশ হয়। রাশিপতিদ্বয়ের মধ্যে একে অপরের সম, অপর একের মিত্র হইলেও কেহ কেহ মিত্রষড়ষ্টকাদি বলিয়া থাকেন। রাশিপতিদ্বয়ের তাৎকালিক মিত্রতা থাকিলে রাশিকূটজ দোষ নষ্ট হয়।

## সুখদ মেলনম্

দ্বিদ্বাদশং নবমপঞ্চম মষ্টষট্‌কং
তদ্‌ভিন্নকে পরিণয়ঃ সুখদস্তু মেলে।
এতেন যোনি রিপুবর্ণ গণর্ক্ষ দোষা-
নশ্যেয়ুরেব যদি নাড়িকয়োর্ন চৈক্যম্॥ ব, তি

দ্বিদ্বাদশ, নবমপঞ্চম, ষড়ষ্টক ব্যতীত অন্য যে মিলন আছে অর্থাৎ পরস্পর তৃতীয় একাদশ, পরস্পর চতুর্থ দশম, পরস্পর সপ্তম, একরাশি ইহারা সুখদ মেলক নামে অভিহিত। যদি এক নাড়ী দোষ না থাকে তবে এই মেলনে যোনি, শত্রুতা, বর্ণ, গণ দোষ নষ্ট হয়।

## গণাদি দোষ পরিহারঃ

রাশীশ্বরাক্রান্ত নবাংশনাথয়োর্মৈত্রেঽথবা রাশিপয়োশ্চ মৈত্রকে।
গণে ভকূটে প্রতিকূলজে তথা হ্যুদীরিতং তূদ্বহনং শুভপ্রদম্॥ উ, জা।

বর ও কন্যার রাশিপতিদ্বয় যে নবাংশদ্বয়ে অবস্থিত, সেই নবাংশ পতিদ্বয়ের বা রাশিপতিদ্বয়ের মিত্রতায় গণ দোষ ও রাশিকূটজ দোষ নষ্ট হইয়া বিবাহ শুভপ্রদ হয়।

## বিরুদ্ধে রাশিকূটে রিপুত্বেচ পরিহারঃ

দুষ্টে ভকূটেঽধিপয়ো রিপুত্বে তথা নবাংশাধিপয়োঃ সখিত্বে।
নবাংশপত্যোঃ সবলত্বকে চ শুভো বিবাহো হ্যুদিতোমুনীন্দ্রৈঃ॥ উ, জা

অরি ষড়ষ্টকাদি বিরুদ্ধ রাশিকূট ও রাশিপতিদ্বয়ের শত্রুতা, এই উভয় দোষ ঘটিলেও নবাংশ পতিদ্বয়ের মিত্রতা ও সবলতা থাকিলে বিবাহ শুভকর হয়।

## ষড়ষ্টকাদি দোষ শান্তিঃ

দদ্যাৎ সধেনুং বৃষভং ষড়ষ্টকে কাংস্যং সরৌপ্যং নবপঞ্চমে রিপৌ।
দ্বিদ্বাদশেঽন্নং সসুবর্ণ তাম্রকং নাড়ীপ্রদোষে কনকং দ্বিজার্চনৈঃ॥ ই,বং

অরিষড়ষ্টকে বিবাহ আবশ্যক হইলে ধেনুসহ বৃষদান, অরিনবপঞ্চমে রৌপ্য-সহ কাংস্যপাত্র দান, অরিদ্বিদ্বাদশে সুবর্ণ ও তণ্ডুল সহ তাম্রপাত্র দান, নাড়ী দোষে বিপ্রার্চন ও স্বর্ণ দান করিলে দোষ নষ্ট হয়।

## নাড়ী কূটম্

অশ্বীরুদ্রার্যমেন্দ্রাব্ধ্যধিপতিযুগিমা ভর্তৃহাশ্চাদ্যনাড্যাং
পৃষ্ঠস্থা বৈশ্বনাগানল পবনযুগান্যন্তিমা চাবলাহাঃ।
মধ্যস্থাঃ শেষতারা হ্যুভয়মৃতিকরা একনাড্যাং ভপাতে
নাড়ীবেধস্তদোঢ়িঃ ক্বচিদপি ন শুভা পাদভেদেঽল্পদোষা॥ স্র, ধ

অশ্বিনী, আর্দ্রা, পুনর্বসু, উত্তরফল্গুনী, হস্তা, জ্যেষ্ঠা, মূলা, শতভিষা, পূর্বভাদ্রপদ এই নয়টি তারা আদ্য নাড়ীতে অবস্থিত ইহাতে বর ও কন্যার জন্ম নক্ষত্র হইলে স্বামী নাশ হয়। উত্তরাষাঢ়া, শ্রবণা, অশ্লেষা, মঘা, কৃত্তিকা, রোহিণী, স্বাতী,

বিশাখা, রেবতী এই নয়টি পৃষ্ঠ নাড়ীতে ইহাতে বর কন্যার জন্ম নক্ষত্র পাতে কন্যার মৃত্যু হয়। অবশিষ্ট ভরণী, মৃগশিরা, পুষ্যা, পূর্বফল্গুনী, চিত্রা, অনুরাধা, পূর্বাষাঢ়া, ধনিষ্ঠা, উত্তর ভাদ্রপদ এই নয়টি মধ্য নাড়ীতে অবস্থিত ইহাতে উভয়ের নক্ষত্র পাতে উভয়েরই মৃত্যু হয়। এক নাড়িতে বর ও কন্যার নক্ষত্র হইলে নাড়ী বেধ দোষ হয়। নাড়ী বেধে বিবাহ অশুভ। নক্ষত্রের ভিন্ন ভিন্ন চরণে বর ও কন্যার জন্ম হইলে অল্প দোষ হয়।

## নক্ষত্র রাশ্যৈক্যে বিশেষঃ

নক্ষত্রৈক্যে মধ্যমা ভিন্নরাশৌ ভৈক্যে চোঢ়িঃ পাদভেদে গৃহৈক্যে।
রাশ্যোরৈক্যে চোত্তমা তারভেদে রাশ্যোশ্চাজ্যৈ্যাস্তারয়োর্মৃত্যুরৈক্যে।
শা, নী

বর ও কন্যার এক নক্ষত্র হইয়া ভিন্নরাশি হইলে অথবা একনক্ষত্র এক রাশি হইয়া পাদভেদ হইলে বিবাহ মধ্যম। একরাশি ভিন্ন নক্ষত্র হইলে উত্তম। ইহাতে নাড়ী দোষ, গণদোষ হইবে না। এক রাশি, এক নক্ষত্র, এক পাদ হইলে মৃত্যু হয়।

## নক্ষত্রৈক্যে চাপর বিশেষঃ

মূলে জাতকয়োর্দ্বয়স্য জনকো জ্যেষ্ঠর্ক্ষকে চাগ্রজো-
নাগেহথো জননী তথেন্দ্রদহনে নাশং ব্রজেচ্চানুজঃ।
ইন্দ্রাগ্ন্যোস্তুলকে তথান্ত্যচরণে মূলেহপ্যহো চাদিমে
পাদে স্ত্রীবরয়োর্ন দূষণমিদং প্রাহুর্বশিষ্ঠাদয়ঃ॥ শা, বি

বর ও কন্যা উভয়ের মূলানক্ষত্রে জন্ম হইলে বিবাহে স্বামীর পিতার, জ্যেষ্ঠার জ্যেষ্ঠভ্রাতার, অশ্লেষায় জননীর, বিশাখায় উভয়ের জন্ম হইলে স্বামীর অনুজ ভ্রাতার মৃত্যু হয়। বর ও কন্যা উভয়ে তুলা রাশি যুক্ত বিশাখায় জন্মিলে বা মূলার শেষ চরণে জন্মিলে বা অশ্লেষার প্রথম পাদে জন্মিলে দোষ হইবে না।

## বরকন্যয়োরাশীর্বাদ তিলকদান মুহূর্ত্তঃ

পরিণয় বিহিত ক্ষার্থাগ্নি পূর্বশ্রবেষু
বিহিত তিথিসুলগ্নে চন্দ্রতারা বিশুদ্ধৌ।

ক্ষিতিজ রহিত বারে গন্ধভূষা-সুমাল্যৈঃ
পরিণয়বরণং সৎ শঙ্খহুল্বাদি ঘোষৈঃ ॥ মা, নী

বিবাহোচিত নক্ষত্র ও ধনিষ্ঠা, কৃত্তিকা, পূর্বফল্গুনী পূর্বাষাঢ়া পূর্বভাদ্রপদ, শ্রবণা নক্ষত্রে, বিবাহবিহিততিথি ও শুভলগ্নে, চন্দ্রতারা শুদ্ধিতে, মঙ্গল ভিন্ন বারে, শঙ্খবাদ্য ও স্ত্রীজনের হুলুধ্বনি সহ গন্ধ, অলঙ্কার ও মাল্যদ্বারা বিবাহার্থ বর ও কন্যার আশীর্ব্বাদ, তিলকদান ও বরণ করা শুভ।

## বিবাহে বারাঃ

বুধেজ্যশুক্রেন্দুদিনে পতিব্রতা পাপে সপত্নী তু বিধৌ করগ্রহে।
নেষ্টঃ কুজে মন্দইনেঽহ্নি মধ্যমো ন বার দোষং রজনৌ জগুঃ পরে ॥
উ, জা

বুধ, বৃহস্পতি, শুক্র ও সোমবারে বিবাহে পতিব্রতা, চন্দ্র পাপ হইলে সোমবারে বিবাহে সপত্নী যুক্তা হয়। মঙ্গলবারে অশুভ, শনি ও রবিবারে মধ্যম, কেহ কেহ বলেন রাত্রিতে বারদোষ হয় না।

## বিবাহে তিথ্যাদিকম্

রিক্তামাবিষ্টিবর্জ্যে শুভদউপযমো মন্দবারেতু রিক্তে
যোগেঽনিন্দ্যে ধ্রুবান্ত্যানিলকর পিতৃভে মূলমৈত্রেন্দুভে চ।
নাদ্যে মূলস্য পাদে পিতুরপি নতথা নান্ত্যপাদে চ পৌষ্ণে
লগ্নেঽংশেবা মনুষ্যে চরমনবলবে নৈব বর্গোত্তমোজ্ঝ্যো ॥ স্র, ধ

রিক্তা ও অমাবস্যা ব্যতীত তিথিতে, শনিবার যুক্ত নবমী ভিন্ন রিক্তায়, বিষ্টিভিন্ন করণে, অনিন্দনীয় যোগে, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, রেবতী, স্বাতী, হস্তা, মঘা, মূলা, অনুরাধা, মৃগশিরা নক্ষত্রে বিবাহ শুভ। কিন্তু মূলা ও মঘার প্রথম পাদ এবং রেবতীর শেষ পাদ শুভ নহে। দ্বিপদরাশির লগ্নে বা দ্বিপদ াশির নবাংশে বিবাহ শুভ। কিন্তু রাশির শেষ নবাংশ দ্বিপদ নবাংশ হইলেও বর্গোত্তম না হইলে অশুভ। মিথুনের শেষ নবাংশ মিথুনের নবাংশ জন্য বর্গোত্তম হওয়ায় শুভ কিন্তু কুম্ভের শেষনবাংশ কুম্ভের নবাংশ না হওয়ায় অশুভ।

## বিবাহ মাসাঃ

চান্দ্রেঽপি সৌরে নচ চৈত্র পৌষে ত্বন্যেষু মাসেষু শুভো বিবাহঃ।
চান্দ্রেঽপি পৌষে মকরস্থিতেঽর্কে চৈত্রে ত্বজস্থে নতু দোষদঃ স্যাৎ ॥ ই, ব

সৌরমাস ও চান্দ্রমাস গণনায় চৈত্র ও পৌষমাস ব্যতীত অপর দশমাসে বিবাহ শুভ। আবশ্যক হইলে মকরস্থ রবিতে চান্দ্রপৌষে এবং মেষস্থ রবিতে চান্দ্র চৈত্র মাসে বিবাহ দোষকর নহে।

## আদ্য ভবয়োর্জ্যৈষ্ঠে মার্গজন্মমাসানাং চ নিষেধঃ

কন্যায়াস্তনয়স্য চাদ্যভবয়ো রন্যোন্য পাণিগ্রহো-
নো কার্য্যো যদি সংভবেদ্ মৃতিরথো জ্যৈষ্ঠে চ মার্গে তয়োঃ।
একস্যাপি তথাদ্য গর্ভজননে চাদ্যং দশাহং ত্যজেদ্
নোদ্বাহো জনিচান্দ্রমাস তিথিভে ত্বাদ্যেভবে শোভনঃ ॥ শা, বি

বর ও কন্যা উভয়েই প্রথম গর্ভজাত হইলে তাহাদের পরস্পর বিবাহ নিষিদ্ধ। তাহাদের পরস্পর বিবাহ আবশ্যক হইলেও জ্যৈষ্ঠ ও অগ্রহায়ণ মাসে বিবাহে মৃত্যু হয়। প্রথম গর্ভজাত ব্যতীত অন্য বর ও কন্যার চান্দ্রজন্মমাস, জন্মতিথি ও জন্ম নক্ষত্রে বিবাহ শুভ, প্রথম গর্ভজাতের অশুভ। একজন আদ্যগর্ভ জাত হইলে প্রথম ১০ দিন পরিত্যাগ করিয়া জ্যৈষ্ঠ ও অগ্রহায়ণ মাসে বিবাহ হইতে পারে।

## আবশ্যকত্বে জন্মমাসে বিশেষঃ

বর্জ্যং জন্মদিনং বসিষ্ঠ ইতি বৈ চাত্রির্দিনানাং ত্রয়ং
গর্গঃ পঞ্চ দশাহমাহ যবনঃ পক্ষং তথা ভাগুরিঃ।
উদ্বাহে ব্রত চৌড় দূর গমনে জন্মাখ্যমাসে ধ্রুবং
পুত্রস্যাদ্যভবস্য চাদ্য দুহিতুস্ত্বাবশ্যকত্বে ত্যজেৎ ॥ শা, বি

প্রথম গর্ভজাত পুত্র বা কন্যার জন্মমাসে বিবাহ, উপনয়ন, চূড়া, দূরগমনে আবশ্যক হইলে বশিষ্ঠ জন্মতিথি, অত্রি জন্মতিথি হইতে তিনদিন, গর্গ পাঁচদিন, যবন দশদিন, ভাগুরি ১৫ দিন ত্যাগ করিতে বলিয়াছেন।

## ষন্মাসমধ্যে বিবাহদ্বয় নিষেধঃ

তুল্যোদর্য্যকয়োঃ স্ত্রিয়োঃ পুরুষয়োঃ স্ত্রী পুংসয়োর্বা দ্বয়ো-
রুদ্বাহাদি সমানকার্য্যমশুভং ষন্মাসমধ্যে তথা।
একস্মৈ তনয়াদ্বয়ং সুমতিভির্নৈব প্রদেয়ং ক্বচি-
দুদ্বাহঃ পরিবর্ত্তনেন পণতঃ কার্য্যঃ সদা গর্হিতঃ ॥ শা, বি

এক মাতৃজাত কন্যাদ্বয়ের, পুত্রদ্বয়ের বা একপুত্র এককন্যার বিবাহাদি সমান কার্য্য ছয়মাস মধ্যে অশুভ। এক বরকে কন্যাদ্বয়দান, পরিবর্ত্তন বিবাহ ও পণ লইয়া বিবাহ সর্বদা নিন্দনীয়।

## অয়নপক্ষয়োঃ শুদ্ধিঃ

সৌম্যায়নে বর্দ্ধিত রশ্মিপক্ষকে চূড়াদিকং শস্তমথো করগ্রহঃ।
যজুর্বিদাং চিত্রবসুশ্রবাশ্বিষু বেদিত্রয়স্যোপযমোক্তভেষ্বপি ॥ উ, জা

উত্তরায়ণে ও শুক্লপক্ষে চূড়া বিবাহাদি শুভ। বিবাহোক্ত নক্ষত্রে এবং চিত্রা, ধনিষ্ঠা, শ্রবণা, অশ্বিনী নক্ষত্রে ও যজুর্বেদিগণের বিবাহ শুভ।

## গ্রহশুদ্ধিঃ

পুংসাং রবেঃ শোভনতো বিবাহঃ স্ত্রীণাং শুভো জীববিশুদ্ধিতশ্চ।
চন্দ্রস্য শুদ্ধিস্তুভয়োর্বিচার্যা তারাবিশুদ্ধির্বিবলেঽথ চন্দ্রে ॥ ই, ব

বিবাহে বরের রবিশুদ্ধি, কন্যার বৃহস্পতিশুদ্ধি, উভয়েরই চন্দ্রশুদ্ধি এবং চন্দ্র দুর্বল হইলে তারাশুদ্ধি আবশ্যক।

## যুত যামিত্র দোষঃ

শীতাংশৌ খলসংযুতে নশুভদো বেধো যুতাখ্যঃ স্মৃতঃ
পাপাৎ সপ্তমগে বিধৌ ত্বশুভদো যামিত্র বেধঃ সচ।
উদ্বাহব্রত চূড় বেশ্মকরণ-প্রস্থানপুং স্কর্ম সু
চন্দ্রে শর্ম্ম নিজমিত্র তুঙ্গ শুভভে পূর্ণে সুযুক্তেক্ষিতে ॥ শা বি

চন্দ্র পাপযুক্ত হইলে যুত বেধ, পাপের সপ্তমস্থ হইলে যামিত্র বেধ দোষ হয়। ইহাতে বিবাহ, ব্রত, চূড়া, গৃহারম্ভ, গৃহপ্রবেশ, যাত্রা, পুংসবনকর্ম অশুভকর।

কিন্তু চন্দ্র নিজগৃহে, মিত্রগৃহে, তুঙ্গে বা শুভক্ষেত্রে থাকিলে পূর্ণ, শুভযুক্ত বা শুভ দৃষ্ট হইলে এই সকল কর্ম্ম শুভদায়ক।

## দশযোগ ভঙ্গঃ

কর্মর্ক্ষং রবিভং দ্বয়োর্যুতিরথো তিথ্যঙ্গবেদৈকদিগ্-
রুদ্রাষ্টাদশবিংশবৈর্যদি মিতাপ্যেকোনবিংশপ্রমা।
প্রোক্তোঽয়ং দশযোগভঙ্গ ইতি বৈ চূড়া বিবাহ ব্রতা-
ন্নাশে পুংসবনে তথা শ্রবণয়ো র্বেধে বিবর্জ্যো বুধৈঃ॥ শা, বি

কর্মযোগ্য নক্ষত্র ও রবিযুক্ত নক্ষত্র উভয়ের যোগফল (২৭ হইতে অধিক হইলে ২৭ বিয়োগ করিয়া) ১৫, ৬, ৪, ১, ১০, ১১, ১৮, ২০, ২৭, ১৯ এই দশ সংখ্যার কোন একটি হইলে দশযোগভঙ্গ নামক দোষ হয়। ইহাতে চূড়া, বিবাহ, উপনয়ন, অন্নপ্রাশন, পুংসবন, কর্ণবেধ বর্জন করিবে।

## দশযোগভঙ্গ প্রতিপ্রসবঃ

আদ্যো ভপাদস্তরণৌ ভতুর্যে পাদে দ্বিতীয়ো ন শুভস্তৃতীয়ে।
তদন্যথা ব্যস্তমপি ত্ববশ্যং চূড়াদিকার্যে ভপদং বিজহ্যাৎ॥ উ, জা


নক্ষত্রের চতুর্থপাদে সূর্য্য থাকিলে কর্মকালীন নক্ষত্রের প্রথমপাদ, তৃতীয়পাদে থাকিলে দ্বিতীয়পাদ, দ্বিতীয়পাদে থাকিলে তৃতীয়পাদ, প্রথমপাদে সূর্য্য থাকিলে কর্মকালীন নক্ষত্রের চতুর্থপাদ চূড়া বিবাহাদি কার্য্যে অবশ্য বর্জন করিবে।

## সপ্তশলাকা চক্রম্

রেখাঃ সপ্ত তথোর্ধ্বগাঃ প্রবিলিখেৎ সপ্তাপি তির্যগ্‌গতা-
ঊর্ধ্বস্থপ্রথমাগ্নিভাৎ ত্বভিজিতা ভানি ব্যধার্থং ন্যসেৎ।
রোহিণ্যাভিজিতো যথা পরিণয়র্ক্ষে বা ব্যধর্ক্ষে খগে
জ্ঞেয়ং সপ্তশলাক মত্র যুবতী বৈধব্যমাশু ব্রজেৎ॥ শা, বি

ঊর্ধ্বাধঃ ক্রমে ৭ রেখা, তির্য্যগ্‌ভাবে ৭ রেখা স্থাপন করিবে। ঊর্ধ্বগ প্রথম রেখায় স্থাপিত কৃত্তিকা হইতে আরম্ভ করিয়া অভিজিৎসহ ২৮ নক্ষত্র এই চক্রে স্থাপন করিবে। এক রেখাস্থ নক্ষত্রদ্বয়ের বেধ হয়। যেমন রোহিণীর সহিত অভিজিতের বেধ। বিবাহ নক্ষত্রে বা তাহার সহিত বিদ্ধ নক্ষত্রে চন্দ্র ভিন্ন গ্রহ থাকিলে সপ্তশলাকা বেধ দোষ হয়। এই দোষে স্ত্রী শীঘ্র বিধবা হয়।

## অভিজিদ্‌ বেধকথনম্‌





সদোত্তরাষাঢ় চতুর্থ পাদো-
বিষ্ণোস্তথাপঞ্চদশাংশ আদ্যঃ।
যোগোঽভিজিদ্‌ভং কমলোদ্ভবেন
তদেক রেখাস্থিতিতো হি বেধঃ ॥

উত্তরাষাঢ়ার চতুর্থপাদ, শ্রবণার ১৫ ভাগের প্রথম ভাগ, উভয়ের যোগতুল্য দণ্ডাদি অভিজিতের পরিমাণ। রোহিণী ও অভিজিন্নক্ষত্র এক রেখায় অবস্থিত জন্য রোহিণীর সহিত অভিজিতের বেধ।

## পঞ্চশলাক চক্রম্‌

তির্যক্‌পঞ্চ তথোর্ধ্বগাশ্চ বিদেশো দ্বে দ্বে লিখেদ্‌রেখিকে
রেখাকোণগত দ্বিতীয়ত উড়ূন্যগ্নের্ন্যসেৎ পূর্ববৎ।
কন্যায়া বরণে তথা পরিণয়ে দানে প্রবেশেঽপি চ
জহ্যাঃ পঞ্চশলাক সম্ভবমথো বেধং শুভাংকাক্ষিণঃ ॥ শা, বি

উর্ধ্বাধঃ ক্রমে পাঁচ রেখা, তির্য্যক্‌ পাঁচ রেখা, কোণে দুই দুই রেখা স্থাপন করিবে। কোণ গত দ্বিতীয় রেখা হইতে পূর্ববৎ অভিজিৎ সহ কৃত্তিকাদি ২৮ নক্ষত্র লিখিবে। যাহাতে রোহিণীর সহিত অভিজিতের এক রেখাস্থ জন্য বেধ হয়। কন্যার বরণে, বিবাহে, দানে, প্রবেশে পঞ্চশলাকা বিদ্ধ নক্ষত্র পরিত্যাগ করিবে।




## বেধ প্রতি প্রসবঃ

শুভে ভতুর্যে প্রথমোঽঙ্ঘ্রিরেব ত্যাজ্যো দ্বিতীয়ে চরণে তৃতীয়ঃ।
ব্যস্তং ততোঽন্যদ্‌ ভমসৎপ্রবিদ্ধং ত্যাজ্যং বিধৌ ভিন্নগৃহে নদোষঃ ॥
উ, জা

সপ্তশলাকে বা পঞ্চশলাকে চক্রে শুভগ্রহ কর্তৃক বেধ হইলে বেধযুক্ত শুভগ্রহ চতুর্থপাদে থাকিলে কর্মকালিন বিদ্ধ নক্ষত্রের প্রথমপাদ, দ্বিতীয়পাদে থাকিলে তৃতীয়পাদ, প্রথমপাদে থাকিলে চতুর্থপাদ, তৃতীয়পাদে শুভগ্রহ থাকিলে দ্বিতীয় পাদ ত্যাগ করিয়া শেষ তিন চরণে আবশ্যক বিবাহাদি হইতে পারে। পাপগ্রহ দ্বারা বিদ্ধ নক্ষত্র সম্পূর্ণ ত্যাজ্য কিন্তু এক নক্ষত্রে থাকিয়াও পাপগ্রহ হইতে ভিন্ন রাশিতে চন্দ্র থাকিলে দোষ হইবে না। যেমন মৃগশিরা বিদ্ধ নক্ষত্র কিন্তু মৃগশিরা বৃষে পাপ মৃগশিরা মিথুনে চন্দ্র ইহাতে মৃগশিরা বিদ্ধ হইলেও বিবাহাদি দূষণীয় নহে।

## লত্তাদোষঃ

স্বাক্রান্তাৎ পুরতো রবী রবিমিতং তারং তৃতীয়ং কুজঃ
ষষ্ঠং দেবগুরুঃ শনির্গজমিতং ভং হন্তি বৈ লত্তয়া।
পশ্চাৎ পূর্ণবিধুশ্চ দোর্ভুজ মিতং ভং সপ্তমং বোধনঃ
কাব্যঃ পঞ্চমভং তমোঽথ নবমং হন্তীতরৎ শোভনম্॥ শা, বি

যে নক্ষত্রে রবি অবস্থিত তাহা হইতে সম্মুখস্থ দ্বাদশ নক্ষত্র, মঙ্গল হইতে তৃতীয়, বৃহস্পতি হইতে ষষ্ঠ, শনি হইতে অষ্টম, এবং পৃষ্ঠভাগে পূর্ণচন্দ্র হইতে দ্বাবিংশ, বুধ হইতে সপ্তম, শুক্র হইতে পঞ্চম, রাহু হইতে নবম নক্ষত্রে বিবাহ হইলে লত্তা দোষ হয়। অন্য নক্ষত্র শুভ।

## সাপবাদাষ্টমলগ্নাদি দোষঃ

জন্মাখ্যাৎ তনুতোঽথ রাশিভবনাদ্রিপ ফেঽষ্টমে বা তনু-
র্নেষ্টা বা তদধীশ্বরান্বিত তনু র্নোবা তদংশান্বিতা।
উদ্বাহাঙ্গপতের্ভবাঙ্গপতিনা মৈত্রে ভনাথেন বা
সৌম্যস্বাংশচতুষ্টয়োচ্চনিজভে চোঢ়ৌ শুভং লগ্নপে॥ শা, বি

জন্মলগ্ন বা জন্মরাশি হইতে অষ্টম বা দ্বাদশ রাশিস্থ লগ্নে, অষ্টম বা দ্বাদশ রাশিপতি যুক্ত লগ্নে, অষ্টমপতি বা দ্বাদশপতির নবাংশ সময়ের লগ্নে, বিবাহ শুভ নহে। কিন্তু জন্মলগ্ন বা জন্মরাশিপতির সহিত বিবাহকালিন লগ্নপতির মিত্রতা থাকিলে অথবা বিবাহ লগ্নপতি শুভগ্রহের নবাংশে, নিজ নবাংশে, কেন্দ্রে, উচ্চরাশিতে বা নিজ গৃহে থাকিলে শুভ হয়।

## বিবাহলগ্নে চন্দ্রে চ বিশেষঃ

লগ্নাদ্‌দ্যূনাষ্ট রিপ্‌ফেতর ভবন গতৌ বোধনেজ্যৌ প্রশস্তৌ
শুক্রঃ শস্তোঽষ্টরিপ্‌ফ ত্রি রিপু্‌ মদমৃতে ক্ষ্মাজ আয়ত্রিষড়্‌গঃ।
শং দো দ্বিত্রায়গোঽজো নতু সিতখলযুক্‌পাপমধ্যস্থ ইন্দু-
র্দ্যূনে খেটো নচেষ্টঃ সহজরিপুবধায়েষু পাপাঃ শুভাঃ স্যুঃ॥ স্র, ধ

বিবাহ লগ্নের সপ্তম, অষ্টম, দ্বাদশ ব্যতীত অন্যত্র বুধ ও বৃহস্পতি শুভ। অষ্টম, দ্বাদশ, তৃতীয়, ষষ্ঠ, সপ্তম ব্যতীত অন্যত্র শুক্র শুভ। একাদশ, তৃতীয়, ষষ্ঠে মঙ্গল শুভ। দ্বিতীয়, তৃতীয়, একাদশে চন্দ্র শুভ কিন্তু শুক্রযুক্ত, পাপযুক্ত ও পাপমধ্যগত চন্দ্র শুভ নহে। সপ্তমে কোন গ্রহই শুভ নহে। তৃতীয়, ষষ্ঠ, অষ্টম ও একাদশে পাপগ্রহ শুভদায়ক।

## সাপবাদঃ কর্ত্তরি দোষঃ

যদি তনোরথবা হিমদীধিতে র্ব্যয়ধনে খলখেচরসংস্থিতিঃ।
ভবতি কর্ত্তরি নামকদূষণং শুভযুতেক্ষণতঃ শুভমেবচ॥ দ্রু, বি

লগ্নের বা চন্দ্রের উভয়পার্শ্বে বিবাহকালে পাপগ্রহ থাকিলে বর ও কন্যার কর্ত্তন কারী কর্ত্তরী নামক দোষ হয় কিন্তু লগ্ন বা চন্দ্র শুভযুক্ত বা শুভ দৃষ্ট হইলে শুভ হয়।

## দোষসংঘনাশক-সুতহিবুক যোগঃ

মদনরহিত কেন্দ্রে কোণগে বা সুখেটে
সুতহিবুক ইতি স্যাদ্‌ দোষঘাতী হি যোগঃ।
নিজ-লব-গতলগ্নেঽর্কে ভবে বা হিমাংশৌ
নিজলব উপচিত্যাং বাতু দোষৌঘনাশঃ॥ মা, নী

সপ্তম ব্যতীত কেন্দ্রে বা কোণে শুভগ্রহ থাকিলে, লগ্নের উভয়পার্শ্বে পঞ্চম বা চতুর্থস্থ শুভগ্রহ হওয়ায় সুতহিবুক যোগ। ইহাতে সর্বদোষ নষ্ট হয়। লগ্ন নিজরাশির নবাংশ গত হইলে বা লগ্নের একাদশে রবি থাকিলে অথবা নিজ নবাংশে বা লগ্নের উপচয়স্থানে চন্দ্র থাকিলে দোষ সমূহ বিনষ্ট হয়।

## সর্বদোষপরিহারঃ

বর্ষায়নর্ত্তু তিথিমাসভলগ্ন-দোষান্
শুক্রোগুরু র্বিদথ হন্তি চ কেন্দ্র কোণে।
কেন্দ্রে ভবেঽঙ্গলবপস্তনুনায়কো বা
সংহন্তি তূলকমিবাগ্নিরিমাংস্তু দোষান্॥ ব, তি

শুক্র, বৃহস্পতি বা শুভ বুধ কেন্দ্রে বা কোণে থাকিলে অথবা লগ্ন নবাংশপতি বা লগ্নপতি কেন্দ্রে বা একাদশে থাকিলে বর্ষ, অয়ন, ঋতু, তিথি, মাস, নক্ষত্র, লগ্ন জনিত সর্ববিধ দোষ অগ্নি তুলার ন্যায় বিনষ্ট করে।

## গোধূলিলগ্নম্

লগ্নং বিশুদ্ধং নহি যত্র লভ্যতে মাঙ্গল্যকৃত্যে করপীড়নাদিকে।
আবশ্যকত্বে চ বুধৈস্তদোচ্যতে গোধূলিলগ্নং নিতরাং শুভাবহম্॥ ই,বং

বিবাহাদি মঙ্গল কার্য্যে বিশুদ্ধ লগ্নের অভাবে আবশ্যক বশতঃ গোধূলি লগ্ন শুভঙ্কর।

## ত্রিবিধ গোধূলিকালঃ

চতুর্যু মার্গাদিষু পিণ্ডতাং গতে চৈত্রাদিকেঽর্ধাস্তমিতে চ ভাস্করে।
নভশ্চতুষ্কে ইতেঽপ্যদর্শনং গোধূলিকালং ত্রিবিধং জগুর্বুধাঃ॥ উ, জা

ঋতুসম্বন্ধ জন্য সায়নগণনায় অগ্রহায়ণাদি চারিমাসে তেজোহানির পর সূর্য পিণ্ডাকৃতি হইলে, চৈত্রাদি চারি মাসে অর্ধাস্তমিত হইলে, শ্রাবণাদি চারি মাসে অদৃশ্য হইলে, এই ত্রিবিধ গোধূলি কাল হইয়া থাকে।

## বিবাহাৎ পরং প্রথমং বধূপ্রবেশদিনম্

ঘস্রে সমে বা নব সপ্ত পঞ্চমে বিবাহঘস্রাদ্ দিনষোড়শান্তরে।
ততোঽপ্যযুগ্মে দিনমাস বর্ষকে বধূপ্রবেশঃ প্রথমঃ শুভাবহঃ॥ উ, জা

বিবাহের ষোড়শদিন মধ্যে, যুগ্মদিবসে, নবম, সপ্তম বা পঞ্চম দিবসে স্বামীগৃহে পত্নীর প্রথম প্রবেশার্থ গমন শুভ। ষোড়শদিন মধ্যে গমন না হইলে প্রথম, তৃতীয় প্রভৃতি অযুগ্মদিনে, অযুগ্মমাসে অযুগ্মবর্ষে বধূ প্রবেশ শুভ।

## বধূপ্রবেশমুহূর্ত্তঃ

মৃদুধ্রুবক্ষিপ্রবসু শ্রবানিলাশ্রপেম্বরিক্তে বিকুজার্কবাসরে।
পিতুর্গৃহাৎ প্রাক্ পতি মন্দিরং প্রতি বধূপ্রবেশং শুভদং জগুর্বুধাঃ॥ বং বি

চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, উত্তর ফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, পুষ্যা, অশ্বিনী, হস্তা, ধনিষ্ঠা, শ্রবণা, স্বাতী, মূলানক্ষত্রে, রিক্তা ভিন্ন তিথিতে, মঙ্গল ও রবি ভিন্ন বারে, বিবাহের পর প্রথম পিতৃ গৃহ হইতে পতিগৃহে বধূ প্রবেশার্থ গমন শুভ।

## দ্বিরাগমন মুহূর্ত্তঃ

ওজেঽব্দে দিনপে ক্রিয়ালিঘটগে সূর্য্যেজ্য চন্দ্রে শুভে
লগ্নে স্ত্রীবৃষ মীনতৌলিমিথুনে সদ্ভির্যুতে বেক্ষিতে।
নক্ষত্রেঽথ চরধ্রুবাশ্রপ মৃদু ক্ষিপ্রে শুভাহে সিতে
শুক্রঃ সম্মুখ দক্ষিণে ন চ যদা শস্তো দ্বিতীয়াগমঃ॥ শা, বি

বিবাহের পর প্রথম, তৃতীয়াদি অযুগ্মবর্ষে; সৌর, বৈশাখ, অগ্রহায়ণ বা ফাল্গুনে; রবি, বৃহস্পতি ও চন্দ্রশুদ্ধ থাকিলে; কন্যা, বৃষ, মীন, তুলা, মিথুন লগ্নে; লগ্নে শুভ গ্রহের যোগ বা দৃষ্টি থাকিলে; স্বাতী, পুনর্বসু, শ্রবণা, ধনিষ্ঠা শতভিষা, উত্তর ফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, মূলা, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, পুষ্যা, অশ্বিনী, হস্তা নক্ষত্রে; শুভ গ্রহের বারে; শুক্লপক্ষে, সম্মুখে বা দক্ষিণে (ডাহিনে) শুক্র না থাকিলে; বিবাহের পর পিতৃগৃহ হইতে প্রথম স্বামীগৃহে বধূ প্রবেশের পর, দ্বিতীয় বার স্বামীগৃহে বধূ প্রবেশ (দ্বিরাগমন) শুভ।

## সম্মুখাদি শুক্রদোষাপবাদঃ

যাত্রায়াং সুরতীর্থয়োঃ পরিণয়ে গেহপ্রবেশে রুজি
দুর্ভিক্ষে নৃপপীড়নে প্রতিভৃগুর্বধ্বাঃ প্রবেশে শুভঃ।
ভারদ্বাজ বসিষ্ঠ কশ্যপকুলে বৎস্যাত্রি ভৃগ্বঙ্গিরো-
গোত্রে বা প্রতিভার্গবো নববধূবেশে ন দোষপ্রদঃ॥ শা, বি

দেব দর্শনে বা তীর্থে যাত্রায়, বিবাহে, নিজপুরে নিজগৃহে প্রবেশে, রোগে, দুর্ভিক্ষে, রাষ্ট্রবিপ্লবাদিতে অথবা ভরদ্বাজ, বশিষ্ঠ, কশ্যপ, বৎস্য, অত্রি, ভৃগু, অঙ্গিরা ইহাদের গোত্রে নব বধূর সম্মুখ ও দক্ষিণস্থ শুক্র দোষকর নহে।

## গর্ভাধান যোগ্য-মাসিক রজঃকথনম্

শীতাংশুঃ সলিলং কুজশ্চ রুধিরং পিত্তং হুতাশোঽপি বা
পিত্তেন ক্ষুভিতং প্রবর্ত্তত ইহ স্ত্রীণাং রজো মাসিকম্।
পত্ন্যা নোপচয়ে কুজেক্ষিত বিধৌ পুংসোঽমরেজ্যেক্ষিতে
চন্দ্রে চোপচয়ে ভবেচ্চ যুবতী গর্ভান্বিতা নাতুরা॥ শা, বি

চন্দ্র জলের, মঙ্গল রক্ত, পিত্ত ও অগ্নির অধিপতি। পিত্তদ্বারা ক্ষুভিত রক্ত, জলের সহিত মিশ্রিত হইয়া মাসিক রজোরূপে নির্গত হয়। এজন্য চন্দ্র ও মঙ্গল মাসিক ঋতুর কারণ। রজোবিরতির পর ষষ্ঠাদি যুগ্ম রাত্রিতে পত্নীর জন্মরাশি হইতে উপচয় ৩।৬।১০।১১ ভিন্ন রাশিতে চন্দ্র থাকিয়া মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হইলে এবং স্বামীর জন্মরাশি হইতে উপচয় রাশিতে চন্দ্র থাকিয়া বৃহস্পতি দ্বারা দৃষ্ট হইলে, পতি বা পত্নীর বন্ধ্যত্বাদি দোষ না থাকিলে ইহাদের সংযোগে পত্নী গর্ভধারণ করিয়া থাকে।

## প্রথমঋতৌ শুভাশুভজ্ঞান প্রয়োজনম্

তিথ্যৃক্ষবারাদিষু নিন্দিতেষু চেদাদ্যার্ত্তবং সঙ্গমমত্র বর্জয়েৎ।
শান্তির্বিধেয়া শুভভাদিকে পুনর্দৃষ্ট্বা রজো গর্ভনিষেকমাচরেৎ॥ ই, বং

শাস্ত্র নিন্দিত তিথি, নক্ষত্র, বারাদিতে প্রথম ঋতু হইলে তাহাতে নিষেক করিবে না কিন্তু বিরুদ্ধ তিথ্যাদি জনিত শান্তি কর্ম করিবে। পরে শুভ দিনে ঋতু হইলে গর্ভাধান করিবে।

## আদ্যার্ত্তবে মাসাঃ

আদ্যং রজো মাধবমার্গফাল্গুনে মাঘেচ চেদ্‌ভাগ্যবতী পতিব্রতা।
জ্যৈষ্ঠত্রয়ে বাশ্বিন মাসি মধ্যমা শেষেষু নারী সরুজা সুদুঃখিতা॥ ই, বং

সৌর, বৈশাখ, অগ্রহায়ণ, ফাল্গুন, মাঘে প্রথম ঋতু হইলে নারী ভাগ্যবতী ও পতিব্রতা হয়। জ্যৈষ্ঠ, আষাঢ়, শ্রাবণ, আশ্বিন মাসে মধ্যম। ভাদ্র, কার্ত্তিক, পৌষ, চৈত্র মাসে প্রথম ঋতু হইলে রোগান্বিতা, সুদুঃখিতা হয়।

## আদ্যর্ত্তৌ বার ফলম্

আদিত্যবারাৎ সরুজা পতিব্রতা বন্ধ্যা সুপুত্রা সধনা প্রমোদিতা।
ক্লেশার্দিতা পাপবিধৌ তু তদ্দিনে স্যান্নষ্টপুত্রা প্রথমার্ত্তবেঽবলা॥ ই, বং

প্রথম ঋতু রবিবারে হইলে রোগিণী, শুভ চন্দ্র হইলে সোমে পতিব্রতা, মঙ্গলে বন্ধ্যা, বুধে সুপুত্রা, বৃহস্পতিতে ধনবতী, শুক্রে প্রমোদিতা, শনিবারে ক্লেশভোগিনী। চন্দ্র পাপ হইলে সোমবারে নষ্ট প্রজা হয়।

## আদ্যার্ত্তবে তিথি ফলম্

বিশ্বত্রিদিক্‌পক্ষনগেষু সৌখ্যং রিক্তাষ্ট দর্শার্করসেষু দুঃখম্।
মধ্যং তিথিষ্বেবতু শেষকেষু চাদ্যে রজোনির্গমণেঽবলানাম্॥ ই, ব

ত্রয়োদশী, তৃতীয়া, দশমী, দ্বিতীয়া, সপ্তমী তিথিতে প্রথম ঋতুতে সুখিনী; রিক্তা, অষ্টমী, অমাবস্যা, দ্বাদশী, ষষ্ঠীতে দুঃখিতা; অবশিষ্ট প্রতিপদ্ পঞ্চমী, একাদশী, পূর্ণিমা তিথিতে মধ্যম ফল হইয়া থাকে।

## আদ্যর্ত্তৌ নক্ষত্র ফলম্

আহিব্রধ্ন বিধীজ্য বৈশ্বশতভেন্দ্বর্থান্ত্য মিত্র শ্রব-
চিত্রার্কার্যমবাত বাজিভগতা চাদ্যার্ত্তবা সুপ্রজা।
মূলে চাপি পুনর্বসৌ চ বনিতা মধ্যং সুখং প্রাপ্নুয়াদ্-
ভেষন্যেষু চ দুঃখ রোগসহিতা নষ্টপ্রজা বন্ধকী॥ শা, বি

উত্তরভাদ্রপদ, রোহিণী, পুষ্যা, উত্তরাষাঢ়া, শতভিষা, মৃগশিরা, ধনিষ্ঠা, রেবতী, অনুরাধা, শ্রবণা, চিত্রা, হস্তা, উত্তর ফল্গুনী, স্বাতী, অশ্বিনী নক্ষত্রে প্রথম ঋতুমতী হইলে সুপুত্রা; মূলা ও পুনর্বসুতে মধ্যম, অন্য নক্ষত্রে দুঃখিনী, রোগার্ত্তা, মৃত প্রজা ও দুঃশীলা হয়।

## প্রথমার্ত্তবে যোগ ফলম্

গণ্ডেঽতিগণ্ডে পরিঘেঽপি বজ্রে বিষ্কম্ভকে বৈধৃতি শূলয়োশ্চ।
ব্যাঘাতএবং ব্যতিপাতকে স্ত্রী ত্বাদ্যার্ত্তবে দুঃখ রুজান্বিতা স্যাৎ॥ ই, ব

গণ্ড, অতি গণ্ড, পরিঘ, বজ্র, বিষ্কম্ভ, বৈধৃত, শূল, ব্যাঘাত, ব্যতীপাত যোগে আদ্যঋতু হইলে দুঃখিতা ও রোগান্বিতা হয়।

## আদ্যর্ত্তৌ করণ ফলম্

স্থিরে শকুন্যাদি চতুষ্টয়ে তথা চরে বনিগ্ বিষ্টিববেষু বা গরে।
নারী যদি স্যাৎ প্রথমং রজস্বলা দুঃখান্বিতান্যেষুতু ভাগ্যশালিনী ॥ উ, জা

শকুনি, চতুষ্পদ, নাগ, কিংস্তুঘ্ন, এই চারিটি স্থির করণে এবং বণিজ্, বৃষ্টি, বব, গর এই চারিটি চরকরণে প্রথম রজস্বলা হইলে দুঃখভোগিনী, এত ব্যতীত কৌলব, বালব, তৈতিল এই তিন করণে ভাগ্যশালিনী হয়।

## প্রথমর্ত্তৌ লগ্ন ফলম্

লগ্নেঽথ বর্গে শুভভে প্রমোদা প্রজাবতী ধর্ম্মরতা সমৃদ্ধা।
আদ্যার্ত্তবে পাপগৃহে তু নারী মৃতপ্রজা দুশ্চরিতা সরোগা ॥ উ, জা

লগ্ন ও লগ্নের হোরাদি ষড়্বর্গের অধিকাংশ শুভ গ্রহের ক্ষেত্রে হইলে নারী আমোদবতী, সপুত্রা, ধর্ম্মরতা, ধনাঢ্যা হয় কিন্তু পাপ গ্রহের ক্ষেত্রে হইলে মৃত প্রজা, দুশ্চরিত্রা, রুগ্না হয়।

## প্রথমার্ত্তবে চন্দ্র ফলম্

নার্য্যাঃ স্বরাশে রশুভে শশাঙ্কে নারী কুশীলা সরুজা দরিদ্রা।
চন্দ্রে বিশুদ্ধে প্রথমেঽথ পুষ্পে ভাগ্যান্বিতা লোকহিতা সুশীলা ॥ ই,ব

স্ত্রীর নিজ জন্মরাশি হইতে অশুভ স্থানে চন্দ্র থাকিলে কুচরিত্রা, রুগ্না, দরিদ্রা হয়। চন্দ্রশুদ্ধ থাকিলে ভাগ্যবতী, পরোপকারিণী, সুশীলা হয়।

## প্রথম রজোদর্শনে তারাফলম্

পক্ষেঽসিতে বিপদি প্রত্যরিনাশ তারে
রোগান্বিতা মৃতসুতা বিধবা কুশীলা।
জন্মাদিকে তু শুভভে প্রথমার্ত্তবে স্ত্রী
সৌভাগ্যধর্ম্ম সুতশীল ধনান্বিতা স্যাৎ ॥ ব,তি

শুক্লপক্ষে চন্দ্রশুদ্ধি ও কৃষ্ণপক্ষে তারাশুদ্ধির প্রয়োজন। কৃষ্ণপক্ষে বিপদ্, প্রত্যরি, বধ তারায় প্রথম রজোদর্শনে নারী রোগার্ত্তা, নষ্টপ্রজা, ধনহীনা, দুশ্চরিত্রা হয়। জন্ম সম্পদাদি শুভ তারায় ভাগ্যবতী, ধর্ম্মরতা, পুত্রান্বিতা, সুশীলা ও সমৃদ্ধা হয়।

## নিন্দনীয় রজঃ প্রবৃত্তি কালঃ

নিদ্রা রোগঃ ক্রান্তিসাম্যং রবীন্দ্বোস্ত্রিস্রঃ সন্ধ্যাশ্চন্দ্র সূর্য্যোপরাগঃ।
সংক্রান্তি র্বা চেৎ তদা চাদ্যপুষ্পে রোগং দৌঃস্থ্যং প্রাপ্নুয়াৎ কামিনী সা॥
শা, নী

নিদ্রা, রোগ, ক্রান্তিসমতা, ত্রিসন্ধ্যা, গ্রহণ বা সংক্রান্তি জনিত পুণ্যকালে আদ্য পুষ্প হইলে রোগযুক্তাও ভাগ্যহীনা হয়।

## রজো নিবৃত্তে স্নানবিধিঃ

এলামুস্তক চম্পকৈঃ সফলিনী শ্রীখণ্ডসৎপুষ্পকৈ-
রাদ্যর্ত্তৌ রজসি প্রয়াতি বিরতিং স্নায়াৎ সুভাগ্যাপ্তয়ে।
স্নাত্বা স্বামিমুখং বিলোকয়েদ্বা দিত্যং শিবং বাঙ্গনা
পূর্বং পশ্যতি যাদৃশং হি পুরুষং প্রাপ্নোতি তাদৃক্ সুতম্॥ শা,বি

আদ্যঋতুতে রজোনিবৃত্তির পর এলাচ, মুথা, চাঁপাফুল, প্রিয়ঙ্গু, শ্বেত চন্দন ও সুগন্ধ পুষ্পের সহিত স্নান করিলে ভাগ্যবৃদ্ধি হয়। স্নান করিয়া প্রথমে স্বামীর মুখ, সূর্য্য বা শিবের দর্শন করিবে। ঋতুস্নানের পর প্রথমে যেরূপ পুরুষ দর্শন করিবে সেইরূপ পুত্র লাভ করিয়া থাকে।

## মাসাদি দোষে দানম্

আদ্যার্ত্তবে সগুড়তৈল মথাপি মাসে
যোগে তিথৌ চ করণে কনকং বিরুদ্ধে।
বারে চ তণ্ডুলমথো বৃষ মৃক্ষকে বৈ
লগ্নে বৃষং চ বিরতে রজসি প্রদদ্যাৎ॥ ব,তি

আদ্য ঋতুতে মাসদোষে গুড় ও তৈল, যোগ, তিথি ও করণ দোষে স্বর্ণ, বার দোষে তণ্ডুল, নক্ষত্র বা লগ্ন বিরুদ্ধে বৃষ দান করিবে।

## তিথ্যাদি দোষে হোমাদি শান্তিঃ

তিথ্যৃক্ষ যোগকরণ দ্যুবিলগ্ন দোষে
দূর্বাতিলাক্ষত ঘৃতৈঃ শত মষ্টযুক্তম্।

গায়ত্র্যাচাহুতি বিধিং বিদধীত দদ্যাদ্
গোভূমি কাঞ্চন তিলানথবোক্ত দানম্ ॥ ব, তি

তিথি, নক্ষত্র, যোগ, করণ, বার, লগ্ন বিরুদ্ধ থাকিলে দূর্বা, তিল, আতপ তণ্ডুল, ঘৃত মিশ্রণ করিয়া গায়ত্রীমন্ত্রে ১০৮ আহুতি প্রদান করিবে। অথবা গো বা গোমূল্য, ভূমিমূল্য, কাঞ্চন, তিলদান করিবে অথবা পূর্ব্বোক্ত মাসাদি দোষের জন্য বিহিত দ্রব্যনিচয় পৃথক্ পৃথক্ দান করিবে।

## গর্ভাধান যোগ্য রা ঃ

আদ্যাশ্চতস্রস্ত নিশাস্ত্রয়োদশী হ্যেকাদশী চাপি।..নন্দিতাঃ পরাঃ
নিশাঃ শুভাঃ ষোড়শরাত্রিষু স্মৃতৌ যুগ্মাসু পুত্রা বিষমাসু কন্যকাঃ ॥
উ,জা

ষোড়শ রাত্রি ঋতুকাল তন্মধ্যে প্রথম চারিরাত্রি, ত্রয়োদশী, ও একাদশী রাত্রি নিন্দনীয়া। অপর রাত্রি শুভা। ইহাদের মধ্যে যুগ্মরাত্রিতে গর্ভাধানে পুত্র, অযুগ্মরাত্রিতে কন্যা জন্মে।

## গর্ভাধান মুহূর্তঃ

ব্রহ্মেন্দুত্তরবারুণানিল বসুস্বর্কানুরাধাশ্রবে
রিক্তা পর্ব বিবর্জিতে সুকরণে যোগে শুভে পুং দিনে।
লগ্নে সৌম্যগৃহেঽষ্টমে নহি কুজে কেন্দ্রেঽথ কোণে শুভে।
পুং দৃষ্টে চ খলে ত্রিলাভ রিপুগে স্বিন্দৌ নিষেকং চরেৎ ॥ শা,বি

রোহিণী, মৃগশিরা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, শতভিষা, স্বাতী, ধনিষ্ঠা, হস্তা, অনুরাধা, শ্রবণা নক্ষত্রে, রিক্তা ভিন্ন তিথিতে, পর্ব ভিন্ন দিনে, শুভ করণে, শুভযোগে, পুরুষ গ্রহের বারে, শুভগ্রহের ক্ষেত্রস্থ লগ্নে, লগ্নের অষ্টমে মঙ্গল না থাকিলে, কেন্দ্র ও কোণে শুভ গ্রহের যোগে, লগ্নে শুভ গ্রহের দৃষ্টিতে, তৃতীয়, ষষ্ঠ, একাদশে পাপ গ্রহ থাকিলে শুভচন্দ্রে গর্ভাধান করিবে।

## গর্ভধারণ যোগঃ

সূর্য্যারেন্দু সিতা নিজাংশকগতা বা স্বাংশগৌ ভৃগিনৌ
পুংসস্তূপচয়ে স্ত্রিয়া উপচয়ে বারোড়ুপৌ স্বাংশগৌ।

জীবো বা তনুকোণগো যদি তদা পুংসা স্ত্রিয়াঃ সংযুতৌ
যূনী সা ধৃতগর্ভিকা ভবতি চেদ্ বন্ধ্যৌ ন তৌ দম্পতী ।। শা, বি

স্ত্রী ও স্বামীর সংযোগ সময়ে সূর্য্য, চন্দ্র, মঙ্গল, শুক্র ইহারা নিজ নিজ নবাংশে থাকিলে অথবা রবি ও শুক্র নিজ নিজ নবাংশ গত হইয়া স্বামীর জন্মরাশি হইতে উপচয়স্থানে থাকিলে অথবা চন্দ্র ও মঙ্গল নিজ নিজ নবাংশ গত হইয়া স্ত্রীর জন্ম রাশি হইতে উপচয়স্থানে থাকিলে, অথবা লগ্নে বা কোণে বৃহস্পতির অবস্থানে যুবতী গর্ভধারণ করিয়া থাকে। তাহাদের কেহ বন্ধ্যা থাকিলে, স্ত্রীর রজোঘটিত বা জরায়ু ঘটিত পীড়া থাকিলে গর্ভ হইবে না।

## ষোড়শবর্ষে গর্ভদোষ শান্তিঃ

বর্ষে ষোড়শসংমিতেঽথ রমণী গর্ভং বিধত্তেঽথবা
সূতে চেন্মরণং শিশোরপি পিতু র্মাতুশ্চ শান্ত্যা শুভম্।
মাংসী গুগ্গুলু বংশলোচন নিশা লাজাঃ প্রিয়ঙ্গু তিলৈঃ
স্নায়াৎ তালিশসংযুতৈঃ সহশিবা গৌরী প্রপূজ্যা ততঃ। শা, বি
ছাগীং গর্ভবতীং সধেনুবৃষভং কাংস্যে বিধুং রাজতং
দদ্যাৎ শঙ্খমথো সিতং চ বসনং দৈবজ্ঞ বিপ্রায় চ।
সৎ পুষ্পাগুরু ধূপ কৃষ্ণবসনৈঃ সংমার্জয়েদ্ গর্ভিণীং
বিপ্রাং শ্চাপি চ ভোজয়েৎ পতিসুতৈঃ সা গর্ভিণী জীবতি ॥ শা, বি

ষোড়শ বর্ষে গর্ভ গ্রহণ বা গর্ভ প্রসব করিলে স্বামী, গর্ভস্থ শিশু ও গর্ভিণীর মৃত্যু হয়। দোষের শান্তি দ্বারা শুভ হয়। জটামাংসী, গুগ্গুল, বংশলোচন, হরিদ্রা, লজ্জাবতীলতামূল, ( মতান্তরে খৈ ) প্রিয়ঙ্গু, তিল, তালিশ পত্র, এই সকল দ্রব্য জলে মিশ্রিত করিয়া গর্ভিণীকে স্নান করাইবে। এবং শিব ও গৌরীর পূজা করিবে। তৎপরে গর্ভবতীছাগী, ধেনুসহবৃষ ও কাংস্যপাত্রস্থ রৌপ্যনির্মিত চন্দ্র, শঙ্খ ও শ্বেতবস্ত্র দক্ষিণার সহিত দৈবজ্ঞব্রাহ্মণকে দান করিবে। সুগন্ধ পুষ্প, অগুরুচন্দন, ধূপ ও কৃষ্ণবর্ণ বস্ত্রদ্বারা গর্ভিণীকে মার্জনা করিয়া ব্রাহ্মণ ভোজন করাইবে। ইহাতে দোষ শান্তি হয় এবং পতিপুত্রসহ গর্ভিণী জীবিত থাকে

## পুংসবন মুহূর্ত্তঃ

হস্তেঽথো বিধিপঞ্চকেঽশ্রপচতুষ্কে চাপি ভাদ্রদ্বয়ে
শুক্লে ব্যর্কষড়ষ্টরিক্তকতিথৌ সৌম্যেঽহ্নি বা পুং দিনে।
গর্ভিণ্যাঃ শুভদে বিধৌ শুভখগে কেন্দ্রত্রিকোণ স্থিতে
পাপে ত্র্যায়রিপৌচ পুং সবকৃতির্মাসে তৃতীয়ে শুভা॥ শা, বি

হস্তা, রোহিণী, মৃগশিরা, আর্দ্রা, পুনর্বসু, মূলা, পূর্বাষাঢ়া, উত্তরাষাঢ়া, শ্রবণা, পূর্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদনক্ষত্রে; শুক্লপক্ষে; দ্বাদশী, ষষ্ঠী, অষ্টমী রিক্তাবর্জিত তিথিতে; শুভগ্রহের বা পুরুষগ্রহের বারে; গর্ভিণীর শুভচন্দ্রে; লগ্নের কেন্দ্রে বা কোণে শুভগ্রহ এবং তৃতীয়, একাদশ, ষষ্ঠে পাপগ্রহ থাকিলে গর্ভের তৃতীয় মাসে পুংসবনসংস্কার শুভকর।

## পঞ্চামৃত মুহূর্ত্তঃ

পৌষ্ণেজ্যাদিতি মিত্র পৈত্র পবনে সার্কার্যমাশ্বাশ্রপে
রিক্তাভিন্নতিথৌ সুযোগকরণে শুক্লে শুভর্ক্ষোদয়ে।
শুক্রেজ্যার্কদিনে স্ত্রিয়াঃ শুভবিধৌ বৈ পঞ্চমে সপ্তমে
মাসে বাকুল ধর্ম্মতঃ শুভকরং পঞ্চামৃত প্রাশনম্॥ শা, বি

রেবতী, পুষ্যা, পুনর্বসু, অনুরাধা, মঘা, স্বাতী, হস্তা, উত্তরফল্গুনী, অশ্বিনী, মূলানক্ষত্রে; রিক্তাভিন্নতিথিতে; শুভযোগে; শুভকরণে; শুক্লপক্ষে; শুভক্ষেত্রস্থলগ্নে; শুক্র, বৃহস্পতি, রবিবারে; গর্ভিণীর চন্দ্রশুদ্ধিতে; পঞ্চমমাসে বা কুলরীতিবশতঃ সপ্তমমাসে মন্ত্রসংস্কৃত পঞ্চামৃতভক্ষণ শুভকর।

## সীমন্তোন্নয়নম্

মৈত্রান্ত্যা শ্রপরোহিণী গুরুমৃগাদিত্যুত্তরার্ক শ্রবে
পুংবারে নররাশি-ভাগগ-তনৌ পত্ন্যা বিশুদ্ধে বিধৌ।
মাসে ষষ্ঠ চতুর্থকাষ্টম মিতে বীর্যান্বিতে মাসপে
সীমন্তোন্নয়নং শুভং নিগদিতং চান্যদ্ যথা পুংসবম্॥ শা, বি

অনুরাধা, রেবতী, মূলা, রোহিণী, পুষ্যা, মৃগশিরা, পুনর্বসু, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, হস্তা, শ্রবণানক্ষত্রে, পুংগ্রহের বারে, লগ্নে নররাশির

নবাংশে, গর্ভিণীর চন্দ্রশুদ্ধিতে, ষষ্ঠ, চতুর্থ, বা অষ্টমমাসে, মাসাধিপতি বলবান্ হইলে, পুংসবনোক্ততিথি, যোগ, করণ ও লগ্নে সীমন্তোন্নয়ন শুভ।

## নিষেকান্মাসাধিপাঃ

শুক্রারেজ্য রবীন্দুমন্দবিধুজাঙ্গেশোড়ুপাহস্করাঃ
স্ত্রীণাং গর্ভনিষেকতো নিগদিতা মাসাধিপাঃ স্যুঃ ক্রমাৎ।
মাসেশেঽত্র নিপীড়িতে খলখগৈস্তন্মাসি গর্ভক্ষতি-
র্বীর্যাঢ্যে পুনরত্র মাসি নিতরাং গর্ভস্য পুষ্টির্ভবেৎ ॥ শা, বি

গর্ভনিষেক হইতে দশমাসে ক্রমশঃ শুক্র, মঙ্গল, বৃহস্পতি, রবি, চন্দ্র, শনি, বুধ, নিষেকলগ্নপতি, চন্দ্র, রবি মাসপতি। যে মাসে মাসপতি পাপগ্রহ দ্বারা আক্রান্ত হয় সেই মাসে গর্ভের রোগ, বা বিনাশ এবং যে মাসে মাসপতি বলবান্ সে মাসে গর্ভের পুষ্টি হয়।

## আধানলগ্নাৎ প্রসবমাস কথনম্

আধানকালে চরভে বিলগ্নে নারী প্রসূতে নবমেঽথ মাসে।
লগ্নে স্থিরর্ক্ষে দশমে তথৈকাদশে বিলগ্নে দ্বিতনুস্থিতে চ ॥ উ, জা

আধানলগ্ন চররাশিতে হইলে নবমে, স্থিরে, দশমে, দ্ব্যাত্মকে হইলে একাদশমাসে গর্ভ প্রসব হয়।

## মতান্তরে প্রসবমাস জ্ঞানম্

নিষেকলগ্নান্নবমে তৃতীয়ে সুতেঽথবা সংস্থিত উষ্ণরশ্মৌ।
প্রসূয়তে সা প্রমদাচ গর্ভং জগুস্ত্বিদং দৈববিদঃ প্রবীণাঃ ॥ উ, ব

নিষেকলগ্ন হইতে নবমে, তৃতীয়ে পঞ্চমে সূর্যের অবস্থানকালে গর্ভ প্রসব হয়।

## আধানরাশিতঃ প্রসবকাল জ্ঞানম্

আধান কালে চরগে হিমাংশৌ সপ্তাষ্টপক্ষৈ র্দিবসৈঃ স্থিরে তু।
দ্বিনন্দনেত্রৈ র্দ্বিতনৌচ ষড়্ভৈঃ প্রসূয়তে চন্দ্র গজাক্ষিভির্বা ॥ উ, জা

নিষেককালে চন্দ্র চররাশিতে থাকিলে ২৮৭ দিনে, স্থিরে ২৯২ দিনে, দ্ব্যাত্মক রাশিতে থাকিলে ২৭৬ বা ২৮১ দিনে প্রসব হয়।

## পুং স্ত্রীজন্ম জ্ঞানম্

আধানেঽপ্যথবা বিমুক্তি সময়েঽপ্যোজাংশগৈশ্চোজগৈ-
বীর্যাঢ্যৈ স্তনুচন্দ্র জীবদিনপৈঃ পুংজন্ম সন্তো জগুঃ।
যুগ্মর্ক্ষাংশগতৈ র্ভবেচ্চ তনয়া জীবোষ্ণগূ বীর্য্যগা-
বোজে চেৎ পুরুষঃ কুজেন্দুভৃগুজা যুগ্মে সবীর্যাঃ সুতা॥ শা, বি

আধানকালে অথবা প্রসবকালে লগ্ন, চন্দ্র, সূর্য, বৃহস্পতি ইহারা বলবান্ হইয়া বিষমরাশিতে ও বিষমরাশির নবাংশে থাকিলে পুরুষ,-সমরাশিতে বা সমরাশির নবাংশে থাকিলে কন্যা জন্মে।

অথবা যে কোন নবাংশে থাকিয়া বলবান্ রবি ও বৃহস্পতি বিষমরাশিগত হইলে পুত্র এবং বলবান্ চন্দ্র, মঙ্গল ও শুক্র ইহারা যে কোন নবাংশে থাকিয়া সমরাশিগত হইলে কন্যা জন্মে।

## প্রকারান্তরেণ পুং স্ত্রীজন্মজ্ঞানম্

ত্যক্ত্বা লগ্নগৃহং তনো র্বিষমগো মন্দঃ পুমাংসং তথা
যুগ্মে স্ত্রীং জনয়েদ্ বিলগ্নভবনাদ্ যোগদ্বয়ে সম্ভবে।
বীর্যাদ্ যো দ্যুচরোঽধিকো ভবতি তদ্ যোগাৎ পুমান্ বাঙ্গনা
সংবাচ্যঃ ফল দেশনাগমবিধৌ প্রাজ্ঞৈঃ সুধীকোবিদৈঃ॥ শা, বি

শনি লগ্নব্যতীত বিষমভাব ৩।৫।৭।৯।১১ গত হইলে পুত্র, সমভাব ২।৪।৬।৮।১০। ১২ গত হইলে কন্যা জন্মে। যোগদ্বয়ে পুত্র কন্যা উভয় জন্ম সম্ভব হইলে যোগকারক গ্রহদিগের মধ্যে যে অধিক বলবান্ তাহার নির্দিষ্ট পুত্র বা কন্যা জন্মে।

## মতান্তরে পুং স্ত্রীজন্ম জ্ঞানম্

আধানকালে পতিজন্মরাশে রযুগ্মরাশিং প্রগতে খরাং শৌ।
পুত্রং তদা যুগ্মগতেচ কন্যাং হোরাগমজ্ঞাঃ প্রজগুর্মুনীন্দ্রাঃ॥ উ, জা

আধানকালে স্বামীর জন্মরাশি হইতে বিষমরাশিতে রবি থাকিলে পুত্র এবং সমরাশিতে রবি থাকিলে কন্যা জন্মে।

## গণ্ডরিষ্ট কথনম্

মূলাশ্বিপৈত্রাদ্যঘটীত্রয়ং যৎ পঞ্চেন্দ্র পৌষ্ণোরগ শেষঘট্যাঃ।

গণ্ডঃ প্রদিষ্টো জননেচ তস্মিন্ শিশোঃ পিতুর্মাতুরপি প্রণাশঃ॥ উ, জা

মূলা, অশ্বিনী, মঘা ইহাদের প্রথম ৩ দণ্ড, জ্যেষ্ঠা, রেবতী, অশ্লেষা ইহাদের শেষ ৫ দণ্ড গণ্ড নামে অভিহিত। গণ্ডে জন্মিলে নিজের, পিতার বা মাতার মৃত্যু হয়।

## দিবা গণ্ডাদি সংজ্ঞাঃ

সন্ধ্যাহ্বয়ো ঘোটক পৌষ্ণয়োঃ স্যাদ্ গণ্ডোনিশাখ্যঃ পিতৃসর্পয়োশ্চ।

এবং দিনাহ্বো নিঋতীন্দ্রয়োঃ স্যাদ্ হন্তিক্রমাদ্ স্বং জননীং চ তাতম্॥

ই, ব

অশ্বিনী ও রেবতীর গণ্ড সন্ধ্যা-গণ্ডনামে, মঘা ও অশ্লেষার গণ্ড রাত্রি গণ্ড নামে, মূলা ও জ্যেষ্ঠার গণ্ড দিনগণ্ডনামে অভিহিত। সন্ধ্যাগণ্ডে নিজের, রাত্রি গণ্ডে মাতার, দিবাগণ্ডে পিতার মৃত্যু হয়।

## গণ্ডে বিশেষঃ

রাত্রৌ প্রসূতো দিবসাখ্যগণ্ডে নিশাখ্যগণ্ডে দিবসোদ্ভবো বা।

কন্যা দিনাহ্বেঽপি পুমান্ নিশাখ্যে দোষস্তদা নৈবতু কেচিদাহুঃ॥

উ, জা

কেহ কেহ বলেন রাত্রিগণ্ডে দিবসে জন্মিলে বা দিনগণ্ডে রাত্রিতে জন্মিলে অথবা দিনগণ্ডে কন্যা, রাত্রিগণ্ডে পুত্র জন্মিলে দোষ হয় না।

## মূলা শ্লেষয়ো বিশেষঃ

মূলস্যপাদে প্রথমে পিতুঃ স্যাৎ পিত্রো র্দ্বিতীয়ে বসুন স্তৃতীয়ে।

নাশশ্চতুর্থে ধন সংপদাঞ্চ জ্ঞেয়ং ফলং ব্যস্তমহেশ্চ পাদৈঃ॥ ই, ব

মূলানক্ষত্রের প্রথমপাদে পিতার, দ্বিতীয়পাদে পিতা ও মাতা উভয়ের, তৃতীয়পাদে অর্থের, চতুর্থপাদে ধনসংপদের নাশ হয়। অশ্লেষার প্রথমপাদে ধনসংপদের, দ্বিতীয়পাদে ধনের, তৃতীয়পাদে পিতা ও মাতার, চতুর্থপাদে পিতার নাশ হয়।

## অভুক্ত মূলরিষ্টিঃ

অন্তেঽহিপৌষ্ণেন্দ্রভ-নাড়িকার্দ্ধকং ঘট্যশ্চত স্রো ঘটিকাথ পঞ্চ বা।
আছেঽশ্বি মূলাপিতৃভে ক্রমাদথো চার্দ্ধং চতস্রো দ্বয় মষ্ট নাড়িকাঃ।
ই, বং

কেহ বলেন রেবতী, জ্যেষ্ঠা, অশ্লেষার শেষ অৰ্দ্ধঘটী, অশ্বিনী, মূলা, মঘা প্রথমঅর্দ্ধঘটী এই ১ দণ্ড গণ্ড। কেহ বলেন রেবত্যাদিত্রয়ের শেষ ৪ দণ্ড অশ্বিন্যাদিত্রয়ের প্রথম ৪ দণ্ড এই ৮ দণ্ড গণ্ড। কেহ বলেন রেবত্যাদি শেষ ১ দণ্ড, অশ্বিন্যাদির প্রথম ২ দণ্ড এই ৩ দণ্ড গণ্ড। কেহ বলে রেবত্যাদির শেষ ৫ দণ্ড অশ্বিন্যাদির প্রথম ৮ দণ্ড এই ১৩ দণ্ড গণ্ডকাল।

## অভুক্ত মূল পরিহারঃ

অভুক্তমূলং ত্বিদমেব কেচন চান্যে জগুর্মূলভ মেব দূষিতম্।
সমাষ্টকং তত্র ভবং ন লোকয়েৎ শান্তিং প্রযত্নাদথবা সমাচরেৎ॥
উ, জা

কেহ এই অভুক্ত মূল গণ্ডকালকেই দূষিত বলেন, কেহ মূলার সকলপাদই দূষিত বলেন। ইহাতে জাতবালককে পিতা ৮ বৎসরে দর্শন করিবেন না। অথবা শান্তি করিয়া দর্শন করিবেন।

## মূলপ্রতি প্রসবঃ

ভাদ্রাশ্বিনাষাঢ়তপঃসু নাকগং চৈত্রোর্জপৌষে নভসি ক্ষিতৌ স্থিতম্।
বৈশাখ শুক্রেচ তপস্যমার্গকে পাতালগং মূলমনিষ্টদং ক্ষিতৌ॥ ই, বং

চান্দ্রমাস গণনায় ভাদ্র, আশ্বিন, আষাঢ়, মাঘমাসে মূলাস্বর্গে, চৈত্র, কার্ত্তিক, পৌষ, শ্রাবণমাসে পৃথিবীতে, বৈশাখ, জ্যৈষ্ঠ, ফাল্গুন, অগ্রহায়ণে পাতালে অবস্থিত। পৃথিবীতে অবস্থিতমূলা অধিক অনিষ্টকর অন্যত্র অল্প অনিষ্টকর।

## গণ্ডদোষ শান্তিঃ

অদর্শনং কেচন মাসষট্কং গণ্ডপ্রসূতস্য পিতুর্জগুঃ শম্।
প্রাহুঃ শুভং কেচন কুঙ্কুমাদ্যৈঃ স্নানং গ্রহাণাং হবনং চ দানম্॥ উ, জা

কেহ কেহ বলেন ৬ মাস মধ্যে গণ্ডপ্রসূত বালক বা বালিকার দর্শন না করাই পিতার মঙ্গলকর। কেহ কেহ বলেন কুঙ্কুমাদি দ্বারা স্নান, গ্রহগণের হোমও দান করিয়া গণ্ডপ্রসূত বালক বা বালিকার দর্শন অশুভকর নহে।

## স্নানাদি ব্যবস্থা

কুঙ্কুমং চন্দনং শ্বেতং কুষ্ঠং গোরোচনা যুতম্।
ঘৃতেন মথিতং কৃত্বা বালকং লেপয়েৎ ততঃ॥
সহস্রাক্ষেণ মন্ত্রেণ চতুর্ভিঃ কলসৈর্বুধঃ।
পিতৃযুক্তং দিবাগণ্ডে নিশাগণ্ডে সমাতৃকম্॥
মাতাপিতৃ সমাযুক্তং সন্ধ্যয়োঃ স্নাপয়েৎ শিশুম্।
কাংস্যপাত্রং ঘৃতৈঃ পূর্ণং দদ্যাদ্ ধেনুং চ কাঞ্চনম্॥
দৈবজ্ঞঃ সোপবাসস্তু সোমোঽহমিতি চিন্তয়েৎ।
গ্রহাংশ্চ পূজয়েৎ সম্যগ্ গণ্ডদোষোপ শান্তয়ে॥

কুঙ্কুম, শ্বেতচন্দন, কুড়, গোরোচনা ঘৃতের সহিত মিশ্রিত করিয়া বালকের অঙ্গে লেপন করিবে। তৎপরে সহস্রাক্ষেণ ইত্যাদি মন্ত্রে দিবাগণ্ডে পিতার সহিত, রাত্রিগণ্ডে মাতার সহিত, সন্ধ্যাগণ্ডে পিতামাতা উভয়ের সহিত বালককে ৪ কলস জলদ্বারা স্নান করাইবে। পরে ঘৃতপূর্ণ কাংস্যপাত্র, ধেনু বা ধেনুমূল্য, স্বর্ণ দৈবজ্ঞব্রাহ্মণকে দান করিবে। উপবাসী দৈবজ্ঞব্রাহ্মণ "আমি চন্দ্র হইতে অভিন্ন" এইরূপ চিন্তা করিয়া যথাবিধি গ্রহপূজা করিবেন। ইহাতে গণ্ডদোষ শান্তি হয়।

## মতান্তরে স্নানদ্রব্যাণি

নদ্যাস্তটদ্বয়জ মৃৎ করিদন্ত মৃচ্চ
বল্মীকমৃদ্ বৃষবিষাণজ মৃত্তিকাচ।
আভিশ্চ তীর্থ সলিলং সহ পঞ্চগব্যং
পিত্রোঃ শিশোশ্চ শুভদং স্নপনং সমেত্য॥ ব, তি

নদীর উভয়তটের মৃত্তিকা, হস্তিদন্তোত্থিত মৃত্তিকা, বল্মীকমৃত্তিকা, বৃষ

শৃঙ্গোত্থিতমৃত্তিকা, পঞ্চগব্য, তীর্থজল, এই সকল একত্র করিয়া পিতা, মাতা ও বালককে একসঙ্গে স্নান করাইলে গণ্ডদোষ শান্তি হয়।

## স্নান মন্ত্রঃ

ওঁ সহস্রাক্ষেণ শতশারদেন শতায়ুষা হবিষা হবিষ মেনং
শতং যথেমং শরদো নয়তীন্দ্রো বিশ্বস্য দুরিতস্য পারং
শতঞ্জীব শরদো বর্দ্ধমানঃ শতং হেমন্তাং শত মুপশান্তাং শত।
মিন্দ্রাগ্নী সবিতা বৃহস্পতিঃ শতায়ুষা হবিষেমং পুনর্ণঃ।
অহো বিষত্বা বিদন্ত্বা পুনরাগাঃ পুনর্ণবঃ সর্বাঙ্গী সর্বন্তে চক্ষুঃ
সর্ব মায়ুশ্চ তেবিদং শত মানাশ্চ আয়ুষ্কামঃ শতায়ু বৈ
পুরুষঃ শতবীর্যঃ শতেন্দ্রিয়ঃ আয়ুষ্য এবৈনং তদ্বীর্য মিন্দ্রিয়ে
দধাতু॥ জপপূজয়ো র্মন্ত্রঃ ওঁ অমৃতাত্মনে নমঃ।

## বিবিধ জনন দোষাঃ

গণ্ডাখ্যত্রয়-দুষ্টযোগ-সহজর্ক্ষে পিতৃভে সংক্রমে
দগ্ধামাবম কৃষ্ণ শক্র তিথিকে বিষ্টৌ গ্রহে ত্রীতরে।
চন্দ্রার্কাপম সাম্যকে যদি জনি র্জাতস্য দোষো মহান্
দৈবজ্ঞেন তু শান্তিতঃ শুভমিদং প্রাহু র্বসিষ্ঠাদয়ঃ॥ শা, বি

নক্ষত্রগণ্ড, তিথিগণ্ড, লগ্নগণ্ড; এই ত্রিবিধগণ্ডে, বজ্র, শূলাদি দুষ্টযোগে, ভ্রাতা বা ভগিনীর জন্মনক্ষত্রে, পিতা বা মাতার জন্মনক্ষত্রে, সংক্রান্তিকালে, তিথিদগ্ধ, অমাবস্যা, দিনক্ষয়, কৃষ্ণচতুর্দশী, বিষ্টিভদ্রা, সূর্য্যগ্রহণ, চন্দ্রগ্রহণ, পুত্রত্রয় প্রসবের পর কন্যার জন্মে বা কন্যাত্রয়প্রসবের পর পুত্রের জন্মে, চন্দ্র ও সূর্য্যের ক্রান্তিসাম্যে জন্ম হইলে জাতকের মহদনিষ্ট হয়। দৈবজ্ঞব্রাহ্মণদ্বারা যথাবিধি শান্তি করাইলে শুভ হয়। বশিষ্ঠ, গর্গ, ভরদ্বাজাদি এইরূপ বলিয়াছেন।

## দন্ত জননজ রিষ্টম্

সদন্ত জাতে নিধনং চ পিত্রোর্মাস্যাষ্টকে দন্তভবে পিতুঃ স্যাৎ।
মাতুর্দ্বিতীয়েঽগ্রজনে তৃতীয়ে শিশোর্মৃতিঃ স্যাদ্ দশমেঽষ্টমে বা॥ উ, জা

দন্ত সহিত জন্ম হইলে পিতা ও মাতা উভয়ের মৃত্যু হয়। প্রথমমাসে পিতার, দ্বিতীয়ে মাতার; তৃতীয়ে, অগ্রজভ্রাতার, অষ্টম বা দশমমাসে দন্তোদ্গম হইলে শিশুর বিনাশ হয়।

## দন্ত জনন দোষ প্রতিকারঃ

নরাকৃতীঃ পুত্তলিকাস্তথাষ্টৌ কৃত্বা সুগন্ধৈঃ প্রবিলেপয়েত্তাঃ
স্রোতঃসু নীত্বা সহশুক্লপুষ্পৈস্তাসাং সমং স্নানমথার্ভকেন॥ উ, জা
হোমার্চনে দর্শনমীশ্বরস্য বস্ত্রাদিভির্ভূসুর পূজনং চ।
দোষ প্রণাশায় চরেচ্ছিশূনাং মাসেঽন্যতো দন্তজনৌ নদোষঃ॥ ই, ব

মনুষ্যাকৃতি ৮টি পুত্তলিকা নির্মাণ করিয়া তাহাতে সুগন্ধদ্রব্য লেপন করিবে। সেই পুত্তলিকাগুলিকে বালক ও শুক্লপুষ্পের সহিত স্রোতোজলে স্নান করাইবে। পরে বালককে শিবলিঙ্গ দর্শন করাইয়া শিবের হোম ও ব্রাহ্মণগণকে বস্ত্রাদি দান করিলে অশুভকালে দন্তজননিমিত্ত দোষ নষ্ট হয়। বিরুদ্ধমাস ব্যতীত অন্য-মাসে দন্তোদ্গমে দোষ হইবে না।

## জাতকর্ম নামকরণ মুহূর্ত্তঃ

রিক্তা পর্ববিবর্জিতে মৃদুচর ক্ষিপ্রধ্রুবর্ক্ষে শুভে
যোগেঽথো করণে শুভগ্রহদিনে লগ্নাৎশুভে কেন্দ্রগে।
দিঙ্মে রুদ্রমিতেঽপি সূর্যবিমিতে বংশোচিতে বা দিনে
জন্মাহাকৃত জাতকর্ম করণং নামাহ্বয়ং বা শুভম্॥ শা, বি

রিক্তা ও পর্ববর্জিততিথিতে চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, স্বাতী, পুনর্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, পুষ্যা, অশ্বিনী, হস্তা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণীনক্ষত্রে, শুভযোগে, শুভকরণে, শুভগ্রহের বারে, লগ্নের কেন্দ্রে শুভগ্রহের অবস্থানে, দশম, একাদশ বা দ্বাদশদিনে অথবা কুলাচার নির্দিষ্টদিনে জন্ম সময়ে অকৃতজাত কর্ম ও নামকরণ শুভ।

## ব্যবহার্যনাম কথনম্

কালাভ্রামর শূর ভক্ত কুসুমজ্ঞাত্মাসুধা শ্রেষ্ঠতা-
স্নেহ গ্রন্থনরেশতোষ সুগুণ জ্ঞাপ্যং ভপাদোদ্ভবম্।

পুংনার্য্যোস্তটিনীকণা চপলিকা জ্যোৎস্না লতেচ্ছাত্যুতি-
লেখা স্ত্রীদ্রুভবোধকং নভয়দং নাম স্ত্রিয়াঃ শোভনম্ ॥ শা; বি

শরৎ, হেমন্ত, বসন্তাদিকাল-বোধক ; জলধর, বারিদাদি মেঘ বোধক ; বিষ্ণু, শিব, বায়ু, সূর্য্যাদি দেববোধক ; ভীষ্ম, ভীম, অর্জুনাদি বীরবোধক ; কুমুদ, সরোজাদি পুষ্প বোধক ; কালিদাস, ভবভূতি প্রভৃতি বিজ্ঞ বোধক ; সুজীব. জীবন, চিরঞ্জীবাদি আত্মবোধক ; অমৃত, অমিয়, পীযুষাদি সুধাবোধক ; কোটীশ্বর, গুণসিন্ধু প্রভৃতি শ্রেষ্ঠত্ববোধক ; মাখন, ননীলাল প্রভৃতি স্নেহ বোধক ; মহাভারত, ভাগবতাদি গ্রন্থবোধক ; দশরথ, যুধিষ্ঠিরাদি রাজ বোধক ; সন্তোষ, পরিতোষাদি তোষবোধক ; সুনীতি, বিনয় প্রভৃতি সদ্‌গুণ বোধক ; নক্ষত্রের চরণ হইতে জাত অক্ষর পূর্বে থাকে এরূপ নাম বালক গণের এবং যথা সম্ভব লিঙ্গ পরিবর্ত্তনাদিতে বালিকা গণের নাম শুভকর। এতদ্‌ব্যতীত ও তটিনী, রেবা, সরযূ প্রভৃতি নদী বোধক ; স্নেহকণা, শিশির-কণা প্রভৃতি কণা বোধক ; চপলা, সৌদামিনী প্রভৃতি বিদ্যুদ্ বোধক জ্যোৎস্না, কৌমুদী প্রভৃতি জ্যোৎস্না বোধক ; লতা, লতিকা প্রভৃতি লতা বোধক ; ইচ্ছা, আশা, বাসনা, মতি প্রভৃতি ইচ্ছা বোধক শোভনা, প্রতিমা, প্রভা, সুষমা প্রভৃতি শোভা বোধক ; ইন্দুলেখা, কনকলেখা, শ্রীলেখা, প্রীতিলেখা প্রভৃতি লেখা বোধক, তুলসী, মালতী, মাধবী প্রভৃতি স্ত্রীতরু বোধক ; অশ্বিনী, রোহিণী, প্রভৃতি নক্ষত্র বোধক. নাম বালিকাগণের শুভকর। কিন্তু ভীতি জনক চামুণ্ডা, করালিণী প্রভৃতি নাম শুভদায়ক নহে।

## নামাদ্যাক্ষর জ্ঞানার্থং শতপদচক্রম্

চক্রং শতপদং বক্ষ্যে ব্রহ্মযামল সম্মতম্।
নামাদ্যবর্ণ বিজ্ঞানং স্যাদ্ যস্মাদৃক্ষপাদতঃ ॥
তির্য গূর্ধক্রমেণৈব রুদ্রসংখ্যাশ্চ রেখিকাঃ।
বর্ণানাং সন্নিবেশার্থং লিখেদ্ দৈববিদাং বরঃ ॥
বর্ণা অবক হডাশ্চ তথাহি মটপরতাঃ।
নয ভজখা অপি বৈ বর্ণা গশদচলাঃ ॥

ঈশাগ্নি ক্রমতো লেখ্যা অ ই উ এ ও স্বরান্ পুনঃ।
এভিঃ সহ যুতান্ কোষ্ঠে শতকেষু ন্যসেৎ ক্রমাৎ ॥
কুস্থানে ঘঙছাবর্ণাঃ ষণঠাশ্চ পু কোষ্ঠকে।
ভু স্থানে চৈব ধফঢ়া ঢু স্থানে থঝঞাস্তথা ॥
কৃত্তিকাদীনি ধিষ্ণ্যানি প্রত্যেকং চতুরক্ষরৈঃ।
সাভিজিতানি লেখ্যানি বর্ণে ধিষ্ণপদং যথা ॥
সএব চাদিমো বর্ণো নাম্ন ইতি বিধারয়েৎ।
তস্মাৎ পঞ্চস্বর জ্ঞানং তেন রিষ্টবিচারণা ॥

নামের আদ্যক্ষর জানিবার জন্য ব্রহ্মযামলোক্ত শতপদচক্র লিখিত হইতেছে। এই চক্র হইতে নক্ষত্রের যে চরণে জন্ম তাহার বর্ণ জানা যায়। ঐই বর্ণ নামের আদ্য বর্ণ হইবে। এই বর্ণ যে স্বরে পতিত হয় সেই স্বর দ্বারা লুপ্ত শূন্যাদি গণনা করিবে। উর্দ্ধক্রমে ১১টি তির্যক্‌ভাবে ১১টি রেখা দ্বারা ১০০ পদ বিশিষ্ট চক্র অঙ্কিত করিবে। এই চক্রে ঈশান কোণ হইতে অগ্নিকোণাভি মুখে যথাক্রমে অ, ব, ক, হ, ড, বর্ণ তৎপরে ম, ট, প, র, ত বর্ণ লিখিবে। নৈঋতকোণহইতে বায়ুকোণাভিমুখে যথাক্রমে ন, য, ভ, জ, খ পরে গ, শ দ, চ, ল লিখিবে। এই সকল বর্ণের সহিত অ, ই, উ, এ, ও এই পঞ্চ স্বরবর্ণ সংযুক্ত করিয়া কোষ্ঠ রচনা করিবে। এই কোষ্ঠায় কুস্থানে ঘ, ঙ, ছ বর্ণ পুস্থানে ষ, ণ, ঠ বর্ণ, ভুস্থানে ধ, ক, ঢ বর্ণ, ঢুস্থানে থ, ঝ, ঞ বর্ণ, লিখিবে। অকারাদি চারি চারি বর্ণে কৃত্তিকাদি নক্ষত্রের চারি চরণ জানিবে। জন্মনক্ষত্রের যে চরণে জন্ম, সেই চরণ নির্দিষ্ট বর্ণ জাতকের নামের আদ্য বর্ণ হইবে।

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ব | ক | হ | ড | ম | ট | প | র | ত |
| বি | কি | হি | ডি | মি | টি | পি | রি | তি |
| বু | কু | হু | ডু | মু | টু | পু | রু | তু |
| | ঘ ঙ ছ | | | | ষ ণ ঠ | | | |
| বে | কে | হে | ডে | মে | টে | পে | রে | তে |
| বো | কো | হো | ডো | মো | টো | পো | রো | তো |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| লো | চো | দো | শো | গো | খো | জো | ভো | যো | নো |
| লে | চে | দে | শে | গে | খে | জে | ভে | যে | নে |
| লু | চু | দু | শু | গু | খু | জু | ভু | যু | নু |
| | | থ ঝ ঞ | | | | | ধ ফ ঢ | | |
| লি | চি | দি | শি | গি | খি | জি | ভি | যি | নি |
| ল | চ | দ | শ | গ | খ | জ | ভ | য | ন |

প্রথমাদি চরণ ক্রমে কৃত্তিকায় অ ই উ এ রোহিণীতে ও ব বি বু মৃগশিরায় বে বো ক কি আর্দ্রায় কু ঘ ঙ ছ পুনর্বসুতে কে কো হ হি পুষ্যায় হু হে হো ড অশ্লেষায় ডি ডু ডে ডো মঘায় ম মি মু মে পূর্বফল্গুনীতে মো ট টি টু উত্তর ফল্গুনীতে টে টো প পি হস্তায় পু ষ ণ ঠ চিত্রায় পেপো র রি স্বাতীতে রু রে রো ত বিশাখায় তি তু তে তো অনুরাধায় ন নি নু নে জ্যেষ্ঠায় নো য যি যু মূলায় যে যো ভ ভি পূর্বাষাঢ়ায় ভু ধ ফ ঢ উত্তরাষাঢ়ায় ভে ভো জ জি অভিজিতে জু জে জো খ শ্রবণায় খি খু খে খো ধনিষ্ঠায় গ গি গু গে শতভিষায় গো শ শি শু পূর্বভাদ্র পদে শে শো দ দি উত্তরভাদ্রপদে দু থ ঝ ঞ রেবতীতে দে দো চ চি অশ্বিনীতে চু চে চো ল ভরণীতে লি লু লে লো।

## অত্র বিশেষঃ

হ্রস্বদীর্ঘস্বরয়োশ্চ ববয়োঃ সশয়োস্তথা
খষয়োর্জযয়ো শ্চৈব ঙঞয়োশ্চ পরস্পরম্ ।।
নাস্তি ভেদস্তথা ঙ ঞ ণ স্থানেষু ক্রমাদ্‌বুধৈঃ।
গ জ ড নাম গ্রহণে প্রোচ্যন্তে স্বরবেদিভিঃ ।।

শত পদ চক্রে হ্রস্ব দীর্ঘ স্বরের ভেদ নাই ই অক্ষরে ইন্দ্র বা ঈশান দুই প্রকার নামই হইতে পারে এইরূপে বর্গীয় ব এবং অন্তঃস্থ ব ইহাতে স বা শ, খ, বা ষ, জ বা য, ঙ বা ঞ ইহাতে ভেদ নাই। সাধারণতঃ ঙ, ঞ, ণ নামের পূর্বে থাকে না। ঙ স্থানে গ, ঞ স্থানে জ, ণ স্থানে ড আদ্যক্ষর যুক্ত নাম রাখিবে।

## অভিজিন্মানম্

উত্তরাষাঢ় ধিষ্ণ্যস্থ ত্রিপাদৈস্তন্মিতিঃ স্মৃতা।
তচ্ছেষং শ্রবণাপঞ্চদশাংশেনাভিজিন্মিতিঃ॥
শ্রবণায়া স্তথাশেষং শ্রবণায়াঃ স্বকোন্মিতিঃ।
এষাং পাদ বিভাগেন নামাদ্য বর্ণনিশ্চয়ঃ॥

উত্তরাষাঢ়ার প্রথম তিনচরণে যত দণ্ডাদি তাহাই উত্তরাষাঢ়া নক্ষত্রের ‍রিমাণ। ইহাকেই চারিভাগ করিয়া প্রতি চরণের মান নির্ণয় করিবে। ত্তরাষাঢ়ার শেষ চরণ ও শ্রবণার ১৫ ভাগের ১ ভাগ উভয়ের যোগ অভিজিতের রিমাণ। ইহার চারিভাগে অভিজিতের চরণানুসারে নামাদ্যবর্ণ জানিবে। বণার পরিমাণ দণ্ডাদি হইতে তাহার ১৫ ভাগের ১ ভাগ বিয়োগ করিয়া শেষ ণ্ডাদি শ্রবণার মান। ইহাকে ৪ ভাগ করিয়া চরণ মান ও তাহা হইতে র্ণ নির্ণয় করিবে।

## নিষ্ক্রমণম্

শস্তং নিষ্ক্রমণং শিশোর্গমশুভে যোগে তিথৌ সদ্দিনে
হ্যুৎপাতাশুভ বর্জিতে ভনিচয়েঽধোবক্ত্র রুদ্রোজ্ঝিতে।
শুক্লে শুদ্ধবিধৌ তনৌ শুভগৃহে কেন্দ্রেঽথ কোণে শুভে
পাপে ত্র্যায়রিপৌ তৃতীয় ইহ বা মাসে চতুর্থে তথা॥ শা, বি

যাত্রোক্ত যোগ ও তিথিতে, শুভ গ্রহের বারে, উৎপাত ও অশুভ গ্রহাক্রান্ত ক্ষত্র, অধোমুখ নক্ষত্র এবং আর্দ্রানক্ষত্র বর্জ্জন করিয়া অন্য নক্ষত্রে, শুক্লপক্ষে, দ্রশুদ্ধিতে, শুভক্ষেত্রগতে লগ্নে, লগ্নের কোণে বা কেন্দ্রে শুভ গ্রহ এবং তীয়, ষষ্ঠ, একাদশে পাপ-গ্রহ থাকিলে, তৃতীয় বা চতুর্থ মাসে নিষ্ক্রমণ প্রশস্ত।

## খট্টারোহণম্

শুভেঽহ্নি তিথ্যাদিক শোভনেঽজ্ঞে শুক্লেঽনু কূলে হসিতে সুতারে।
মৃদুধ্রুব ক্ষিপ্রগণে শিশূনাং খট্টাপ্ররোহঃ শুভ ঐন্দ্রশীর্ষ্ণাম্॥ উ, জ্যা

শুভবারে, শুভ তিথ্যাদিতে, শুক্লপক্ষে, চন্দ্রশুদ্ধিতে, কৃষ্ণপক্ষে তারাশুদ্ধিতে, নুরাধা, মৃগশিরা, রেবতী, উত্তর ফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তর ভাদ্রপদ, রোহিণী,

পুষ্যা, অশ্বিনী, হস্তা নক্ষত্রে পূর্বদিকে মস্তক রাখিয়া শিশুকে প্রথম খট্টায় শয়ন করাইবে।

## গর্গোক্ত খট্টাচক্রম্

খট্টাচক্রে রবের্ভান্নিগমভমিহবৈ মস্তকে তত্র সৌখ্যং
চাষ্টৌ কোণদ্বয়ে স্যান্মৃতি রথ গজভং যত্র শাখাত্র শান্তিঃ।
লেখ্যং মধ্যে ত্রয়ং ভং সুখমপি পদয়োর্বেদভং চাত্র হানিঃ
খট্টাচক্রে শুভর্ক্ষে নবশিশুশয়নং শোভনং প্রাহ গর্গঃ॥ স্ব, ধ

খট্টাচক্রে রবি যুক্ত নক্ষত্র হইতে খট্টার মস্তকে ৪ নক্ষত্র ফল সুখ, কোণদ্বয়ে ৮ ফল মরণ, শাখায় ৮ ফল শান্তি, মধ্যে ৩ ফল সুখ, পদদ্বয়ে ৪ নক্ষত্র ফল হানি। খট্টা চক্রের শুভ নক্ষত্র যুক্ত দিবসে খট্টায় শিশুর প্রথম শয়ন শুভকর। ইহাই গর্গের মত।

## অন্নপ্রাশনম্

মাসে পঞ্চমতঃ স্ত্রিয়া বিষমকে পুংসঃ সমে ষষ্ঠতো-
লগ্নে চাষ্টমগেহ-ভাগরহিতে মীনালিমেষোজ্ঝিতে।
নন্দ দ্বাদশ পর্ব রিক্তকমৃতে চাঙ্গাৎ ষড়ষ্টোড়ুপং
শুক্লে ক্ষিপ্র মৃদুধ্রুবেঽপি চরভে স্বিন্দৌ স্বহেঽন্নাশনম্। শা, বি

সাবন গণনায় বালিকার পঞ্চম, সপ্তমাদি বিষম মাসে, বালকের ষষ্ঠ অষ্টমাদি সমমাসে (বালিকার পঞ্চম, বালকের ষষ্ঠমাস মুখ্যকাল) মীন বৃশ্চিক, মেষ ভিন্ন লগ্নে, জন্মলগ্ন, জন্মরাশি হইতে অষ্টম লগ্ন ও অষ্টম রাশি নবাংশ ত্যাগ করিয়া, প্রতিপদ্, ষষ্ঠী, একাদশী, দ্বাদশী, পঞ্চপর্ব, রিক্তা তিথি ত্যাগ করিয়া, লগ্ন হইতে ষষ্ঠ ও অষ্টমস্থ চন্দ্র ত্যাগ করিয়া, পুষ্যা, অশ্বিনী, হস্তা চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, উত্তর ফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তর ভাদ্রপদ, রোহিণী, স্বাতী, পুনর্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা নক্ষত্রে, শুভ চন্দ্রে, শুভ বারে, শুক্লপক্ষে, অন্নপ্রাশন শুভ।

## অন্নপ্রাশনে জীবিকা পরীক্ষা

শস্ত্রাণি শাস্ত্রাণি চ লেখনীং তদা বস্ত্রং মসীভাণ্ডক ধান্য মুদ্রিকাঃ।
বালঃ স্পৃশেদ্ যৎ প্রথমং ততো ভবেদাজীব এবং মুনয়োব্রুবন্তি বৈ॥
ই, বং

অন্নপ্রাশনের পর একটি পাত্রে অস্ত্র, পুস্তক, লেখনী, বস্ত্র, মস্যাধার, ধান্য ও মুদ্রা রাখিয়া বালকের সম্মুখে স্থাপন করিবে। বালক প্রথমে যে দ্রব্যস্পর্শ করিবে তাহাই তাহার জীবিকার বিষয় হইবে।

## কর্ণবেধঃ

যুগ্মাব্দং চৈত্র পৌষৌ হরিশয়ন মথো জন্মমাসেন্দু তারাঃ
ষট্‌কর্ণং প্রোজ্‌ঝ্য রিক্তামপি সুগৃহতনৌ কেন্দ্রকোণে চ সৌম্যে।
পাপেঽথো ষট্‌ত্রিলাভে হ্যুদগয়নইনে শুদ্ধচন্দ্রে শুভাহে
শুক্লে ক্ষিপ্রোত্তরার্থাদিতি মৃদুহরিভে কর্ণবেধঃ প্রশস্তঃ ॥ স্ব, ধ

যুগ্মবর্ষ, সৌরচৈত্র, সৌরপৌষ, হরিশয়ন, জন্মমাস, জন্মচন্দ্র, জন্মতারা, ষট্‌কর্ণ ও রিক্তা তিথি ত্যাগ করিয়া; শুভ ক্ষেত্র গত লগ্নে; লগ্নের কেন্দ্র ও কোণে শুভগ্রহ, তৃতীয়, ষষ্ঠ, একাদশে পাপগ্রহ থাকিলে; উত্তরায়ণে; চন্দ্রশুদ্ধিতে; শুভ বারে; শুক্লপক্ষে; পুষ্যা, অশ্বিনী, হস্তা, উত্তর ফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তর ভাদ্রপদ, ধনিষ্ঠা, পুনর্বসু, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, শ্রবণা নক্ষত্রে কর্ণ বেধ প্রশস্ত। দুই সন্তানের কর্ণ বেধ হওয়ার পূর্বে তৃতীয়ের জন্ম হইলে ষট্‌কর্ণ হয়, ইহাকে ষট কর্ণ দোষ বলে।

## চূড়াকরণম্‌

ওজেঽব্দে হরিজাগরেচ হিমগৌ শুদ্ধেঽপি কালে রবৌ
রিক্তা পর্বষড়াষ্ট ভাস্করমুতে মাসে ন জন্মাখ্যকে।
ভানৌ চোত্তর বর্ত্মগে মধুমুতে শুক্লে শুভাঙ্গাংশকে
ক্ষিপ্রেন্দ্রান্ত্যচরে সচিত্র হিমগৌ চূড়া শুভাহে শুভা ॥ শা, বি

অযুগ্মবর্ষে; হরিজাগরণে; চন্দ্রশুদ্ধি, কালশুদ্ধি ও রবিশুদ্ধি থাকিলে; রিক্তা, পঞ্চপর্ব, ষষ্ঠী, প্রতিপদ, দ্বাদশী ভিন্নতিথিতে; জন্মমাসত্যাগ করিয়া, চৈত্রমাস ভিন্ন উত্তরায়ণে; শুক্লপক্ষে, শুভগ্রহের ক্ষেত্রস্থিতলগ্নে; শুভগ্রহের নবাংশে; পুষ্যা, অশ্বিনী, হস্তা, জ্যেষ্ঠা, রেবতী, স্বাতী, পুনর্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, চিত্রা, মৃগশিরানক্ষত্রে; শুভগ্রহের বারে চূড়াকরণ শুভ।

## গর্ভিণ্যাং মাতরি চূড়া নিষেধঃ

মাতুর্গর্ভিঃ পঞ্চমাসাধিকশ্চেৎ মৌঞ্জীচূড়ে নো শুভে বালকস্য।
বালে চৈবং পঞ্চবর্ষাধিকে চেন্মাতুর্গর্ভো দোষদো নৈব চৌড়ে। শা, নী

পাঁচমাসের অধিক মাতার গর্ভ বালকের উপনয়ন ও চূড়া এবং বালিকার চূড়াকরণ অশুভ। বালক বা বালিকার বয়স পাঁচ বৎসরের অধিক হইলে মাতার গর্ভ জন্য চূড়াকরণ দোষকর নহে।

## মাতুর্ঋতৌ সূতকেচ চূড়াদি নিষেধঃ

পুষ্পিণ্যাং বা সূতিকায়াং জনন্যাং সূনোশ্চোলং নো বিবাহো ব্রতং সৎ।
আদ্যে গর্ভে জাতয়োঃ পুত্রপুত্র্যো মার্গে জৈষ্ঠে নাপি চৌড়াদি শস্তম্॥
শা, নী

মাতা রজস্বলা হইলে অথবা সন্তানজন্মজন্য মাতার সূতিকাশৌচ থাকিলে পুত্রের চূড়া, বিবাহ, উপনয়ন শুভ নহে। আদ্য গর্ভজাত পুত্র ও কন্যার অগ্রহায়ণ ও জ্যৈষ্ঠমাসে চূড়া, বিবাহাদি নিষিদ্ধ।

## সামান্য ক্ষৌরে নিষেধঃ

স্নাত প্রয়াণেচ্ছু নিরাসনানামভাক্ত ভুক্তোৎকটভূষিতানাম্।
সন্ধ্যা নিশারিক্ত কুবারপর্ব শ্রাদ্ধব্রতাহে ক্ষুরকর্ম নেষ্টম্॥ ই, ব

স্নাত, গমনোৎসুক, আসনহীন, তৈলাভাক্ত, ভোজনকারী, যোগাসনে উপবিষ্ট বা বস্ত্রাদিভূষিত হইয়া, প্রাতঃসন্ধ্যা ও সায়ংসন্ধ্যাকালে, রাত্রিতে, অশুভ বারে, রিক্তা, পঞ্চপর্ব, পিতামাতার শ্রাদ্ধদিবসে, ব্রতদিনে সামান্য ক্ষৌরকর্ম অশুভ।

## নিমিত্ত ক্ষৌরে বিশেষঃ

আজ্ঞয়া চ নৃপতে র্দ্বিজস্য বা যজ্ঞসূতক বিবাহ মোক্ষণে।
তীর্থমুণ্ডন ইহাহ্নি নিন্দিতে ক্ষৌরকর্ম বিহিতং চচক্ষিরে॥ র, অ

রাজার বা ব্রাহ্মণের আজ্ঞায়, যজ্ঞ, অশৌচান্ত, বিবাহ, কারামুক্তি ও তীর্থমুণ্ডনে নিন্দিতদিনেও ক্ষৌরকর্ম শুভ।

## গর্ভিণীপতে স্তীর্থমুণ্ডনাদি নিষেধঃ

বিদেশযাত্রা মুদধিপ্রমজ্জনং শবপ্রবাহস্ত্বপি তীর্থমুণ্ডনম্।
গর্ভে পতিঃ সপ্তমমাসতঃ ক্ষুরং শ্রাদ্ধাশনং মৈথুন মাচরেন্নত।। উ, জ্যা

গর্ভের সপ্তমমাস হইতে পতি বিদেশযাত্রা, সমুদ্রস্নান, শববাহন, তীর্থমুণ্ডন, ক্ষুরকর্ম, শ্রাদ্ধ-ভোজন, মৈথুন বর্জন করিবে।

## বিদ্যারম্ভঃ

ষষ্ঠী পক্ষতি রিক্ত পর্বরহিতে বারে রবৌ বা শুভে
বর্ষে পঞ্চমকে ন বিষ্ণুশয়নে শুক্লে হ্যদগ্ভাস্করে।
পূর্ব ক্ষিপ্রচরার্দ্র নাগমৃদুভেষ্বিন্দৌ শুভেহথো শিশো-
র্বিদ্যারম্ভন মিষ্টদং শুভ তনৌ কোণেহথ কেন্দ্রে শুভে।। শা, বি

ষষ্ঠী, প্রতিপদ, রিক্তা, পঞ্চপর্ব, হরিশয়নত্যাগ করিয়া; রবিবারে বা শুভবারে; পঞ্চমবর্ষে; শুক্লপক্ষে; উত্তরায়ণে; পূর্বফল্গুনী, পূর্বাষাঢ়া, পূর্বভাদ্রপদ, পুষ্যা, অশ্বিনী, হস্তা, স্বাতী, পুনর্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, আর্দ্রা, অশ্লেষা, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতীনক্ষত্রে; শুভচন্দ্রে, শুভক্ষেত্রস্থলগ্নে, কোণে বা কেন্দ্রে শুভগ্রহের অবস্থানে শিশুর বিদ্যারম্ভ শুভ।

## উপনয়নে মুখ্যকাম্য গৌণকালাঃ

বিপ্রাণাং জননাদ্ নিষেকদিনতঃ কালশ্চ মুখ্যোহষ্টমে
সৌরে বাপি চ সাবনে হ্যুপনয়ে রাজ্ঞাং তথৈকাদশে।
বর্ষে দ্বাদশকে বিশাং দ্বিগুণিতে তেষান্তু গৌণঃ স্মৃতঃ
কাম্যঃ পঞ্চষড়ষ্টমেহব্দনিচয়ে জ্ঞেয়ঃ ক্রমাৎ শোভনঃ।। শা, বি

জন্ম বা নিষেক হইতে সৌরবর্ষ মতান্তরে সাবনবর্ষ গণনায় ব্রাহ্মণের অষ্টম, ক্ষত্রিয়ের একাদশ, বৈশ্যের দ্বাদশবর্ষ উপনয়নে মুখ্যকাল। ইহাদের দ্বিগুণমিতবর্ষে ব্রাহ্মণের ষোড়শ, ক্ষত্রিয়ের দ্বাবিংশ, বৈশ্যের চতুর্বিংশবর্ষ পর্য্যন্ত গৌণকাল। ব্রহ্মতেজ কামনায় ব্রাহ্মণের পঞ্চম, বলকামনায় ক্ষত্রিয়ের ষষ্ঠ, ধনকামনায় বৈশ্যের অষ্টমবর্ষ উপনয়নে কাম্যকাল।

## উপনয়নে মুহূর্ত্তঃ

বেদেশেজ্যা-শশীন-বর্ণপ-শুভে মাঘাদিষট্‌কে সিতে
স্বাধ্যায়ে দ্বিভবেষু দিগ্ রবিগুণে বারে কুজার্কীতরে।
সাম্নাং ভৌমদিনেঽপি শুদ্ধ সময়ে স্বঙ্গে ন সুপ্তেঽচ্যুতে
পূর্বাক্ষিপ্রমৃদুধ্রুবেঽথ চরভেঽদিত্যুজ্ঝিতে সদ্‌ব্রতম্॥ শা, বি

বেদাধিপতি, বৃহস্পতি, চন্দ্র, রবি, বর্ণাধিপতি ইহারা শুদ্ধ থাকিলে, মাঘাদি ছয়মাসে, শুক্লপক্ষে, অনধ্যায় বর্জ্জিতদিনে, দ্বিতীয়া, একাদশী, পঞ্চমী, দশমী, দ্বাদশী, তৃতীয়াতিথিতে, শনি, মঙ্গল ভিন্নবারে, (সামবেদীর বেদাধিপ জন্য মঙ্গলবারেও শুভ) শুদ্ধকালে, শুভক্ষেত্রস্থলগ্নে, হরিজাগরণে, পূর্বফল্গুনী, পূর্বাষাঢ়া, পূর্বভাদ্রপদ, পুষ্যা অশ্বিনী, হস্তা, চিত্রা অনুরাধা, মৃগশিরা, রেবতী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, স্বাতী, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষানক্ষত্রে উপনয়ন শুভ।

## আবশ্যকত্বে কৃষ্ণপক্ষে বিশেষঃ

আবশ্যকত্বেঽপি চ কৃষ্ণপক্ষে ত্বাদ্যে দ্বিতীয়েঽথ লবে ব্রতং সৎ।
ত্রিধা বিভক্তে দিবসে যথা স্যাদ্ ভাগদ্বয়ে সত্তু বিনাপরাহ্নম্॥ ই, ব

কৃষ্ণপক্ষে উপনয়ন আবশ্যক হইলে কৃষ্ণপক্ষের ১৫ তিথির মধ্যে পঞ্চমীপর্য্যন্ত প্রথমভাগে ও তৎপরে দশমীপর্য্যন্ত দ্বিতীয়ভাগে উপনয়ন শুভ। দিবসে যেরূপ পূর্বাহ্ন ও মধ্যাহ্ন শুভ, অপরাহ্নে উপনয়ন অশুভ, তদ্রূপ কৃষ্ণপক্ষেরও একাদশী হইতে অমাবস্যা পর্য্যন্ত অবশ্য বর্জনীয়।

## ব্রতবন্ধে লগ্নশুদ্ধিঃ

লগ্নেশেন্দু-সিতেজ্যকা রিপুবে নেষ্টাস্তনৌ নোড়ু পো-
রিপ্‌ফে চন্দ্রসিতৌ তনৌ চ নিধনে পুত্রে খলা মৃত্যুদাঃ।
সৌম্যাশ্চ ত্রিকবর্জিতাঃ শুভকরাঃ পাপাস্ত্রিষড়্‌লাভগাঃ
পূর্ণো বা বৃষ কর্কিগো হিমরুচির্লগ্নেঽপি সৌখ্যপ্রদঃ॥ শা, বি

লগ্নপতি, চন্দ্র, শুক্র, বৃহস্পতি ইহারা উপনয়নারম্ভকালীন লগ্ন হইতে ষষ্ঠে ও অষ্টমে এবং চন্দ্র লগ্নে অশুভ। দ্বাদশে চন্দ্র ও শুক্র; লগ্নে, অষ্টমে, পঞ্চমে

পাপগ্রহ মৃত্যুদায়ক। ষষ্ঠ, অষ্টম, দ্বাদশ ব্যতীত অন্যত্র শুভগ্রহ এবং তৃতীয়, ষষ্ঠ, একাদশে পাপগ্রহ শুভকর। পূর্ণচন্দ্র, বুধ বা কর্কটস্থ চন্দ্র, লগ্নগত হইলেও শুভপ্রদ।

## ব্রতবন্ধে জন্মমাসাদেঃ শুভত্বম্

জন্মমাস তিথি ধিষ্ণ্যলগ্নকে চাদ্যগর্ভভব বিপ্রজেষ্বপি।

বীর্যদং ব্রতমিদং চ বিত্তদং ক্ষত্রবৈশ্যভবয়োস্তনাদ্যয়োঃ॥ র, তা

আদিগর্ভ বা দ্বিতীয়াদি গর্ভজাত সকল ব্রাহ্মণ বালকেরই জন্মমাসে, জন্মতিথিতে, জন্মনক্ষত্রে, জন্মলগ্নে উপনয়ন শুভ। দ্বিতীয়াদি গর্ভজাত ক্ষত্রিয় ও বৈশ্য-বালকের জন্মমাসাদিতে উপনয়ন শুভ, আদি গর্ভজাত বালকের শুভ নহে।

## বিবাহব্রতাদিষু বিরুদ্ধে গুরৌ বিশেষঃ

মিত্রর্ক্ষে স্বগৃহেঽথবোচ্চভবনে স্বাংশেঽপি বর্গোত্তমে

মিত্রাংশে যদি বা ভবেৎ সুরগুরু র্জন্মাখ্যরাশেস্তদা।

জন্ম ত্র্যষ্টম ষষ্ঠতুর্যদশমে রিপ্ফেঽপিবা সংস্থিতো-

হ্যুদ্বাহ ব্রতবন্ধনাদিষু নৃণাং পুত্রার্থ সৌখ্যপ্রদঃ॥ শা, বি

জন্মরাশিতে বা জন্মরাশি হইতে তৃতীয়, অষ্টম, ষষ্ঠ, চতুর্থ, দশম, দ্বাদশ জন্ম বৃহস্পতি অশুভ হইলেও মিত্রগৃহে, স্বগৃহে, উচ্চরাশিতে, স্বনবাংশে, স্থিত রাশির নবাংশে, বা মিত্রনবাংশে থাকিলে বিবাহ, উপনয়াদিতে বৃহস্পতি পুত্র, অর্থ, সুখ প্রদান করেন।

## ব্রতবন্ধে বর্জ্যতা কথনম্

প্রাতর্হি সন্ধ্যা সময়ে ব্রতেঽহ্নি পয়োদগর্জেঽথ গলগ্রহে চ।

প্রদোষ কালেঽপ্যথবাপরাহ্নে ব্রতং বিবর্জ্যং মুনিভি র্নিরুক্তম্॥ উ, জা

ব্রতদিনে প্রাতঃসন্ধ্যায় মেঘগর্জন হইলে, গলগ্রহতিথিতে, প্রদোষকালে ও অপরাহ্নকালে উপনয়ন বর্জনীয়।

## গলগ্রহ তিথয়ঃ

সপ্তাষ্ট রিক্তা প্রতিপৎ ত্রয়োদশী তিথিস্তথা পঞ্চদশীতি চাষ্ট বৈ।

গলগ্রহাখ্যা ব্রতবন্ধনে বুধৈস্তিথীনমূং সুধিয়ো ব্রতং বিবর্জয়েৎ॥ উ, জা

সপ্তমী, অষ্টমী, চতুর্থী, নবমী, চতুর্দশী, প্রতিপদ, ত্রয়োদশী, পূর্ণিমা এই ৮ তিথি গলগ্রহনামে খ্যাত উপনয়নে এই সকল তিথি বর্জনীয়।

## অনধ্যায় তিথয়ঃ

মন্বাদ্যেষু যুগাদ্যেষু চাতুর্মাস্য দ্বিকাদিষু।
নাধ্যেতব্যং সোপপদেষ্টকাসু দ্বিজাতিভিঃ ॥

মন্বাদি, যুগাদি, চাতুর্মাস্যাদি দ্বিতীয়া, সোপপদতিথি ও অষ্টকাতিথিতে বেদাধ্যয়ন নিষিদ্ধ জন্য উপনয়ন নিষিদ্ধ।

## চাতুর্মাস্যাদি দ্বিতীয়াঃ

বৈশাখে বা শ্রাবণে মার্গশীর্ষে চৈত্রে চৈবং কার্ত্তিকে যা দ্বিতীয়া।
গৌণে চান্দ্রে কৃষ্ণপক্ষে তথেষে চানধ্যায়াঃ শুক্লপক্ষে দ্বিতীয়া ॥

শা, নী

গৌণচান্দ্র বৈশাখ, শ্রাবণ, অগ্রহায়ণ, চৈত্র ও কার্ত্তিকমাসের কৃষ্ণপক্ষে দ্বিতীয়া এবং আশ্বিন শুক্লদ্বিতীয়া এই ছয়টি দ্বিতীয়া অনধ্যায়।

## সোপপদ তিথয়ঃ

মাঘে সিতে দ্বাদশিকা চতুর্থী জ্যৈষ্ঠে দ্বিতীয়া দশমী শুচৌ চ।
বিজ্ঞৈ রিমাঃ সোপপদা নিরুক্তাঃ প্রপাঠতো জ্ঞান বিঘাতিকাঃ স্যুঃ ॥

উ, জা

চান্দ্রমাস গণনায় শুক্লপক্ষে মাঘে দ্বাদশী ও চতুর্থী; জ্যৈষ্ঠে দ্বিতীয়া, আষাঢ়ে দশমী, সোপপদতিথি নামে অভিহিত। ইহাতে অধ্যয়ন করিলে জ্ঞানের ব্যাঘাত হয়।

## অষ্টকাত্রয়ম্

কৃষ্ণে গৌণে চান্দ্র পৌষত্রয়েঽথো শ্রাদ্ধে হীষ্টা হ্যষ্টকাখ্যাষ্টমী যা।
পূপৈ র্মাংসৈঃ শাকজাতৈঃ ক্রমেণ নাধ্যেতব্যং বেদ-বেদাঙ্গ মত্র ॥

শা, নী

গৌণচান্দ্র পৌষ, মাঘ, ফাল্গুনমাসের কৃষ্ণপক্ষের অষ্টমীত্রয়ে যথাক্রমে পিষ্টক, মাংস ও শাকদ্বারা শ্রাদ্ধে পিতৃগণের তৃপ্তি হয় এজন্য এই অষ্টমীত্রয় পূপাষ্টমী, মাংসাষ্টমী, শাকাষ্টমী নামে খ্যাত। ইহাতে বেদবেদাঙ্গ পাঠ নিষিদ্ধ।

## প্রদোষাধ্যয়ন বর্জ্জ্যতা কথনম্

তিথৌ নগার্কাগমবিশ্বসংখ্যে বেদাঙ্গবেদাদিক শাস্ত্র-পাঠে।
প্রদোষঃকালঃ পরিবর্জনায়শ্চায়ুর্ধনজ্ঞান যশোহভিলিপ্সোঃ॥ উ, জা

আয়ু, ধন, জ্ঞান; যশোভিলাষীব্যক্তি সপ্তমী, দ্বাদশী, চতুর্থী ও ত্রয়োদশীর প্রদোষকালে বেদবেদাঙ্গাদি শাস্ত্রপাঠ বর্জন করিবে।

## গোদান সমাবর্ত্তন মুহূর্ত্তঃ

চুড়োক্ত বারাদিষু ষোড়শেহব্দকে দ্বাবিংশমে বেদভুজপ্রমে তথা।
গোদান মগ্রোক্তব রাজবৈশ্যকে মৌঞ্জী বিমোক্ষো ব্রতভাদিকে ততঃ॥
ই, বং

চুড়োক্তবার তিথ্যাদিতে ব্রাহ্মণের ১৬ ক্ষত্রিয়ের ২২ বৈশ্যের ২৪ বর্ষে গোদান বা কেশখণ্ডনকর্ম শুভ। গোদানের পর বিবাহের পূর্ব্বে উপনয়নোক্ত নক্ষত্রাদিতে সমাবর্ত্তন করিবে।

## দ্বিতীয়ে বর্ষে সমাবর্ত্তনাদি নিষেধঃ

আবশ্যকত্বে২পি পুনঃ করগ্রহো বধূপ্রবেশো ব্রতমোক্ষণং তথা।
বর্ষে দ্বিতীয়ে তু কদাপি নাচরেদ্ বশিষ্ঠ গর্গাদয় এবমূচিরে॥ উ, জা

আবশ্যক হইলেও স্ত্রীবিয়োগের পর দ্বিতীয়বর্ষে পুনরায় বিবাহ, বিবাহের পর দ্বিতীয়বর্ষে দ্বিরাগমন; উপনয়নের পর দ্বিতীয়বর্ষে সমাবর্ত্তন করিবে না। বশিষ্ঠ, গর্গাদি মুনিগণ এইরূপ বলিয়াছেন।

## অগ্ন্যাধানম্

মিশ্রেন্দ্রধ্রুব পুষপুষ্যশশিভে সূর্যে হ্যুদগ্ বর্ত্মগে
নাস্তে বা ন জিতে ন নীচরিপুভে ভৌমেজ্য শুক্রোড়ুপে।
নক্রাদিত্রয় কর্কিবর্জিত তনৌ লগ্নে সিতেন্দূ বিনা
হ্যগ্ন্যাধান মথো শুভে হিমকরে শস্তং জগুঃ সূরয়ঃ॥ শা, বি

কৃত্তিকা, বিশাখা, জ্যেষ্ঠা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, রেবতী, পুষ্যা, মৃগশিরানক্ষত্রে, উত্তরায়ণে; মঙ্গল, বৃহস্পতি, শুক্র, চন্দ্র ইহারা

অস্তমিত, পরাজিত, নীচস্থ বা শত্রু গৃহগত না হইলে; মকর, কুম্ভ, মীন, কর্কট ভিন্নলগ্নে; লগ্নে শুক্র বা চন্দ্র না থাকিলে; চন্দ্রশুদ্ধিতে; নিত্যহোমার্থ অগ্ন্যাধান প্রশস্ত।

## ক্ষত্রিয়াণাং ছুরিকাবন্ধনম্

অভৌমবারে হ্যুদিতে মহীসুতে ব্রতোক্ত ভাদ্যেষু মধুপ্রবর্জ্জিতে।
বিবাহতঃ প্রাক্ ছুরিকা বিবন্ধনং কট্যাং শুভং বাহুভুবাং সুরাগ্রতঃ॥
উ, জা

মঙ্গলভিন্নবারে, মঙ্গলঅনস্তমিতে, চৈত্রবর্জ্জিত উপনয়নোক্ত মাস ও নক্ষত্রাদিতে সমাবর্ত্তনের পর বিবাহের পূর্ব্বে দেবতার সম্মুখে ক্ষত্রিয়গণের কটিদেশে ছুরিকা ( অষ্টাঙ্গুলের অনধিক ) বন্ধনশুভ।

## রাজ্যাভিষেকঃ

জ্যেষ্ঠান্ত্য ধ্রুব বিষ্ণু চন্দ্র লঘুভে মৈত্রেঽপ্যরিক্তে স্বহে
বীর্য্যাঢ্যেঽর্ক-দশেশ-জন্মভ তনূপাবেজ্য শুক্রাব্জকে।
ভানৌ চোত্তরগে তু চৈত্র রহিতে শীর্ষোদিতে বিত্রিকে
সৌম্যে চ ত্রিষড়ায়গে খলখগে রাজ্যাভিষেকঃ শুভঃ॥ শা, বি

জ্যেষ্ঠা, রেবতী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, শ্রবণা, মৃগশিরা, পুষ্যা অশ্বিনী, হস্তা, অনুরাধানক্ষত্রে, রিক্তাভিন্নতিথিতে, শুভবারে, সূর্য, দশাপতি, জন্মরাশিপতি, জন্মলগ্নপতি, মঙ্গল, বৃহস্পতি; শুক্র, চন্দ্র ইহারা বলবান্ হইলে; চৈত্রভিন্ন উত্তরায়ণে, শীর্ষোদয়লগ্নে; লগ্নের ষষ্ঠ, অষ্টম, দ্বাদশভিন্নস্থানে শুভ এবং তৃতীয়, ষষ্ঠ, একাদশে পাপগ্রহ থাকিলে রাজ্যাভিষেক শুভ।

## সিংহাসন চক্রম্

সৌম্যৈন্দ্র যাম্যং ত্রিবিধং হি সিংহাসনং প্রদিষ্টং স্বরশাস্ত্র বিদ্‌ভিঃ।
সৌম্যেঽশ্বিতঃ পৈত্রত ঐন্দ্রভাগে মূলাচ্চ যাম্যে নবশঃ ক্রমেণ॥
আধার মত্রাসন পট্টসিংহ সিংহাসনং ভূপতি নাম ধিষ্ণ্যাৎ।
আধারতারে ত্বভিষিক্তভূপঃ পরাধীনশ্চাথ ভুনক্তি রাজ্যম্॥

অথাসনস্থেঽপ্যভিষিক্ত ঋক্ষে নীতি প্রসক্তো জনশান্তিদায়ী।
পট্টে চিরং পালয়তে মহীং স সিংহস্থভে স্যাৎ সততং রণেচ্ছুঃ।।
সিংহাসনস্থে ত্বভিষিক্ত রাজা ক্রোধী চলাত্মা জনপীড়কঃ স্যাৎ।
অপাপ বিদ্ধে শুভখেটগক্ষে শুভে বিলগ্নে ত্বভিষিক্ত রাজা।। উ, জ্যা
নিহত্য শত্রূন্ ধনভূমি শান্তীর্ধর্মং প্রজানামপি বর্দ্ধয়েচ্চ।
ক্রূরস্থনাড্যাং ক্ষিতিপেঽভিষিক্তে রাজ্যপ্রণাশো মরণং তথা স্যাৎ।।
উ, জ্যা

আধারভে বাসনভেঽর্কসূনৌ দুর্ভিক্ষ রোগৌ ভবতঃ প্রজানাম্।
বন্ধুক্ষয়ো মন্দগতৌ চ পট্টে সিংহে চ সিংহাসনভে স্বমৃত্যুঃ।। ই, ব
সিংহাসনস্থে সখলে চ চন্দ্রে বক্রে শনৌ বা সখলে সচন্দ্রে।
বিদ্রোহ রোগৌ নৃপভীর্নৃভর্ত্তুঃ সিংহাসনে দেবগুরৌ সুখং স্যাৎ।।
ই, ব

উত্তরদিকের সিংহাসনে অশ্বিন্যাদি ৯ নক্ষত্র, পূর্বদিকের সিংহাসনে মঘাদি ৯ নক্ষত্র, দক্ষিণ দিকের সিংহাসনে মূলাদি ৯ নক্ষত্র লিখিবে। প্রতি সিংহাসনে আধার, আসন, পট্ট, সিংহ, সিংহাসন এই পাঁচটী নাড়ী। নৃপতির নাম যে সিংহাসনে অবস্থিত সেই সিংহাসনের আধারাদি পঞ্চ নাড়ী হইতে শুভাশুভ বিচার করিবে। আধারনাড়ীগত নক্ষত্রে রাজ্যে অভিষিক্ত হইলে স্বয়ং অপর রাজার অধীন থাকিয়া রাজ্য ভোগ করে। আসন নাড়ীতে নীতি পরায়ণ ও প্রজা সমূহের শান্তিদায়ী। পট্টে বহুকাল রাজ্যভোগী, সিংহে সর্বদা যুদ্ধপ্রিয়। সিংহাসনস্থনক্ষত্রে অভিষিক্ত হইলে ক্রোধী, চঞ্চল, প্রজাপীড়ক হয়। শুভযুক্ত নক্ষত্রে এবং শুভ লগ্নে শত্রু জয়ী, প্রজাদিগের ধন, ভূমি, শান্তি ও ধর্মবর্দ্ধক হয়। অশুভযুক্ত নক্ষত্রে অভিষিক্ত হইলে রাজ্য নাশ ও মৃত্যু হয়। আধার বা আসন নক্ষত্রে শনি থাকিলে প্রজাপীড়া ও দুর্ভিক্ষ, পট্ট নক্ষত্রে শনি থাকিলে বন্ধুক্ষয়, সিংহে বা সিংহাসনে শনি থাকিলে রাজার মৃত্যু হয়। চন্দ্রযুক্ত পাপ সিংহাসনে থাকিলে অথবা বক্রী শনি পাপযুক্ত বা চন্দ্রযুক্ত হইলে প্রজা বিদ্রোহ, রোগ ও রাজভয় জন্মে। বৃহস্পতি সিংহাসন গত হইলে রাজার সুখ হয়।

পূর্ব্ব

উত্তর

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | আধার | ১০ | ১৮ | ১৯ |
| ৮ | আসন | ১১ | ১৭ | ২০ |
| ৭ | পট্ট | ১২ | ১৬ | ২১ |
| ৬ | সিংহ | ১৩ | ১৫ | ২২ |
| ৫ | সিংহাসন | ১৪ | | ২৩ |
| ৪ | সিংহ | | | ২৪ |
| ৩ | পট্ট | | | ২৫ |
| ২ | আসন | | | ২৬ |
| ১ | আধার | | | ২৭ |

পশ্চিম

# বাস্তুবিচারাধ্যায়ঃ

গ্রামস্যাদিস্থবর্ণা অ ক চ ট ত প যাঃ শঃ ক্রমাদষ্টবর্গাঃ
পক্ষী মার্জারসিংহৌ শ্বফণিবৃশমৃগা মেষ ঐন্দ্র্যা বলিষ্ঠাঃ।
বৈরী য পঞ্চমস্থঃ স্বত ইহ চ ভবেদ্বর্গ সংখ্যা দ্বিনিঘ্না-
যুক্তা বর্গৈঃ পরস্যাষ্ট হৃতধন ফলৈর্যোঽধিকঃ সোঽর্থদায়ী॥ স্র, ধ

গ্রামের আদিবর্ণ অকারাদি স্বরবর্ণ হইলে পক্ষিবর্গ, ক বর্গ ( ক খ গ ঘ ঙ ) হইলে মার্জার, চ বর্গ হইলে সিংহ, ট বর্গ হইলে কুকুর, ত বর্গ সর্প, প বর্গ ইন্দুর, য বর্গ ( য র ল ব ) হরিণ, শ বর্গ ( শ ষ স হ ) মেষ জানিবে। এই অষ্টবিধ বর্গ পূর্ব্ব, অগ্নি, ক্রমে অষ্টদিকে বলবান্। নিজ বর্গ হইতে পঞ্চম বর্গ রিপু। যেমন পক্ষীর পঞ্চম বর্গ সর্প। সর্প পক্ষীর শত্রু। গ্রাম নামের ও বাস্তুকর্ত্তার রাশিনামের বর্গ ( রাশিনাম না জানিলে প্রসিদ্ধ নামের আদিবর্ণের ) বর্গ হইতে ধন সংখ্যার পরিমাণ জানিবে। পক্ষী ১ মার্জার ২ ইত্যাদি ক্রমে প্রাপ্ত একের বর্গ সংখ্যার দ্বিগুণ করিয়া তাহাতে অপরের বর্গ সংখ্যা যোগ করিবে। যোগফলকে ৮ ভাগ করিলে যাহা শেষ থাকে তাহা একের ধন সংখ্যার পরিমাণ।

এইরূপে নির্ণীত নিজের ধনসংখ্যা হইতে গ্রামের ধনসংখ্যা অধিক হইলে সেই গ্রামে বাস করিবে।

## গ্রামরাশিতঃ শুভাশুভ বিচারঃ

নামাদ্যাক্ষরতঃ স্বকস্য চ পুরো রাশী বিদিত্বা নিজাৎ
কোণার্থাস্পদলাভগো যদি ভবেদ্ গ্রামঃ শুভো নান্যথা।
গ্রামস্যাক্ষরমানকং রসযুতং বাণৈর্বিনিঘ্নং হৃত-
মৃক্ষৈঃ শেষমিতং ভবেচ্চ ভমতো গ্রামস্য রাশিং বদেৎ॥ শা, বি

নিজের ও গ্রামের নামের আদ্যাক্ষর হইতে শত পদ চক্রানুসারে রাশিদ্বয় জানিবে। নিজের রাশি হইতে গ্রামের রাশি নবম, পঞ্চম, দ্বিতীয়, দশম একাদশ হইলে গ্রাম শুভকর। অন্যথা অশুভকর। মতান্তরে গ্রামের অক্ষর সংখ্যার সহিত ৬ যোগ করিয়া ৫ দ্বারা গুণ ২৭ দ্বারা ভাগ করিলে যে নক্ষত্র পাওয়া যায় তাহা হইতে নিম্নোক্ত নিয়মে রাশি জানিবে।

## নক্ষত্রতো রাশি নির্ণয়ঃ

মেষে প্রোক্তং ভত্রয়ং চাশ্বিনীতঃ পৈত্রাদ্ ভানি ত্রীণি চোক্তানি সিংহে।
চাপে চৈবং মূলতস্ত্রীণি তারে দ্বে দ্বে হন্যেষু গ্রামগেহেচ বেদ্যে॥ শা, নী

অশ্বিন্যাদি ৩ নক্ষত্রে মেষ, মঘাদি ৩ নক্ষত্রে সিংহ, মূলাদি ৩ নক্ষত্রে ধনুরাশি। শেষ ৯ রাশিতে দুই দুই নক্ষত্র জানিবে।

## ভূমেৰ্বিপ্রাদি সংজ্ঞাঃ

শ্বেতাজ্যঘ্রাণযুক্তা কুশযুতধরণী ক্ষৌদ্ররস্যাচ বিপ্রা
রক্তাভা রক্ত গন্ধা বহুলশরবৃতা ক্ষত্রিয়া ভূঃ কষায়া।
পীতাম্ল ঘ্রাণযুক্তাম্লরস সহযুতা দুর্বয়া বেষ্ঠিতা বিট্
শূদ্রা কৃষ্ণা সকাশা কটুরস সহিতা মদ্যগন্ধা ধরিত্রী॥ স্ব, ধ

শ্বেতবর্ণা, ঘৃতগন্ধা, কুশাবৃতা, মধুস্বাদা ভূমি বিপ্রসংজ্ঞা। রক্তবর্ণা, রক্তগন্ধা শরাবৃতা, কষায় রসা, ক্ষত্রিয়া। পীতবর্ণা, অম্লগন্ধা, দুর্বাবেষ্ঠিতা, অম্লরসা বৈশ্যা। কৃষ্ণবর্ণা; মদ্যগন্ধা, কাশাবৃতা, কটুস্বাদা ভূমি শূদ্রা নামে খ্যাতা।

## শুভাশুভ ভুমিঃ

বিপ্রাদীনাং রাশিভির্বেদিতানাং বিপ্রাদ্যা ভূঃ শোভনা চার্থদাত্রী।
স্নিগ্ধা শুক্লা সৌম্যগন্ধা প্রশস্তা বল্মীকাস্থ্যাদ্যাবৃতা নৈব শস্তা॥ শা, নী

মীন, কর্কট, বৃশ্চিকরাশিতে জাতব্যক্তি বিপ্রবর্ণ ইত্যাদি ক্রমে জাত বিপ্রাদি বর্ণের বিপ্রাদি নিজ নিজ জাতীয়া ভূমি অর্থদাত্রী ও শুভকরী। স্নিগ্ধা, শ্বেতবর্ণা, সুগন্ধাভূমি সকল বর্ণেরই শুভা কিন্তু বল্মীক, অস্থি প্রভৃতি যুক্তা ভূমি কোন বর্ণেরই শুভা নহে।

## গজ পৃষ্ঠাদি ভুময়ঃ

যাম্যা পশ্চাদ্‌বায়বী নৈঋ‌র্তী দিগ্‌ যস্যা শ্চোচ্চা হস্তি পৃষ্ঠা শুভা সা।
মধ্যে তূচ্চা নিম্নগা সর্বদিক্ষু কূর্মাকারা পৃষ্ঠতো মধ্যমা ভূঃ। শা, নী
পশ্চান্নিম্নেশান পূর্বাগ্নিযূচ্চা পুত্রার্থাঘ্নী দৈত্যপৃষ্ঠা নিরুক্তা
দীর্ঘা পার্শ্বেন্দ্র্যো রুদগ্‌ যাম্যগোচ্চা বা ভূঃ খ্যাতা নাগপৃষ্ঠার্ত্তিদা সা॥
শা, নী

যে বাস্তুভূমির দক্ষিণ, পশ্চিম, বায়ু, নৈঋ‌র্তদিক্‌ উচ্চ, তাহা গজপৃষ্ঠা ভূমি। যে ভূমির মধ্যভাগে উচ্চ, চতুর্দিকে নিম্ন; তাহা কূর্মপৃষ্ঠা। পশ্চিমে নিম্না, ঈশান, পূর্ব ও অগ্নিকোণে উচ্চা সে ভূমি দৈত্যপৃষ্ঠা। পূর্ব পশ্চিমে দীর্ঘা বা উত্তর দক্ষিণে উচ্চা ভূমি নাগপৃষ্ঠা। গজপৃষ্ঠা, শুভকরী, কূর্মপৃষ্ঠা মধ্যমা, দৈত্যপৃষ্ঠা পুত্রার্থনাশিনী, নাগপৃষ্ঠা রোগদাত্রী।

## প্লবত্ব শুভাশুভ কথনম্‌

শস্তা বিপ্রে সর্বদিক্ষু প্লবা ভূঃ ক্ষত্রাণাং ভূঃ সৌম্যনিম্নেতরা যা।
প্রত্যগ্‌ যাম্যোনিম্নভূমি বিশাং সা প্রত্যগ্‌নিম্না কেবলং শূদ্রজাতেঃ॥
শা, নী

ভূমির সকলদিকে প্লবতাই বিপ্রজাতির, উত্তর ভিন্ন অপর সকলদিকের প্লবতা ক্ষত্রিয়ের, পশ্চিম ও দক্ষিণে নিম্নতা বৈশ্যের, কেবল পশ্চিমদিকে নিম্নতা শূদ্রের শুভকরী।

## মতান্তরে প্লবত্ব ফলম্

পূর্বে প্লবশ্চোত্তরতো বিভাগে বাস্তোঃ সুখৈশ্বর্য বিধায়কঃ স্যাৎ।
যাম্যে চ পশ্চাদ্ ধনহা শুভঃ স জন্মাঙ্গরাশ্যোস্তু দিশোবিলোমে ॥

ই ব

বাস্তুর পূর্বভাগে বা উত্তরভাগে নিম্ন হইলে সুখৈশ্বর্য বৃদ্ধি হয়। দক্ষিণ বা পশ্চিমে নিম্ন হইলে ধনহানি কিন্তু জন্মলগ্ন বা জন্মরাশির বিপরীতদিকে দক্ষিণ ও পশ্চিমের প্লবতা শুভকরী।

## বাস্তু বহির্দেশস্থ বৃক্ষফলানি।

বটং প্রতীচ্যাং বহিরেব বাস্তুনঃ প্লক্ষং চ যাম্যাং শশিদিশ্যুডুম্বরম্।
অশ্বত্থ মৈন্দ্র্যাং নশুভং জগুর্বুধা বৃক্ষানিমান্ বাস্তুনি বর্জয়েৎ সদা ॥

উ, জা

বাস্তুভূমির বাহিরে উদ্যানে পশ্চিমে বট, দক্ষিণে পাকুড়, উত্তরে উড়ুম্বর, পূর্বে অশ্বত্থ শুভ নহে। এই সকল বৃক্ষ বাস্তুভূমিতে সর্বদা বর্জনীয়।

## বাস্তুনি শুভা বৃক্ষাঃ

বিল্বাম্রাশোক জম্বুপনস-বদরিকা-দাড়িমো নারিকেলো-
মল্লী জম্বীর রম্ভামল বকুল জবা জাতিকা পদ্মশিগ্রাঃ।
পূগো দ্রাক্ষা জয়ন্তী তগরক-লবণীকেশরা স্তালচম্পৌ
যে পুণ্যাঃ স্বাস্থ্যদা বা সুকুসুম-ফলদা বাস্তু বৃক্ষাঃ শুভাস্তে ॥

প্র, ধ

বেল, আম, অশোক, জাম,কাঁটাল, বদরী, দাড়িম, নারিকেল, মল্লিকা, জম্বীরলেবু, কলা, আমলকী, বকুল, জবা, জাতিকা, স্থলপদ্ম ও জলপদ্ম, সাজিনা, সুপারি, আঙ্গুর, জয়ন্তী, তগর, নোনাফল, নাগকেশর, তাল, চাঁপা প্রভৃতি পবিত্র, স্বাস্থ্যকর, সুপুষ্প ও সুফলদায়ক বৃক্ষরাজি বাস্তুর শুভপ্রদ।

## বাস্তুস্বশুভা বৃক্ষাঃ

নিলী খর্জূর চিঞ্চা ধব-খদির-পলাশাভয়াঃ সপ্তপর্ণো-
ধুস্তূরঃ শাল্মলী নিম্ব-সরল-ডংবো নীপকশ্চন্দনশ্চ।

এরণ্ডো দারুপীতা স্নুহি-শর-কলয়ঃ কণ্টকী বীজপূরো-
যেঽস্বাস্থ্যাঃ ক্ষীর যুক্তা বনভবতরবো বাস্তুদোষপ্রদা স্তে ॥
স্র, ধ

নীলগাছ, খেজুর, তেতুল, ধব (শাকটবৃক্ষ) খদির, পলাশ, হরিতকী; ছাতিম, ধুতরা, শিমুল, নিম, ধূমকাঠ; ডহুয়া, কদম, চন্দন, এরণ্ড, দারুহরিদ্রা, মনসা, শর, বহেড়া, কাঁটাবহুলবৃক্ষ, টাবালেবু, অস্বাস্থ্যকরবৃক্ষ, বনবৃক্ষ বাস্তুদোষদায়ক।

## গৃহকার্য্যে বর্জনীয় বৃক্ষাঃ

চৈত্য-ক্ষীরি-পলাশ শাল্মলি সুরপ্রেত দ্বিজাধিষ্ঠিতা-
নির্ঘাতাশনি-বাত-বহ্নি-করিভির্বা পীড়িতাঃ কণ্টকী।
নির্গুণ্ডী সুরগেহ-দাহ-মহিজো নিম্বঃ কদম্বো বটঃ
প্লক্ষোঽশ্বত্থবিভীতকৌ ন চ শুভা বৃক্ষা ইমেঽ সারকাঃ ॥
শা, বি

পূজ্যবৃক্ষ, ক্ষীরযুক্তবৃক্ষ, পলাশ, শিমুলবৃক্ষ, দেবতা, প্রেত ও পক্ষিসমূহের অধিষ্ঠিতবৃক্ষ; ঘূর্ণিবায়ু; বজ্র, বায়ু, অগ্নি বা হস্তিদ্বারা মর্দিতবৃক্ষ, বহুকণ্টকযুক্তবৃক্ষ, নিসিন্দা, দেবালয়ে বা শ্মশানে জাতবৃক্ষ, নিম, কদম, বট, পাকুড়, অশ্বত্থ, বহেড়া ও সারহীনবৃক্ষ গৃহকর্মে অশুভকর।

## দৈর্ঘ্যাদিতোবাস্তু শুভাশুভত্বম্

বিস্তার দৈর্ঘ্য প্রযুতি স্ত্রিযুক্তা ভক্তাষ্টভিঃ শেষমিতৈঃ ফলং স্যাৎ।
পঞ্চাদিভির্মান সুখার্থলাভ স্তদন্যথার্থ ক্ষতি বাদরোগাঃ ॥ উ, জা


বিস্তার ও দৈর্ঘ্যের যোগফলে ৩ যোগ ৮ ভাগ করিলে যদি ৫ হইতে ৮ পর্যন্ত শেষ থাকে তবে বাস্তুস্বামীর মান, সুখ, ধনলাভ হয়। পাঁচের কম শেষ থাকিলে ধনক্ষতি, বিবাদ ও রোগ হয়।

## বাস্তৌ চতুঃষষ্টি পদে প্রেতাদিভাগাঃ

ঊর্ধ্বাধো নব রেখিকাঃ প্রবিলিখেৎ তির্যক্ চ রেখা নব
কোষ্ঠাঃ স্যুঃ শ্রুতিদর্শন প্রমিতয়ো বাস্তৌ ততঃ স্যাৎ ফলম্।

অষ্টাবিংশতিমা বহির্শুভদাঃ প্রেতস্য ভাগা নখা-

ন্নুর্ভাগাঃ শুভদাস্তথার্ক নিগমা গান্ধর্ব দেবাঃ ক্রমাৎ ॥ শা, বি




উর্ধ্বাধঃ ক্রমে ৯টি তির্যকভাবে ৯টি রেখা করিলে ৬৪ কোষ্ঠা হয়। ইহাদের বাহিরের ২৮ ভাগকে প্রেত ভাগ বলে ইহাতে গৃহনির্মাণ অশুভ। তৎপরে ২০ ভাগ মনুষ্যভাগ। ইহাতে গৃহ নির্মাণ শুভ। তৎপরে ১২ ভাগ দেবভাগ। গন্ধর্ব ও দেবভাগে আঙ্গিনা রাখিবার জন্য গৃহ নির্মাণ করিবে না। অসমর্থ হইলে যথা সম্ভব পরিত্যাগ করিবে। প্রেত-ভাগ সম্পূর্ণ পরিত্যাগ করিতে না পারিলে ও যথা সম্ভব পরিত্যাগ করিয়া গৃহ নির্মাণ করিবে।

## গৃহস্যায় ব্যয় স্থিতি নক্ষত্রাণি

দৈর্ঘ্য প্রস্থ যুতিঃ শশীভগুণিতাঃ কর্ত্তুঃ স্বমৃক্ষং ততো-

দোর্বাণেন্দুহতং যুতিস্তদুভয়ো ভূপদ্বিতষ্টা পদম্।

তন্নাগ-দ্বি-নবাষ্টভিঃ ক্রমহতং সূর্যৈঃ স্বরৈঃ খাগ্নিভি-

র্ভৈরায় ব্যয় সংস্থিতর্ক্ষমুদিতং ভক্তাবশিষ্টৈঃ ক্রমাৎ ॥ শা, বি

দৈর্ঘ্য ও প্রস্থের যোগফলকে ৮১ দ্বারা গুণ করিবে। গৃহস্বামীর জন্ম-নক্ষত্রের অভাবে নাম নক্ষত্রের সংখ্যাকে ১৫২ দ্বারা গুণ করিবে। এই উভয় গুণ-ফলের যোগকে ২১৬ দ্বারা ভাগ করিলে যে শেষ থাকে তাহার নাম পদ। এই পদকে ৮ গুণ ১২ ভাগ করিলে শেষমিত গৃহের আয়; পদকে ২ গুণ ৭ ভাগ করিলে শেষ মিত ব্যয়; পদকে ৯ গুণ ৩০ ভাগ করিলে শেষমিত স্থিতি, পদকে ৮ গুণ ২৭ ভাগ করিলে শেষ মিত গৃহের নক্ষত্র জানিবে।

## মতান্তরে গৃহ নক্ষত্রায়নম্

দৈর্ঘ্যহতা প্রস্থমিতিঃ সা চ পুনর্নাগ হতা।

ভৈর্বিহৃতা শেষ মিতং জ্ঞেয় মথাপ্যালয়ভম্॥ মা, ক্রী

দৈর্ঘ্য ও প্রস্থের গুণফলকে পুনরায় ৮ দ্বারা গুণ ২৭ দ্বারা ভাগ করিলে শেষ মিতগৃহের নক্ষত্র জানিবে।

## গৃহস্য শুভাশুভত্বম্

গেহস্যর্ক্ষং কন্যকায়া হি রাশিং মত্বা চিন্ত্যং মেলনং শোভনাদ্যং।
আয়াধিক্যং বেশ্মনশ্চানুকূলং ত্বায়ে ন্যূনে নৈব শস্তং গৃহং স্যাৎ॥
শা, নী

গৃহের রাশিনক্ষত্রকে কন্যার রাশিনক্ষত্র এবং গৃহস্বামীর রাশিনক্ষত্রকে বরের রাশিনক্ষত্র কল্পনা করিয়া বিবাহোক্ত মেলনের ন্যায় শুভাশুভ বিচার করিবে। পূর্বোক্তগৃহের ব্যয় অপেক্ষা আয় অধিক হইলে গৃহশুভ, আয় অল্প হইলে অশুভকর।

## ধ্বজাদি কথনম্

দৈর্ঘ্যপ্রস্থহতি র্গজেন বিহৃতা শেষাদ্ ধ্বজো ধূম্রকঃ
সিংহঃ কুক্কুরঃ ধেনুগর্দভগজাঃ কাকঃ ক্রমাৎ সংজ্ঞিতাঃ।
গেহায়া বিষমাঃ শুভা যদি সমা স্তে নেষ্টদাঃ স্যুর্গৃহে
দিক্ষ্বস্টাসু চ পূর্ববতো ধ্বজমুখাদীনাং ক্রমাৎ সংস্থিতিঃ॥ শা, বি

দৈর্ঘ্য ও প্রস্থের গুণফলকে ৮ ভাগ করিয়া শেষ সংখ্যায় একাদিক্রমে ধ্বজ, ধূম্র, সিংহ, কুক্কুর, ধেনু, গর্দভ, গজ, কাক সংজ্ঞক আয় জানিবে। গৃহের আয় ১।৩।৫।৭ হইলে শুভ ২।৪।৬।৮ হইলে অশুভ। ধ্বজাদি অষ্টবিধ আয় পূর্ব, অগ্নি প্রভৃতি অষ্টদিকে অবস্থিত।

## ধ্বজাদিভির্গৃহদ্বার কথনম্

পূর্বস্যাং দিশি হস্তি সিংহ বৃষভে দ্বারং ধ্বজেঽথোশুভং
দ্বারং দক্ষিণতো ধ্বজেভ-মৃগপে পশ্চাদ্ ধ্বজে কেবলম্।
কৌবের্যাং ধ্বজসিংহ হস্তিষু শুভং প্রাহুর্বসিষ্ঠাদয়ঃ
পশ্চাদুত্তর পূর্ব দক্ষিণ দিশাসু দ্বাদ্বিজাদেঃ ক্রমাৎ॥ শা, বি

হস্তী, সিংহ, বৃষ, ধ্বজসংজ্ঞক আয়ে পূর্বদ্বারী গৃহপ্রশস্ত। ধ্বজ, হস্তী, সিংহে দক্ষিণদ্বারী, ধ্বজে পশ্চিমদ্বারী; ধ্বজ, সিংহ, হস্তীতে উত্তরদ্বারী গৃহশুভ। অথবা রাশি অনুসারে বিপ্রবর্ণের পশ্চিমদ্বারী, ক্ষত্রিয়ের উত্তরদ্বারী, বৈশ্যের পূর্বদ্বারী, শূদ্রবর্ণের দক্ষিণদ্বারী গৃহশুভ।

## গৃহ নক্ষত্রতো দ্বার শুভাশুভত্বম্

ঐন্দ্র্যাঃ স্থাপ্যং সাভিজিৎ সপ্তকং ভাদ্বহ্নের্গেহস্যাথ নক্ষত্রদিগ্ যা।
তদ্ দিক্‌স্থং বা পৃষ্ঠগং নৈব শস্তং বামে দক্ষে দ্বারমেবং শুভং স্যাৎ॥ শা, নী

পূর্বদাক্ষিণাদি ক্রমে চারিদিকে অভিজিৎসহ সপ্ত সপ্ত নক্ষত্র স্থাপন করিবে। যেদিকে গৃহের নক্ষত্র সেইদিকে ও তাহার পৃষ্ঠদিকে দ্বার অশুভ, বামদিকে বা দক্ষিণদিকে দ্বার শুভ। পূর্ব নির্ণীত গৃহের নক্ষত্র পূর্বদিকের বা পশ্চিমদিকের হইলে পূর্বদ্বারী ও পশ্চিমদ্বারী অশুভ। উত্তরদ্বারী ও দক্ষিণদ্বারী শুভ। এইরূপ উত্তরে বা দক্ষিণে গৃহের নক্ষত্র হইলে উত্তরদ্বারী বা দক্ষিণদ্বারী অশুভ, পূর্বদ্বারী বা পশ্চিমদ্বারী শুভ। অভীষ্টদ্বারী গৃহ করিতে হইলে দৈর্ঘ্যপ্রস্থের কিঞ্চিদ্ হ্রাসবৃদ্ধি করিয়া অভীষ্ট দ্বারোপযোগী নক্ষত্র সাধন করিবে।

## নাগ শয়নম্

শেতে বাসব দিক্ শিরাঃ ফণিপতি র্মাসে ত্রয়ে ভাদ্রতো-
মাগাদ্যে যমদিক্ শিরাশ্চ ঘটতঃ পাশ্চাত্যমূর্দ্ধা ত্রয়ে।
জৈষ্ঠাদ্যে ত্রয়কে তথোত্তর শিরা বামেন পার্শ্বেন স-
পৃষ্ঠেঽথো জঘনে তথা শিরসি বৈ হানিঃ সুখং তূদরে॥ শা, বি

ভাদ্র, আশ্বিন, কার্ত্তিক এই মাসত্রয়ে নাগপতি বামপার্শ্বে পূর্বশিরা, অগ্রহায়ণাদি ৩ মাসে দক্ষিণ শিরা, ফাল্গুনাদি ৩ মাসে পশ্চিমশিরা, জৈষ্ঠাদি ৩ মাসে উত্তরশিরা হইয়া বাম পার্শ্বে শয়ন করেন। নাগপতির পৃষ্ঠে, জঘনে, মস্তকে গৃহারম্ভে হানি কিন্তু উদরে শুভ।

## গৃহারম্ভে বিধানম্

হলবিলিখিত-ভূমী রূঢ়-বীজাপ্ত শস্যা।
নিশি চ কৃতনিবাসা ব্রাহ্মণৈশ্চাপি গোভিঃ।
ভবতি হি শুভদা ভূর্বাসযোগ্যা নরাণাং
গণক কথিত কালে তত্র গেহং চ কুর্যাৎ॥ মা, নী

গৃহের জন্য নিরূপিত ভূমিতে প্রথমে হলকর্ষণ ও বীজবপন পূর্বক শস্যোৎপাদন করিবে। তৎপরে একরাত্রি পৃথক্ পৃথক্ ব্রাহ্মণ ও গো বাস করিলে বাস্তুর দোষ নষ্ট হয়, বাস্তু বাস যোগ্যা ও শুভদায়িনী হয়। এইরূপ বাস্তুতে জ্যোতির্বিদ্ নিরূপিত শুভকালে গৃহারম্ভ করিবে।

### গৃহারম্ভে মাসাঃ

ভানৌ নক্র কুলীর কুম্ভ গৃহগে পূর্বাপরাস্যং গৃহং
শস্তং গোহলি তুলাজগে দিনকরে যাম্যোত্তরাস্যং তথা।
স্ত্রীসিংহান্ত্যনৃযুগ্মকার্মুকগতে গেহং ন কুর্য্যাদ্‌বুধো-
বাসঃ কাষ্ঠতৃণাদিনির্মিত গৃহে লোমাসদোষো ভবেৎ ॥ শা, বি

সৌর মাঘ, শ্রাবণ ফাল্গুন মাসে পূর্বদ্বারী বা পশ্চিমদ্বারী, জ্যৈষ্ঠ, অগ্রহায়ণ, কার্ত্তিক, বৈশাখ মাসে উত্তর দ্বারী বা দক্ষিণ দ্বারী গৃহ প্রশস্ত। সৌর আশ্বিন, ভাদ্র, চৈত্র, আষাঢ়, পৌষ মাসে গৃহারম্ভ অশুভ কিন্তু বস্ত্র কাষ্ঠ বা তৃণ দ্বারা নির্ম্মিত গৃহে মাস দোষ হয় না।

### গৃহ বিশেষে মাসাঃ

সৌরে জ্যৈষ্ঠে মাসি গেহং পশূনাং ধান্যাগারশ্চাশ্বিনে শোভনং স্যাৎ।
পানীয়ার্থং বেশ্মধারা গৃহং বা শস্তং চৈত্রেঽপ্যেবমাহুর্মুনীন্দ্রাঃ ॥ শা, নী

যে কোন দ্বারের পশু গৃহ সৌর জ্যৈষ্ঠে, ধান্যরক্ষা গৃহ আশ্বিনে, পানীয় জল গৃহ ও জল ধারাগৃহ চৈত্র মাসেও শুভ।

### প্রধান গৃহপরিত উপগৃহাণি

স্নানং পাকগৃহং চ সুপ্তি ভবনং সূতেগৃহং ভোজনে
ধান্যানাং ভবনং হি বস্তু নিলয়ো দেবালয়ঃ পূর্বতঃ।
মধ্যে দিগ্‌বিদিশোঃ ক্রমাত্তু মথনে চাজ্যে পুরীষে গৃহং
পাঠে রোদনকাম ভেষজ গৃহং ভাণ্ডার মাকল্পয়েৎ ॥ শা, বি

প্রধান গৃহের পূর্বে স্নানগৃহ, অগ্নিকোণে পাকগৃহ, দক্ষিণে শয়ন গৃহ' নৈঋর্তে প্রসব গৃহ, পশ্চিমে ভোজনালয়, বায়ু কোণে ধান্যরক্ষণ গৃহ, উত্তরে ভাণ্ডার গৃহ, ঈশানে দেবালয় প্রশস্ত। পূর্ব ও অগ্নি কোণের মধ্যে দুগ্ধ মন্থন গৃহ, অগ্নি ও দক্ষিণের মধ্যে ঘৃত ভাণ্ডার, দক্ষিণ ও নৈঋর্তের মধ্যে পুরীষোৎসর্গ গৃহ, নৈঋর্ত ও পশ্চিমের মধ্যে পাঠ গৃহ, পশ্চিম ও বায়ুর মধ্যে রোদন গৃহ, বায়ু ও উত্তরের মধ্যে বিলাসভবন, উত্তর ও ঈশানের মধ্যে ঔষধি গৃহ, ঈশান ও পূর্বদিকের মধ্যে ভাণ্ডার গৃহ নির্ম্মাণ করিবে।

### চতুঃ শালে বিশেষঃ

ঈশান কোণে শুভদঃ সুরালয়ঃ পাকালয়শ্চাপি শুভোঽগ্নিকোণগঃ।
রক্ষঃ ককুভ্যায়ুধভাণ্ডসংচয়ো বায়ব্য কোণে ধনধান্য রক্ষণম্ ॥ ই, ব

চারিটি গৃহ বিশিষ্ট বাস্তুতে ঈশান কোণে দেবালয়, অগ্নিকোণে পাকগৃহ নৈঋর্ত কোণে অস্ত্র, শস্ত্র ও ভাণ্ডসংচয় এবং বায়ুকোণে ধনধান্য রক্ষা করিবে।

## গৃহারম্ভ মুহূর্ত্তঃ

রিক্তাদ্যাষ্টম বর্জিতে সিত তিথৌ ভৌমার্ক বর্জ্যে দিনে
মূল ক্ষিপ্র চরধ্রুবেচ মৃদুভে শুদ্ধেঽর্ক কালোড়ুপে।
দ্ব্যঙ্গে বা স্থিরভে তু সিংহরহিতে ব্যষ্টান্ত্যগে সদ্গ্রহে
পাপে ত্র্যায় রিপৌ বিধৌ ন চ তনৌ দুঃস্থে গৃহারম্ভনম্॥ শা, বি

রিক্তা, প্রতিপদ্, অষ্টমী ব্যতীত তিথিতে, শুক্লপক্ষে, রবি মঙ্গল ভিন্ন বারে, মূলা, পুষ্যা, অশ্বিনী, হস্তা, স্বাতী, পুনর্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী নক্ষত্রে, রবিশুদ্ধি, কালশুদ্ধি ও চন্দ্রশুদ্ধিতে, দ্ব্যাত্মক লগ্নে ও সিংহ ব্যতীত স্থির লগ্নে, অষ্টম ও দ্বাদশ ভিন্ন অন্যত্র শুভ গ্রহ এবং তৃতীয়, ষষ্ঠ, একাদশে পাপগ্রহ থাকিলে ষষ্ঠে, অষ্টমে, দ্বাদশে ও লগ্নে চন্দ্র না থাকিলে গৃহারম্ভ শুভ।

## বৃষ চক্রম্

সূর্য্যর্ক্ষাৎ ত্রীণি শীর্ষেঽগ্নি ভয়মথ পদোশ্চাগ্রয়ো র্বেদভং নো
বাসোঽন্যাজ্জ্ঘ্র্যাশ্চতুষ্কং স্থিরমথ ভবনং ত্রীণি পৃষ্ঠে চ বিত্তম্।
দক্ষে কুক্ষৌ চতুর্ভং ধনমথ মরণং ত্রীণি পুচ্ছে চতুষ্কং
বামে কুক্ষৌ ন বিত্তং ত্রয়মপি বদনে পীড়নং তূক্ষচক্রে॥ প্র, ধ

গৃহারম্ভ সময়ে সূর্য্যাবস্থিত নক্ষত্র হইতে বৃষের মস্তকে ৩ নক্ষত্র ফল অগ্নিভয়, সম্মুখ পাদদ্বয়ে ৪ ফল গৃহ বাসে অসমর্থ, অপর পাদদ্বয়ে ৪ ফল গৃহের স্থিরতা, পৃষ্ঠে ৩ ফল বিত্ত লাভ, দক্ষিণ কুক্ষিতে ৪ ফল ধনলাভ, পুচ্ছে ৩ ফল মৃত্যু, বাম কুক্ষিতে ৪ ফল ধনহীনতা, মুখে ৩ নক্ষত্র ফল পীড়া।

## গৃহারম্ভে সূর্যাদীনাং নীচস্থাদি দোষঃ

দিনকরে হিমগৌ চ গুরৌ ভৃগৌ রিপু গৃহেঽস্তমিতেঽপ্যথ নীচগে।
দ্রবিণ দারসুখৈঃ পরিবর্জিতো গৃহপতির্ভবতীতি জগুর্বুধাঃ॥ দ্রু, বি

সূর্য, চন্দ্র, বৃহস্পতি, শুক্র ইহারা শত্রু গৃহগত, অস্তমিত বা নীচগত হইলে গৃহপতির ধন ও পত্নীজনিত সুখ নষ্ট হয়।

## গৃহাদেঃ খননারম্ভে বিদিক্ কথনম্

ঈশানবায়ুস্ত্রপ-বহ্নি-কোণগং মাসৈ স্ত্রিভিঃ সর্পমুখং ক্রমাদ্ গৃহে।
সিংহাৎ তড়াগে মৃগতঃ সুরালয়ে মীনাত্তু পৃষ্ঠে খননং বিদিগ্‌গতে ॥ ই, বং

ঈশান, বায়ু, নৈঋ্ঋ্ত ও অগ্নিকোণে তিন তিন মাসে সর্পাকার রাহুর মুখ থাকে। বাস গৃহারম্ভে সৌর ভাদ্র হইতে, জলাশয়ারম্ভে মাঘ হইতে, দেব-গৃহারম্ভে চৈত্র হইতে গণনা করিবে। পৃষ্ঠগত কোণে খননারম্ভ শুভ।

ঈশান কোণে মুখ থাকিলে অগ্নি কোণে পৃষ্ঠ, বায়ুকোণে মুখ থাকিলে ঈশানে পৃষ্ঠ, নৈঋ্ঋ্তকোণে মুখ থাকিলে বায়ুকোণে পৃষ্ঠ, অগ্নিকোণে মুখ থাকিলে নৈঋ্ঋ্ত কোণে পৃষ্ঠ জন্য সেই সেই কোণে পৃষ্ঠগত দিকে প্রথম খননারম্ভ করিবে।

| | ঈশানকোণে সর্প মুখ | বায়ু কোণে সর্প মুখ | নৈঋ্ঋ্ত কোণে সর্প মুখ | অগ্নিকোণে সর্প মুখ |
|---|---|---|---|---|
| বাসগৃহারম্ভে | ভাদ্র, আশ্বিন কার্ত্তিক | অগ্রহায়ণ পৌষ, মাঘ | ফাল্গুন, চৈত্র বৈশাখ | জ্যৈষ্ঠ, আষাঢ় শ্রাবণ |
| জলাশয়ারম্ভে | মাঘ ফাল্গুন চৈত্র | বৈশাখ জ্যৈষ্ঠ আষাঢ় | শ্রাবণ, ভাদ্র, আশ্বিন | কার্ত্তিক অগ্রহায় পৌষ |
| দেবালয়ারম্ভে | চৈত্র বৈশাখ জ্যৈষ্ঠ | আষাঢ়, শ্রাবণ ভাদ্র | আশ্বিন কার্ত্তিক অগ্রহায়ণ। | পৌষ, মাঘ, ফাল্গুন |

## শিলেষ্টকস্তম্ভ রোপণ দিক্ কথনম্

ঈশানকোণেঽপ্যথবাগ্নিকোণে শিলেষ্টকাদ্যং প্রথমং নিবেশ্যম্।
প্রাগ্‌বহ্নি যাম্যক্রমতস্ততোঽপি স্তম্ভো নিবেশ্যো ধৃত বস্ত্রমাল্যা ॥ উ, জা

ঈশান কোণে প্রথমে শিলা বা ইষ্টকাদি স্থাপন করিয়া ঈশান, পূর্ব, অগ্নি ইত্যাদি ক্রমে অষ্টদিকে অথবা অগ্নিকোণে প্রথমে ইষ্টকাদি স্থাপন করিয়া অগ্নি, দক্ষিণ ইত্যাদি ক্রমে অষ্টদিকে শিলাদি স্থাপন করিবে। শিলাদি স্থাপনের নিয়মেই অগ্রভাগে বস্ত্র মাল্য শোভিত স্তম্ভও স্থাপন করিবে।

## গৃহস্য পর হস্ত গামিত্ব যোগঃ

যত্রৈকোঽপি ব্যোমগঃ শত্রুভাগে লগ্নাদ্‌মানে বা মদে বর্ণপোঽথো।
খেটো গেহারম্ভনে দুর্বলশ্চেদ্ বর্ষে গেহং চান্যহস্তং গতং স্যাৎ ॥ শা,নী

শত্রুনবাংশগত কোন গ্রহ গৃহারম্ভ লগ্নের দশমে বা সপ্তমে থাকিলে এবং বৃহস্পতি ও শুক্র বিপ্রাধিপতি ইত্যাদিক্রমে গৃহস্বামীর বর্ণপতিগৃহ দুর্বল হইলে এক বৎসর মধ্যে সেই গৃহ পর হস্তগত হয়।

## লক্ষ্মীযুক্তালয় যোগত্রয়ম্

স্বোচ্চে শুক্রে লগ্নগে বা সুরেজ্যে স্বোচ্চে বন্ধৌ স্বোচ্চ আয়েঽথ মন্দে।
এষা মেকস্মিন্ গৃহারম্ভনং চেদ্ যোগে গেহং শ্রীযুতং স্যাৎ চিরস্থম্ ॥ শা, নী

গৃহারম্ভকালে উচ্চরাশিগত শুক্র লগ্নস্থ বা উচ্চস্থ বৃহস্পতি বন্ধুভাবস্থ বা উচ্চস্থ শনি একাদশস্থ হইলে গৃহ লক্ষ্মীযুক্ত ও চিরস্থায়ী হয়।

## গৃহারম্ভে শুভদং যোগত্রয়ম্

পুষ্যাহীন্দু জলধ্রুব শ্রবণভে সেজ্যো চ জীবেঽহ্নি বা
চিত্রদ্বীশ শতার্থরুদ্র যুগলাশ্ব্যৃক্ষে সকাব্যে কবৌ।
হস্তেন্দ্বর্যম চিত্রদস্র বিধিভে সজ্ঞে বুধাহে তথা
প্রারব্ধং ভবনং সুতার্থ বসুধা ধর্মান্ দদাতি ধ্রুবম্ ॥ শা, বি

পুষ্যা, অশ্লেষা, মৃগাশিরা, পূর্বাষাঢ়া, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তর ভাদ্র পদ রোহিণী, শ্রবণা ইহাদের কোনও নক্ষত্রে বৃহস্পতি থাকিলে বৃহস্পতিবারে; অথবা চিত্রা, বিশাখা, শতভিষা, ধনিষ্ঠা, আর্দ্রা, পুনর্বসু, অশ্বিনী নক্ষত্রে শুক্র থাকিলে শুক্রবারে অথবা হস্তা, মৃগশিরা, উত্তরফল্গুনী, চিত্রা, অশ্বিনী, রোহিণী নক্ষত্রের একটিতে বুধ থাকিলে বুধবারে গৃহারম্ভ হইলে ধন, ধর্ম, ভূমি ও সন্তান লাভ হয়।

## গৃহারম্ভে চাশুভ যোগঃ

অজৈকপাদ্দ্বয়ান্তকানিলেন্দ্র মিত্র পৌষ্ণভে।
সমন্দগেঽহ্নি মন্দগে গৃহে ভয়ন্তু রক্ষসঃ ॥ প্র, গি

পূর্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ, ভরণী, স্বাতী, জ্যেষ্ঠা, অনুরাধা, বা রেবতী নক্ষত্রে শনি থাকিলে শনিবারে গৃহারম্ভে রাক্ষস ভীতি জন্মে।

## গৃহপ্রবেশ মুহূর্ত্তঃ

বেশ্মারম্ভোক্ত মাসাহ-তিথি-করণকেঽর্কেন্দুকালে বিশুদ্ধে
গেহোক্তদ্বারভেঽত্রানিলকররহিতে দ্ব্যঙ্গগে বা স্থিরেঽঙ্গে।
জন্মর্ক্ষে-জন্ম লগ্নে তত উপচয়গে সৌম্যযুক্তে সুদৃষ্টে
বন্ধৌ নাশে ত্বপাপে শুভইতিচ জগুনূর্ত্নগেহপ্রবেশঃ॥ স্ব, ধ

গৃহারম্ভোক্ত মাস, বার, তিথি, করণে, রবিশুদ্ধি, চন্দ্র শুদ্ধি, কালশুদ্ধিতে স্বাতী ও হস্তা ব্যতীত গৃহারম্ভোক্ত নক্ষত্র সমূহের মধ্যে যে দ্বারী গৃহ, পরিঘ দণ্ডোক্ত সেই দিকের নক্ষত্রে, দ্ব্যাত্মক বা স্থির লগ্নে, জন্মরাশি ও জন্মলগ্নগত লগ্নে বা জন্ম রাশি ও জন্ম লগ্নের তৃতীয়, ষষ্ঠ, দশম, একাদশ গৃহস্থিত লগ্নে, তাহাতে শুভগ্রহের যোগ বা দৃষ্টিতে এবং চতুর্থে বা অষ্টমে পাপগ্রহ না থাকিলে নূতন গৃহ প্রবেশ শুভ।

## গৃহপ্রবেশে কুম্ভ চক্রম্

একং ভং বদনেঽগ্নিভীঃ শ্রুতিমিতং নোবাস ঐন্দ্র্যাং ফলং
যাম্যা মাগমভং ধনং জলধয়ঃ পশ্চাদ্ধনং বেদভম্।
কৌবের্য্যাং কলহো মৃতির্নিগমভং গর্ভে ত্রয়ং গুহ্যকে
স্থৈর্য্যং কণ্ঠ ইহ ত্রয়ং চ সুখিতা চক্রে ঘটে সূর্য্যভাৎ॥ শা, বি

কুম্ভাকার চক্রে সূর্যাবস্থিত নক্ষত্র হইতে মুখে ১ নক্ষত্র ফল অগ্নিভয়, পূর্বপার্শ্বে ৪ ফল বাসহীন, দক্ষিণে ৪ ফল ধন লাভ, পশ্চিমে ৪ ফল ধনাগম, উত্তর পার্শ্বে ৪ ফল কলহ, গর্ভে ৪ ফল মৃত্যু, গুহ্যে, ৩ নক্ষত্র ফল সুখ, অশুভ নক্ষত্রে গৃহ প্রবেশ অশুভ।

## গ্রহ প্রবেশে গৃহদ্বারতো লগ্নতিথয়ঃ

লগ্নান্নাশ সুতার্থ লাভভবনাদ্ গেহেষু পঞ্চস্বথো
প্রাগ্ যাম্যাপর সৌম্যবক্ত্র ভবনং বামে রবৌ সংবিশেৎ।
পূর্ণাদ্যাসু চতুর্বিধাসু তিথিষু প্রাগাদিবক্ত্রং গৃহং
সংবেশ্যং ক্রমতঃ কদাপি শুভদং দ্বারং ন কোণস্থিতম॥ শা, বি

গৃহ প্রবেশ লগ্নের অষ্টমস্থান হইতে দ্বাদশ পর্য্যন্ত ৫ রাশিতে রবি থাকিলে প্রবেশ লগ্নের বামে রবি থাকায় পূর্বাভিমুখ গৃহে প্রবেশ শুভ। পঞ্চম হইতে নবম পর্য্যন্ত ৫ রাশিতে রবি থাকিলে দক্ষিণদ্বারী গৃহে প্রবেশ শুভ। দ্বিতীয়াদি ষষ্ঠ পর্য্যন্ত ৫ রাশিতে রবি থাকিলে পশ্চিমদ্বারী গৃহে, লগ্নের একাদশাদি তৃতীয় ভাব পর্য্যন্ত ৫ রাশিতে রবি থাকিলে বামে রবি থাকায় উত্তরমুখগৃহে প্রবেশ শুভ। পূর্ণাতিথিতে পূর্ব মুখ, নন্দায় দক্ষিণ, ভদ্রায় পশ্চিম, জয়ায় উত্তরদ্বারী গৃহে প্রবেশ শুভ, কোণে গৃহদ্বার শুভ নহে।

## আবশ্যকত্বেজীর্ণ গৃহাদৌচ বিশেষঃ

গেহপ্রবেশে ত্বথ নির্মিতৌ বা সৌম্যায়নে মাসচয়াঃ প্রশস্তাঃ।
আবশ্যকত্বেঽপিচ দক্ষিণার্কে নো কালদোষোঽস্তি চ জীর্ণগেহে ।। উ,জা

উত্তরায়ণের বিহিত মাসে গৃহ প্রবেশ ও গৃহারম্ভ প্রশস্ত। আবশ্যক হইলে দক্ষিণায়নের বিহিত মাসে ও প্রশস্ত। অশুদ্ধকালে পুরাতন গৃহের সংস্কার বা পুরাতন গৃহে প্রবেশ দোষকর নহে।

## গৃহকৃত্যে বাস্তু পূজা

মূলামৃদুক্ষিপ্রচরধ্রুবর্ক্ষে বেশ্মপ্রবেশে ত্বথ নির্মিতৌ বা।
পূর্বে দিনে বা গৃহকৃত্যঘস্রে বাস্ত্বর্চনং ভূতবলিং চ কুর্যাৎ ।। ই, ব

মূলা, চিত্রা, মৃগশিরা, অনুরাধা, রেবতী, পুষ্যা, অশ্বিনী, হস্তা, স্বাতী, পুনর্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী নক্ষত্রে গৃহারম্ভের বা গৃহ প্রবেশের দিনে বা পূর্বদিনে বাস্তুদোষ শান্তির জন্য বাস্তু পূজা ও ভূত বলি প্রদান কর্ত্তব্য।

## গৃহপ্রবেশ বিধিঃ

বিপ্রান্ পূজ্যাংশ্চ কুম্ভং জলফলসুমনঃপল্লবাদ্যৈঃ সুশোভং
হ্যগ্রে কৃত্বা চ পত্নীং পরিজন সহিতো ভূষিতো বস্ত্র মাল্যৈঃ।
প্রাপ্তাশীঃ স্নানশুদ্ধো দ্বিজ গুরু জনতো নির্ধনেভ্যোঽপি দত্ত্বা
ঘোষা শঙ্খ প্রঘোষৈর্ব শুভ ভবনং সংবিশেদ্ দ্বার শোভম্।। স্র,ধ

ব্রাহ্মণ, পূজনীয় ব্যক্তি ও জল ফল পল্লব মাল্যাদি সুশোভিত কুম্ভ অগ্রভাগে লইয়া স্ত্রী পুত্রাদি পরিজনবর্গের সহিত বস্ত্র ও মাল্য ভূষিত হইয়া, স্নান করিয়া, ব্রাহ্মণ ও গুরুজনের আশীর্বাদ গ্রহণ করিয়া, দরিদ্রদিগকে দান করিয়া বামাগণের হুলুধ্বনি ও শঙ্খধ্বনির সহিত গৃহদ্বারে শোভিত নূতনগৃহে প্রবেশ করিবে।

### গোশালা শুভাশুভত্বম্

স্বহস্ত মানতো গৃহে যুতেশ্চ দৈর্ঘ্যপ্রস্থয়োঃ।
গজাপ্ত শেষকেঽগ্নিষট্ গজে শুভং চ গোগৃহম্॥ প্র, পি

গৃহস্বামীর নিজহস্ত প্রমাণে গোশালার দৈর্ঘ্য ও প্রস্থের যোগফলকে ৮ ভাগ করিয়া তিন, ছয় বা আট শেষ থাকিলে গৃহশুভ, অন্যথা অশুভ।

### সূতিকাগার নির্ম্মাণ প্রবেশ মুহূর্ত্তঃ

বারে সূর্যকুজেতরে শুভ বিধৌ শুক্লে সুতিথ্যাদিকে
চিত্রেন্দ্বশ্বিকর ধ্রুবাদিতি মরুন্মিত্র শ্রবেজ্যেষু বৈ।
সূতৌ গেহকৃতিঃ শুভেষু বরুণে চার্থেঽপি সূতে গৃহং
মাসেঽথো নবমে প্রসূতি সময়ে সদ্যোঽথবা বেশয়েৎ॥ শা, বি

রবি মঙ্গল ভিন্নবারে, চন্দ্রশুদ্ধিতে, শুক্লপক্ষে, শুভ তিথি, যোগ, করণে, চিত্রা, মৃগশিরা, অশ্বিনী, হস্তা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, পুনর্বসু, স্বাতী, অনুরাধা, শ্রবণা, পুষ্যা নক্ষত্রে সূতিকাগৃহ নির্ম্মাণ শুভ। এই সকল নক্ষত্রাদিতে এবং শতভিষা, ধনিষ্ঠা নক্ষত্রে নবমমাসে সূতিকা গৃহে গর্ভিণীকে প্রবেশ করাইবে। প্রসব বেদনা উপস্থিত হইলে কাল বিচার না করিয়া সদ্যই প্রবেশ করাইবে।

# *বিবিধ কৃত্যাধ্যায়ঃ*

### ইষ্টপূর্ত্ত কর্ম্মাণি

বাপী কূপ তড়াগ শিক্ষণ গৃহারোগ্য গৃহোদ্যানকং
দানং চান্ন জলৌষধস্য চ পথো বিশ্রামগেহং তথা।
ধর্ম্মার্থং যশ আপ্তয়ে কৃতমিদং সর্বং হি পূর্ত্তং জগু-
রিষ্টং চৈব সুরার্চনং দ্বয়মথো দেবালয় স্থাপনম্॥ শা, বি

ধর্ম ও যশোলাভ কামনায় দীঘী, কূপ, পুষ্করিণী, শিক্ষামন্দির, আরোগ্যশালা, উদ্যাননির্মাণ, অন্নদান, জলদান, ঔষধদান, পথে ধর্মশালাদি বিশ্রাম গৃহ নির্মাণ প্রভৃতিকে পূর্ত্তকার্য্য বলে। দেবার্চ্চনকে ইষ্টকর্ম, দেবালয় স্থাপনকে পূর্ত্ত ও ইষ্টকর্ম উভয়ই বলে।

## প্রতিমা ফলানি।

দার্বী ভূমিভবাথবা সুঘটিতা হ্যায়ুর্বলার্থ প্রদা
সৌবর্ণী প্রতিমা চ পুষ্টি সুখদা কীর্ত্তিপ্রদা রাজতী।
তাম্রী বংশ বিবর্দ্ধিনী মণিময়ী শংদায়িণী সা নৃণাং
শৈলী বা প্রতিমা মহীং প্রকুরুতে লিঙ্গং তথা পূজিতম্॥ শা, বি

পূজিতা কাষ্ঠ নির্মিতা বা মৃত্তিকা নির্মিতা প্রতিমা আয়ু, বল, অর্থদায়িনী, স্বুবর্ণময়ী পুষ্টিসুখদাত্রী ; রাজতী কীর্ত্তিদা ; তাম্রী বংশবর্দ্ধিনী ; রত্নময়ী লোকহিত কারিণী, পাষাণময়ী ভূমিদায়িনী এই সকল দ্রব্যদ্বারা নির্মিত এবং পূজিত লিঙ্গ ও এইরূপ ফল প্রদান করেন।

## প্রতিমা শুভাশুভত্বম্

এক-দ্বি-ত্রি-চতুঃ কর প্রমিতিকা সৌম্যাননা ভূষিতা
কান্ত্যাঢ্যা প্রিয়দর্শনাচ প্রতিমা সৌখ্যার্থ কীর্ত্তিপ্রদা।
স্থূলাঙ্গী তু কৃশাঙ্গিকা ন তু শুভা হীনাঙ্গিকাত্যঙ্গিকা
নোর্দ্ধ্বাধোবদনা তথা ক্ষতযুতা বামেঽথ দক্ষে নতা॥ শা, বি

এক, দুই, তিন বা চারিহস্ত পরিমিতা, প্রসন্নবদনা, অলঙ্কারাদি সুশোভিতা, কান্তিমতী, সুদর্শনা প্রতিমা সুখধনকীর্ত্তিপ্রদা। স্থূলাঙ্গী, কৃশাঙ্গী, হীনাঙ্গী, অধিকাঙ্গী, ঊর্দ্ধ্ববদনা, অধোমুখা, বামে বা দক্ষিণে অবনতা, ক্ষতযুক্তা প্রতিমা শুভদায়িনী নহে।

## দেবতাঘটন প্রতিষ্ঠা কথনম্

ঋক্ষে ক্ষিপ্রচরধ্রুবেঽপি মৃদুভে সৌম্যায়নে সদ্দিনে
তিথ্যাদৌ বিহিতে হরেরশয়নে শুক্লে চ কালে বিধৌ।
কেন্দ্রে সৌম্যখগে ভবত্রিরসগে পাপে বিলগ্নাৎ শুভং
দেবানাং ঘটনং জলাশয়-সুরারাম-প্রতিষ্ঠা তথা॥ শা, বি

পুষ্যা, অশ্বিনী, হস্তা, স্বাতী, পুনর্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতীনক্ষত্রে, উত্তরায়ণে, শুভবারে, শুভ তিথি যোগ, করণে, হরিজাগরণে, শুদ্ধকালে, শুভচন্দ্রে, লগ্নের কেন্দ্রে শুভ গ্রহ এবং একাদশ, তৃতীয়, ষষ্ঠে পাপ গ্রহের অবস্থানে দেবতা গঠন, জলাশয় প্রতিষ্ঠা, দেবপ্রতিষ্ঠা, উদ্যানপ্রতিষ্ঠা শুভা।

## যাম্যায়নে দেবতা বিশেষ প্রতিষ্ঠা

বারাহ মাতৃ মহিষাসুর মর্দিনীনাং
শ্রীবামনস্য চ নৃসিংহক ভৈরবীণাম্।
যাম্যায়নেঽপি গদিতা শুভদা প্রতিষ্ঠা
তারাদিকে ত্রিদশ-সং স্থিতি সংপ্রদিষ্টে ॥ ব, তি

দেবপ্রতিষ্ঠোক্ত নক্ষত্রাদিতে দক্ষিণায়নে ও বরাহ, মাতৃগণ, মহিষমর্দিনী, বামন, নরসিংহ, ভৈরবী ও ভৈরবের প্রতিষ্ঠা শুভা।

## জলাশয়ারম্ভঃ

তোয়েজ্য ধ্রুব চন্দ্র বারুণমঘা হস্তানুরাধার্থভে
শুক্লেঽথো জলরাশিগে হিমকরে শুদ্ধে চ সূর্যে বিধৌ।
সদ্‌বারাদিযু লগ্নগে শুভ খগে সৌম্যে নবাংশে তথা
শুক্রে চাম্বরগে জলাশয় সমারম্ভো ভবেৎ শোভনঃ ॥ শা, বি

পূর্বাষাঢ়া, পুষ্যা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, মৃগশিরা, শতভিষা, মঘা, হস্তা, অনুরাধা, ধনিষ্ঠানক্ষত্রে শুক্লপক্ষে, কর্কট, মকর, কুম্ভ, মীনরাশিস্থ চন্দ্রে, রবিশুদ্ধি ও চন্দ্রশুদ্ধিতে, শুভযুক্তলগ্নে বা শুভগ্রহের নবাংশে, শুক্র দশমস্থ হইলে জলাশয়ারম্ভ শুভ।

## বিষ্ণু-ব্রহ্ম-শিব-প্রতিষ্ঠা

ভানৌ চোত্তরগে সিতে শুভদিনে লগ্নে সুযুক্তেক্ষিতে
পৌষ্ণাশ্বি ধ্রবচন্দ্রভাদিতিধনাচার্য্যার্কভে শ্রীহরেঃ।
ব্রহ্মার্দ্রামঘব শ্রবাস্ত্য পিতৃভান্যেষাং দ্বয়ে মিত্রকে
পুষ্যাবাতকরেষু চ রুদ্র-হরয়োশ্চাপি প্রতিষ্ঠা শুভা ॥ শা, বি

উত্তরায়ণে, শুক্লপক্ষে, শুভবারে, শুভযুক্ত বা শুভ দৃষ্ট লগ্নে, রেবতী, অশ্বিনী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, মৃগশিরা, পুনর্বসু, ধনিষ্ঠা, পুষ্যা, হস্তানক্ষত্রে বিষ্ণুপ্রতিষ্ঠা শুভা। রোহিণী, মৃগশিরা, আর্দ্রা, পুনর্বসু, জ্যেষ্ঠা, মূলা, শ্রবণা, ধনিষ্ঠা, রেবতী, অশ্বিনী, মঘা, পূর্বফল্গুনী, অনুরাধা, পুষ্যা, স্বাতী, হস্তা নক্ষত্রে পূর্বোক্ত বিষ্ণু প্রতিষ্ঠোক্ত অয়ন, পক্ষ, বার, লগ্নাদিতে বৃক্ষ প্রতিষ্ঠা ও শিব প্রতিষ্ঠা শুভা।

## বৃক্ষলতা রোপণম্

লঘুধ্রুবাধীশমূলভে মৃদুধ্রুবে চ শোভনম্।
বিমন্দভূমিজে দিনে লতাদ্রুমাদি-রোপণম্॥ প্র, পি

পুষ্যা, অশ্বিনী, হস্তা, বিশাখা মূলা, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তভাদ্রপদ, রোহিণী, নক্ষত্রে, শনি মঙ্গল ভিন্নবারে বৃক্ষলতাদির স্থানান্তরে রোপণ শুভ।

## শান্তিক পৌষ্টিক মুহূর্তঃ

ধ্রুবচর মৃদুপৈত্রক্ষিপ্রভে শোভনেন্দৌ
সুতিথিকরণ যোগে চাপি মৌঢ্যাদিদোষে।
শুভদিন ইনবারে সদ্‌বিলগ্নে চ শান্তি-
স্ত্বথ ধবলকপক্ষে পৌষ্টিকং সংবিধেয়ম্॥ মা, নী

উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, স্বাতী, পুনর্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, মঘা, পুষ্যা, অশ্বিনী, হস্তানক্ষত্রে, চন্দ্রশুদ্ধিতে, শুভ-তিথি, করণ, যোগে, কালশুদ্ধি না থাকিলেও শুভগ্রহের বারেও রবিবারে, শুভক্ষেত্রস্থলগ্নে শান্তি কর্ম বিধেয়। এই সকল নক্ষত্রাদিতে শুক্লপক্ষে পৌষ্টিক কর্ম শুভ। গ্রহদোষাদি শান্তির জন্য যে কর্ম সম্পাদিত হয় তাহা শান্তিকর্ম। অভীষ্টলাভকামনায় যে কর্ম বিহিত হয় তাহা পৌষ্টিক কর্ম।

## গুর্জরদেশ প্রসিদ্ধাশুভ-হবন নক্ষত্রাণি

দিনকরজ্ঞ সিতার্কি নিশাকর ক্ষিতিজগীষ্পতি দানব কেতবঃ।
রবিভত স্ত্রিকভেষ্বধিপাঃ ক্রমাৎ কুখগভে হবনং নতু শোভনম্॥ দ্রু, বি

রবিস্থিত নক্ষত্র হইতে তিন তিন নক্ষত্রক্রমে সূর্য্য, বুধ, শুক্র, শনি, চন্দ্র, মঙ্গল, বৃহস্পতি, রাহু, কেতুর নক্ষত্র। অশুভ গ্রহের নক্ষত্রে হোম শুভকর নহে। ইহা গুর্জর দেশের প্রসিদ্ধ নিয়ম।

## বহ্নিস্থিতিঃ

সৈকা বার যুতা তিথিঃ শ্রুতিহৃতা শেষৈশ্চ বহ্নিস্থিতিঃ
শূন্যে বা দহনে ক্ষিতৌ শুভমিদং বহ্নিঃ ফলং শেষকে।
পাতালে ধনহৃদ্ ভুজে হিমকরে স্বর্গে তথা প্রাণহা
সংস্কারে নচ বার্ষিকেঽগ্নিগণনা নৈমিত্তিকে বৈষ্ণবে।। শা, বি

শুক্লপ্রতিপদাদি তিথি সংখ্যার সহিত বারের সংখ্যা এবং ১ যোগ করিয়া ৪ ভাগ করিলে যে শেষ থাকিবে তাহা দ্বারা বহ্নির স্থিতিস্থান ও ফল জানিবে। শূন্য বা তিন শেষে পৃথিবীতে অগ্নির বাস ফল শুভ। দুই শেষে পাতালে ফল ধনহানি ১ শেষে স্বর্গে ফল প্রাণ হানি। বিবাহাদি সংস্কারে, বার্ষিক ক্রিয়ায়, রোগজনিত শান্তি প্রভৃতি নৈমিত্তিক কার্যে, বিষ্ণুবিষয়ক ক্রিয়ায় বহ্নিনিবাস গণনা করিবে না।

## নেপাল দেশ প্রসিদ্ধ শিব স্থিতিঃ

দ্বিঘ্নাৎ পঞ্চযুতাৎ তিথের্নগহৃতাদ্ জ্ঞেয়া শিবস্য স্থিতিঃ
কৈলাসে গিরিজা সমং বৃষভকে সংসৎস্থলে ভোজনে।
ক্রীড়ায়াং স্থিতিমান্ শ্মশানবিষয়ে চৈকাদি শেষাৎ ফলম্
সৌখ্যং সৌখ্যধনে নৃমানমশনং তাপো মৃতঃ স্যাৎ ক্রমাৎ।। শা, বি

শুক্লপ্রতিপদাদি তিথির সংখ্যাকে ২গুণ করিয়া ৫ যোগ ৭ ভাগ করিলে একাদি শেষে শিবস্থিতি জানিবে। ১ শেষে কৈলাসে ফল সুখ, ২ শেষে গিরিজা সমীপে ফল সুখ, ৩ শেষে বৃষোপরি ফল ধনলাভ, ৪ শেষে সভাস্থানে ফল মান, ৫ শেষে ভোজনে ফল ভোজন, ৬ শেষে ক্রীড়ায় ফল তাপ, ৭ শেষে শ্মশানে ফল মৃত্যু।

## দীক্ষা

জ্যৈষ্ঠাষাঢ়ক চৈত্রভাদ্ররহিতে বারে শুভেঽর্কেঽহ্নিবা
রিক্তাষ্টাষ্টম ষষ্ঠ বর্জিত তিথৌ যোগাদিকে শোভনে।

রুদ্রেন্দ্রাহিধনাগ্নি বিষ্ণুযমভং ত্যক্ত্বান্যভে সদ্বিধৌ
লগ্নাৎ কোণ চতুষ্টয়ে শুভখগে দীক্ষা শুভা কীর্ত্তিতা ॥ শা, বি

জ্যৈষ্ঠ, আষাঢ়, চৈত্র, ভাদ্র ভিন্ন মাসে, শুভবারে বা রবিবারে, রিক্তা, প্রতিপদ্, অষ্টমী, ষষ্ঠী ভিন্ন তিথিতে, শুভযোগে ও করণে, আর্দ্রা, জ্যেষ্ঠা, অশ্লেষা, ধনিষ্ঠা, কৃত্তিকা, শ্রবণা, ভরণী ভিন্ন নক্ষত্রে, চন্দ্রশুদ্ধিতে, লগ্নের কোণে ও কেন্দ্রে শুভ গ্রহ থাকিলে দীক্ষা শুভ।

## দীক্ষায়াং বিশেষ শুভকালাঃ

যুগাদ্য মন্বন্তর সূর্য্যসংক্রমে গ্রহে রবীন্দ্বো স্তথ দেবপর্বসু।
সোমেঽপ্যমা চেৎ ক্ষিতিজে চতুর্দশী সপ্তম্যথার্কে শুভদং তু দীক্ষণম্ ॥ উ, জা

যুগাদ্য, মন্বন্তর, সায়ন ও নিরয়ণ সূর্য্য সংক্রান্তি, সূর্য্যগ্রহণ, চন্দ্রগ্রহণ, দেবপর্ব, অমাবস্যাযুক্ত সোমবার, চতুর্দশীযুক্ত মঙ্গলবার, সপ্তমীযুক্ত রবিবারে দীক্ষা শুভ।

## অষ্টৌ দেবপর্বাণি

দীক্ষায়াং নবমী ত্রয়োদশ চতুর্দশ্যো মধৌ শুক্লকে
চান্দ্রে মাসিচ মাধবে ধবলকে পক্ষে তথৈকাদশে।
জৈষ্ঠে শক্র তিথিদ্বয়ং দশহরা চৈকাদশী শুক্লকেঽ
প্যাষাঢ়োভয় পঞ্চমী নভসি সা কৃষ্ণে সিতৈকাদশী ॥ শা, বি
ষষ্ঠী ভাদ্রসিতেঽষ্টমী সিতইষে কৃষ্ণে চতুর্দশ্যথ
ঊর্জোঽথো নবমী সিতেঽপি নবমী মার্গে তৃতীয়া সিতে
পৌষে শক্ররসগ্রহা ধবলকে মাঘে চ রুদ্রাগমা
মুখ্যে ফাল্গুনকে সিতে রসখগাষ্টৌ দেবপর্বাণি বৈ ॥ শা, বি

মুখ্যচান্দ্র চৈত্রমাসে শুক্লপক্ষে নবমী, ত্রয়োদশী, চতুর্দশী, বৈশাখে শুক্লে একাদশী, জৈষ্ঠে উভয় পক্ষের চতুর্দশী, শুক্লপক্ষে দশহরা দশমী ও একাদশী, আষাঢে উভয় পক্ষের পঞ্চমী, শ্রাবণ কৃষ্ণে পঞ্চমী, শুক্লে একাদশী, ভাদ্রে শুক্ল ষষ্ঠী, আশ্বিনে শুক্লাষ্টমী, কৃষ্ণচতুর্দশী, কার্ত্তিকে শুক্লনবমী, মার্গশীর্ষে শুক্ল নবমী ও তৃতীয়া, পৌষে শুক্লে ষষ্ঠী, নবমী, চতুর্দশী, মাঘে শুক্লে একাদশী, চতুর্থী; ফাল্গুনে শুক্লে ষষ্ঠী, নবমী, অষ্টমী দেবপর্ব নামে প্রসিদ্ধ।

## বেতালসিদ্ধি প্রারম্ভঃ

পৈত্রেন্দু মূলান্তকরুদ্র তারে ঘটে তনৌ জ্ঞেচ সুখে দ্বিতীজ্যে।
মৃত্যৌ বিখেটে ত্বপি বীরকাম্য বেতাল সিদ্ধেঃ পরিশীলনং সৎ ।। উ, জা

মঘা, মৃগশিরা, মূলা, ভরণী, আর্দ্রা নক্ষত্রে, কুম্ভলগ্নে, লগ্নে বুধ, চতুর্থে শুক্র, অষ্টমে গ্রহহীন হইলে বেতালসিদ্ধি প্রারম্ভ শুভ

## শিল্পচিত্র শিক্ষা

মৃদুধ্রুবক্ষিপ্রচরেঽঙ্গকর্মগে বুধে গুরৌ বাপ্যনয়োশ্চ বর্গগে।
বিধৌ দৃষদ্ দারুষু কারু-বর্ণক-বিদ্যাগ্রহঃ সিদ্ধিকরো নিগদ্যতে ।। উ, জা

চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, পুষ্যা, অশ্বিনী, হস্তা, স্বাতী, পুনর্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা নক্ষত্রে, লগ্নে বা দশমে বুধ বা বৃহস্পতির অবস্থানে, বুধ বা বৃহস্পতির কোনও বর্গে চন্দ্রের অবস্থানে, প্রস্তর বা কাষ্ঠ বিষয়ক শিল্প ও চিত্র বিদ্যারম্ভ শুভ।

## নৃত্য গীতবাদ্য শিক্ষা

মৃদুধ্রুবার্থার্ক শতানিলেন্দ্রভে সেজ্যে বিভৌমার্ক দিনেজ্ঞতে তনৌ।
সজ্ঞেন্দুকে বা সুযুতে তথাম্বুসি শুভেচ সন্নর্ত্তন গানবাদনম্ ।। উ, জা

চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, ধনিষ্ঠা, হস্তা, শতভিষা, স্বাতী, জ্যেষ্ঠা, পুষ্যানক্ষত্রে, মঙ্গল শনি ভিন্ন বারে, মিথুন বা কন্যালগ্নে, লগ্নে বুধ, চন্দ্রের যোগে, চতুর্থে শুভগ্রহের অবস্থানে নৃত্য, গীত, বাদ্য শিক্ষারম্ভ শুভ।

## পরীক্ষা

ত্যক্ত্বা জন্মর্ক্ষমাসৌ মৃতিগ-রবিবিধূ ভানি নাড্যাহ্বয়ানি
জন্মাদ্যানি হ্যকালং কুজশনি দিবসৌ বিষ্টি শক্রাষ্টমীশ্চ।
জ্যেষ্ঠা হস্তাশ্বিনাথাদিতিমুররিপুভে দ্বিস্বভাবে চরেঽথো
লগ্নে বা তন্নবাংশেঽপ্যড়ু গুরু রজনীনাথ শুদ্ধৌ পরীক্ষা ॥ স্র, ধ

জন্মনক্ষত্র, জন্মমাস, জন্মরাশি হইতে অষ্টমস্থ রবি ও চন্দ্র, জন্ম কর্মাদি ষট্‌নাড়ী নক্ষত্র, অকাল, মঙ্গল ও শনিবার, বিষ্টিভদ্রা, চতুর্দশী, অষ্টমী এই সকল

বর্জন করিয়া, জ্যেষ্ঠা, হস্তা, শতভিষা, পুনর্বসু, শ্রবণা নক্ষত্রে, দ্ব্যাত্মক বা চরলগ্নে বা তাহাদের নবাংশে, তারা, বৃহস্পতি ও চন্দ্রশুদ্ধিতে পরীক্ষা ক্রিয়া বিহিত।

## সামান্যতঃ সকল শুভকার্য্যেষু লগ্নশুদ্ধিঃ

স্বাঙ্গাৎ স্বভাদ্ বোপচিতৌ বিলগ্নকে শুভেক্ষিতে বা সুযুতে গ্রহোজ্ঝিতে।
ব্যয়েঽষ্টমেঽথোপচয়ে সুধাকরে প্রারব্ধকৃত্যানি সুসিদ্ধিমাপ্নুয়ুঃ॥ উ, জা

জন্মলগ্ন বা জন্মরাশি হইতে তৃতীয়, ষষ্ঠ, দশম বা একাদশ রাশিতে প্রারব্ধ কালীন লগ্ন, তাহাতে শুভগ্রহের দৃষ্টি বা অবস্থান, লগ্নের দ্বাদশ ও অষ্টমে গ্রহহীন এবং তৃতীয়, ষষ্ঠ, দশম বা একাদশে চন্দ্র থাকিলে সকল কার্য্য সুসিদ্ধ হয়।

## বৈধব্যনাশোপায়ঃ*

লগ্নাদ্ বাপি নিশাকরাদ্ ব্যয়মদাস্টাম্বাব্ধিগেহস্থিতো-
ভর্ত্তুর্দার বিনাশকঃ ক্ষিতিসুতঃ পত্ন্যাস্তথা ভর্ত্তৃহা।
অন্যোন্যং যদি নাশকস্তবনিজো বান্যোন্যহা পাপক-
আচার্য্যেণ নিরীক্ষিতস্তথ কুজঃ সৌখ্যপ্রদো দোষহা। শা, বি

স্বামীর লগ্ন বা চন্দ্র হইতে দ্বাদশ, সপ্তম, অষ্টম, প্রথম, চতুর্থ রাশিতে মঙ্গল থাকিলে স্ত্রী নাশ হয়। স্ত্রীর লগ্ন বা চন্দ্র হইতে এই সকল স্থানে মঙ্গল থাকিলে স্বামী নাশ হয়। উভয়ের রাশিচক্রে যদি মঙ্গল পরস্পরের নাশক হয় অথবা যদি অন্য পাপ গ্রহ পরস্পরের নাশক হয় অথবা যদি মঙ্গল বৃহস্পতি দ্বারা দৃষ্ট হয় তবে সেই গ্রহ বৈধব্যকর বা স্ত্রীনাশক হইবে না সৌখ্যপ্রদ হইবে।

## বৈধব্যশান্তিঃ

অশ্বত্থেন সহাচ্যুতেন সলিলৈঃ পূর্ণেন কুম্ভেন বা
কন্যায়াঃ প্রথমং বিবাহমথবা সম্পাদ্য ভর্ত্রা পুনঃ।
বৈধব্যং হ্যপহন্যতে পরিণয়ে ভৌমাদিকানাং তথা
শান্তিং বাপি সমাচরেৎ খলখগো নো সদৃশশ্চেৎ তদা॥ শা, বি

রাশিচক্রে মঙ্গল বা অন্য পাপ গ্রহ পরস্পর নাশকস্বরূপ সমান দোষকর যদি

না থাকে তবে প্রথমে অশ্বত্থবৃক্ষ, বিষ্ণু প্রতিমা বা জলপূর্ণ কুম্ভের সহিত কন্যার বিবাহ সম্পাদন করিয়া পুনরায় বরের সহিত বিবাহ দিবে এবং ভৌমাদি দুষ্টগ্রহের শান্তি করিবে। ইহাতে বৈধব্য দোষ নষ্ট হয়।

*মৎ প্রণীত জাতকবল্লভে পত্নীনাশক ও স্বামীনাশক বহু যোগ উল্লিখিত হইয়াছে।

## হলপ্রবাহঃ

পৈত্রাস্রপ দ্বীশচরে মৃদুধ্রুব ক্ষিপ্রেচ ভৌমার্কিমৃতেঽহ্নি সদ্বিধৌ।
তিথৌ বিরিক্তাষ্টম ষষ্ঠকেঽহলিগো দ্ব্যঙ্গে সুযোগাদিষু কর্ষণং শুভম্ ॥ উ,জা

মঘা, মূলা, বিশাখা, স্বাতী, পুনর্ব্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, পুষ্যা, অশ্বিনী, হস্তানক্ষত্রে, শনি মঙ্গল ভিন্ন বারে, চন্দ্রশুদ্ধিতে, রিক্তা, অষ্টমী, ষষ্ঠী ভিন্ন তিথিতে, বৃশ্চিক, বৃষ, মিথুন, কন্যা, ধনু, মীনলগ্নে, শুভ যোগ ও করণে, হলকর্ষণ শুভ।

## হলচক্রম

সূর্যেণ মুক্তাদশুভং ত্রয়ং ভং ততোঽষ্টকং সন্নবকং ন চেষ্টম্।
ততোঽষ্টভং সদ্ হলবাহঋক্ষং জগৌ বাসিষ্ঠোঽত্র হলাখ্যচক্রে ॥ উ, জা

যে নক্ষত্রে সূর্য্য অবস্থিত তাহার পূর্ববর্ত্তী নক্ষত্রের নাম সূর্য্যমুক্ত নক্ষত্র ভরণীতে সূর্য্য থাকিলে অশ্বিনী সূর্য্যমুক্ত নক্ষত্র। সূর্য্যমুক্ত নক্ষত্র হইতে ৩ নক্ষত্র অশুভ, তৎপরে ৮ নক্ষত্র শুভ, তৎপরে ৯ নক্ষত্র অশুভ, তৎপরে ৮ নক্ষত্র শুভ। বসিষ্ঠ ঋষি হলপ্রবাহ কার্য্যে এইরূপ ফল বলিয়াছেন।

## বীজোপ্তি চক্রম্

শস্যং নৈব মুখে ত্রিভেঽথ গলকে স্যাৎ কজ্জলং ভত্রয়ে
ভানাং দ্বাদশ তূদরেঽধিক ফলং পুচ্ছে চতুষ্কং ক্ষয়ঃ।
বাহ্যে পঞ্চক মীতি রোগভয়দং বীজোপ্তি চক্রং ত্বিদং
সূর্যর্ক্ষাৎ স্বরশাস্ত্রকে নিগদিতং রাহোর্ভতঃ কৈশ্চন ॥ শা,বি

সূর্য্যাবস্থিত নক্ষত্র হইতে সর্পের মুখে ৩ নক্ষত্র ফল শস্যহীনতা, গলে ৩ ফল কজ্জলবৎ দগ্ধতা, উদরে ১২ ফল শস্য বৃদ্ধি, পুচ্ছে ৪ ফল শস্যক্ষয়, বাহিরে ৫ নক্ষত্রফল অতিবৃষ্টি প্রভৃতি ঈতি ও রোগ ভয়। কেহ কেহ রাহুস্থিত নক্ষত্র হইতে এইরূপ গণনা করিয়াছেন। অশুভনক্ষত্রে বীজ বপন অশুভ।

## বীজবপনম্ ধান্যরোপনং চ

হলোক্ত ঋক্ষে বিকুজার্কিবাসরে বীজোপ্তিরিষ্টা স্বনরস্থিরোদয়ে।
দ্বীশার্যম ব্রহ্মশতত্রয়াস্রপে বিভৌম মন্দেঽহ্নি চ ধান্যরোপণম্॥ উ,জ্য

হলকর্ষণোক্ত নক্ষত্রে, মঙ্গল শনি ভিন্ন বারে, জন্মলগ্ন, দ্বিপদ লগ্ন, স্থিরলগ্নে বীজ বপন শুভ।

বিশাখা, উত্তরফল্গুনী, রোহিণী, শতভিষা, পূর্বভাদ্রপদ, মূলা নক্ষত্রে, মঙ্গল শনি ভিন্ন বারে ধান্য রোপণ শুভ।

## ধান্যচ্ছেদনম্

তীক্ষ্ণোত্তরার্কাগ্নিযমশ্রবার্থভ চন্দ্রাজপাৎ ত্বষ্টৃযুগপ্ মঘেজ্যকে।
মন্দারবর্জ্যে তিথিযোগশোভনে ধান্যচ্ছিদা স্বাস্থির মানবোদয়ে॥ ই, বং

অশ্লেষা, আর্দ্রা, জ্যেষ্ঠা, মূলা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, হস্তা, কৃত্তিকা, ভরণী, শ্রবণা, ধনিষ্ঠা, মৃগশিরা, পূর্বভাদ্রপদ, চিত্রা, স্বাতী, পূর্বাষাঢ়া, মঘা, পুষ্যা নক্ষত্রে; শনি মঙ্গল ভিন্ন বারে; শুভ তিথি, যোগ, করণে, জন্মলগ্ন, স্থির লগ্ন ও দ্বিপদ লগ্নে ধান্য চ্ছেদন শুভ।

## ধান্যমর্দনং ধান্যবর্দ্ধনং চ

মৈত্রত্রয়েঽন্ত্যে শ্রবণে মঘাত্রয়ে ব্রাহ্মে তথা ধান্যবিমর্দনং শুভম্।
জ্যেষ্ঠা ধ্রুববীশচরাশ্বিনী সুরাচার্য্যে শুভং স্যাদপি ধান্য বর্দ্ধনম্॥ ই,বং

অনুরাধা, জ্যেষ্ঠা, মূলা, রেবতী, শ্রবণা, মঘা, পূর্বফল্গুনী, উত্তর ফল্গুনী, রোহিণী নক্ষত্রে ধান্য মর্দন ( বিচুলী করণ, ধান ভানা ) শুভ।

জ্যেষ্ঠা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, বিশাখা, স্বাতী,

পুনর্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, অশ্বিনী, পুষ্যা, নক্ষত্রে, ধান্যবর্দ্ধক (অধিক ধান দেওয়ার চুক্তিতে ধান দেওয়া) শুভ।

## ধান্যস্থাপনম

মৃদুধ্রুবক্ষিপ্রচরাস্রপক্ষর্কে তিথ্যাদিকে সংবিহিতে সুবাসরে।
নক্রস্থির দ্ব্যঙ্গবিলগ্নকে তথা ধান্যাদি শস্যস্থিতি রিন্দিরাপ্রদা॥ উ, জ

চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ রোহিণী, পুষ্যা, অশ্বিনী, হস্তা, স্বাতী, পুনর্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা মূলা, নক্ষত্রে; বিহিত তিথি, করণ, যোগে; শুভবারে; মকর, স্থির ও দ্ব্যাত্মক লগ্নে ধান্যাদি শস্যস্থিতি (গোলাদিতে স্থাপন) লক্ষ্মী দায়িনী।

## ঋণদানং ঋণগ্রহণং চ

চর মৃদুসুরপূজ্য দ্বীশদস্রে চরেহঙ্গে
নবমসুতগ সৌম্যে চাষ্টমে খেটহীনে।
গ্রহণ মপিচ দানং শোভনং স্যাদৃণস্য
ন সকরভ ইনেহহ্নি জ্ঞে কুজে নৈব বৃদ্ধৌ॥ মা, না

স্বাতী, পুনর্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, চিত্রা, অনুরাধা, মৃগশিরা রেবতী, পুষ্যা, বিশাখা, অশ্বিনী নক্ষত্রে, চরলগ্নে; লগ্নের নবমে বা পঞ্চমে শুভগ্রহের যোগে, অষ্টমে গ্রহহীনে; ঋণদান ও ঋণগ্রহণ শুভ কিন্তু হস্তানক্ষত্রযুক্ত রবিবারে, এবং বুধবারে, মঙ্গলবারে, বৃদ্ধিযোগে ঋণদান বা ঋণগ্রহণ অশুভ।

## নৌকা ব্যোমযানাদি নির্মাণম্

দ্বীশেন্দ্রান্তক রুদ্র পৈত্রহুতভুগ্ ব্রহ্মাহি ভিন্নর্ক্ষকে
বারে সূর্যসিতেজ্যকে হিমকরে তারে চ শুদ্ধে তথা।
সিংহ দ্বন্দ্ব কুমারিকা ঘট-গতে লগ্নে মুনীন্দ্রা জগু-
র্বারি ব্যোম ধরাতলেষু গমনে নৌকাদিকৃত্যং শুভম্॥ শা, বি

বিশাখা, জ্যেষ্ঠা, ভরণী, আর্দ্রা, মঘা, কৃত্তিকা, রোহিণী, অশ্লেষা ভিন্ন নক্ষত্রে, রবি, শুক্র ও বৃহস্পতিবারে ; চন্দ্র তারা শুদ্ধিতে ; সিংহ মিথুন, কন্যা, কুম্ভলগ্নে, জলে গমনার্থ নৌকা, জলপোত, অর্ণবযানাদি ; অন্তরীক্ষে ব্যোমযান ( এরোপ্লেন ) স্থলে গমনার্থ বাষ্পীয়যান, বিদ্যুদ্‌যানাদি নির্মাণ শুভ।

## নৌকাদি চালনং নৌকাদি যাত্রা চ

মৈত্রাশ্বিযোন্যর্ক ধনেন্দু বিষ্ণুভে নৌকাদি সংচালন মিষ্টদং স্বহে ।
লঘ্বর্থ পূর্বাচ্যুত মিত্র চন্দ্রভে তেষাং গতি র্লগ্নদিনেন্দুভে শুভে ॥ ই, বং

অনুরাধা, অশ্বিনী, পূর্বফল্গুনী, হস্তা, ধনিষ্ঠা, মৃগশিরা, শ্রবণা নক্ষত্রে শুভবারে নির্মাণ স্থান হইতে নৌকা, অর্ণবযান, ব্যোমযান, বাষ্পীয় যানাদির সংচালন শুভ। পুষ্যা, অশ্বিনী, হস্তা, ধনিষ্ঠা, পূর্বফল্গুনী, পূর্বাষাঢ়া, পূর্ব-ভাদ্রপদ, শ্রবণা, অনুরাধা মৃগশিরা নক্ষত্রে শুভলগ্নে, শুভবারে, চন্দ্রতারাশুদ্ধিতে নৌকাদির যাত্রা শুভকরী।

## রাজদর্শনম্

ধ্রুবেন্দ্রাশ্বিকরেজ্য : বিষ্ণুভে শুদ্ধে বিধৌ ভৌম শনীতরে দিনে ।
লগ্নে মৃগেন্দ্রাৰি তনু বৃষে শুভে কেন্দ্রেঽথ কোণে নৃপদর্শনং হিতম্ ॥
উ, জা

চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, ধনিষ্ঠা, অশ্বিনী, হস্তা, পুষ্যা, শ্রবণানক্ষত্রে ; চন্দ্রশুদ্ধিতে, শনি মঙ্গল ভিন্নবারে, সিংহ মিথুন, কন্যা, ধনু মীন বৃষলগ্নে ; কেন্দ্রে বা কোণে শুভগ্রহ থাকিলে রাজদর্শন শুভ।

## প্রভুসেবা

ক্ষিপ্রে মৃদৌ চ জ্ঞসিতেজ্যভানো বারেঽম্বরায়ে দিনপে কুজে বা ।
লগ্নে শুভে রাশিপয়োশ্চ যোন্যো মৈত্র্যাং প্রভোঃ সেবন মিষ্টমুক্তম্ ॥
ই, ৭

পুষ্যা, অশ্বিনী, হস্তা, চিত্রা অনুরাধা, মৃগশিরা রেবতী নক্ষত্রে, বুধ, শুক্র, বৃহস্পতি ও রবিবারে ; লগ্নের দশমে বা একাদশে রবি বা মঙ্গলের এবং লগ্নে

শুভগ্রহের অবস্থানে প্রভু ও সেবকের রাশি পতিদ্বয়ের ও রাশিযোনির মিত্রতায় প্রভু সেবারম্ভ শুভ।

## অস্ত্রধারণম্

দ্বীশেন্দ্রাদিতি-পূষ মিত্র লঘুভ-ত্বষ্টৃ ধ্রুবে সৎতিথৌ
কেন্দ্রে সৎখচরে তনৌ স্থিরগৃহে সৌম্যেক্ষিতে সদ্‌বিধৌ।
বারে সূর্য সুরেজ্য দৈত্যসচিবে বর্মাসিপুত্রী-বৃহ-
ন্নাল-প্রাশ-কৃপাণ-নাল-ধনুষাং সংধারণং শর্মদম্॥ শা, বি

বিশাখা, জ্যেষ্ঠা, পুনর্বসু, রেবতী, অনুরাধা, পুষ্যা অশ্বিনী, হস্তা, চিত্রা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী নক্ষত্রে, সুতিথি, যোগাদিতে, কেন্দ্রে শুভগ্রহের যোগে, স্থিরলগ্নে, চন্দ্র শুভদৃষ্ট ও শুদ্ধ থাকিলে, রবি, বৃহস্পতি ও শুক্রবারে ; বর্ম, ছুরিকা, কামান, লগুড়, খড়্গ, বন্দুক, ধনু প্রভৃতি ধারণ শুভ।

## খড়্গাদি নির্মাণম্

তীক্ষ্ণোগ্র বাজীন্দু বিশাখ বহ্নিষু যোগে তিথৌ বা করণেঽপি শুদ্ধকে।
লগ্নে শুভে শোভন বাসরে তথা খড়গাদি নির্মাণ মথো শুভং স্মৃতম্॥
ই, বং

অশ্লেষা, আর্দ্রা, জ্যেষ্ঠা মূলা, পূর্বফল্গুনী, পূর্বাষাঢ়া, পূর্বভাদ্রপদ, মঘা, ভরণী, অশ্বিনী, মৃগশিরা, বিশাখা, কৃত্তিকা নক্ষত্রে, শুভযোগ, তিথি, করণে, শুভলগ্নে, শুভবারে, স্থল, জল ও অন্তরীক্ষে প্রযোজ্য খড়্গাদি সর্ববিধ অস্ত্র, শস্ত্র নির্মাণারম্ভ শুভকর।

## অলঙ্কার নির্মিতিঃ

স্বর্ণাদ্যাভরণং ত্রিপুষ্কর চর ক্ষিপ্রেঽথ রত্নান্বিতং
দ্বীশ ক্ষিপ্রচর ধ্রুবাগ্নি মৃদুভেঽহ্ন্যঙ্গে চ ভেঽর্কাসৃজো।
মুক্তা হীরক রৌপ্য সংযুত মথো বারে সিতেন্দ্বোশ্চ ভে
লগ্নে ক্ষিপ্রচর ধ্রুবে চ শুভদন্ত্বেতজ্ জগুঃ কোবিদাঃ॥ শা, বি

ত্রিপুষ্করযোগোক্ত ভগ্নপাদ কৃত্তিকা, পুনর্বসু, উত্তরফল্গুনী, বিশাখা, উত্তরাষাঢ়া, পূর্বভাদ্রপদ নক্ষত্রে এবং স্বাতী, পুনর্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, পুষ্যা, অশ্বিনী, হস্তা নক্ষত্রে স্বর্ণাদি অলঙ্কার নির্মাণ শুভ। বিশাখা, পুষ্যা, অশ্বিনী, হস্তা, স্বাতী, পুনর্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, কৃত্তিকা, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী নক্ষত্রে; রবি ও মঙ্গলবারে; রবি ও মঙ্গলের ক্ষেত্রস্থিত সিংহ, মেষ, বৃশ্চিক লগ্নে রত্নযুক্ত আভরণ নির্মাণ শুভ। পুষ্যা, অশ্বিনী, হস্তা, স্বাতী, পুনর্বসু, শ্রবণা ধনিষ্ঠা, শতভিষা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী নক্ষত্রে, সোমবার বা শুক্রবারে; সোম ও শুক্রের ক্ষেত্রস্থিত লগ্নে মুক্তা, হীরক, রৌপ্যযুক্ত আভরণ নির্মাণ শুভ।

## মুক্তাদি ধারণম্

পীযূষাং শু-শনৈশ্চরোজ্ঝিত দিনে যোগাদিকে শোভনে
স্বাতী দ্বীশ-ধনাদিতি ধ্রুবমৃদুক্ষিপ্রে সপৈত্রে ধরেৎ।
মুক্তা-শঙ্খ-রদ-প্রবাল-কনকালঙ্কার-রত্নাদিকম্
মুক্তাদ্যং সধবা ধ্রুবাদিতি সুরেজ্যর্ক্ষে তু নো ধারয়েৎ॥ শা, বি

সোম ও শনি ভিন্ন বারে; শুভযোগ, তিথি, করণে: স্বাতী, বিশাখা, ধনিষ্ঠা, পুনর্বসু, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, পুষ্যা, অশ্বিনী, হস্তা, মঘা নক্ষত্রে স্ত্রী বা পুরুষ মুক্তা, শঙ্খ, হস্তিদন্ত, প্রবাল, স্বর্ণালঙ্কার, মাণিক্য, নীলাদি রত্ন ধারণ করিবে, কিন্তু সধবা স্ত্রী উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, পুনর্বসু, পুষ্যা নক্ষত্রে মুক্তা শঙ্খাদি ধারণ করিবে না।

## মুদ্রা নির্মাণং মদ্যারম্ভণং শয্যাদি সম্ভোগশ্চ

নো মন্দেন্দু দিনে চর ধ্রুবমৃদু ক্ষিপ্রেচ পূর্ণে জয়ে
সন্ মুদ্রাকরণং নৃপাকৃতিযুতং লগ্নেঽথ সৌম্যান্বিতে।
মদ্যারম্ভণ মুগ্রতীক্ষ্ণ বরুণে শয্যাসনোপানহাং
ভোগো ক্ষিপ্রমৃদুধ্রুবান্তক হরৌ শস্তস্তথা সাদিতৌ॥ শা, বি

শনি সোম ভিন্নবারে, স্বাতী, পুনর্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, উত্তরফল্গুনা, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, পুষ্যা, অশ্বিনী, হস্তা নক্ষত্রে; পূর্ণা ও জয়া তিথিতে, শুভগ্রহযুক্ত লগ্নে, রাজচিহ্নাঙ্কিত মুদ্রানির্ম্মাণারম্ভ শুভ।

পূর্বফল্গুনী, পূর্বাষাঢ়া, পূর্বভাদ্রপদ, মঘা, ভরণী, অশ্লেষা, আর্দ্রা, জ্যেষ্ঠা, মূলা, শতভিষা নক্ষত্রে মদ্য প্রস্তুতারম্ভ শুভ।

পুষ্যা, অশ্বিনী, হস্তা, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, ভরণী, শ্রবণা, পুনর্বসু নক্ষত্রে নূতন শয্যা, আসন, পাদুকা ভোগারম্ভ শুভ।

## নববস্ত্র পরিধানম্

লঘুধ্রুবদ্বীশ ধনান্ত্য মিত্র ভানিলে জ্ঞ শুক্রেজ্যদিনে নবাম্বরম্।
রক্তাম্বরং স্বার ইনেঽপি ধারয়েদ্ বিপ্রাজ্ঞয়া বোৎসবতোঽর্পিতং সদা॥
উ, জা

পুষ্যা, অশ্বিনী, হস্তা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী বিশাখা, ধনিষ্ঠা, রেবতী, অনুরাধা, স্বাতী নক্ষত্রে, বুধ, বৃহস্পতি, শুক্রবারে সর্ববিধ নূতন বস্ত্র পরিধান শুভ।

রবি ও মঙ্গলবারেও রক্তবস্ত্র পরিধান শুভকর। ব্রাহ্মণের আদেশে, বিবাহাদি উৎসবে, রাজাদি কর্তৃক অর্পিত বস্ত্র সর্বদাই পরিধান বিধেয়।

## নবান্ন শ্রাদ্ধম্

নন্দাং রিক্ত মথ ত্রয়োদশতিথিং জন্মেন্দু তারা-তিথান্
কৃষ্ণং প্রত্যরিতারকং শনিসিতারাহং চ সুপ্তিং হরেঃ।
জ্যেষ্ঠান্ত্যার্ধ বিশাখ চাপতুলকেঽন্ত্যো চার্ক মিন্দুং বধে
ত্যক্ত্বা ক্ষিপ্রচর ধ্রুবেচ মৃদুভে শ্রাদ্ধং নবান্নৈঃ শুভম্॥ শা, বি

প্রতিপদ, ষষ্ঠী, একাদশী, চতুর্থী, নবমী, চতুর্দশী, ত্রয়োদশী তিথি; জন্ম চন্দ্র, জন্ম তারা, জন্ম তিথি, কৃষ্ণপক্ষ, প্রত্যরিতারা, শনি, শুক্র ও মঙ্গলবার, হরিশয়ন, জ্যেষ্ঠা নক্ষত্রের শেষার্ধ, বিশাখা, ধনু, তুলা, মীন রাশিগত সূর্য্য এবং অষ্টম

চন্দ্র ত্যাগ করিয়া ; পুষ্যা, অশ্বিনী, হস্তা, স্বাতী, পুনর্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী নক্ষত্রে নবান্ন শ্রাদ্ধ শুভ।

## সন্ধিস্থাপনম্

যোনীজ্যামিত্রে করণেচ তৈতিলেহষ্টম্যাং তথা দ্বাদশকে তিথৌ তনৌ।
শুক্রেক্ষিতে বা সসিতে সুবাসরে সংধান মিষ্টং মুনয়শ্চচক্ষিরে॥

উ, জ্যা

পূর্বফল্গুনী, পুষ্যা. অনুরাধা নক্ষত্রে, তৈতিল করণে, অষ্টমী ও দ্বাদশী তিথিতে, শুভযুক্ত বা শুক্রদৃষ্ট লগ্নে, শুভ বারে, সন্ধি বা প্রীতি স্থাপন শুভ।

## করগ্রহারম্ভঃ

মৃদুধ্রুবদ্বীশ মঘাচরে তথা কুজার্কি ভিন্নেহহ্নি শুভে সুধাকরে।
তিথৌচ যোগে করণে ত্বনিন্দিতে শীর্ষোদয়েহঙ্গে শুভদঃ করগ্রহঃ॥ উ, জ্যা

চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ. রোহিণী, বিশাখা, মঘা, স্বাতী, পুনর্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা নক্ষত্রে, মঙ্গল, শনি ভিন্নবারে ; চন্দ্রশুদ্ধিতে ; অনিন্দিত তিথি. যোগ, করণে, শীর্ষোদয় লগ্নে প্রজা হইতে করগ্রহারম্ভ ( পুণ্যাহ ) শুভ।

## ক্রয় বিক্রয় বিপণি মুহূর্ত্তঃ

ক্ষিপ্রান্ত্য ধ্রু। চিত্রমিত্র হিমগৌ বারে বিভৌমে ঘটং
ত্যক্ত্বাঙ্গে বিপণিঃ শুভঃ শুভবিধৌ কেন্দ্রে চ কোণে শুভে।
পূর্বাশ মঘাহি বহ্নিষু শুভঃ স্যাদ্ বিক্রয়ো ন ক্রয়ঃ
পুষাশ্ব্যম্বুপ-চিত্র বিষ্ণুপবনে নো বিক্রয়ঃ সন্ ক্রয়ঃ॥ শা, বি

পুষ্যা, অশ্বিনী, হস্তা, রেবতী উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া. উত্তরভাদ্রপদ.. রোহিণী, চিত্রা, অনুরাধা, মৃগশিরা নক্ষত্রে ; মঙ্গল ভিন্ন বারে, কুম্ভ ভিন্ন লগ্নে. চন্দ্রশুদ্ধিতে, কেন্দ্রে বা কোণে শুভগ্রহের অবস্থানে হট্টাদিতে একদিবসে ক্রয় বিক্রয় বাণিজ্যারম্ভ শুভ।

পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, বিশাখা, কৃত্তিকা, অশ্লেষা, ভরণী নক্ষত্রে বিক্রয় শুভ, ক্রয় অশুভ। রেবতী, অশ্বিনী, শতভিষা, চিত্রা, শ্রবণা, স্বাতী নক্ষত্রে ক্রয় শুভ, বিক্রয় অশুভ।

## গোক্রয় বিক্রয় পশু রক্ষণ পশু যাত্রা কথনম্

ক্ষিপ্রেন্দ্রাস্রপমিত্র পূষ বসুযুক্ পূর্বাদিতি দ্বীশভে
সেন্দৌ গোক্রয় বিক্রয়ৌ শুভ করৌ গোষ্ঠে পশূনাং তথা।
রক্ষা বৈ সুতনৌ স্বযোনিভচরে শস্তা ত্বু মন্দাসৃজো-
রহ্নোর্নো গতিবেশনং শুভমথো বিষ্ণুধ্রুবত্বষ্টৃষু॥ শা, বি

পুষ্যা, অশ্বিনী, হস্তা, জ্যেষ্ঠা মূলা, অনুরাধা, রেবতী, ধনিষ্ঠা, শতভিষা, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, পুনর্ব্বসু, বিশাখা, মৃগশিরা নক্ষত্রে গবাদি পশুর ক্রয় বিক্রয় শুভ। অশ্বের যোনি অশ্বিনী ও শতভিষা, হস্তীর যোনি ভরণী ও রেবতী ইত্যাদি নিজ নিজ যোনি নক্ষত্রে এবং স্বাতী, পুনর্ব্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা নক্ষত্রে, শুভলগ্নে, গোষ্ঠে পশুরক্ষা শুভ, কিন্তু শনি ও মঙ্গলবারে, শ্রবণা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, চিত্রা নক্ষত্রে পশুদিগের যাত্রা ও গোষ্ঠে প্রবেশ শুভ নহে।

## অশ্বহস্তি প্রভৃতি বাহন ক্রয় বিক্রয়ৌ যানারোহণংচ

স্বাতীন্দ্বর্থশতান্ত্যা লঘ্বদিতিভেঽশ্বস্য ক্রয়াদ্যং শুভং
নত্বারেঽহ্নি চরাশ্বি হস্ত মৃদুভে সেজ্যে তথা হস্তিনঃ।
ক্ষিপ্রত্বষ্টচরেন্দু পূষসুদিনে ব্যঙ্গারকে বাহনে
পণ্যং ভূমজলান্তরীক্ষ চলনে যানে সদারোহণম্॥ শা, বি

স্বাতী, মৃগশিরা, ধনিষ্ঠা, শতভিষা, রেবতী, পুষ্যা, অশ্বিনী, হস্তা, পুনর্ব্বসু নক্ষত্রে, মঙ্গল ভিন্নবারে, অশ্বের ক্রয় বিক্রয় শুভ। স্বাতী, পুনর্ব্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, অশ্বিনী, হস্তা, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, পুষ্যা নক্ষত্রে, মঙ্গল ভিন্নবারে, হস্তীর ক্রয় বিক্রয় শুভ। পুষ্যা, অশ্বিনী, হস্তা, চিত্রা, স্বাতী, পুনর্ব্বসু, শ্রবণা ধনিষ্ঠা, শতভিষা, মৃগশিরা, রেবতী নক্ষত্রে, মঙ্গল ভিন্নবারে, জল, স্থল, অন্তরীক্ষগত সর্ব্ববিধ বাহনের ক্রয় বিক্রয় ও আরোহণ শুভ।

## অশ্ব চক্রম্

স্কন্ধে পঞ্চার্কধিষ্ণাদ্ ধনমথ দশকং পৃষ্ঠদেশেঽর্থ সিদ্ধিঃ
পুচ্ছে দ্বে স্ত্রীবিনাশশ্চরণ গত চতুষ্কং রণে ভঙ্গএব।
কুক্ষৌ ভানাং চ পঞ্চাশ্বমরণ মথ বৈ চাননে দ্বে ধনাপ্তি-
শ্চাশ্বারোহেঽশ্বচক্রাদহিত মৃত হিতং চিন্তনীয়ং সুধীভিঃ॥ স্ব, ধ

সূর্যাবস্থিত নক্ষত্র হইতে স্কন্ধে ৫ নক্ষত্র ফল ধনলাভ, পৃষ্ঠে ১০ ফল অর্থপ্রাপ্তি, পুচ্ছে ২ ফল স্ত্রীনাশ, চারিচরণে ৪ ফল রণেভঙ্গ, উদরে ৫ ফল অশ্বমৃত্যু, মুখে ২ নক্ষত্র ফল ধনলাভ। অশ্বারোহণে এই অশ্বচক্র হইতে শুভাশুভ বিচার করিবে।

## দত্তক পুত্র গ্রহণম্

হস্তাদি পঞ্চকবসুদ্বয় দেবপূজ্যে
যোগে তিথৌচ করণেঽপ্য বিনিন্দিতে বৈ।
বারে তথা রবি মহীজ সুরেজ্য শুক্রে
লগ্নে স্থিরে ভবতি দত্তপরিগ্রহঃ সন্॥ ব, তি

হস্তা, চিত্রা, স্বাতী, বিশাখা, অনুরাধা, ধনিষ্ঠা, শতভিষা, পুষ্যা নক্ষত্রে বিহিত যোগ, তিথি, করণে, রবি, মঙ্গল, বৃহস্পতি ও শুক্রবারে, স্থিরলগ্নে দত্তক পুত্র গ্রহণ শুভ।

## সুবর্ণ রৌপ্য পাত্রে প্রথম ভোজনম্

মৃদুধ্রুবে তথা লঘৌ বুধেন্দু জীবভার্গবে।
সুবর্ণ রৌপ্য ভাজনে বলপ্রদং হি ভোজনম্॥ প্র, নি

চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ, রোহিণী, পুষ্যা, অশ্বিনী, হস্তা নক্ষত্রে, বুধ, চন্দ্র, বৃহস্পতি ও শুক্রবারে সুবর্ণ বা রজত পাত্রে প্রথম ভোজনারম্ভে বল বৃদ্ধি হয়।

## বস্ত্রক্ষালনম্

রিক্ত দ্বাদশ ষষ্ঠ পৈত্রা দিবসান্ পঞ্চাপি পর্বাণিচ
সংত্যজ্যাথ সুধাংশু জার্কজ মহীজানাং তথা বাসরান্।

হস্তা পঞ্চক পৌষ্ণ যুগ্ম বসুভাচার্যাদিতৌ ক্ষালনং
বস্ত্রাণাং স্বয়মেব বা রজকতঃ ক্ষারেণ শস্তং জগুঃ ॥ শা, বি

চতুর্থী, নবমী, চতুর্দশী, দ্বাদশী, ষষ্ঠী, পৈত্রিক শ্রাদ্ধদিন, পঞ্চপর্ব, বুধ, শনি, মঙ্গলবার ত্যাগ করিয়া; হস্তা, চিত্রা, স্বাতী, বিশাখা, অনুরাধা, রেবতী, অশ্বিনী, ধনিষ্ঠা, পুষ্যা, পুনর্বসু নক্ষত্রে ক্ষারদ্বারা স্বয়ং বস্ত্রক্ষালন বা রজককে বস্ত্রদান শুভ।

## সীবন কবচারম্ভ মুহূর্ত্তঃ

মিত্রাদিতিত্বষ্ট্ ধনাশ্বিচন্দ্রে সুযোগ তিথ্যাদি বিলগ্নকেচ।
সূচ্যাঃ শুভং কর্ম চ সীবনাখ্যং তথা তনুত্রাণ-বিনির্মিতিশ্চ ॥ উ, জা

অনুরাধা, পুনর্বসু, চিত্রা, ধনিষ্ঠা, অশ্বিনী, মৃগশিরা নক্ষত্রে, শুভযোগ, তিথি, করণ, বারে, শুভলগ্নে, সূচীকর্ম ও তনু রক্ষার্থ কবচ নির্মাণারম্ভ শুভ।

## ঔষধ করণ মৌষধ সেবনং চ

দ্ব্যঙ্গে সৌম্যখগে রিপুব্যয় মৃতিদ্যূনে গ্রহৈ র্বর্জিতে
জ্যেষ্ঠা মূলচর ধ্রুবানলমৃদুক্ষিপ্রে বিজন্মর্ক্ষকে।
সূর্যাহে শুভ বাসরেচ বিহিতে তিথ্যাদিকে নির্মিতং
ভৈষজ্যং হ্যপি ভক্ষিতং গদনুদং প্রাহু র্বসিষ্ঠাদয়ঃ ॥ শা, বি

মিথুন, কন্যা, ধনু, মীনলগ্নে, লগ্নে শুভগ্রহের যোগে, লগ্নের ষষ্ঠ, দ্বাদশ, অষ্টম ও সপ্তমে, গ্রহ না থাকিলে, জ্যেষ্ঠা, মূলা, স্বাতী, পুনর্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, কৃত্তিকা, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, পুষ্যা, অশ্বিনী, হস্তা নক্ষত্রে; জন্ম নক্ষত্র বর্জন করিয়া; রবিবারে ও শুভবারে বিহিত তিথ্যাদিকে ঔষধকরণ ও ঔষধ সেবনারম্ভ শুভ।

## রেচন-বমন-শস্ত্রোপচারাদিকর্ম

চিত্রা ব্রহ্মশশীন্দ্র বাত বরুণ ক্ষিপ্রানুরাধা শ্রবে
জ্ঞার্কি প্রোজ্ঝিত বাসরে শুভ তিথৌ যোগাদিকে শোভনে।

লগ্নে সৌম্যখগস্থিতে শুভ বিধৌ চারোগ্য সৌখ্যপ্রদো-
রেচোঽস্রক্ পরিমোক্ষ-বস্তি-বমনং শস্ত্রোপচার স্তথা ॥ শা, বি

চিত্রা, রোহিণী, মৃগশিরা, জ্যেষ্ঠা, স্বাতী, শতভিষা, পুষ্যা, অশ্বিনী, হস্তা, অনুরাধা, শ্রবণা নক্ষত্রে; বুধ শনি ভিন্নবারে; শুভ তিথি, যোগ, করণে; লগ্নে শুভ গ্রহের অবস্থানে; চন্দ্রশুদ্ধিতে; রেচন, জলৌকাদি দ্বারা রক্ত মোক্ষণ, বস্তিক্রিয়া, বমন ও শস্ত্রোপচার ক্রিয়ায় আরোগ্য-জনিত সুখলাভ হয়।

## আরোগ্য স্নানম্

পূর্বাশ্বিত্রয় চন্দ্র যুগ্ম হরি যুগ্মেন্দ্রদ্বয় দ্বীশযুগ্-
হস্তাযুগ্ ভচয়ে বিরুদ্ধ উডুপে নিন্দ্যেঽথ তিথ্যাদিকে।
কেন্দ্রে কোণগতে খলে চরতনৌ বারে খলানাং তথা
স্নানং রোগবিমুক্তিতঃ পরমথো স্যাৎ স্বাস্থ্য বীর্যপ্রদম্ ॥ শা, বি

পূর্বফল্গুনী, পূর্বাষাঢ়া পূর্বভাদ্রপদ, অশ্বিনী, ভরণী, কৃত্তিকা, মৃগশিরা, আর্দ্রা, শ্রবণা, ধনিষ্ঠা, জ্যেষ্ঠা, মূলা, বিশাখা অনুরাধা হস্তা, চিত্রা নক্ষত্রে; অশুভ চন্দ্রে; অশুভ তিথি, যোগ, করণে; কেন্দ্রে ও কোণে পাপগ্রহের অবস্থানে; চরলগ্নে; পাপগ্রহের বারে; রোগমুক্তির পর স্নান করিলে স্বাস্থ্য ও বললাভ হয়।

## জ্বরাহ পত্তৌ নিবৃত্তি দিনানি।

ব্রধ্নেজ্যার্যমকাদিতৌ নগদিনান্যশ্ব্যগ্নি মূলে নব
রুদ্রাহা যমবিষ্ণু চিত্র বরুণেঽহ্নাং বিংশতিঃ পৈত্রভে।
পক্ষো দ্বীশধনার্কভে চিরমথো মৈত্রান্তভে চেদ্রুজা
পূর্বাহীন্দ্র শিবানিলে মৃতিরহো মাসস্তু বৈশ্বেন্দুভে ॥ শা, বি

উত্তরভাদ্রপদ, পুষ্যা, উত্তরফল্গুনী, রোহিণী, পুনর্বসু নক্ষত্রে জ্বরারম্ভ হইলে ৭ দিনে জ্বরনিবৃত্তি হয়। অশ্বিনী, কৃত্তিকা, মূলায় ৯ দিন; ভরণী, শ্রবণা, চিত্রা, শতভিষায় ১১ দিন; মঘায় ২০ দিন; বিশাখা, ধনিষ্ঠা, হস্তায় ১৫ দিন; অনুরাধা, রেবতীতে বহুকাল; পূর্বফল্গুনী, পূর্বাষাঢ়া, পূর্বভাদ্রপদ, অশ্লেষা, জ্যেষ্ঠা, আর্দ্রা, স্বাতীতে মৃত্যু; উত্তরাষাঢ়া, মৃগশিরায় ৩০ দিনে জ্বর নিবৃত্তি হইয়া থাকে।

## রোগিণো মৃত্যু কথনম্

পূর্বাগ্নি মূলার্দ্র যমাহি বাতভ বসুদ্বয়েন্দ্রেঽর্ক কুজার্কিবাসরে।
তিথৌ তথা দ্বাদশরিক্ত ষষ্ঠকে চন্দ্রেঽপ্যশুদ্ধে মরণং তু রোগিণঃ॥
উ, জা

পূর্বফল্গুনী, পূর্বাষাঢ়া, পূর্বভাদ্রপদ, কৃত্তিকা, মূলা, আর্দ্রা, ভরণী, অশ্লেষা, স্বাতী, ধনিষ্ঠা, শতভিষা, জ্যেষ্ঠা নক্ষত্রে; রবি মঙ্গল, শনিবারে; দ্বাদশী, চতুর্থী, নবমী, চতুর্দশী, ষষ্ঠী তিথিতে; বিরুদ্ধ চন্দ্রে; রোগোৎপত্তি হইলে রোগীর মৃত্যু হয়।

## রোগ শান্তিঃ

রোগারম্ভন তারকাপতি মথ স্বর্ণেন নির্মাপিতং
স্বৈম-ন্ত্রৈঃ ফলধূপ বস্ত্রকুসুমৈ র্নানাবিধৈঃ পূজয়েৎ।
দৈবজ্ঞায় সদক্ষিণং শুচিমনা বস্ত্রোপ চারাদিকং
দদ্যাৎ সপ্রতিমং রুজং শময়িতুং চখ্যৌ বশিষ্ঠস্ত্বিদম্॥ শা, বি

রোগারম্ভকালীন নক্ষত্রাধিপতির মূর্ত্তি স্বর্ণ দ্বারা নির্মাণ করাইয়া সেই সেই দেবতার মন্ত্রে নানাবিধ ফল, ধূপ, বস্ত্র, পুষ্পাদি দ্বারা পূজা করিয়া পূজোপকরণ ও প্রতিমা দক্ষিণার সহিত দৈবজ্ঞ ব্রাহ্মণকে দান করিলে রোগের প্রশমন হয়। বসিষ্ঠ এইরূপ শান্তি বলিয়াছেন।

## সর্প দংশনে মৃত্যু কথনম্

মিশ্রাহিরুদ্রান্তক মূল পৈত্রে বিরুদ্ধ তারেঽপি বিধৌ খলাহে।
পীযূষ সিক্তোঽপি কৃতান্ত গেহং প্রাপ্নোতি মর্ত্ত্যো যদি সর্পদষ্টঃ॥ উ, জা

কৃত্তিকা, বিশাখা, অশ্লেষা, আর্দ্রা, ভরণী, মূলা, মঘা নক্ষত্রে; চন্দ্র বা তারা বিরুদ্ধে; পাপগ্রহের বারে; সর্পদষ্ট হইলে সুধাসিক্ত ব্যক্তিও যমালয়ে গমন করে।

## সর্পভীতি পরিহারঃ

যো নিম্বপত্রদ্বয় মত্ত্যজস্থে ভানৌ মসূরেণ সহাব্দমেকম্।
রোষান্বিতস্তস্য চ তক্ষকোঽপি নানিষ্টকারীতি জগুঃ প্রবীণাঃ॥ ইব,

সৌর বৈশাখ মাসে কোনদিন একটি মসুর কলাই সহ দুইটি নিম্বপত্র ভক্ষণ করিলে এক বৎসর সর্পভয় দূরীভূত হয়।

## ফল সহিত ত্রিপুষ্কর যোগঃ

ভদ্রাতিথৌ সূর্য কুজার্কি বাসরে তারা যদি স্যাদ্ বিষমাঙ্ঘ্রিকা তদা।
ত্রিপুষ্করো বৃদ্ধি মৃতিক্ষয়েষু হি ধত্তে গুণাং স্ত্রীন্ দ্বিগুণং যুগাঙ্ঘ্রিভে ॥
উ. জা

দ্বিতীয়া, সপ্তমী, দ্বাদশী তিথিতে; রবি, মঙ্গল, শনিবারে; বিষমপদ কৃত্তিকা, পুনর্বসু, উত্তরফল্গুনী, বিশাখা, উত্তরাষাঢ়া, পূর্বভাদ্রপদ নক্ষত্রে ত্রিপুষ্কর যোগ হয়। ইহাতে লাভ হইলে ত্রিগুণলাভ, মৃত্যু হইলে ৩ জনের মৃত্যু, নষ্ট হইলে ত্রিগুণ নষ্ট হয়। এই সকল তিথি ও বারে দ্বিচরণ নক্ষত্র মৃগশিরা, চিত্রা, ধনিষ্ঠা নক্ষত্র হইলে দ্বিপুষ্কর যোগ হয়। ইহাতে বৃদ্ধি, মৃত্যু ও দ্রব্য ক্ষয়ের দ্বিগুণ ফল হয়।

## ত্রিপুষ্কর শান্তিঃ

ত্রিপুষ্করে কাঞ্চন গোত্রয়ঞ্চ দ্বিপুষ্করে গোদ্বয় মেব দদ্যাৎ।
যমাদিকানা মথ পূজনং চ ন দূষণং কেবল মৃক্ষপাতে ॥ উ, ব

ত্রিপুষ্কর দোষ শান্তির জন্য স্বর্ণ ও তিনটি ধেনু বা ধেনু মূল্য, দ্বিপুষ্করে দুইটি ধেনু বা ধেনু মূল্য দান করিবে। যম, চিত্রগুপ্ত, ধর্মরাজ, পুষ্কর পুরুষ, বিষ্ণু, নবগ্রহ, বার, তিথি, নক্ষত্রের পূজা করিবে। বার তিথির দোষ ব্যতীত কেবল নক্ষত্র দোষে অনিষ্ট হয় না।

## প্রেত দাহ নিষিদ্ধ দিনানি

বসুপরদলতো ভে পঞ্চকে দক্ষিণস্যাং
দিশি নচ গমনং সৎ গেহসংচ্ছাদনং বা।
নতু মৃত দহনং তৎপুত্তলেনাহ দাহং
ত্বশুচি দিন সমাপ্তেহত্রাপি মৃত্যৌ চ শান্তিঃ ॥ মালিনী ॥

ধনিষ্ঠার শেষার্ধ হইতে রেবতী পর্যন্ত পাঁচ নক্ষত্রে দক্ষিণদিকে গমন ও গৃহাচ্ছাদন করিবে না। এই সময়ে কোন শবের দাহ করিতে হইলে

ব্রহ্মপুরাণোক্ত বিধি অনুসারে কুশ দ্বারা পুত্তল নির্ম্মাণ করতঃ উর্ণ সূত্র দ্বারা বেষ্টন ও যবচূর্ণ দ্বারা অনুলিপ্ত করিয়া শবের সহিত দাহ করিবে। এই নক্ষত্র পঞ্চকে মৃত্যু জন্য অশৌচান্তে দোষের শান্তি করিবে।

## পর্ণনর দাহঃ

নন্দা শক্র কুহূ-ত্রয়োদশতিথৌ শুক্রারমন্দেষু বৈ
ত্র্যঙ্ঘ্র্যা গ্রান্ত্য জলেশ তীক্ষ্ণভচয়ে দাহো ন পর্ণ্যো নরঃ।
দাহোঽশৌচগতে তু কৃষ্ণসুতিথৌ স্বিন্দৌ সুকালোত্তরেঽ
র্কেঽহ্ন্যজ্যেন বিধৌ লঘু শ্রবমরুদ্ভে সন্ তু মধ্যোঽন্যতঃ।। শা, বি

অশৌচ মধ্যে পলাশ পত্র বা কুশ দ্বারা নির্ম্মিত শব প্রতিকৃতি দাহ করিলে প্রতিপদ, ষষ্ঠী, একাদশী, ত্রয়োদশী, চতুর্দ্দশী, অমাবস্যা তিথি; শুক্র, মঙ্গল, শনিবার; কৃত্তিকা, পুনর্ব্বসু, উত্তরফল্গুনী, বিশাখা, উত্তরাষাঢ়া পূর্ব্বভাদ্রপদ, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, মঘা, ভরণী, রেবতী, শতভিষা, অশ্লেষা, আর্দ্রা, জ্যেষ্ঠা, মূলা নক্ষত্রে ও যথাসম্ভব বিষ্টিভদ্রা, বৈধৃতি, ব্যতীপাতে পর্ণনর দাহ অবিধেয়। অশৌচান্তে শব প্রতিকৃতি দাহ করিলে কৃষ্ণপক্ষে, ত্র্যহস্পর্শ, বিষ্টিভদ্রা, ব্যতীপাতাদি বর্জ্জিত দিনে, শুভ চন্দ্রে, শুদ্ধকালে উত্তরায়ণে, বৃহস্পতি, রবি, সোমবারে পুষ্যা, অশ্বিনী, হস্তা, শ্রবণা, স্বাতী নক্ষত্রে পর্ণনর দাহ শুভ। নিষিদ্ধ ও শুভের অবশিষ্ট বুধবার, রোহিণী, মৃগশিরা চিত্রা, অনুরাধা, ধনিষ্ঠা, উত্তরভাদ্রপদ নক্ষত্রে শব প্রতিকৃতি দাহ মধ্যম।

## জন্মতিথি ব্যবস্থা

যদিতু জন্মতিথির্দিবস দ্বয়েঽর্চনমথো জননর্ক্ষযুতে দিনে।
নচ যদা ভযুতি দিনয়ো র্যুতিস্তথ পরে দিবসে তিথি পূজনম্।। জ্য, বি

দুইদিনে পূর্ব্বাহ্নে জন্মতিথি প্রাপ্ত হইলে, যে দিবসে জন্ম নক্ষত্রের যোগ হইবে সেই দিনে তিথিবিহিত পূজাদি করিবে। উভয় দিনে জন্ম নক্ষত্রের যোগ হইলে অথবা উভয় দিনেই জন্ম নক্ষত্রের যোগ না হইলে পরদিনে তিথি বিহিত পূজাদি করিবে।

## জন্মতিথি ফলম্

মাসে জন্মনি জন্মভং যদি ভবেজ্জন্মাখ্যতিথ্যাং তদা
তদ্ বর্ষং সুখদং শনি ক্ষিতিজয়ো বারেহপ্যনৃক্ষে তিথৌ।
বর্ষং দুঃখকরং প্রদেয়মথ বৈ স্বর্ণং ত্বনৃক্ষে তিথৌ
মুক্তা মন্দকুজে তথৌষধিজলৈঃ স্নানং গ্রহানর্চয়েৎ ॥ শা, বি

জন্মমাসে জন্মনক্ষত্রযুক্ত জন্মতিথি হইলে সেই বর্ষ সুখদায়ক। শনি বা মঙ্গলবারে জন্ম নক্ষত্রযুক্ত জন্ম তিথি হইলে অথবা যে কোন বারে জন্ম নক্ষত্রহীন জন্মতিথি হইলে বর্ষ দুঃখকর। দোষ শান্তির জন্য সর্বৌষধি জলে স্নান ও গ্রহপূজা করিবে। এবং বারদোষ শান্তির জন্য মুক্তাদান, নক্ষত্রহীনদোষ শান্তির জন্য স্বর্ণদান, উভয়দোষ শান্তির জন্য উভয় দান কর্ত্তব্য।

## লক্ষ্মীপূজনম্

সিংহে কার্মুকমীনয়োরপি রবৌ শুক্লে দিনে গীষ্পতে-
রপ্রাপ্তে রবি সোময়ো রবিবসু বিশ্বাংশ্চ নন্দাংতিথিং।
রিক্তাং সংক্রমণং দিনক্ষয়মপি প্রোজ্ঝ্যাথ ঘণ্টাধ্বনিং
সোপেন্দ্রেন্দ্র ধনাধিপাং শ্রিয় মথো শ্রীপ্রাপ্তয়ে পূজয়েৎ ॥ শা, বি

সৌর ভাদ্রে, পৌষে ও চৈত্রে, শুক্লপক্ষে, বৃহস্পতিবারে অসম্ভবে রবি ও সোমবারে দ্বাদশী, অষ্টমী, ত্রয়োদশী, নন্দা ও রিক্তা তিথি, সংক্রান্তি, ত্র্যহস্পর্শ ও পূজাকালে ঘণ্টাবাদ্য ত্যাগ করিয়া বিষ্ণু, ইন্দ্র ও কুবেরের সহিত লক্ষ্মীর পূজা করিলে লক্ষ্মী বৃদ্ধি হয়।

## সর্পরিহারাদ্ভুত কথনম্

শ্বেতোহরণ্যজ কুক্কুটোহগ্ন্যনুচরোহথো চর্মচিল্ল শ্চিলঃ
শেনঃ কঙ্ক উলূক এষ শকুনিশ্চৈষাং প্রপাতে গৃহম্।
উষস্যেকরবঃ শ্রুতঃ পরভৃতো বাসৌ রতিস্থঃ সিতো-
দৃষ্টশ্চেদ্ ম্রিয়তে সদার গৃহপো বর্ষেণ শান্ত্যা শুভম্ ॥ শা, বি

শ্বেতবর্ণ বন্য কুক্কুট, ঘুঘু, বাদর, চিল, বাজপক্ষী, হাড়গিলা, পেচক, শকুনি

ইহাদের কেহ গৃহে পতিত হইলে বা উষাকালে কাক একবার মাত্র রব করিলে অথবা মৈথুনাসক্ত বা শ্বেতবর্ণ কাক দেখিলে বর্ষ মধ্যে স্ত্রীর ও গৃহ স্বামীর মৃত্যু হয়। অদ্ভুত শান্তি দ্বারা দোষ প্রশমিত হয়।

## ত্রিবিধোৎপাতাঃ

দৈব্যং বৈকৃত মৃক্ষ খেচরভবং চোল্কাদিকং নাভসং
পৃথ্বীকম্প-জলাদি বৈকৃত ভবং ভৌমাদ্ভুতং কথ্যতে।
উৎপাতা গগনান্তরীক্ষ মহিজা স্তেষামধীশাঃ ক্রমাদ্-
যামানাং চ চতুষ্টয়ে দিননিশোর্বাতাগ্নি শক্রাব্ধিপাঃ॥ শা, বি

নক্ষত্র বা গ্রহগণের স্বাভাবিক বর্ণ বা তেজের হ্রাস বৃদ্ধি রূপ পরিবর্ত্তন ঘটিলে দিব্যোৎপাত; উল্কাপাত, উপসূর্য্য, রাত্রিতে ইন্দ্রধনু, গন্ধর্বনগরাদি মেঘ বিদ্যুদাদির বিকার জন্য উৎপাত নাভস; ভূমিকম্প, জলের বর্ণ বা স্বাদের বিকৃতি ভৌমোৎপাত। দিন ও রাত্রির প্রথমাদি চারি প্রহরে দৃষ্ট এই সকল উৎপাতে। যথাক্রমে বায়ু, অগ্নি, ইন্দ্র, বরুণ এই চারি দেবতা অধিপতি।

## বাতাদি মণ্ডলানি।

চান্দ্রাশ্বাদিতি হস্ত চিত্র পবনার্যম্নাং সমীরঃ পতি-
র্জীবাজাঙ্ঘ্রি মঘাগ্নি যোনি শমন দ্বীশাধিপ শ্চাজ্যভুক্।
বৈশ্বার্থশ্রবশক্রমিত্র বিধিভাধীশঃ সুরেশ স্তথা
শ্চাহিব্রধ্ন শত হি মূল সলিলার্দ্রা পৌষ্ণ নাথোঽব্ধিপঃ॥

শা, বি

মৃগশিরা, অশ্বিনী, পুনর্বসু, হস্তা, চিত্রা, স্বাতী, উত্তরফল্গুনী এই সকল নক্ষত্রে যে সকল উৎপাত দৃষ্ট হয় তাহাদিগের অধিপতি বায়ু। ইহা বায়ুমণ্ডল নামে খ্যাত। পুষ্যা, পূর্বভাদ্রপদ, মঘা, কৃত্তিকা, পূর্বফল্গুনী, ভরণী, বিশাখা নক্ষত্রে দৃষ্ট উৎপাতের অধিপতি অগ্নি। উত্তরাষাঢ়া, ধনিষ্ঠা, শ্রবণা, অনুরাধা, রোহিণী নক্ষত্রে দৃষ্ট উৎপাতের অধিপতি ইন্দ্র। উত্তরভাদ্রপদ, শতভিষা, অশ্লেষা, মূলা পূর্বাষাঢ়া, আর্দ্রা, রেবতী নক্ষত্রে দৃষ্ট উৎপাতের অধীশ্বর বরুণ জন্য ইহা বারুণমণ্ডল নামে অভিহিত।

## বাতাদি মণ্ডল ফলানি।

বাযগ্ন্যোর্যদি মণ্ডলে ন শুভদে পাশীন্দ্রয়োঃ শোভনে
মিশ্রং বারুণ বাতয়ো র্নহি ফলং ত্বাজ্যাশ-দেবেশয়োঃ।
ভৌমং স্বল্প ফলং মহদ্ দিবিভবং মধ্যং ফলং নাভসং
দৃষ্টং যস্যচ মণ্ডলং শময়িতুং শান্তিং তদীয়াং চরেৎ ॥ শা, বি

উৎপাত দর্শন সময়ে বায়ুমণ্ডল বা অগ্নিমণ্ডলের প্রহর বা নক্ষত্র হইলে অশুভ। বরুণ বা ইন্দ্রের মণ্ডল হইলে শুভ।
প্রহরও নক্ষত্রের দ্বারা বিভিন্নরূপে বরুণ ও বায়ুমণ্ডলের মিলনে শুভাশুভ মিশ্র ফল। অগ্নি ও ইন্দ্রমণ্ডলের মিলনে নিষ্ফল। ভৌমোৎপাতে অল্প ফল, দিব্যোৎপাতে অধিক ফল, নাভসোৎপাতে মধ্যম ফল। যে যে মণ্ডল অশুভকর দৃষ্ট হইবে তাহাদের শান্তি কর্ত্তব্য।

## শান্তি বিধানম্।

উৎপাতো যদি মণ্ডলদ্বয় ভবো শান্তি র্বিধেয়া দ্বয়োঃ
সন্দিগ্ধেঽদ্ভুত দর্শনে ঘৃত যবৈ র্দোষে তিলাজ্যৈ স্তথা।
গায়ত্র্যা প্রণবাদিভিশ্চ যুতয়া স্বাহান্তয়া হোময়েৎ
শান্ত্যৈ পর্বদিনেঽভিচার কৃতয়ে ব্যস্তান্তফট্ কারয়া

শা, বি

সময়জনিত একমণ্ডল, নক্ষত্র জনিত অন্য মণ্ডল হইলে এবং উভয় মণ্ডল বিরুদ্ধ হইলে উভয় মণ্ডলেরই শান্তি কর্ত্তব্য। অদ্ভুত দর্শনে সন্দেহ হইলে ঘৃতযুক্ত যব দ্বারা, দোষের সন্দেহ হইলে ঘৃতযুক্ত তিল দ্বারা, প্রণব ব্যাহৃতিযুক্ত, স্বাহান্ত, গায়ত্রীমন্ত্রে, অষ্টমী প্রভৃতি পর্বদিনে, দোষ শান্তির জন্য হোম করিবে। মারণ, উচ্চাটন, বিদ্বেষাদি অভিচারকার্যে, প্রথমে গায়ত্রী, তৎপরে ব্যাহৃতি, প্রণব, তৎপরে স্বাহা স্থানে ফট্ এইরূপ মন্ত্রে হোম করিবে।

## কাল ভেদেঽদ্ভুত দর্শনম্।

সায়ং রৌতি চ কুক্কুটো যদি পিকো বা রৌতি হেমন্তকে
শ্বা রৌত্যুন্নতি ভাস্করে রবিমুখো ভীতি র্নৃণাং জায়তে।

গৃধ্রাদ্যা যদি বা শ্মশানত ইয়ুর্মাংসাদি নীত্বা পুরং
বেশ্মাদৌ বিকিরন্তি বা,প মরক ক্ষুদ্ভীরণাদ্যং দিশেৎ ॥
শা, বি

প্রদোষকালে কুক্কুটের রব বা হেমন্তকালে কোকিলের রব হইলে, সূর্য্যোদয়কালে সূর্য্যাভিমুখ হইয়া কুক্কুর শব্দ করিলে, গৃধ্র, কাক, শৃগালাদি মাংসাশী প্রাণী, শ্মশানভূমিহইতে মাংস, অস্থি প্রভৃতি লইয়া পুরে প্রবেশ করিলে বা গৃহাদিতে নিঃক্ষেপ করিলে মরক, দুর্ভিক্ষ, যুদ্ধ উপস্থিত হয়।

## ইন্দ্রধনুর্দর্শনম্।

যমদিশি ত্বথবোত্তর দিগ্ভবং সুরধনুর্ধবলং যদি বেক্ষ্যতে।
ঘনবিহীন বিহায়সি বা নিশি হ্যপররাষ্ট্রসমং সমরস্তদা ॥ দ্র, বি

দক্ষিণে বা উত্তরে কেবল শ্বেতবর্ণ ইন্দ্রধনু দৃষ্ট হইলে অথবা মেঘ শূন্য গগনে বা রাত্রিতে ইন্দ্রধনু দৃষ্ট হইলে অপর রাষ্ট্রের সহিত যুদ্ধ হয়।

## গ্রহ গত্যদ্ভুত কথনম্।

বক্র 'কুজশ্চিত্র মিতোঽথবাগ্নিভং রাহোঃ সুরেজ্যেন সমাগমোঽপি বা।
কেতুর্যদা যাম্যদিশি স্থিতস্তদা ভূপপ্রণাশশ্চ নরাঃ সুদুঃখিতাঃ ॥ ইং, বং

মঙ্গল বক্র গতিতে চিত্রায় বা কৃত্তিকায় গমন করিলে, রাহু ও বৃহস্পতির যোগ হইলে, দক্ষিণ দিকে ধূমকেতুর উদয় হইলে রাজ বিনাশ ও প্রজাগণের মহদ্ দুঃখ হয়।

## নক্ষত্রেষু গ্রহস্থিতি ফলানি।

সূর্য্যারৌ হরভস্থিতৌ যদি তদা মাষো মহার্ঘো ভবেৎ
চেৎ কেতুষ্ণকরৌ যমেঽথ মৃগভে বিট্ সৈন্ধবং স্যাত্তথা।
ভৌমজ্ঞাস্ফুজিতো ভুজঙ্গম মিতা নন্দন্তি ভূবাসিনঃ
স্বাতীং যাতি কুজে তদাচ দিনপে পৌষ্ণং বিনষ্টাঃ প্রজাঃ ॥ শা, বি

রবি ও মঙ্গল আর্দ্রা নক্ষত্রে একত্র হইলে মাষ দুর্মূল্য হয়। রবি ও কেতু ভরণী বা মৃগশিরায় মিলিত হইলে বিট্, সৈন্ধব মহার্ঘ হয়। মঙ্গল, বুধ, শুক্র অশ্লেষায় মিলিত হইলে প্রজা সকল সুখী হয়। এক সময়ে মঙ্গল স্বাতীতে, রবি রেবতীতে থাকিলে প্রজা বিনষ্ট হয়।

## অন্যদ্ গ্রহগতাদ্ভুতম্।

মৈত্রস্থে মৃদুগে তদৈন্দ্রগগুরৌ পশ্চাদ্ রণে নৃক্ষয়ঃ
স্বাত্যাং জ্ঞেঽস্রপভে শনৌ হিমকরে পৈত্রে চ ধান্যার্ঘতা।
বৈশ্বে বা ভগভে শনৌ গতজলা ক্ষমা তন্মদর্ক্ষে রবৌ
গোধূমান্ন মহার্ঘতা যদি হরৌ পাপগ্রহঃ সংস্থিতঃ॥ শা, বি

অনুরাধায় শনি, জ্যেষ্ঠায় বৃহস্পতি থাকিলে যুদ্ধে পশ্চিম দেশে বহু লোক-ক্ষয় হয়। স্বাতীতে বুধ, মূলায় শনি, মঘায় চন্দ্র থাকিলে ধান্য মহার্ঘ হয়। উত্তরাষাঢ়ায় বা পূর্বফল্গুনীতে শনি, তাহার সপ্তমে রবি থাকিলে পৃথিবী জলহীনা হয়। শ্রবণায় পাপ গ্রহ থাকিলে ধান্য ও গোধূম মহার্ঘ হয়।

## শস্য হানি যোগঃ।

ভৌমার্কী বসুভে যদা ক্ষয় মিয়াৎ শস্যং ন বর্ষেদ্ ঘন-
শ্চিত্রায়াং ক্ষিতিজো গুরু র্বরুণভে শস্য প্রণাশস্তদা।
মন্দর্ক্ষে রবি চন্দ্র ভৌম ভৃগুজা দুর্ভিক্ষভীতি প্রদা-
দৈত্যারৌ বৃষভেচ শস্যবিরহাৎ ষষ্ঠেঽথ মাসে ভয়ম্॥ শা, বি

শনি ও মঙ্গল ধনিষ্ঠায় থাকিলে অনাবৃষ্টি ও শস্যক্ষয়; মঙ্গল চিত্রায়, বৃহস্পতি শতভিষায় থাকিলে শস্যহানি; রবি, চন্দ্র, মঙ্গল, শুক্র ইহারা শনির ক্ষেত্রে মিলিত হইলে দুর্ভিক্ষভীতি; রাহু ও মঙ্গল বৃষে মিলিত হইলে শস্যের অভাবে ষষ্ঠ মাসে মহদ্ ভয় হয়।

## নৃপক্ষয় যোগঃ

রাহ্বর্ক ক্ষিতিজার্কি চন্দ্র ভৃগবো রাশৌ সমেতা যদা
প্রাচ্যাং ভূপমৃতিঃ প্রজাক্ষতি রথো রোগার্ত্তিভীতির্ভবেৎ।
সূর্যেন্দ্বার বুধাগুমন্দগতয়শ্চৈকত্র যাম্যাং তথা
পশ্চাদ্ ভূপতি সংক্ষয়ো মিথুনগে-মন্দেঽপি সিংহীসুতে॥ শা, বি

এক রাশিতে রাহু, রবি, মঙ্গল, শনি, চন্দ্র, শুক্র থাকিলে পূর্ব দেশে নৃপ-বিনাশ, প্রজাক্ষয়, রোগভয় হয়। সূর্য, চন্দ্র, মঙ্গল, বুধ, রাহু, শনি মিলিত

হইলে দক্ষিণে নৃপতি বিনাশ হয়। মিথুনে শনি ও রাহুর মিলনে পশ্চিমে নৃপ বিনাশ ঘটিয়া থাকে।

### অপরো নৃপক্ষয় যোগঃ

শুক্রোঽর্কেজ্য কুজার্কি রাহু সহিতঃ সোম্যাং চ রাজক্ষয়ো-
ভৌমার্কেজ্য সিতা যদা চ সহিতা দুর্ভিক্ষ রোগ প্রদাঃ।
জীবারার্ক বুধেন্দু মন্দ গতিভী রাজ্ঞাং চ নৃণাং মৃতিঃ
সিংহস্থৈজ্ঞ কুজেজ্য চন্দ্র রবিভী রাজ্যক্ষয়ো রুগ্‌ভয়ম্॥ শা, বি

এক রাশিতে শুক্র, রবি, বৃহস্পতি, মঙ্গল, শনি, রাহু থাকিলে উত্তরদিকে রাজ্যনাশ; মঙ্গল, রবি, বৃহস্পতি, শুক্র থাকিলে দুর্ভিক্ষ ও রোগ; বৃহস্পতি, মঙ্গল, রবি, বুধ, চন্দ্র, শনি থাকিলে রাজার ও প্রজার বিনাশ; সিংহে বুধ, মঙ্গল, বৃহস্পতি, চন্দ্র ও রবি মিলিত হইলে রাজ্যক্ষয় ও রোগভয় হইয়া থাকে।

### অপরো নৃপক্ষয়াদি যোগঃ।

মন্দেজ্যৌ সহিতৌ পরস্পর মদস্থৌ বা নৃপাম্নক্ষয়ো-
ভৌমার্কী মৃগকর্কি মীন যুবতৌ দুর্ভিক্ষমাজের্ভয়ম্।
যুগ্মস্ত্রীঝষচাপগার্কিরনৃপা রক্তাপ্লুতা ভূস্তদা
যুক্তা ভেঽথ গৃহে বুধার্কভৃগবঃ ক্ষুত্তৃড়্‌ গদার্ত্তা নরাঃ॥ শা, বি

শনি ও বৃহস্পতিযুক্ত বা পরস্পর সপ্তমস্থ হইলে রাজক্ষয় ও দুর্ভিক্ষ হয়। শনি ও মঙ্গল, মকর, কর্কট, মীন বা কন্যায় মিলিত হইলে যুদ্ধারম্ভ ও খাদ্যাভাব হয়। মিথুন, কন্যা, মীন, বা ধনুতে শনি থাকিলে পৃথিবী রাজশূন্যা ও রক্তাপ্লুতা হয়। বুধ, রবি ও শুক্র ইহারা এক নক্ষত্রে বা এক রাশিতে মিলিত হইলে মানবগণ ক্ষুধা, তৃষ্ণা ও রোগে আকুল হয়।

### অন্যো রাজক্ষয়াদি যোগঃ

যুক্তা শ্চেদ্‌ রবি কাব্য দেবগুরবো রাজন্যশস্যক্ষয়ো-
ভৌমার্কোশনসো মসূরক-হবি-স্তৈলাদি দুর্মূল্যকম্।

অগ্রহায়ণ বা কার্ত্তিকের সংক্রমকালে বৃষ্টি হইলে দুর্মূল্য হয় কিন্তু পৌষে মধ্যম পরিমাণে শস্য হয়। যে মাসে পূর্ণিমায় বৃষ্টিপাত হয় সেই মাসে গোধূম, ঘৃত, ধান্য মহার্ঘ হয়।

## সংক্রমণ সূচিত বৃষ্টি জ্ঞানম্

ভৌমেজ্যৌ চেৎ ক্রামতশ্চাধি মাসে দেবেজ্যো বা লোকনাশোঽতি বৃষ্টিঃ।
শুক্রার্কী জ্যজ্ঞাযুতা নামতশ্চেদ্ ঘাতো যোগো পাংশু বৃষ্টি র্ধরায়াম্॥
শা, নী

মলমাসে মঙ্গল ও বৃহস্পতি উভয়ের বা কেবল বৃহস্পতির সংক্রমণ হইলে লোকক্ষয় ও অতিবৃষ্টি হয়। শুক্র, শনি, বৃহস্পতি ও বুধ মিলিত হইলে ঘাত নামক যোগ হয় ইহাতে পাংশুবর্ণ বৃষ্টি হইয়া থাকে।

## ভূমিকম্প যোগঃ

রাহোঃ সপ্তমগো যদা ক্ষিতিসুতো লাভস্থিতো বোধনঃ
শীতাংশু বুধতশ্চতুষ্টয়গতো ভূকম্প উচে তদা।
একস্মিন্ ভবনেঽস্তগৌ সিতশনী দুর্ভিক্ষযুদ্ধে খগা-
বীর্যাঢ্যাশ্চতুরাদয়ো যদি যুতা ভূপারিতো ভীর্ভবেৎ॥ শা, বি

রাহুর সপ্তমে মঙ্গল, একাদশে বুধ, বুধের কেন্দ্রে চন্দ্র থাকিলে ভূমিকম্প হয়। এক রাশিতে অস্তমিত শুক্র ও অস্তমিত শনির অবস্থানে দুর্ভিক্ষ ও যুদ্ধ হয়। বলবান্ চারিটি বা তদধিক গ্রহ এক রাশিতে থাকিলে রাজভীতি ও শত্রুভীতি জন্মে।

## বক্রগামি গ্রহ যোগফলম্

রাজ্ঞঃ ক্ষোভয়তঃ প্রতীপ গমিতৌ খেটৌ ত্রয়ো যুদ্ধদা-
শ্চত্বারো যদি রাজ্যভঙ্গফলদা যুদ্ধৈর্গ্রহা বক্রিণঃ।
রাষ্ট্রস্যাপিচ ভঙ্গদা দিবিচরাঃ পঞ্চাথ রাজ্যস্যচ
যুক্তাঃ ষড়্নৃপতীন্ সমস্ত বিষয়ান্ ঘ্নন্ত্যষ্ট সপ্তাথবা॥ শা, কি

দুইটী গ্রহ বক্রী হইলে রাজগণের চাঞ্চল্য উপস্থিত হয়। তিনটী বক্রী হইলে যুদ্ধ, চারিটী বক্রী হইলে রাজ্যভঙ্গ, পাঁচটী বক্রী হইলে রাজ্য ও রাষ্ট্রনাশ, ছয়টী বা তদধিক গ্রহ একত্র হইলে বহু দেশের বিনাশ হয়।

## রাজ্যনাশ যোগঃ

শনিকুজাবথবা শনিভাস্করৌ শনিগুরূ যদি বা মৃদুগাসুরৌ।
ক্ষিতিজদেবগুরূ সহিতা বুত ক্ষয়মিয়াদ্ধরণী সমরৈস্তদা ॥ দ্রু, বি

শনি, মঙ্গল; শনি, রবি; শনি, বৃহস্পতি; শনি, রাহু; মঙ্গল, বৃহস্পতি ইহাদের মিলনে যুদ্ধে পৃথিবীর ক্ষয় হয়।

## স্বসৈন্যে রাজবিনাশযোগঃ

ভানোর্গ্রহাচ্চেদ্ গ্রহণং হিমাংশোর্বিধো গ্র্হাদ্ বা দিনপোপরাগঃ।
পক্ষাবসানে ক্ষিতিপঃ স্বসৈন্যে র্বিনাশ মায়াতি জগুঃ প্রবীণাঃ ॥ উ, জা

সূর্যগ্রহণের একপক্ষ পরে চন্দ্র গ্রহণ বা চন্দ্র গ্রহণের এক পক্ষ পরে সূর্য গ্রহণ হইলে নিজ সৈন্য দ্বারা রাজার বিনাশ হয়।

## লোকক্ষয় যোগঃ

ভূকম্পনোল্কা-পরিবেষ-চাপা আসপ্ত রাত্রাদ্ গ্রহণাদ্ রবীন্দ্বোঃ।
রোগাদ্ রণাদ্ বাপি নৃণাং প্রণাশো বৃষ্টি প্রপাতেন চ শান্তিমাহুঃ ॥
ই, ব

সূর্যগ্রহণ বা চন্দ্রগ্রহণের সপ্তদিন মধ্যে ভূমিকম্প, উল্কাবৃষ্টি, পরিবেষ, ইন্দ্রধনুর সমাবেশ হইলে মহামারী বা যুদ্ধে বহু লোকক্ষয় হয় কিন্তু বৃষ্টিপাতে দোষ শান্তি হইয়া থাকে।

## রাজবিনাশ যোগঃ

ভুবঃ প্রকম্পাদ্ দিবসে তৃতীয়ে চতুর্থকে বাপিচ সপ্তমে বা।
পক্ষেঽথ মাসেঽপি পুনঃ প্রকম্পাদ্ নরেন্দ্রনাশং প্রজগুর্মুনীন্দ্রাঃ ॥
উ, জা

প্রথম ভূমিকম্পের তৃতীয়, চতুর্থ, সপ্তম দিনে, পক্ষান্তরে বা মাসান্তে পুনরায় ভূমিকম্প হইলে নরপতির মৃত্যু হয়।

## রাজ সহিত প্রজাবিনাশ যোগঃ

পরীবেষো ভানো রহনি চ বিধোশ্চাথ রজনৌ
রবীন্দূ চেদস্তোদয় সময়কে রক্ততনুকৌ।
ভবেৎ পীড়া রাজ্ঞঃ প্রতিদিনমথো সপ্তদিবসং
যদা দৃশ্যেতে তৌ সনৃপতিনরা নাশময়তে ॥ শ, নী

দিবসে সূর্য্যের পরিবেষ, রাত্রিতে চন্দ্রের পরিবেষ, উদয়াস্তকালে সূর্য ও চন্দ্রের বিমণ্ডল রক্তবর্ণ হইলে রাজার বিনাশ হয়। সপ্তাহ এইরূপ দৃষ্ট হইলে রাজা ও প্রজার বিনাশ হইয়া থাকে।

## লোক নাশ যোগঃ

সপ্তস্বার্কিঃ কৃত্তিকাদ্যেষু বক্রী যাবৎ তিষ্ঠেদ্ রোহিণীং বা ভিনত্তি।
মন্দো ভৌমো বা শিখী চেদ্ বিরোধাদ্ দুর্ভিক্ষাদ্ বা রোগতো লোকনাশঃ॥
শা, নী

কৃত্তিকাদি সপ্ত নক্ষত্রে যাবৎকাল বক্রী শনির অবস্থান হইবে তাবৎকাল পর্য্যন্ত অথবা শনি, মঙ্গল বা কেতু রোহিণী শকট ভেদ করিলে যুদ্ধ, দুর্ভিক্ষ বা রোগ হেতু বহু লোকের বিনাশ হয়।

———

# উপসংহারঃ

সৎকৃত্যেষু বিশুদ্ধকাল-নিচয়ান্ জ্ঞাতুং চ শর্মান্বিতঃ
শ্রীরাধোত্তর বল্লভঃ সুমনসাং তোষায় নিঃসংশয়ম্।
মূর্ত্তামূর্ত্ত-বিভিন্ন-কালতনবে সৃষ্ট্যাদিকর্ত্রে জগ-
দাদিত্যায় মুহূর্ত্তবল্লভ মিমং ভক্ত্যার্পয়ে মে কৃতম্।। শা, বি

শুভকার্য্যে বিশুদ্ধকালসমূহ নিঃসন্দেহে অবগতি ও সুমতিপণ্ডিতগণের সন্তোষবিধানের জন্য আমি শ্রীরাধাবল্লভ শর্ম্মা মুহূর্ত্তবল্লভ নামক গ্রন্থ প্রণয়ন করিয়া সূক্ষ্মা-সূক্ষ্ম বিভিন্নকালরূপী, জগতের সৃষ্টি, স্থিতি, লয়কর্ত্তা, ভগবান্ আদিত্য-নারায়ণকে ভক্তির সহিত সমর্পণ করিতেছি।

## জন্মকাল-গ্রন্থসমাপ্তিকাল জ্ঞানম্

শকাব্দকে রামখনাগচন্দ্র মে ভাদ্রে বুধাহে নৃপমেঽথ সৌরকে।
মজ্জন্ম শৈলাঙ্গ সমাবয়ঃ ক্রমে ময়া প্রণীতোহি মুহূর্ত্তবল্লভঃ।। উ, জ্ঞা

১৮০৩ শকাব্দে সৌর ভাদ্রমাসে ষোড়শ দিবসে বুধবারে আমার জন্ম। ৬৭ বৎসর বয়সে মৎকর্ত্তৃক মুহূর্ত্তবল্লভ নামক এই গ্রন্থ প্রণীত হইল।

ইতি সরযূতীরাগত শাকদ্বীপীয় ব্রাহ্মণ বংশোদ্ভব, মৈমনসিংহ মণ্ডলে টাঙ্গাইলান্তর্গত বড়বেলতা গ্রাম নিবাসি, পাঠকোপাহ্ব, পণ্ডিত প্রবর কৃপানাথ দেব শর্ম্মাত্মজ কলিকাতা নগরোপকণ্ঠস্থিত বরাহনগর নিবাসি, কলিকাতাস্থ রাজকীয় সংস্কৃত পাঠশালা (গবর্ণমেণ্ট সংস্কৃত কলেজ) জ্যোতিষাদি শাস্ত্রাধ্যাপক, স্মৃতি-ব্যাকরণ-জ্যোতিস্তীর্থোপাধিক, শ্রীরাধাবল্লভ পাঠক দেবশর্ম্ম বিরচিতো মুহূর্ত্তবল্লভঃ সমাপ্তঃ।